आस्तिक्य-दर्शनम्

तृतीय-पादे द्वितीयो भागः

सुदर्शनभाष्योपेतं वङ्गविवृतिसमेतञ्च ।

श्रीपट्टगोपीवल्लभपुरे श्रीश्रीराधागोविन्द-सेवाप्रकाशक श्रीमद् रसिकानन्द वंशावतंस
विश्ववैष्णववधूमणिना 'वेदार्थतत्त्वदीपिका'-सुविज्ञान-रत्नमाला'
हरिभक्तिसर्वस्व' गोविन्दपरिचर्य्यादि-ग्रन्थप्रणेत्रा
श्रीश्रीविश्वम्भरानन्द-देवगोस्वामिना
विरचितम्

श्रीग्रन्थकारात्मज-
श्रीगोपीवल्लभानन्द-देवगोस्वामिना
प्रकाशितम्

आनुकूल्यं पञ्चदशार्घ्यकम्

द्वितीयो भागः

नास्तिकः — आकर्णितानि मायाकार्य्याणि, तदनुसारीणि तत्तल्लक्षणान्यपि बुद्धानि। अस्त्यत्र काचिद्विप्रतिपत्तिः, सा परतो व्यञ्जयिष्यते। परमादौ चिच्छक्तिर्जिज्ञास्यते।

सूत्रकारश्चिच्छक्ति-लक्षणं विवृणोति—

न तथा चित् ॥२२॥

शुद्धसत्त्वमयत्वाच्चिच्छक्तिर्मायाशक्तिवद्देश-काल-वस्तुलक्षणैर्न परिच्छिन्ना, साऽपरिच्छिन्ना। भो महोदयाः, चिच्छक्तिलक्षणं तत्कार्य्याणि च मानवासाध्यवर्णनीयानि। श्रुतयोऽपि यद्वर्णनेऽशक्ता मानुषाणान्तत्र का कथा? स्वयं भगवन्तं तत्प्रेमिकांश्चापहाय तत्तदनुभवेऽतिविद्वांसोऽप्यक्षमाः, तथापि दिग्दर्शनवत् किञ्चिद् वर्ण्यते, ऐकाग्र्येणाकर्ण्यताम्, श्रीभगवत्पादकमले प्रीतिमन्तरेण तत्तदनुभवे न समर्थो भविष्यसि। सच्चिदानन्दमात्रात्मकं भगवत्स्वरूपम्। चिच्छक्तिरपि स्वरूपमाधुर्य्यमयघनवैचित्र्यसम्पादिका, अतस्तथाभूतैव। यतः स्वरूपमपरिच्छिन्नं ततः चिच्छक्तिरप्यपरिच्छिन्ना। यया स्वरूपस्य माधुर्यमयघनवैचित्र्यमाविष्क्रियते, सैव चिच्छक्तिरुच्यते। भगवत्स्वरूपं यथा सर्वदेशकालवस्त्वभ्यन्तरवर्त्ति, तदात्मिका चिच्छक्तिरपि तथैव निखिलशब्दस्पर्शरूप-रसगन्ध-श्रवणस्पर्शनदर्शनास्वादन-घ्राणवचनादानगमनोत्सर्गानन्दावकाशदानशोषण-दहन-प्लावनाधारान्तःकरणधर्मरूपा निखिलदेशकालवस्तुषु सर्वप्राकृतद्रव्येषु भगवत्स्वरूपे च विद्यते। भगवत्स्वरूपमिव तदीया चिच्छक्तिरपि तथैव प्राकृत-वाग्-

---

নাস্তিক — মায়াশক্তির কার্য্য শ্রবণ করিলাম। তদনুসারে মায়াশক্তির লক্ষণও বোধ করিতে পারিলাম। এই সম্বন্ধে আমাদের কিছু আপত্তিও আছে, তাহা পরে ব্যক্ত করিব। কিন্তু চিচ্ছক্তি কাহাকে বলা হয়, তাহাই অগ্রে জানিতে ইচ্ছা করি।

সূত্রকার চিচ্ছক্তির লক্ষণ বর্ণন করিতেছেন—

চিচ্ছক্তি শুদ্ধসত্ত্বময়ী, মায়াশক্তিবৎ দেশ, কাল, বস্তুলক্ষণ দ্বারা পরিচ্ছিন্ন নহে, তাহা নিরন্তর অপরিচ্ছিন্না। হে মহোদয়গণ! চিচ্ছক্তির লক্ষণ ও কার্য্য বর্ণনা করা মনুষ্যের সাধ্যাতীত। যাহার বর্ণনে স্বয়ং বেদও অসমর্থ, তাহাতে ক্ষুদ্রশক্তি মানব কিরূপে সমর্থ হইবে? স্বয়ং শ্রীভগবান্ ও তৎপ্রেমিক ভক্তবর্গ ব্যতীত তত্তদনুভববিষয়ে অতি-বিদ্বান্‌ও অসমর্থ, তথাপি দিকপ্রদর্শনবৎ তৎসম্বন্ধে কিঞ্চিৎ বর্ণিত হইতেছে, স্থিরচিত্তে শ্রবণ করুন। শ্রীভগবৎপাদপদ্মে প্রীতিব্যতিরেকে তাহা অনুভব করিতে পারিবেন না। শ্রীভগবানের স্বরূপ যুগপৎ সত্তামাত্রাত্মক, অনুভবমাত্রাত্মক ও সুখমাত্রাত্মক। চিচ্ছক্তিও তাঁহার স্বরূপ মাধুর্য্যময় ঘনবৈচিত্র্যকারিণী বলিয়া তথাভূতা হন। স্বরূপের অপরিচ্ছিন্নতাহেতু চিচ্ছক্তিও অপরিচ্ছিন্না। যে শক্তিদ্বারা ভগবৎস্বরূপের মাধুর্য্যময় ঘনবৈচিত্র্য আবিষ্কৃত হয়, সেই শক্তিকেই চিচ্ছক্তি বলা হয়। শ্রীভগবৎস্বরূপ যে প্রকার সর্বদেশে, সর্বকালে, সর্ববস্ত্বভ্যন্তরে বিদ্যমান থাকে, তৎস্বরূপাত্মিকা চিচ্ছক্তিও সর্বশব্দ, সর্বস্পর্শ, সর্বরূপ, সর্বরস, সর্বগন্ধ, সর্বশ্রবণস্পর্শন-দর্শনাস্বাদনঘ্রাণ, সর্ববচনাদান-গমনোৎসর্গানন্দাবকাশদান-শোষণ-দহন-প্লাবনাধার সর্বান্তঃকরণধর্ম-রূপে সর্বদেশে, সর্বকালে, সর্বপ্রাকৃতবস্ত্বভ্যন্তরে ও শ্রীভগবৎস্বরূপমধ্যে বিদ্যমান থাকে। শ্রীভগবৎ-স্বরূপ যেরূপ প্রাকৃত বাক্য ও অন্তঃকরণের অগোচর,

अन्तःकरणातीता, तदाविष्कृतानि तत्स्वरूपवैचित्र्याण्यपि तद्वद्वाङ्मनोऽगोचराणि। यद्यपि भगवत्स्वरूपमवाङ्मानसगोचरं तथापि सुखानुभवात्मकस्य तत्स्वरूपस्यास्तित्वं स्वीकरणीयं यथा, तथैव तत्स्वरूपभूतायाश्चिच्छक्तेस्तदाविष्कृत-तत्-स्वरूप-वैचित्र्याणां चास्तित्वमात्रमङ्गीक्रियते, अवाङ्मानसगोचरत्वात्तदपि न प्राकृतेन्द्रियविषयः। भगवत्स्वरूपं निखिलदेशकालवस्तूनि व्याप्य विद्यते, तदात्मकचिच्छक्तिरपि श्रीभगस्वरूपम् अखिलदेशकालवस्तूनि च व्याप्य तिष्ठति। चिच्छक्त्याविष्कृत-श्रीभगवत् स्वरूपघनवैचित्र्यमपि सर्ववस्त्वात्मकरूपेण श्रीभगवति निखिलदेशकालवस्तुषु च वर्त्तते। इत्थमेव स्वीकार्य्यम्। अतएव श्रीभगवत्स्वरूपवत् तन्मयी चिच्छक्तिरप्यपरिच्छिन्ना, तदाविष्कृतं श्रीभगवत्स्वरूपभूतं सर्वात्मकं श्रीभगवत्स्वरूपघनवैचित्र्यमपि परिच्छेदरहितम्। भो महाभागाः, वस्तूनां तद्गुणानां तत्कार्य्याणां चावस्थितिरेव समस्थानीया। तद्गुणद्वारा सम्भाव्यमानानामपि तत्रैवावस्थानम्। वस्तुगुणास्तत्कार्य्याणि च क्वचिद् दृश्यन्ते क्वचिन्न वा। दृश्यानाम् उत्पत्ति-स्थितिलया विद्यन्ते, तस्माद्दृश्यानि प्राकृतानि। अदृश्यगुणकार्य्यानां तत्सम्भाव्यमानानाञ्च नोत्पत्तिस्थितिलयाः, अतस्तानि अप्राकृतस्थानीयानि। यथा—यत्रैवाग्निर्दाहिकाख्या तच्छक्तिश्च तत्र, तत्कार्य्यसम्भावनापि तत्स्थानवर्त्तिनी। कदाचिदनुकूलवस्तुसहयोगेन दहनं दृश्यते, अन्यथादृश्यं तिष्ठति। दहनस्य उद्भव-स्थिति-नाशा विद्यन्ते, अतस्तत् प्राकृतम्। दाहिकाया दहनसम्भावनायाश्च तत्तदभावादप्राकृतत्वम्। तद्वद्भगवत्स्वरूपस्य सर्वदेशकालवस्त्वन्तरत्वे तदीयाखिलशक्तीनां निखिलदेशकालवस्त्वभ्यन्तरत्वं सिद्धम्। तच्छक्तिक्रिया-सम्भावनापि सर्वदेशकाल-वस्तुमध्य-

---

তৎস্বরূপভূতা চিচ্ছক্তিও তত্তদগোচরা, তদাবিষ্কৃত তৎস্বরূপবৈচিত্র্যও তদ্বৎ তদগোচর। শ্রীভগবৎস্বরূপ অবাঙ্মনসগোচর হইলেও যেরূপ সুখানুভবাত্মক তৎস্বরূপের অস্তিত্ব স্বীকার করা হয়, তৎস্বরূপভূতা চিচ্ছক্তির এবং তদাবিষ্কৃত তৎস্বরূপঘনবৈচিত্র্যেরও সেইরূপ অস্তিত্বমাত্র স্বীকার করা যায়, অবাঙ্মনসগোচর হওয়ায় তাহাও প্রাকৃতেন্দ্রিয় গোচর হন না। শ্রীভগবৎস্বরূপ সর্বদেশে, সর্বকালে, সর্ববস্তভ্যন্তরে বিদ্যমান আছেন, শ্রীভগবৎস্বরূপভূতা চিচ্ছক্তিও শ্রীভগবৎস্বরূপমধ্যে, সর্বদেশে, সর্বকালে, সর্ববস্তুভ্যন্তরে বিরাজ করিতেছেন, চিচ্ছক্ত্যাবিষ্কৃত শ্রীভগবৎস্বরূপ ঘনবৈচিত্র্যও সর্ববস্ত্বাত্মকরূপে শ্রীভগবৎস্বরূপমধ্যে সর্বদেশে, সর্বকালে ও সর্ববস্তুমধ্যে বিদ্যমান আছেন, এইরূপ স্বীকার্য্যমাত্র হন। অতএব শ্রীভগবৎস্বরূপবৎ শ্রীভগবৎস্বরূপভূতা চিৎশক্তিও অপরিচ্ছিন্না, তদাবিষ্কৃত শ্রীভগবৎস্বরূপভূত সর্বাত্মক শ্রীভগবৎস্বরূপ-ঘনবৈচিত্র্যও অপরিচ্ছিন্ন হন।

হে মহোদয়গণ! যে বস্তু যে স্থানে থাকে, সেই বস্তুর গুণও সেই স্থানে থাকে। সেই গুণদ্বারা যাহা হইবার সম্ভাবনা, তাহাও সেই স্থানে থাকে; বস্তুগুণ ও তৎকার্য্য কদাচিৎ দৃশ্য হয়, কখনও বা দৃশ্য হয় না। দৃশ্য কার্য্যের উৎপত্তি, স্থিতি ও সংহার আছে; অতএব তাহা প্রাকৃতস্থানীয়। অদৃশ্য গুণ, কার্য্যসম্ভাবনার উৎপত্তি, স্থিতি ও সংহার নাই, এই হেতু তাহা অপ্রাকৃতস্থানীয়। যে প্রকার অগ্নি যেস্থানে থাকে, তাহার দাহিকা শক্তিও তথায় বর্ত্তমান। দহনকার্য্যের সম্ভাবনাও সেই স্থানে থাকে। কদাচিৎ তাদৃশ বস্তুসংযোগে দহনকার্য্য দৃশ্য হয়, কদাচিৎ তদভাবে দহনকার্য্য দৃশ্য হয় না; দহনকার্য্যের উৎপত্তি, স্থিতি ও সংহার আছে, অতএব তাহা প্রাকৃতস্থানীয়। দাহিকা শক্তির ও দহনকার্য্যসম্ভাবনার উৎপত্তি, স্থিতি ও সংহার নাই, এই হেতু তাহা অপ্রাকৃতস্থানীয় হয়। সেইরূপ যদি শ্রীভগবৎস্বরূপ সর্বদেশে

वर्त्तिनी। कदापि तासामांशिकाभाविवे ब्रह्माण्डाना-मुद्भवस्थितिलयाः सम्भवन्ति। अतस्ताः प्राकृताः। भगवतस्तु सर्वदेशकालवस्तुषु विराजिता सर्वशक्तिमयी चिच्छक्तिस्तदाविष्कृत-सम्भावनामय-श्रीबैकुण्ठधामानि च अप्राकृतानि। अत एतानि श्रीभगवत्स्वरूपमिव सच्चिदानन्दमयानि, अपरिच्छिन्नानि प्राकृतवाङ्मनोऽगोचराणि च ॥ २२ ॥

नास्तिकः—वयमुन्मत्ता जाताः, चिल्लक्षणं श्रुत्वैव भूयो गरुपाषाणवदात्मानुसन्धान विरहिता भवामः, कुतोऽस्माकं लक्षणवोधः? भवतु, चिदाविष्कृतवस्तु निचयान् शृणवाम, यदि तेन कथञ्चित् प्रवोधं लभामहे।

सूत्रकृत् चिच्छक्त्याविष्कृतानां बैकुण्ठानां वर्णन-मारभते।

बैकुण्ठ प्रकाशः ॥२३॥

'तया'-शब्दः पूर्बतोऽनुवृत्तः। तया चिच्छक्त्या वैकुण्ठानां प्रकाशो जायते। यस्य यदीयवस्तूनाञ्च कुण्ठा देशकालादिद्वारा परिच्छिन्नता नास्ति, तद्धाम वैकुण्ठ-मुच्यते। अतो वैकुण्ठधामानि तद्गतवस्तूनि च न देशकालवस्तुभिर्न वा जन्मादिषड्भावैः परिच्छिद्यन्ते। तस्मान्निखिलदेशकालवस्तुषु सर्बतोभाबेनास्तिज्ञानानन्द-बैचित्र्यरूपि विराजते। केवलं श्रीशवात्सल्येनाचिन्त्य-शक्त्या प्रेमिकाणां प्रियत्वबैचित्र्यानुसारेण प्रेममयचित्ते देशकालवस्तुपरिच्छिन्नवत् आविर्भवति। हे महोदयाः, भक्तप्रेमाधीनस्य श्रीभगवतः प्रेममयलीलत्वाद्वैकुण्ठ-धामानि तत्रस्था द्रव्या व्यापाराश्च वेदादीनां तन्निष्ठा-नाञ्चागोचरास्तिष्ठन्ति, केवलया भक्तप्रीत्या गोचरी-

---

সর্বকালে ও সর্ববস্ত্বভ্যন্তরে থাকিলেন, তবে তাঁহার নিখিল শক্তিও সর্বদেশে, সর্বকালে ও সর্ববস্ত্বভ্যন্তরে অবশ্য আছেন। সেই সকল শক্তিদ্বারা যাহা ঘটিবার সম্ভাবনা, তাহাও সর্বদেশে, সর্বকালে, সর্ববস্তুর অভ্যন্তরে অবশ্যই আছেন। কোন কালে সেই সকল শক্তির আংশিক আবির্ভাবে ব্রহ্মাণ্ড-গণের উৎপত্তি, স্থিতি ও সংহার হইয়া থাকে, অতএব তাহা প্রাকৃত; কিন্তু ভগবানের সর্বদেশে সর্বকালে, সর্ববস্তুতে সুবিরাজিতা সর্বশক্তিময়ী চিচ্ছক্তি এবং তদাবিষ্কৃত সম্ভাবনাময় শ্রীবৈকুণ্ঠ-ধামাদিসমূহ, যাহা সর্বদেশকালপাত্রান্তর্গত, তাহা অপ্রাকৃত হইয়া থাকেন। অতএব চিচ্ছক্তি ও তদাবিষ্কৃত বৈকুণ্ঠধামসকল শ্রীভগবৎস্বরূপবৎ সচ্চি-দানন্দময়, অপরিচ্ছিন্ন ও প্রাকৃত বাক্যমনের অগোচর হন ॥ ২২ ॥

নাস্তিক—আমরা বাতুল হইয়াছিলাম, এক্ষণে চিচ্ছক্তিলক্ষণ শ্রবণ করিয়া আবার কাষ্ঠপাষাণবৎ নিজানুসন্ধানরহিত হইলাম, চিচ্ছক্তির লক্ষণ বোধ করিব কি? যাহা হউক, একবার চিচ্ছক্তির আবিষ্কৃত বস্তুসমূহের বিবরণ শ্রবণ করি, যদি তদ্-দ্বারা কিঞ্চিৎ বোধের সঞ্চার হয়।

সূত্রকার চিচ্ছক্তির দ্বারা যাহা আবিষ্কৃত হয়, সেই বৈকুণ্ঠ সমূহের প্রকাশ বর্ণন করিতেছেন।

'তয়া' এই শব্দ পূর্বসূত্র হইতে অনুবৃত্ত হইতেছে। সেই চিচ্ছক্তি দ্বারা বৈকুণ্ঠসমূহের প্রকাশ হয়। যাহার ও যদ্গতবস্তু সকলের কুণ্ঠা অর্থাৎ দেশ, কাল, বস্তু দ্বারা পরিচ্ছিন্নতা নাই, সেই ধামকেই বৈকুণ্ঠ বলা হয়। অতএব শ্রীবৈকুণ্ঠধামসমূহ ও তদ্গত বস্তুসকল দেশদ্বারা, কালদ্বারা, বস্তুলক্ষণদ্বারা অথবা জন্মাদিষড়্ভাব দ্বারা অপরিচ্ছিন্ন। এইহেতু সর্বদেশে, সর্বকালে, সর্বপ্রাকৃত বস্তুর মধ্যে সর্বাকারে অস্তিত্বজ্ঞানরূপে আনন্দহীন বৈচিত্র্যভাবে বিদ্যমান আছেন। কেবল শ্রীভগবানের ভক্তবাৎসল্য গুণে অচিন্ত্য শক্তিদ্বারা প্রেমিক ভক্তগণের প্রেমানুসারে প্রেমময় চিত্তে দেশকালবস্তু লক্ষণ দ্বারা পরিচ্ছিন্নবৎ আবির্ভূত হন। হে মহোদয়গণ! ভক্তপ্রেমে বশ্য

भवन्ति। अतः प्राकृतानां तन्निष्ठानाञ्चानुभवातीतानीति किं वक्तव्यम्।

अत्र संशयः— चिच्छक्तिरियं शुद्धसत्त्वमयी न भवतान्मायाशक्तिवत् सत्त्वरजस्तमोविकारा, तथापि गुणरूपत्वात्तदाविष्कृत-वैकुण्ठ-तद्गत-वस्तु-व्यापाराणां गुणत्वं भवत्येव। नैष संशयो युक्तः। यतः का कथा अप्राकृतविश्वानां वैकुण्ठानां प्राकृतविश्वानां ब्रह्माण्डानामपि श्रीभगवत्स्वरूपवैचित्र्यत्वमेव। अतो वेदादिशास्त्राणि प्राकृतवस्तुष्वपि परब्रह्मस्वरूप-दर्शनमुपदिशन्ति। यथा परब्रह्मस्वरूपमेव स्वशक्त्याखिलकारकक्रियारूपं भवति। त्रिगुणमयी माया च तच्छक्तित्वान्न ततः पृथक्। अथ यदि त्रिगुणात्मिकाया मायाशक्तेस्तत्कार्य्याणाञ्च ब्रह्माण्डानां श्रीभगवत्स्वरूपवैचित्रीत्वं तदा शुद्धसत्त्वात्मिकानां श्रीवैकुण्ठादीनां तथात्वे कः सन्देहः? अथ यद्युच्यते, तथात्वेऽपि कथं वैकुण्ठवत् प्राकृतस्य नोपादेयत्वमिति, कथ्यते — परिच्छिन्नतापरिच्छिन्नत्वे कारणमेवात्र। प्राकृतं समर्य्यादम्, अप्राकृतन्त्वपरिच्छिन्नम्। अतोऽप्राकृतविश्वबैकुण्ठादिवन्न प्राकृतविश्वं ब्रह्माण्डादिकमुपादेयम्।

तथापि कैश्चिद् योगीश्वरैर्भगवद्विग्रहरूपेण प्राकृतानामुपादेयत्वमङ्गीकृतम्। यथा फेनवुद्बुदादीनां जलमात्रत्वेऽपि वायुमिश्रणान्न जलवदुपादेयत्वम्, हिमिकरकादीनां निर्मलवारिघनवैचित्र्यत्वात् पिपासार्त्तेषु सलिलवदुपादेयत्वम्। अथ पूर्वपक्षः—मायाचितोः

শ্রীভগবানের ভক্তপ্রেমময়ী লীলাহেতু এই বৈকুণ্ঠধামাবলী, তত্রস্থ বস্তু ও ব্যাপারসমূহ বেদাদি শাস্ত্রের অগোচর। অতএব বেদাদি শাস্ত্রে পরিনিষ্ঠিত ব্যক্তিগণেরও অগোচর, কেবল শ্রীভগবদ্ভক্তগণের একমাত্র প্রীতিরই গোচর হন। অতএব শ্রীবৈকুণ্ঠধাম তত্রস্থ বস্তু ব্যাপারাদি প্রাকৃতবিশ্বস্থিত প্রাকৃত বিষয়নিষ্ঠ ব্যক্তিসকলের পক্ষে বর্ণন ও অনুভবের অতীত হন।

এস্থলে সংশয় হইতে পারে যে, যদি চিচ্ছক্তি বিশুদ্ধসত্ত্বগুণময়ী হইলেন, মায়াশক্তিবৎ সত্ত্বরজস্তমোময়ী না হউন, তথাপি গুণরূপা হওয়ায় তদাবিষ্কৃত বৈকুণ্ঠধাম ও তদ্গত বস্তুব্যাপারাদি গুণরূপ হইতে পারেন, গুণাতীত সচ্চিদানন্দস্বরূপ ঘনবৈচিত্র্য হইতে পারেন না। এইরূপ সংশয় উপযুক্ত নহে। কারণ, অপ্রাকৃত-বিশ্বরূপ বৈকুণ্ঠধামাদির বিষয়ে বক্তব্য কি? প্রাকৃত বিশ্বরূপ ব্রহ্মাণ্ডাদিও শ্রীভগবৎস্বরূপের বৈচিত্র্যমাত্র। অতএব বেদাদিশাস্ত্র প্রাকৃত বিশ্বস্থ যে কোন বস্তুতেও পরব্রহ্মস্বরূপদর্শনের উপদেশ প্রদান করেন, যেহেতু পরব্রহ্মস্বরূপই স্বশক্তিপ্রভাবে অখিল কারকক্রিয়াস্বরূপ হন। ত্রিগুণাত্মিকা মায়াশক্তিও তচ্ছক্তিহেতু শ্রীভগবৎস্বরূপ হইতে পৃথক্ নহেন। যদি ত্রিগুণাত্মিকা মায়াশক্তি ও তৎকার্য্য ব্রহ্মাণ্ডাদি শ্রীভগবৎস্বরূপবৈচিত্র্য হইলেন, তবে শুদ্ধসত্ত্বাত্মিকা চিচ্ছক্তি এবং তদাবিষ্কৃত বৈকুণ্ঠধামাদি যে তৎস্বরূপঘনবৈচিত্র্য হইবেন, তদ্বিষয়ে আর সংশয় কি আছে? যদি বলেন, প্রাকৃত-বিশ্ব ব্রহ্মাণ্ডাদি ভগবৎস্বরূপবৈচিত্র্য হইলে তাহা অপ্রাকৃতবিশ্ব বৈকুণ্ঠাদিবৎ উপাদেয় হন না কেন? তদুত্তরে বলা যাইতেছে যে, পরিচ্ছিন্নতা ও অপরিচ্ছিন্নতাই এই ভেদের কারণ। প্রাকৃতবিশ্ব পরিচ্ছিন্ন ও অপ্রাকৃতবিশ্ব অপরিচ্ছিন্ন। অতএব অপ্রাকৃতবিশ্ব বৈকুণ্ঠাদিবৎ প্রাকৃতবিশ্ব ব্রহ্মাণ্ডাদি উপাদেয় নহেন।

তথাপি যোগেশ্বরবিশেষগণ কর্ত্তৃক শ্রীভগবদ্বিগ্রহরূপে প্রাকৃতবিশ্ব উপাদেয় বলিয়া গৃহীত হয়। যে প্রকার ফেন, স্ফোটক, বুদ্বুদ প্রভৃতি জলমাত্র হইলেও বায়ুর মিশ্রণ হওয়ায় উহারা জলবৎ উপাদেয় হয় না, কিন্তু হিমকরকাদি বিশুদ্ধজলের ঘনবৈচিত্র্য হওয়ায় তাহা পিপাসাকুল ব্যক্তির পক্ষে জল অপেক্ষাও অধিকতর উপাদেয় হয়।

शक्तिरूपयोरपि कथमेकस्य त्रैगुण्यमितरस्य च शुद्ध-सत्त्वात्मकत्वम्? अत्रोत्तरम्— रजस उत्पादनं, सत्त्वस्य पालनं तमसश्च संहारः; एतत् कार्य्य-त्रयस्याङ्गीकारान्मायायास्त्रिगुणात्मकत्वम्। चिच्छ-क्त्याविष्कृतानां नोत्पत्तिसंहारौ केवलमपरिच्छिन्ना स्थितिरेव। तर्हि परिच्छेदहीनस्थितिमात्रगुणत्वा-च्चिच्छक्तेः शुद्धसत्त्वत्वम्। पारमार्थिकविचारेषु मायिककार्य्याणि स्वरूपवैचित्र्याण्यपि परिच्छिन्नत्वात् शक्तिप्रभावरूपाणि, चिच्छक्त्याविष्कृतानि तु चित्-प्रभावरूपाण्यप्यपरिच्छिन्नत्वात् स्वरूपमाधुर्य्याण्येव। अतो मायाशक्तिकार्य्याणि केवल गुणलीलारूपाणि स्वरूपत्वेन न ध्येयानि; चिदाविष्कृतानि तु गुण-लीलारूपाण्यपि स्वरूपघनवैचित्र्यत्वेन ज्ञेयानि।

यदि वैकुण्ठगताः सर्वे विषयाः स्वरूपघनवैचित्र्या-ण्येव तथापि लीलावैचित्र्यात्तेषामाश्रिताश्रयभेदाः सन्ति। श्रीभगवतो निखिलदेशकालवस्तुरूपेणाविर्भावः सम्भवत्यपि भक्तप्रेमवशीभूतस्य तस्य भक्तप्रेमतारतम्या-दाविर्भाववैचित्र्यम् जायते। पूर्णकामस्य तस्य स्वकामानुवृत्त्या नाविर्भावः, केवलं भक्तानां पालनाय मनोरथपरिपूरणाय च ब्रह्माण्डेषु यथादेशं यथाकालं यथायोगं तस्याविर्भावः। तद्रूपादिमुग्धभक्तानामनु-ग्रहाय श्रीभगवान् तत्स्वरूपमध्य एव घनवैचित्र्याणि तत्तद्रूपगुणलीलामाधुर्य्याणि चाविर्भावयति। अतो वैकुण्ठेषु प्रायशो ब्रह्माण्डप्रकटानुसारिण्यो लीला भवन्ति। तद्भगवल्लीला द्विविधाः, प्रकटा अप्रकटाश्च। उत्पत्तिस्थितिसंहारशीलानां ब्रह्माण्डानामनित्यत्वेऽपि प्रवाहरूपेण तदुद्भावनलीला नित्या। अतएव वैकुण्ठ-धामस्थलीलानामनित्यताशङ्कापि नास्ति।

আরও সংশয় হইতে পারে মায়াশক্তিও যেমন ভগবানের শক্তি, চিচ্ছক্তিও ভগবানের শক্তি, মায়াশক্তি যদি ত্রিগুণাত্মিকা হন, তবে চিচ্ছক্তি বিশুদ্ধসত্ত্বরূপা হন কি প্রকারে? তাহাতে বলা হইতেছে—রজোগুণের কার্য্য উৎপত্তি, সত্ত্বগুণের কার্য্য স্থিতি ও তমোগুণের কার্য্য সংহার; অতএব ত্রিগুণময়ী মায়াশক্তি উৎপত্তি, স্থিতি ও সংহার-কারিণী। চিচ্ছক্ত্যাবিষ্কৃত বস্তুসকলের উৎপত্তি নাই, সংহারও নাই, কেবল অবিচ্ছিন্ন স্থিতিমাত্র আছে। অতএব অপরিচ্ছিন্ন স্থিতিমাত্র হওয়ায় চিচ্ছক্তি শুদ্ধসত্ত্বময়ী। পারমার্থিক বিচারে মায়া-শক্তির কার্য্যসকল স্বরূপবৈচিত্র্য হইলেও পরি-চ্ছিন্নতাহেতু শক্তির প্রভাবরূপ হন, কিন্তু চিচ্ছক্তির আবিষ্কৃত বস্তুসমূহ চিচ্ছক্তির প্রভাবরূপ হইলেও অপরিচ্ছিন্নতাহেতু স্বরূপমাধুর্য্য হন। অতএব মায়াশক্তির কার্য্যসকল কেবল গুণলীলারূপ হন, স্বরূপত্বে ধ্যেয় হন না; কিন্তু চিচ্ছক্তির আবিষ্কৃত বস্তুসকল গুণলীলারূপ হইলেও স্বরূপঘনবৈচিত্র্যরূপে জ্ঞেয় হন।

যদ্যপি বৈকুণ্ঠধামগত সকল বস্তুই স্বরূপঘন-বৈচিত্র্যরূপ, তথাপি লীলাবৈচিত্র্যহেতু আশ্রয়াশ্রিত-ভেদ হইয়া থাকে। যদিও ভগবানের সর্বদেশে সর্বকালে সর্ববস্তুরূপে আবির্ভাব সম্ভব, তথাপি ভক্তপ্রেমবশ শ্রীভগবানের ভক্তপ্রেমানুসারে আবি-র্ভাব হয়, অতএব আবির্ভাবের বৈচিত্র্য আছে। পরিপূর্ণকাম শ্রীভগবানের নিজকামানুসারে আবি-র্ভাব হয় না, কেবল ভক্তরক্ষণ ও ভক্তমনোরথ-পূরণোদ্দেশে ব্রহ্মাণ্ডগণ মধ্যে যথাদেশে, যথাকালে, যথাযুক্তরূপে আবির্ভাব হয়। তদ্রূপগুণলীলাদির মাধুর্য্যে বিমুগ্ধ ভক্তবৃন্দের অনুগ্রহার্থে শ্রীভগবান্ স্বরূপমধ্যে স্বরূপঘনবৈচিত্র্য তত্তদ্রূপগুণলীলাদির মাধুর্য্য আবির্ভূত করেন। অতএব বৈকুণ্ঠধাম-সমূহে প্রায় ব্রহ্মাণ্ডস্থ প্রকটলীলার অনুসারে লীলাসমূহ হইয়া থাকে। অতএব প্রকট ও অপ্রকট-রূপে শ্রীভগবল্লীলাবলী দ্বিবিধা হয়। যদ্যপি ব্রহ্মাণ্ড-সকল অনিত্য, উহাদের উৎপত্তি, স্থিতি ও সংহার

ब्रह्माण्डेषु एकैकब्रह्मणो द्वितीयपरार्द्धगतप्रतिदिवसे प्रागुक्ता भगवदवतारा आविर्भवन्ति। प्रतिकल्पं तदवतारलीलानां प्रायेण साम्येऽपि क्वचित्तासामन्याकारत्वं दृश्यते। तर्हि पुराणेतिहासादिषु परमेशलीलानां वैविध्यं वर्णितमस्ति। अन्यत्राप्येवमेव ज्ञातव्यम्। ब्रह्माण्डे कासाञ्चिद् गुणलीलानामप्राकट्येऽपि भक्तानां प्रेमवासनया वैकुण्ठेषु तासामाविर्भावो भवेदेव, यतो वैकुण्ठविषया भक्तप्रेमवश्याः। श्रीवैकुण्ठधामसु समकालमेकस्मिन्नेव प्रदेशे वहुभक्तप्रेमवासनावैचित्र्याद्भगवतो विविधरूपादीनामाविर्भावो घटते। इत्थमद्भुत-व्यापारास्तत्प्रकटलीलायामपि सम्भवेयुः ; यथा—रङ्गभूमौ श्रीरामकृष्णौ समकालं वहुभिर्वहुधा दृष्टौ। तद्धामवस्तूनि परिच्छिन्नवत् प्रतीयमानान्यप्यपरिच्छिन्नानि। प्रकटलीलायामपि श्रीयशोदावन्धने सा भगवतो लीला व्यक्ता। निखिलदृग्गोचरस्य वालकाकृतेस्तस्य श्रीकृष्णविग्रहस्य कटिवेष्टने दामान्यपरिमितान्यपि सामर्थ्यहीनान्यासन्।

श्रीवैकुण्ठधाम्नां तद्गतवस्तूनाञ्च लीलानामपि वर्णनार्थमादौ प्रकटलीलानुसारेण तेषां स्वरूपघनवैचित्र्यमात्रत्वं प्रदर्श्यते। भगवतः श्रीकृष्णस्याघासुरमोक्षणं सन्दृश्य तद्गुणावतारश्चतुर्मुखस्तस्यालौकिकमाहात्म्यं दिदृक्षुस्तत्सखीन् वत्सपालकान् वत्सांश्च जहार। भगवानपि तेषामाकारस्वभावगुणनामवयोभूषणवसनयष्टिवेणुदलशिक्यादीनां विहारादीनाञ्चाविकलानि रूपाणि परिगृह्य वत्सरं यावत् प्राग्वद्वनेषु गोष्ठेषु च गमनागमनं विदधे। किञ्चिदूनवर्षशेषेऽपि भक्तावतारः स्वयं श्रीवलदेवोऽपि तद्व्यापारं नाज्ञासीत्। एकदा तु स गोगोपानां वत्सवालकेष्वप्रमेयस्नेहानुभवेन

আছে, তথাপি প্রবাহরূপে ব্রহ্মাণ্ডোদ্ভাবনলীলা নিত্য। সুতরাং বৈকুণ্ঠধামস্থা লীলাতে অনিত্যতাশঙ্কা হইতে পারে না।

ব্রহ্মাণ্ডগণমধ্যে প্রতিব্রহ্মার দ্বিতীয় পরার্দ্ধগত প্রতিদিবসে পূর্বোক্ত শ্রীভগবদবতারগণ আবির্ভূত হন। প্রতিকল্পে শ্রীভগবানের অবতারলীলা প্রায় একরূপ হইলেও কোন কল্পে কোনও লীলার কিঞ্চিৎ অন্যথাকারতাও হয়। অতএব ইতিহাস ও পুরাণাদিতে শ্রীভগবল্লীলাসকল ভিন্ন ভিন্নরূপে বর্ণিত হন। অন্যান্য চরিতপক্ষেও এইরূপ জ্ঞাতব্য। কোনরূপ গুণলীলাদি ব্রহ্মাণ্ডমধ্যে প্রকট না হইলেও ভক্তগণের প্রেমময় বাসনানুসারে বৈকুণ্ঠধামসকলে আবির্ভূত হন, যেহেতু বৈকুণ্ঠধামস্থ বস্তুসকল ভক্তপ্রেমানুগতেচ্ছাময় হইয়া থাকে। শ্রীবৈকুণ্ঠধাম সমূহে এককালে এক প্রদেশে বহুভক্তগণের প্রেমবাসনার অনুসারে নানারূপ গুণ ও লীলাদির আবির্ভাব হয়। এইরূপ আশ্চর্য্য ব্যাপার প্রকটলীলাতেও দৃষ্ট হয়। কংসের রঙ্গমঞ্চে শ্রীকৃষ্ণ ও বলরামকে একই কালে বহুব্যক্তি বহুরূপে দেখিয়াছিলেন। বৈকুণ্ঠীয় বস্তুসকল পরিচ্ছিন্নবৎ প্রতীত হইলেও প্রকৃতপক্ষে অপরিচ্ছিন্ন। শ্রীযশোদাকৃত শ্রীভগবানের বন্ধনব্যাপারে প্রকটলীলাতেও তাহা ব্যক্ত হইয়াছে। সর্ব নেত্রের দৃশ্য বালকাকার শ্রীকৃষ্ণবিগ্রহের মধ্যভাগ বেষ্টন করিতে অপরিমিত রজ্জুখণ্ডসমূহ সমথ হয় নাই।

শ্রীবৈকুণ্ঠধামসমূহের, তত্রস্থ বস্তুসকলের এবং তৎস্থানে আবির্ভাবিত লীলাবলীর বর্ণনার্থ অগ্রে প্রকটিত লীলার অনুসরণে তাহাদের কেবল স্বরূপঘনবৈচিত্র্যমাত্রত্ব প্রদর্শিত হইতেছে। ভগবান্ শ্রীকৃষ্ণের অঘাসুর মোক্ষণলীলা দর্শন করিয়া তদীয় গুণাবতার সৃষ্টিকর্ত্তা শ্রীব্রহ্মা ভগবানের প্রাকৃতবিশ্বের অতীত মাহাত্ম্য দর্শনের ইচ্ছায় শ্রীকৃষ্ণসহচর সমস্ত গোপবালক ও গোবৎস অপহরণ করেন। ভগবান্ স্বয়ং তাহাদের আকৃতি, স্বভাব, গুণ, নাম, বয়স, ভূষণ, বস্ত্র, যষ্টি, বিষাণ, বেণু, দল, শিক্য প্রভৃতি দ্রব্য এবং বিহার প্রভৃতির অবিকল সর্বরূপ

ज्ञानचक्षुषा तान् सर्वान् श्रीकृष्णरूपान् ददर्श। ततश्च श्रीकृष्णादेव सर्वेषां व्यापाराणां समुद्भव इति तेन विज्ञातम्। वर्षान्ते ब्रह्मापश्यत्—श्रीकृष्णः पूर्ववत् वत्सवालकैः सह क्रीड़ति, किन्तु पूर्वापहृता वत्सादयश्च स्ववशे यथापूर्वं तिष्ठन्ति। एषां कृत्रिमाकृत्रिमत्वनिराकरणेऽशक्तः स्वयम्भूः श्रीकृष्णस्य वत्सादीन्निरीक्ष्य सपदि तान् घनश्यामान् पीतकौषेयवाससश्चतुर्भुजान् शङ्खचक्रगदापद्मपाणीनवलोकयामास।

अतःपरं प्रत्येकं तान् विभिन्नब्रह्माण्डपतीन् तथात्मतुल्यै-र्ब्रह्मशिवशेषैर्देवर्षिपितृ-गन्धर्वकिन्नरासुरयक्षनागादिभिर्विष्णुपार्षदैर्निखिल-भगवच्छक्तिभिश्च स्तूयमानमपश्यत्। तेषां भूरिमाहात्म्यमुपनिषन्नेत्रैरपि स्प्रष्टुं न शक्यते। तर्कागोचरान् प्रकृतेः परानतन्निरसनेन वेदशिरोभागैः सच्चिदानन्दत्वेनानुमितांस्तान् भगवन्महिमरूपान् सत्यज्ञानानन्तानन्दमात्रैकरसमूर्त्तिकान् सर्बानालोक्य 'क इम' इत्यनिश्चित्य ब्रह्मा केवलं पुत्तलिकावद्दण्डायमान आसीत्, क्रमेण द्रष्टुमप्यशक्तोऽभवत्। अथ श्रीशो मायाजवनिकया तत्स्वरूपघनवैचित्र्यमाच्छादितवान्। ब्रह्मा ददर्श — एक एव श्रीकृष्णो दध्यन्नकवलपाणिर्वत्सपालानन्विष्यति। तथाभूतं तं निभाल्य विरिञ्चिः सृष्टिकर्त्तृत्वाभिमानं विहाय भीतभीतः स्तवप्रणत्यादिकं विधाय वत्सान् पालकांश्च समर्प्य तन्निदेशतः स्वधाम ययौ।

হইয়া একবৎসর পর্য্যন্ত পূর্ববৎ বনে ও গোষ্ঠে গমনাগমন করিলেন। প্রায় বর্ষের শেষেও ভক্তাবতার স্বয়ং বলরামও উক্ত ব্যাপার জানিতে পারেন নাই। একদিন গো ও গোপ সকলের বৎস ও বালকগণের প্রতি অস্বাভাবিক স্নেহ দেখিয়া জ্ঞাননেত্রে ঐগুলিকে শ্রীকৃষ্ণরূপেই দেখিলেন, পরে শ্রীকৃষ্ণমুখ হইতে ব্যাপারসকল অবগত হইলেন। একবৎসরান্তে ব্রহ্মা আসিয়া দেখিলেন – শ্রীকৃষ্ণ পূর্ববৎ বৎস ও বালকগণের সহিত ক্রীড়া করিতেছেন, অথচ ব্রহ্মার নিজের আয়ত্তে সেইসকল বৎস ও বালক তথাবৎ আছেন। কোন্ পক্ষ সত্য ও কোন্ পক্ষ মিথ্যা, ইহা নিশ্চয় করিতে না পারিয়া ব্রহ্মা শ্রীকৃষ্ণের বৎস বালকগণকে বিশেষ-নিরীক্ষণ করিলে দেখিতে পাইলেন—সেই বৎস ও বালকাদি সকলেই ঘনশ্যাম, পীতকৌষেয়বসন, চতুর্ভুজ, শঙ্খচক্রগদাপদ্মপাণি।

পরে দেখিলেন, তাঁহাদের প্রত্যেকের সম্মুখে আত্মতুল্য ব্রহ্মা, শেষ, শিব প্রভৃতি দেবগণ, ঋষিবৃন্দ, পিতৃকুল, গন্ধর্ব, কিন্নর, অসুর, নাগ, যক্ষ প্রভৃতি এবং বিষ্ণুপার্ষদগণ ও অখিল ভগবচ্ছক্তিবৃন্দ তাঁহাদিগকে এক এক ব্রহ্মাণ্ডের পতিরূপে স্তব করিতেছেন। যে সকলের ভূরি মাহাত্ম্য উপনিষন্নেত্র মহাজনবর্গও স্পর্শ করিতে পারেন না। যে সকল তর্কের অগোচর ও প্রকৃতির পরভূত, অতন্নিরসনমুখে বেদশিরোভাগ কর্ত্তৃক সচ্চিদানন্দরূপে অনুমিত সেই ভগবানের মহিমারূপ সত্যজ্ঞানানন্তানন্দৈকরসমূর্ত্তিসকলকে ব্রহ্মা পুনঃ পুনঃ নিরীক্ষণ করিয়া 'এই সকল কি' এইরূপ চিন্তায় বিহ্বল হইয়া কিছুই স্থির করিতে পারিলেন না, কেবল পুত্তলিকাবৎ দণ্ডায়মান থাকিলেন এবং ক্রমে দর্শনে অসমর্থ হইলেন। তদনন্তর শ্রীভগবান্ মায়াশক্তিরূপা জবনিকাদ্বারা উক্ত স্বরূপঘনবৈচিত্র্যের আচ্ছাদন করিলেন। তখন ব্রহ্মা দেখিলেন, একমাত্র শ্রীকৃষ্ণ পূর্বদৃষ্টবৎ হস্তে অন্নকবল লইয়া বৎস ও বৎসপগণের অন্বেষণ করিতেছেন। এবম্ভূত শ্রীকৃষ্ণকে দেখিয়া ব্রহ্মা সৃষ্টিকর্ত্তৃত্বাভিমান পরিত্যাগপূর্বক ভীতভীতভাবে স্তব ও প্রণামাদি করিতে করিতে নিজাপহৃত বৎস ও পালকগণকে তৎসমক্ষে প্রত্যার্পণ করিয়া শ্রীভগবদাজ্ঞানুসারে স্বধামে প্রস্থান করিলেন।

श्रीनन्दस्य वरुणलोकप्रेक्षणानन्तरं व्रजवासिनो भगवद्धामदर्शनं काङ्क्षितवन्तः। भगवानपि तान् निजलोकं दर्शयामास, ऋषयस्त्यक्तत्रैगुण्या यदेव सत्यज्ञानानन्तब्रह्मज्योतिः सनातनं पश्यन्ति। नन्दादयस्तत्र धाम्नि आत्तविग्रहैर्वेदैः स्वात्मजं स्तूयमानं विलोक्यातिविस्मयग्रस्ता बभूवुः। सर्गात् प्राग् ब्रह्मा गुणातीतस्वरूपसमाधिपरो भूत्वा तमवलोक्यानुग्रहं प्रार्थितवान्। भगवानपि स्वरूपघनवैचित्र्यं स्वकीयधामपार्षदादिसहितं निजश्रीविग्रहं तस्मा अनुजग्राह। ब्रह्मणो व्रजवासिनाञ्च समीपे भगवता श्रीकृष्णेन प्रदर्शितानुसारेण श्रीवैकुण्ठधामानि, तत्रस्थपार्षदपरिच्छदादयो द्रव्यसमूहाश्च श्रीभगवत्स्वरूपं सच्चिदानन्दघनवैचित्र्यमात्रम्।

अतस्त्रिगुणातीता निर्गुणपरिनिष्ठिता यतयो ज्ञाननेत्रेण यद्वस्तु केवलं स्वसत्तानुभवसुखस्वरूपमवलोकयन्ति, तथाभूताः प्रेमिकास्तु प्रेमाञ्जनच्छुरितविलोचनेन तद्वस्तु तत्स्वरूपभूतं सच्चिदानन्दघनवैचित्र्यं पश्यन्ति। श्रीवैकुण्ठलोकं, तत्पतिं, तत्पार्षदं च तद्वस्तुरूपं निरूपयन्ति। अस्तिज्ञानात्मकत्वात् नैव पक्षयोर्विरोधः।

अथ दिग्दर्शनवत् समासेन वैकुण्ठधामानि तत्स्थितवस्तूनि च वर्ण्यन्ते। उपनिषत्तत्त्वज्ञा निखिलानुभूतातिरिक्तव्योमवत् परब्रह्मस्वरूपं निर्वर्णयन्ति; वैकुण्ठलोकानामपि परब्रह्मस्वरूपवैचित्र्यमयत्वात् ते परव्योमनाम दधति। परव्योमवर्णनायादौ मायिकविश्वमुल्लिख्यते। सौरजगत् प्रागुक्तम्। मायाशक्तेर्दृश्यकार्य्यत्वात् तदेव वहिर्नगरमिव भवति। अनन्तकोटिब्रह्माण्डानि तदन्तर्नगररूपाणि। आधारशक्त्या ब्रह्माण्डधारयिता मायाधिष्ठाता। प्रथमपुरुषः कारणोदधिशायी तदन्तर्वर्त्ती विद्यते। तदधिष्ठानरूपा मायाशक्तिः अनन्तकोटिब्रह्माण्डकारणम्। अतः सा

শ্রীনন্দের বরুণলোক দর্শনের পর ব্রজবাসিগণ শ্রীভগবদ্ধাম দর্শনের ইচ্ছা করিয়াছিলেন। ভগবান্ শ্রীকৃষ্ণ নন্দাদি ব্রজবাসিগণকে নিজলোক দর্শন করাইলেন। মুনিগণ ত্রৈগুণ্য পরিহারপূর্বক যে শ্রীভগবদ্ধামকে সত্য, জ্ঞান, অনন্ত, আনন্দ, ব্রহ্মজ্যোতিঃ ও সনাতন স্বরূপে দেখিয়া থাকেন, নন্দাদি ব্রজবাসিগণ তাহাতে মূর্ত্তিমান্ বেদগণকর্ত্তৃক স্বতনয় শ্রীকৃষ্ণকে স্তুত হইতে দেখিয়া অতীব বিস্মিত হইলেন। সৃষ্টির পূর্বে শ্রীব্রহ্মা গুণাতীত স্বরূপসমাধিপর হইয়া তদ্দর্শনপূর্বক তদনুগ্রহ প্রার্থনা করিয়াছিলেন। শ্রীভগবান্ স্বরূপঘনবৈচিত্র্যরূপ নিজধাম ও পার্ষদাদির সহিত নিজ শ্রীবিগ্রহের প্রদর্শনপূর্বক শ্রীব্রহ্মার প্রতি প্রসাদ করিয়াছিলেন। ব্রহ্মার ও ব্রজবাসিগণের সমীপে শ্রীভগবানের প্রদর্শনানুক্রমে শ্রীবৈকুণ্ঠধামসমূহ, তত্রস্থ পর্ষদ পরিচ্ছদাদি ও তদ্গত বস্তুরাজি শ্রীভগবৎ রূপের সচ্চিদানন্দ ঘনবৈচিত্র্য মাত্র হয়।

অতএব ত্রিগুণাতীত নৈর্গুণ্যে পরিনিষ্ঠিত মুনিবর্গ জ্ঞাননেত্রদ্বারা যে বস্তুকে কেবল স্বসত্তানুভবসুখস্বরূপে দর্শন করেন, তথাভূত প্রেমিক ভক্তগণ প্রেমলোচনে সেই বস্তুকে শ্রীভগবানের স্বরূপভূত সচ্চিদানন্দ ঘনবৈচিত্র্য শ্রীবৈকুণ্ঠলোক, তৎপতি, তৎপার্ষদ ও তদ্বস্তুস্বরূপে অবলোকন করেন। অস্তিত্বজ্ঞানাত্মক হওয়ায় উভয়পক্ষের পরস্পর বিরোধ নাই।

অতঃপর দিগ্দর্শনবৎ অতিসংক্ষেপে শ্রীবৈকুণ্ঠধামসমূহ ও তত্রস্থপদার্থবৃন্দ বর্ণিত হইতেছে। উপনিষত্তত্ত্বজ্ঞ ব্যক্তিগণ সকলের অনুভূতাতীত ব্যোমরূপে পরব্রহ্মস্বরূপকে দেখিয়া থাকেন। পরব্রহ্মের স্বরূপবৈচিত্র্য বলিয়া বৈকুণ্ঠধামসকলও পরব্যোম নাম ধারণ করে। পরব্যোম ধামের বর্ণনার্থ অগ্রে মায়িক বিশ্বের উল্লেখ হইতেছে। পূর্বোক্ত সৌরজগৎ মায়াশক্তির দৃশ্যকার্য্য হওয়ায় উহা বহির্নগরীতুল্য। অনন্তকোটি ব্রহ্মাণ্ড তাহার

कारणसमुद्रनाम्नी तदन्तःस्था च। ब्रह्मानन्दमग्न-सिद्धयोगिनां श्रीहरिनिहतासुरसङ्घानाञ्च प्राप्यमनाविष्कृतगुणं विशुद्धब्रह्मस्वरूपं तदन्तःस्थितमनुभूयते।

मिश्रणवर्जिता शुद्धसत्त्वात्मिका श्रीभगवन्नित्यसङ्गिनी चिच्छक्तिर्विरजानाम्नी परव्योमदुर्गभूता तदन्तःस्थिता भवति। तदाविष्कृतानि स्वरूपमाधुर्य्यमयानि तद्घनवैचित्र्याणि परव्योम-तत्पति-पार्षद-प्रभृतीनि तदन्तर्वर्त्तीनि भवन्ति। केवलास्तित्वज्ञानात्मकत्वान्नैरपेक्षसुख-वैचित्र्याच्च तान्यवर्णनीयान्यपि मत्तप्रलापवत् किञ्चिद्वर्ण्यन्ते। व्यापकस्वरूपमपि परव्योम श्रीगोविन्दचरणाम्भोजमधुकरैः प्रेममत्तैर्भक्तगणैः प्रेमनेत्रेण पद्माकारमनुभूयते। तत्कर्णिकायां मध्यप्रदेशे परमैश्वर्य्यमयं श्रीमन्नारायणवैकुण्ठमनन्तकोटियोजनविस्तारं महाराजाधिराजपुरीवदाकारविशेषेणानुभूयते। स्वर्णगरीभ्यो लक्षगुणितशोभानिर्माणपरिपाट्यादिभिर्विराजितं बहुयोजनमध्यमन्तःपुरं विराजते। तत्र श्रीदेवी गणनातीतसखीदासीसमेता नित्यकालमवतिष्ठते। श्रीनारायणसेवार्थं ताश्च सख्यो दास्यो लक्ष्म्यादेशानुवर्त्तिन्यो व्यग्रा सन्ति। तासामभिलाषानुसारेणान्तःपुरप्रासादा अनुक्षणं विचित्राकारप्रकारैः सज्जिताश्चित्रिताश्च भवन्ति।

सेवोपकरणानि च तेषामिच्छया विविधानि स्वयमुपतिष्ठन्ति। श्रीभगवान्नारायणोऽपि श्रीदेवीवाञ्छया तत्तत्सेवनमङ्गीकरोति। शय्यासनादीनि तत्तदभिलाषेणैव विचित्राणि भवन्ति। प्रकाशविशेषात् कुत्रापि श्रीरमाङ्के उत्तमाङ्गं निधाय शयानं श्रीभगवन्तं

অন্তর্নগরীরূপ। আধার শক্তিদ্বারা ব্রহ্মাণ্ডসকলের ধারক, মায়াশক্তির অধিষ্ঠাতা প্রথমপুরুষাবতার কারণাব্ধিশায়ী তদন্তঃস্থিত আছেন। তদধিষ্ঠানরূপা মায়াশক্তি অনন্তকোটি ব্রহ্মাণ্ডের কারণ বলিয়া কারণসমুদ্রনামিকা ও তদন্তঃস্থিতা। ব্রহ্মানন্দে নিমগ্ন যোগিগণের ও শ্রীহরিনিহত অসুরগণের প্রাপ্য অনাবিষ্কৃতগুণ বিশুদ্ধ ব্রহ্মস্বরূপ তদন্তর্গতরূপে অনুভূত হন।

রজস্তমোবিবর্জিতা বিশুদ্ধসত্ত্বাত্মিকা শ্রীভগবৎস্বরূপের নিত্যসঙ্গিনী চিচ্ছক্তি বিরজানাম্নী নদী পরব্যোমধামের দুর্গভূতা ও তদন্তঃস্থিতা। তদাবিষ্কৃত স্বরূপমাধুর্য্যময় স্বরূপঘনবৈচিত্র্যরূপ পরব্যোমধাম, তৎপতি ও তৎপার্ষদপ্রভৃতি তদন্তঃস্থিত হইয়া থাকে। কেবল অস্তিত্বজ্ঞানাত্মক নিরপেক্ষসুখবৈচিত্র্য বলিয়া সেই সকল বর্ণনাতীত হইলেও বাতুলের প্রলাপবৎ বর্ণিত হইতেছে। যদ্যপি শ্রীপরব্যোমধাম ব্যাপকস্বরূপ, তথাপি শ্রীভগবান্ কৃষ্ণের চরণাম্ভোজমকরন্দমধুকর প্রেমানন্দোন্মত্ত ভক্তগণ প্রেমনেত্রদ্বারা পদ্মাকারে সেই পরব্যোমধামের অনুভব করিয়া থাকেন। এই পদ্মাকার পরব্যোমের কর্ণিকাবৎ মধ্যপ্রদেশে পরমৈশ্বর্য্যময় শ্রীনারায়ণ বৈকুণ্ঠ অনন্তকোটিযোজনবিস্তার, মহারাজাধিরাজেশ্বরের পুরীবৎ অনুভূত হয়। স্বর্গনগরীসমূহ অপেক্ষা লক্ষগুণে অধিক শোভা ও নির্মাণকৌশলাদি দ্বারা সুবিরাজিত, মধ্যে বহুযোজন প্রশস্ত তাহার অন্তঃপুর। সে স্থানে বহুকোটি সখী, দাসী ও পরিচারিকা সহ শ্রীলক্ষ্মীদেবী বিরাজ করিতেছেন, শ্রীলক্ষ্মীদেবীর আদেশে শ্রীনারায়ণের সেবার জন্য সখীদাস্যাদি সর্বদা ব্যগ্র আছেন, স্বয়ং দেবীও তৎসেবাকার্য্যে তৎপরা। শ্রীদেবী ও সখ্যাদিগণের ইচ্ছানুসারে অন্তঃপুরবর্ত্তী প্রাসাদগৃহাদি ক্ষণে ক্ষণে বিচিত্রাকার ও বিবিধ প্রকারে সজ্জিত ও চিত্রবিচিত্রিত হইতেছে।

সেবাসম্ভাররাশি তত্তদভিপ্রায়ে বিবিধপ্রকারে স্বয়ং সমুপস্থিত হইতেছে। ভগবান্ শ্রীনারায়ণ শ্রীদেবীর অভিলাষানুসারে তত্তৎসেবার স্বীকার করিতেছেন। শয্যা, আসন, ভূষণাদি পরিচ্ছদও তত্তদিচ্ছায় বিচিত্রপ্রকারে প্রকটিত। প্রকাশ-

लक्ष्मीश्चरणसेवया तोषयति, अन्यत्र नानारत्नविचित्रितपर्य्यङ्के अपरत्र वा सहस्रफणानन्तक्रोड़े स्वपंस्तिष्ठति। एकत्र च लक्ष्मीश्चामरेण, कुत्रापि पाणिगृहीततालवृन्तेन वा सेवते। इतरस्मिन् देशे सलक्ष्मीको नारायणो रत्नपल्यङ्के समासीनस्तिष्ठति। कुत्रापि वा सोऽक्षदेवनासक्तः, अपरत्र श्रियाभ्यङ्गसेवितः स्नापितो नेपथ्यैः सज्जितः, परिवेषितः, क्षालितपाणिपादो वा भवति। काचिद्वेन्दिरेच्छया भगवान् भोजन-रतस्तिष्ठति, क्वचिद्वा तदादेशाच्छ्रीलक्ष्मीदेवी तन्महाप्रसादं सेवते। तदादेशेन सख्यो दास्यश्च यथास्थानं कालोचितसेवासु विनियोजिता विद्यन्ते।

कर्हिचिद्वा स महालक्ष्म्या सहैकान्तासीनो विराजते। एवं वहुप्रकाशै र्विभिन्नस्थानेष्वनेकविधसेवा भवन्ति। श्रीदेवी सख्यो दास्यश्च तत्सुखविस्ताराशया स्वैरं विविधसौन्दर्य्याणि प्रकाशयन्ति, तेन महालक्ष्मीरेका अनन्तसंख्यका वा न निर्णीयन्ते; सख्यो, दास्यश्च तथैव विचित्ररूपाणि प्रकटयन्ति। एवं सत्यपि सर्वाण्येव रूपाणि नित्यानि भगवल्लीलाशक्त्या समाधीयन्ते। विशाले जगदीशान्तःपुरे यथास्थानं कूपवापी - सरोवरनद्युद्यान - क्रीड़ाकाननादीनि शोभां तन्वते, श्रीश्च ससखीदासीका तत्तत्स्थानेषु श्रीनारायणेन सह दीव्यति। स्थानानि तानि रमादीनां वाञ्छयैव विविधाकाराणि सुचित्रशोभाढ्यानि यथावसरं विराजन्ते। वहुप्रकाशा सदासीकेन्दिरादेवी यथास्थलं भगवन्तं सेवन्ते।

क्रीड़ोद्यानेषु लीलाशैलाः शृङ्गगुहानिर्झरैरलङ्कृतास्तदिच्छावशान्नानाकारा भूरिशोभावन्तो भवन्ति। विचित्रनिर्माणा अगण्यविमाना वृहदल्पाकृतयोऽनुक्षणं

বিশেষে কোনস্থানে শ্রীভগবান্ শ্রীলক্ষ্মীর অঙ্কে মস্তক স্থাপন করিয়া শায়িত আছেন, কোনস্থানে শ্রীলক্ষ্মী তদীয় পাদসেবা করিতেছেন। কোন স্থানে বিচিত্ররত্নময় পর্য্যঙ্কে, কোনস্থানে বা শ্রীমান্ অনন্তদেবের ক্রোড়ে শয়নলীলা করিতেছেন। শ্রীদেবী কোনস্থানে চামর, কোনস্থানে ব্যজন সেবায় রত আছেন। তিনি কোথায় রত্নময় পর্য্যঙ্কে শ্রীলক্ষ্মী দেবীর সহিত সমুপবিষ্ট, অন্যত্র পাশকক্রীড়ায় নিযুক্ত। কোনস্থানে শ্রীলক্ষ্মীদেবী শ্রীভগবানের অভ্যঙ্গ সেবা করিতেছেন, কোন কোন স্থানে স্নান করাইতেছেন, কোন স্থানে বেশক্রিয়া সমাধান করিতেছেন, কোন স্থানে পাদপ্রক্ষালন করিয়া দিতেছেন, কোন স্থানে শ্রীলক্ষ্মী পরিবেষণ করিতেছেন, শ্রীলক্ষ্মীর ইচ্ছাক্রমে ভগবান্ ভোজন করিতেছেন; কোন স্থানে শ্রীভগবানের আদেশে শ্রীলক্ষ্মী মহাপ্রসাদ সেবন করিতেছেন, কোথাও শ্রীলক্ষ্মীদেবীর নির্দেশমতে সখীদাসীগণ যথাস্থানে যথোপযুক্ত সেবায় নিযুক্ত আছেন।

কোনও স্থানে শ্রীভগবান্ শ্রীমহালক্ষ্মীর সহিত একান্তে অবস্থিতি করিতেছেন, এবংবিধভাবে বহুপ্রকাশদ্বারা নানাস্থানে বিভিন্নপ্রকার সেবা হইতেছে। ইচ্ছানুসারে শ্রীলক্ষ্মীদেবী ও সখীদাসীবৃন্দ শ্রীভগবানের সুখবিস্তারোদ্দেশে ভিন্নভিন্নাকার সৌন্দর্য্য প্রকাশ করিতেছেন, তদ্দারা একজন শ্রীমহালক্ষ্মী কি অনন্তকোটি, তাহার কিছু নির্ণয় হইতেছে না। সখীদাসীগণও ঐপ্রকার বিচিত্র রূপ প্রকাশ করিয়া থাকেন। ঐরূপ হইলেও সকল রূপই নিত্য; শ্রীভগবল্লীলাশক্তিদ্বারা সমস্তই সমাহিত হইতেছে। সুবৃহৎ শ্রীভগবদন্তঃপুরমধ্যে উপযুক্ত স্থানে কূপ, বাপী, সরোবর, নদী, উদ্যান, ক্রীড়াকানন প্রভৃতি শোভা বিস্তার করিতেছেন। শ্রীলক্ষ্মীদেবী সখীদাসীগণের সহিত সেই সকল স্থানে যথেচ্ছ ক্রীড়া করিয়া থাকেন। এই সকল স্থানে শ্রীলক্ষ্মী প্রভৃতির ইচ্ছানুসারে বিবিধাকৃতিময় ও বিচিত্রশোভাশালী হইয়া যথাবসরে সুবিরাজিত থাকেন। সখ্যাদিগণসহ শ্রীলক্ষ্মীদেবী

तदभिलाषेण गगनेऽन्यत्र वा सञ्चारं कुर्बन्ति। दासी-सखीभिर्मिलिता लोकमाता तैर्विमानैर्नारायणेन सह परिभ्रमति। सख्यो दास्यश्च विविधगान्धर्वकलाः प्रकटयन्त्यो गीतवाद्यनृत्यै भगवत आनन्दवर्द्धनार्थं प्रयतन्ते। विमाना यत्र कुत्रापि मिलिताः सुबृहतीं नगरीं तिरस्कुर्वन्ति, कदापि वा गगने पृथक् पृथगवस्थाय ज्योतिश्चक्रश्रियं न्यग्विदधति, शून्यस्थलविशेषे वा एकत्रीभूय महानगरीं निर्मान्ति, कदापि वा विशिष्टभूमिस्थिताः प्रासादव्यूहा नगराकारा विमानवत् नभोमण्डले परिभ्रमन्ति। श्रीशान्तःपुरश्रीषु किञ्चिन्मात्रं वर्णितम्। इतरा लीला वैकुण्ठदेवनवर्णनावसरे वर्णयितव्याः।

अथ किञ्चिद्वर्ण्यते तद्वाह्यपुरलीलानाम्। तदन्तःपुराद् वहिः सर्वतो दिक्षु अनन्ता नानारत्नकोषा विविधायुधाढ्या अस्त्रागाराश्च तिष्ठन्ति। स्वयं परिचालितानि तान्यस्त्रशस्त्रान्यरातिसंहारे प्रवर्त्तन्ते। परं वैकुण्ठेऽरात्यागमासम्भावात्तानि केवलं शोभां तन्वन्ति। एवं तत्पुरवहिर्देशे सभाङ्गनाद्वहिश्चास्त्रागारा विराजन्ते। कोषेभ्यो वाह्यतो निखिलासु काष्ठासु स्ववाह्यपुरे श्रीनारायणो दासानां विविधा वरिस्या अङ्गीकरोति। अन्तपुरवदत्रापि नानास्थानोयो वहुविधप्रकाशवान् जगदीशः सेवकानां परिचर्य्यां प्रतीच्छति। वाह्यपुरस्य वहिःप्रदेशेषु समन्तात् सभाप्राङ्गनानि तत्र त्र्यस्राश्चतुष्कोणा मण्डलाकारा दीर्घा-

---

বহুপ্রকাশে শ্রীভগবানের স্থানোচিত সেবা করেন

ক্রীড়াবনমধ্যে ক্রীড়াশৈলসমূহ শৃঙ্গ, গুহা ও নির্ঝর দ্বারা সুশোভিত হইয়া তত্তদিচ্ছাবশে নানাকার ও বিবিধবৈচিত্রী ধারণ করেন। অনন্তসংখ্যক বিমানসমূহ ক্ষুদ্র ও বৃহদাকারে বিচিত্রনির্মাণকৌশলে সমন্বিত হইয়া ক্ষণে ক্ষণে নানাকৃতি দেখাইয়া তত্তদিচ্ছায় কোন কালে আকাশে, কোন কালে স্থানবিশেষে গমনাগমন করিতেছেন। সখীদাসী পরিবেষ্টিতা শ্রীলক্ষ্মীদেবী শ্রীনারায়ণের সহিত সেই সকল বিমান দ্বারা পরিভ্রমণ করিতেছেন, সখীদাসীগণ নানাবিধ গান্ধর্বকলাকৌশল প্রকাশ পূর্বক গান, বাদ্য ও নৃত্য দ্বারা শ্রীভগবানের আনন্দবর্দ্ধনের চেষ্টা করিতেছেন। কোন কোন স্থানে সেই সকল বিমান আকাশে একত্র মিলিত হইয়া অতিসুবৃহৎ নগরের শোভাকে তিরস্কার করিতেছেন, এবং কোন কোন সময় আকাশের ভিন্ন ভিন্ন স্থানে অবস্থিতি করিয়া জ্যোতিশ্চক্রের সৌন্দর্য্যের নিন্দা করিতেছেন। কোন শূন্য স্থলবিশেষে সেই বিমানাবলী একত্র আসিয়া মহানগর নির্মাণ করিতেছেন, কোন কালে স্থানবিশেষস্থ নগরাকার প্রাসাদপুঞ্জ বিমানশ্রেণীবৎ আকাশে গমন করিতেছেন। শ্রীভগবদন্তঃপুরের শোভাদি কিঞ্চিৎ বর্ণিত হইল, অন্যান্য বিষয় সাধারণ বৈকুণ্ঠলীলাবর্ণনকালে উল্লিখিত হইবে।

অতঃপর শ্রীভগবদ্বহিঃপুরের লীলাদি কিঞ্চিৎ বর্ণিত হইতেছে। শ্রীভগবদন্তঃপুরের বহির্দেশে সর্বতোদিকে অনন্তসংখ্যক নানারত্নপূর্ণ কোষসকল এবং নানাবিধ অস্ত্রশস্ত্রসমন্বিত অস্ত্রাগারসমূহ বিদ্যমান। সেই সকল অস্ত্রশস্ত্র স্বয়ং পরিচালিত হইয়া শত্রুসংহারে প্রবৃত্ত হন, কিন্তু বৈকুণ্ঠধামে কোন শত্রুর আগমনের সম্ভাবনা নাই, কেবল শোভাবিস্তার করিতেছেন মাত্র। এইরূপ ভগবৎ বহিঃপ্রদেশে এবং সভাপ্রাঙ্গনের বহিঃপ্রদেশেও অস্ত্রাগারসমূহ শোভাবিস্তার করিতেছে। কোষাগাররাজির বাহিরে সর্বতোদিকে শ্রীভগবদ্ বহিঃপুর, যে স্থানে শ্রীভগবান্ দাসগণের নানাবিধ সেবা গ্রহণ করিতেছেন। অন্তঃপুরবৎ বহিঃপুরেও শ্রীভগবান্ নানাস্থানে বহুপ্রকাশে বিবিধ সেবকগণের সেবা গ্রহণ করিয়া থাকেন। বহিঃপুরের বাহিরে সকল দিকে সভাপ্রাঙ্গন। যে স্থানে

यतनाः शतदलादिनानाकृतयो वहुसहस्रयोजनावधयो मण्डपा अनन्तस्तम्भैरगण्यतोरणैर्मण्डिता आश्चर्य्य-निर्मितिपाटवशालिनश्च विराजन्ते।

तेषु केचित् केचिद्दशविंशतिशतसहस्रायुतभूमिकाः सामाजिकभक्तवासनया कदाचिन्नानास्थानेषु वतिष्ठन्ते। कदापि गगने भ्रमन्ति, अनुक्षणञ्च विचित्राकारा-नाश्चर्य्यद्युतीश्च धारयन्ति। अनन्तकोटिसभासदां वाञ्छानुरूपाण्यनन्तकोटिरूपाणि गृह्णन्ति, समकालमेव केचित् सभ्यास्तानाकाशस्थान् केचन वा भूमिस्पृष्टान् पश्यन्ति। सभासु तासु कुत्रापि तत्त्वज्ञा भगवन्तं वर्णयन्ति, कुत्रापि कवयो गद्यपद्यै र्भगवन्माहात्म्यं वाचयन्ति, कुत्रापि भट्टास्तद्गुणान् गायन्ति, अन्यत्र विविधस्वरताल-लयान्वितवाद्यै - र्वादिका वादयन्ति, गायकाः श्रोत्ररसायनैः स्वरैस्तद्गुणान् कीर्त्तयन्ति, देवा देव्यश्च सुवेशभूषणा विचित्रभङ्गीभि नृत्यन्ति।

एकत्रैतिह्य-पुराणविदोऽनन्तकोटिब्रह्माण्डेषु प्रकटिता भगवल्लीला गायन्ति, अन्यत्र च परिहासरसिकाः श्रीभगवद्रूपगुणलीलास्वादनविमुखाननाविष्कृतगुण परब्रह्मणि लब्धलयान् जीवानुपहसन्ति। सर्वगुणमण्डिता अपि वैकुण्ठनिलयाः स्वेच्छयैवं सभ्यानामामोदं तन्वन्ति, अगण्यभक्ताः सामाजिकाः सन्तो यथास्थानं तत्तन्नर्त्तनकीर्त्तनादिकं निभालयन्ति शृण्वन्ति च।

अनन्तप्रकाशो नारायणो नानारत्नविचित्रितमहा-सिंहासने आसीनो भक्तकृतान्यनन्तस्थान-घटितानि कार्य्याणि पर्य्यवेक्षते। तदपसव्यसव्यपश्चाद्भागेषु प्राप्तसार्ष्टिका लब्धभगवत्स्वरूपा भक्ताः स्वतन्त्रेषु

ত্রিকোণ, চতুষ্কোণ, মণ্ডলাকার, আয়তাকার, পদ্মাকৃতি, প্রভৃতি বিবিধ আকৃতিবিশিষ্ট বহুসহস্র-যোজনব্যাপী সভামণ্ডপসমূহ অনন্তস্তম্ভশালী, অগণ্য-দ্বারশোভিত, আশ্চর্য্য নির্ম্মাণকৌশলে পরিপূর্ণ হইয়া বিরাজ করিতেছেন।

কোন কোন সভামণ্ডপ দশতল, বিংশতল, শততল, সহস্রতলরূপে শোভা প্রসারিত করিতেছেন। সভ্য ভক্তগণের ইচ্ছানুসারে কোন কালে স্থানবিশেষে অবস্থিত আছেন, কোন কালে ব্যোমমণ্ডলে পরিভ্রমণ করিতেছেন, ক্ষণে ক্ষণে বিচিত্রাকার ও বিচিত্রশোভাময় হইতেছেন। অনন্তকোটি সভ্যগণের অভিপ্রায়ানুসারে অনন্তকোটি রূপ ধারণ করিতেছেন। কোন সভ্যগণ এককালে ভূমিস্থ দেখিতেছেন, কোন সভ্যগণ আকাশে বিচরণ করিতে দেখিতেছেন। সেই সকল সভামধ্যে কোন স্থলে শ্রীভগবত্তত্ত্বজ্ঞ ব্যক্তিগণ শ্রীভগবত্তত্ত্ব বর্ণন করিতেছেন, কোন স্থানে কবিগণ পদ্যগদ্যাকারে শ্রীভগবন্মহিমা বর্ণন করিতেছেন, কোন স্থানে ভট্টগণ শ্রীভগবদ্গুণ গান করিতেছেন, কোন স্থানে নানাবিধ স্বর-তাল-রাগসূচক বাদ্যযন্ত্র গ্রহণ করিয়া বাদকগণ বাজাইতেছেন। গায়কগণ সুমধুর স্বরে শ্রীভগবদ্গুণগান করিতেছেন, দেব-দেবীগণ সুবেশ ধারণপূর্ব্বক বিচিত্র ভঙ্গীতে নৃত্য করিতেছেন।

কোন স্থানে ইতিহাস পুরাণজ্ঞ ব্যক্তিগণ অনন্তকোটি ব্রহ্মাণ্ডে প্রকটিত শ্রীভগবল্লীলার কীর্ত্তন করিতেছেন, কোন স্থানে পরিহাসবিশারদ ব্যক্তিগণ শ্রীভগবানের রূপ-গুণ-লীলাস্বাদনে বঞ্চিত, অনাবিষ্কৃতগুণ পরব্রহ্মে বিলয়প্রাপ্ত জীবগণকে পরিহাস করিতেছেন। যদ্যপি শ্রীবৈকুণ্ঠধামস্থ সকল ব্যক্তিই সর্ব্বগুণে পরিপূর্ণ, তথাপি নিজ নিজ ইচ্ছানুসারে এইরূপে সভ্যগণের আনন্দ বিস্তার করিতেছেন, অনন্তকোটি ভক্তগণ সভ্যরূপে যথা-স্থানে সেই সকল কীর্ত্তন নৃত্যাদির শ্রবণ, দর্শন করিতেছেন।

অনন্তপ্রকাশে শ্রীনারায়ণ নানারত্নবিচিত্রিত মহাসিংহাসনে উপবিষ্ট থাকিয়া পূর্ব্বোক্ত ভক্তগণের কার্য্য পরিদর্শন করিতেছেন। পূর্ব্বোক্ত প্রত্যেক

सिंहासनेषूपविशन्ति। श्रीभगवदग्रे दक्षिणभागे तद्दर्शन लालसाः शान्ताः परमहंसाः सभामुखीना उपविश्य तस्य दर्शनं गुणश्रवणादिकं विदधति। तेषां सव्ये च महामात्यरूपिणो भक्तास्तद्रूपवन्त-स्तथैवावलोकन-माकर्णनञ्चाचरन्ति। त्यक्तसंसदो मुख्यवैकुण्ठ-नास्तव्या योग्यासनमलङ्कुर्वाणास्तदग्रे सम्मुखीनास्त-थैव शृण्वन्ति पश्यन्ति च। बहवश्च सभासु समन्ताद्दण्डायमानास्तथा कुर्वन्ति।

सेवका एव परिचर्य्यासु तत्परास्तिष्ठन्ति, सहस्र-शश्छत्रचामरव्यजनपाणयः सेवन्ते। बहवो रत्नदण्डा-नवलम्ब्य परिभ्रमन्ति, असंख्येयैरस्त्रशस्त्रादिभि-र्भूषितैरास्थानप्रासादं संरक्षन्ति। प्रयोजनाभावादपि तेषां कर्त्तव्यनिर्वाहिश्थलति। कदापि शान्ताः परम-हंसा महर्षयो भगवद्दर्शनाशया सभायामागच्छन्ति। महाराजराजेश्वरलीलः श्रीनारायणोऽगणितब्रह्माण्डगत-सम्राजां शिक्षणाय तदनुकरणात् तान् पूजयन्ति। महर्षयस्तु सलज्जा विनयान्विता भक्तभावं प्रकटयन्ति, तदनुकरणस्य च लोकसंग्रहकारणं व्यञ्जयन्ति, स्तुति-प्रणामादिषु च नियुञ्जते।

सभासीना भक्ता महर्षीणां पूजया स्वं स्वं दैन्यं प्रदर्शयन्ति, ते तु सस्मिता भक्तानां स्वतुल्यत्वं स्थापयन्ति। कारणमेषां परतो विस्तृतं व्यञ्जयिष्यते। महर्षय इमेऽवारिता यत्र कुत्राप्यन्तःपुरादिष्वपि भगवद्दिदृक्षवः सञ्चरन्ति। वैकुण्ठनिलयानां भगव-द्धामसु प्रवेशोऽवारितेऽपि कश्चिन्मर्य्यादामुल्लङ्घ्यान्तःपुरा-दिगुह्यप्रदेशेषु न प्रविशति। श्रीनारदः प्रायशस्तद्-

---

ব্যাপার অনন্তস্থানে ঘটিতেছে। শ্রীভগবানের দক্ষিণে, বামে ও পশ্চাদ্ভাগে শ্রীভগবদ্ভক্তিপ্রভাবে শ্রীভগবৎ-সমানৈশ্বর্য্যপ্রাপ্ত শ্রীভগবৎস্বরূপধারী ভক্ত-গণ স্বতন্ত্র স্বতন্ত্র সিংহাসনে উপবিষ্ট আছেন, শ্রীভগবানের অগ্রে দক্ষিণভাগে সভামুখ হইয়া, শ্রীভগবদ্দর্শনলালস শান্তরসাবিষ্ট পরমহংস মহা-মুনিগণ উপবিষ্ট থাকিয়া, শ্রীভগবদ্দর্শন ও শ্রীভগ-বদ্গুণ শ্রবণ করিতেছেন, শ্রীভগবানের অগ্রে বামভাগে মহামন্ত্রিরূপ ভক্তগণ শ্রীভগবৎসমানরূপ ধারণ করিয়া শ্রীভগবানের উক্তপ্রকার শ্রবণ দর্শনাদি করিতেছেন। সভাতল ত্যাগ করিয়া শ্রীভগবানের অগ্রে সম্মুখীন হইয়া মুখ্য মুখ্য শ্রীবৈকুণ্ঠবাসী ভক্তগণ, উপযুক্ত আসনে উপবেশন-পূর্বক সেই প্রকারে দর্শনশ্রবণাদি করিতেছেন।

সেবাপরায়ণগণ শ্রীভগবৎসেবায় নিযুক্ত আছেন, সহস্র সহস্র সেবক ছত্র-চামর-বাইব্যজনহস্তে সেবা করিতেছেন, সহস্র সহস্র সেবক বৃহৎ ক্ষুদ্র রত্নদণ্ড গ্রহণপূর্বক পরিভ্রমণ করিতেছেন, সহস্র সহস্র সেবক অস্ত্রশস্ত্র দ্বারা সজ্জিত হইয়া সভাস্থল রক্ষণা-বেক্ষণ করিতেছেন। যদিও শ্রীভগবদ্ধামে সভা-রক্ষাদির প্রয়োজন নাই, তথাপি সেবকগণ স্বস্ব কর্ত্তব্য কর্ম নির্বাহ করিতেছেন। কোনও সময়ে শান্তরসাশ্রিত পরমহংস মহামুনিগণ শ্রীভগবদ্দর্শন-লালসায় সভামধ্যে আগমন করিতেছেন, শ্রীভগবান্ মহারাজাধিরাজেশ্বরের লীলাপ্রাকট্য হেতু অনন্ত-কোটি ব্রহ্মাণ্ডগত মহারাজাধিরাজেশ্বরগণকে শিক্ষা-প্রদানোদ্দেশে তদনুকরণে সেই মহর্ষিগণের পূজা করিতেছেন, মহামুনিগণ লজ্জিত বিনয়পূর্বক ভক্ত-ভাব প্রকাশ করিতেছেন, এবং উক্তরূপ অনুকরণের কারণ একমাত্র লোকসংগ্রহচেষ্টা, এইরূপ ব্যক্ত করিতেছেন, আরও স্তুতি প্রণামাদিতে নিরত আছেন।

সভাস্থ শ্রীভগবদ্ভক্তগণ সেই মহামুনিগণের পূজন-পূর্বক নিজের দীনতা প্রকাশ করিতেছেন, মহা-মুনিগণ সহাস্যে সভাস্থ ভক্তগণের আত্মতুল্যতা স্থাপন করিতেছেন। এইসকল ব্যাপারের কারণ পরে বিস্তৃতরূপে বর্ণিত হইবে। এইসকল মহর্ষি অবারিতরূপে সর্বত্র অন্তঃপুরাদিতেও শ্রীভগবৎ-

दिदृक्षुः सततमेव सर्बत्र परिभ्रमति। वैकुण्ठवासिनो नारायणदर्शनलालसा निरन्तरं सभां गच्छन्ति, भक्त्यङ्गविशेषसेवनाय च स्वस्वस्थानं प्रयान्ति।

श्रीनारायणः प्रायशोऽनारतनेव श्यामः पूर्णयौवनाढ्यः परमसौन्दर्य्यमयः पीतवासा वनमाली निखिलभूषणभूषितो विराजते। कुत्रापि क्वचिच्छुक्लरक्तपीतवर्णदेहानपि प्रकाशयति। स निरन्तरं शङ्खचक्रगदापद्मकरश्चतुर्बाहुर्विराजते, कदाचित् कुत्रापि वाष्टभुजोऽगणितहस्तो वा सन् प्राकट्यं लभते। वैकुण्ठोषिता प्रायेण श्यामवर्णाश्चतुर्भुजाः, केचिद्वान्यवर्णा द्विभुजाश्च। स्त्रियस्तु नानावर्णा द्विभुजाः; महालक्ष्मीः क्वचिच्चतुर्हस्ता, अन्यदा द्विपाणिका; सर्वे स्वैररूपा अपि प्रायश एतादृशा विचरन्ति। सभाङ्गनश्रीर्वर्णिता। अस्य वहिर्भागे समन्तात् प्रथमकक्ष्याया अत्युन्नतविस्तृप्राचीराणि। तदूर्द्ध्वं प्रासादेषु शस्त्रपाणयो रक्षिवर्गास्तिष्ठन्ति। चतसृषु दिक्षु सुमहत्तोरणानां चतुष्टयं विशालरत्नकपाटैः शोभितम्, शङ्खचक्रगदापद्मवनमाल्यादि-सर्वालङ्कारशोभितै रक्षिभिश्च पालितम्। द्वितीयातः सप्तमकक्ष्यां यावद्विविधानि प्राचीराणि द्वाराणि चाधिकाधिकानि। प्रथमकक्ष्यान्तर्गतानि वर्णितानि।

वहुयोजनप्रसृते द्वितीयकक्षामध्येऽनन्तगजाश्वरथपदातिकविमानाः सुसज्जिता विराजन्ते। ते सर्वे श्रीनारायणस्य नगरव्योमभ्रमणमपेक्षन्ते। एकस्मिन् रथे शतमन्यस्मिन् द्विशतमितरस्मिन् पञ्चशत परस्मिन् सहस्रं वा हया योजिताः। व्योमयानानि दशपञ्चा-

---

দর্শনোদ্দেশে গমন করেন। যদ্যপি শ্রীভগবদ্ধামে কোনও বৈকুণ্ঠবাসীকে কোন স্থানবিশেষে গমনে নিষেধ নাই, তথাপি মর্য্যাদা লঙ্ঘন করিয়া অন্য কেহ অন্তঃপুরাদিতে গমন করেন না। শ্রীনারদ সর্বত্র শ্রীভগবদ্দর্শনলালসায় প্রায় সর্বক্ষণে পরিভ্রমণ করিয়া থাকেন। শ্রীবৈকুণ্ঠবাসিগণ শ্রীভগবদ্দর্শনলোভে নিরন্তর সভামধ্যে অবস্থান করেন এবং অন্য ভক্ত্যঙ্গ যাজনার্থে স্বস্থানেও গমন করেন।

শ্রীভগবান্ সর্বদা প্রায় শ্যামবর্ণ, পূর্ণযৌবন, পরমসৌন্দর্য্যবিশিষ্ট, পীতবসন, বনমালী, সর্বালঙ্কার সজ্জিত রূপ প্রকট করেন। কোন স্থানে কোন সময়ে শুক্ল, পীত বা রক্তাদি বর্ণও প্রকটিত হয়। তিনি সর্বদা প্রায় চতুর্ভুজ ও শঙ্খ, চক্র, গদা, পদ্ম ধারণকারী রূপে শোভিত থাকেন। আবার কালবিশেষে ও স্থানবিশেষে অষ্টভুজ বা অসংখ্যাত ভুজরূপেও প্রকটিত হন। শ্রীবৈকুণ্ঠধামনিবাসী পুরুষগণ প্রায়ই শ্যামবর্ণ ও চতুর্ভুজ, কেহ কেহ বা অন্যবর্ণ, দ্বিভুজও হন। স্ত্রীগণ নানাবর্ণবিশিষ্ট, দ্বিভুজও হন। শ্রীমহালক্ষ্মী কোন কালে চতুর্ভুজা, কোন কালে বা দ্বিভুজা হন। সকলেই স্বেচ্ছারূপ হইলেও প্রায় এইরূপেই বিচরণ করেন। সভাপ্রাঙ্গনের শোভা বর্ণিত হইল। ইহার বহিঃপ্রদেশে সর্বদিকে প্রথম কক্ষ্যার সুবিস্তৃত অত্যুচ্চ প্রাচীর, তদুপরি অট্টালিকাসমূহের মধ্যে শস্ত্রধাবী রক্ষকগণ অবস্থিত, চতুর্দ্দিকে অতি বৃহৎ দ্বারচতুষ্টয় রত্নময় সুবৃহৎ কপাটদ্বারা সুশোভিত। শঙ্খ, চক্র, গদা, পদ্ম, বনমালা ও সর্বালঙ্কারে সুবিরাজিত দ্বারপালগণ কর্ত্তৃক তাহা সুরক্ষিত হইতেছে। দ্বিতীয়াদি সপ্তম কক্ষ্যা পর্য্যন্ত প্রাচীরসকলও বিবিধরূপে জ্ঞাতব্য কিন্তু দ্বারসমূহ ক্রমে অধিকাধিক হয়। প্রথম কক্ষাস্থ বিষয়গুলি বর্ণিত হইল।

বহুযোজনবিস্তৃত দ্বিতীয় কক্ষ্যা মধ্যে অসংখ্য বিমান, অনন্ত গজ, অশ্ব, অগণ্য রথ ও বহু পদাতিক সর্বদা সুসজ্জিত হইয়া বিরাজিত আছে। শ্রীভগবানের আকাশ ও নগর পরিভ্রমণের প্রতিক্ষা করিতেছে। কোন রথে শত, কোন রথে দ্বিশত, পঞ্চশত বা সহস্র অশ্ব যোজিত আছে। বিমানসমূহ দশভূমিক, পঞ্চাশত্তল বা শতভূমিকাদি হইয়া

शच्छतभूमिकानि महच्छोभान्वितानि भवन्ति। एतैश्च श्रीनारायणो महालक्ष्म्या परिवारबृन्दैश्च सहितो नगरेषु वियति च परिभ्रमन्ति।

तृतीयकक्ष्यायां कुसुमफलसमृद्धान्युद्यानानि विद्यन्ते, तत्रान्तरान्तरा गोवत्सवृषभाद्या गृहपालिताः पशवः स्वैरं विचरन्ति। क्वचित् क्वचित् कूप-वापी-सरोवर-नद्योऽवतिष्ठन्ते। जलचरविहगा जलाशयेषु नदीषु च विहरन्ति। कुत्रापि वनकुञ्जशृङ्गगुहा-निर्झरवन्तः क्रीड़ाशैलाश्च। तत्र काननानि कुञ्जानि च विचित्र-कुसुमैर्विविधपशुविहगादिभिश्च सङ्कुलान्यतीव मनो-हारीणि दृश्यन्ते। पशुपक्षिणां द्रुमवीरुधाञ्च महिमा वर्णयिष्यते।

अन्तरान्तरा कुसुमितरम्यकुञ्जेषु विप्रवेशा वैकुण्ठ-वासिनः श्रीनारायणार्चनादौ निविष्टास्तिष्ठन्ति। कुत्राप्यरण्ये गिरिगह्वरे च भगवद्ध्यातारो महर्षय-स्तद्दर्शनलालसा अपि कियत्कालं तद्ध्यानानन्दे निमज्जिता वर्त्तन्ते। अन्यत्र तृतीयाश्रमवेषा वैकुण्ठ-स्थभक्तास्तादृशोऽपि तपश्चरन्ति। क्वचिद्वा सपत्नीका विप्रवेशधरा एकत्र वसन्ति, अपरत्र वा नैष्ठिकब्रह्म-चारिणो भक्ताः श्रीगुरुसेवनपरा भगवद्भजननिरताः सन्ति। सर्व एते प्रतिक्षणं भगवद्दर्शनाय गच्छन्ति। श्रीनारायणोऽपि भक्तेच्छया कदापि तदुद्यानादौ भ्रमितुमागच्छंस्तान् सम्भाषते। बहुयोजना तृतीय-कक्ष्येयमेवं परिपूर्णा। अपराश्च कक्ष्या एतादृश-बहुयोजनायताः।

चतुर्थकक्ष्यायां क्षत्रियवेशा भक्ता वसन्ति। असत्यप्यवेक्षण प्रयोजने कर्त्तव्यनिर्वाहायैव वैकुण्ठ-रक्षणनिमित्ता एतत्कक्ष্যাবাসিনো भक्ता यथाकाल-

---

পরম শোভা বিস্তার করিতেছে। এই সকল দ্বারা শ্রীভগবান্ শ্রীমহালক্ষ্মী ও পরিকরবৃন্দের সহিত যথাযোগ্যভাবে কখনও গগনে, কখনও নগরে পরিভ্রমণ করেন।

তৃতীয় কক্ষামধ্যে পুষ্পফলপরিপূরিত উদ্যান-সকল সুরাজিত। মধ্যে মধ্যে গোবৎস, বৃষভ প্রভৃতি গৃহপাল্য পশুবৃন্দ স্বয়ং বিচরণ করিতেছে। স্থানবিশেষে কূপ, বাপী, সরোবর ও নদীসমূহ বিদ্যমান আছে। জলে বিচরণোপযোগী পক্ষিসকল সরোবর ও নদীতীরে পরিভ্রমণ করিতেছে। স্থান-বিশেষে বন, কুঞ্জ, শৃঙ্গ, গুহা, নির্ঝর সুশোভিত ক্রীড়াপর্বতসকল বিরাজিত। বন ও কুঞ্জ সকল বিচিত্রবর্ণ পুষ্পাদি এবং নানাবিধ পশুপক্ষিসকল দ্বারা অতি মনোহর হইয়াছে। পশু, পক্ষী, বৃক্ষ, লতা প্রভৃতির মাহাত্ম্য পরে বর্ণিত হইবে।

মধ্যে মধ্যে পুষ্পফল প্রধান বৃক্ষসকল সুখপ্রদ উদ্যানের অভ্যন্তরে বিপ্রবেশধারী বৈকুণ্ঠবাসিগণ শ্রীভগবদর্চ্চনযজনে নিমগ্ন আছেন। স্থানবিশেষে বনমধ্যে ও পর্বতগুহায় শ্রীভগবদ্ধ্যানপরায়ণ মহামুনিগণ তদ্দর্শনে লালসান্বিত হইলেও কিয়ৎ-কালের জন্য ধ্যানানন্দে নিমগ্ন আছেন। স্থান-বিশেষে বানপ্রস্থের বেশধারী বৈকুণ্ঠবাসী ভক্তগণ তথাবিধ হইয়াও তপস্যাচরণ করিতেছেন। স্থান-বিশেষে বহু বিপ্রবেশী ভক্তগণ একত্র বাস করি-তেছেন। কোন স্থানে নৈষ্ঠিক ব্রহ্মচারীর বেশবান্ ভক্তগণ শ্রীগুরুসেবাপর হইয়া শ্রীভগবদ্ভজনে নিরত আছেন। এই সকল বিপ্রাদির বেশধারী ভক্তগণ ক্ষণে ক্ষণে ভগবদ্দর্শনের উদ্দেশে গমন করিতেছেন, কোনও কালে শ্রীভগবান্ও ভক্তগণের ইচ্ছানুসারে এই উদ্যানাদিতে পরিভ্রমণে শুভাগমন করিয়া থাকেন এবং বিপ্রাদির সহিত সম্ভাষণ করেন। বহুযোজনব্যাপিনী তৃতীয়কক্ষা এই প্রকারে পরি-পূর্ণা। অন্যকক্ষাসমূহও বিস্তারে এই প্রকার বহুযোজন ব্যাপ্ত হইয়া বিরাজ করিতেছে।

চতুর্থ কক্ষা মধ্যে ক্ষত্রিয়বেশধারী ভক্তগণ বাস করেন। রক্ষার প্রয়োজন না থাকিলেও কেবল

विभागं सुसज्जिताः सप्तमकक्ष्यामधिवसन्ति। सपरि-जनास्तेऽत्र चतुर्थकक्ष्यायामन्तःपुररक्षितुल्या निवसन्ति। भगवद्भक्त्यैव पञ्चविधा मुक्तयः सम्भवन्ति। प्राप्त-सायुज्याः श्रीभगवदङ्गप्रभादिलीनास्तिष्ठन्ति। मुक्ति-रियं भगवत्-परमेश-परमात्म-ब्रह्मसायुज्यभेदाद्बहुधा। प्रायेणैकविधापि सायुज्यमुक्तिः प्राचीनाभिमानवैशिष्ट्या द्विभिन्नरूपा भवति। वैकुण्ठवासिनां सालोक्यन्तु सर्वदैवास्ति। लब्धसारूप्याः सार्ष्टियुक्ता मुक्ता अस्या-मेव चतुर्थकक्ष्यायां वसन्ति। निरन्तरं भगवत्समी-पस्था भक्ता एव सामीप्यमुक्ता उच्यन्ते। तेऽपि सारूप्य-सालोक्य-समानैश्वर्य्यभेदास्त्रिधा। प्रथमद्वितीय-कक्ष्यास्थिता भक्ताः सामीप्यमुक्ता इत्यभिधीयन्ते। तृतीयपञ्चमषष्ठकक्ष्यासु निवसतो मुक्ताः प्रायशः सालोक्यमुक्ताः कथ्यन्ते। सप्तमायामपि सालोक्य-मुक्तास्तिष्ठन्ति। अन्तरङ्गास्तु नित्यसेवानिरता विद्यन्ते।

पञ्चमकक्ष्यायामनन्तराजमार्गेषु वैश्यवेषा भक्ताः पोषका इव निवसन्ति। तदुभयपार्श्वमार्गेषु सेवक-वेशवन्तो भक्ताः सपरिकरास्तिष्ठन्ति। यद्यपि वैकुण्ठ-निलया निखिला जना अनन्तकोटिब्रह्माण्डवासिनां परमाराध्यपादकमलाः परमहंसा भवन्ति, तथापि ब्रह्माण्डजनोपदेशायानुकृतिमात्रेण कश्चित् सम्प्रदायो गृहस्थविप्रवेशेन, कश्चिद्वा ब्रह्मचारिवेशेन, अपरो वानप्रस्थवेशेन, इतरश्च यतिवेशेन, केचित् क्षत्रियाः, केचिद्वैश्याः, अन्ये शूद्रा इवावतिष्ठन्ते। अन्योन्यं सर्वे सर्वेषां पूजनीया अपि वेशानुकरणात्तरतमव्यव-हारा भवन्ति।

श्रीनारायणः स्वयमपि महाराजाधिराजलीलत्वाद्-

কর্ত্তব্য কর্ম নির্বাহের উপযোগী বৈকুণ্ঠপুরীর রক্ষণো-দ্দেশে এই চতুর্থ কক্ষাবাসী ভক্তগণ সুসজ্জিত হইয়া সপ্তমকক্ষাতে কালবিভাগানুসারে অবস্থিতি করেন। আবার এই চতুর্থ কক্ষাতেও সস্ত্রীক সপরিকর অন্তঃপুরাদির রক্ষকবৎ বাস করেন। শ্রীভগবদ্ভক্তি-দ্বারাই পঞ্চবিধা মুক্তি হইয়া থাকে। যে সকল ভক্ত সাযুজ্যলাভ করেন, তাঁহারা শ্রীভগবদ্বিগ্রহের প্রভামধ্যে বিলীন থাকেন। এই মুক্তিকে শ্রীভগবৎ-সাযুজ্য বলে। পরমাত্মসাযুজ্য, পরমেশ্বর সাযুজ্য ও ব্রহ্মসাযুজ্য ভিন্নপ্রকার হয়। সাযুজ্যমুক্তিসকল প্রায় একপ্রকার হইলেও পূর্বাভিমানভেদে ভিন্ন ভিন্ন রূপ হয়। শ্রীবৈকুণ্ঠবাসী সকল ভক্তেরই সালোক্য মুক্তিলাভ অবশ্য বিদ্যমান থাকে। প্রায় সারূপ্য ও সমানৈশ্বর্য্য মুক্তগণ এই চতুর্থ কক্ষাতেই বাস করেন। নিরন্তর শ্রীভগবৎ-সমীপস্থ ভক্তগণ সামীপ্যমুক্ত নামে খ্যাত হন। সামীপ্যমুক্তগণ সালোক্যমুক্ত, সারূপ্যমুক্ত ও সমানৈশ্বর্য্যমুক্ত, এইরূপ ভেদে ত্রিবিধ। প্রথম ও দ্বিতীয় কক্ষাস্থ ভক্তগণ প্রায় সমীপ্যমুক্তনামে কথিত হন। তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ কক্ষাস্থ ভক্তগণ প্রায় সালোক্য-মুক্ত হন। সপ্তম কক্ষাতেও সালোক্য মুক্তগণ থাকেন, কিন্তু অন্তরঙ্গ ভক্তগণ সেবাপরায়ণ হইয়া থাকেন।

পঞ্চম কক্ষাতে অনন্ত রাজমার্গে বৈশ্যবেশধারী ভক্তগণ পোষকবৎ অবস্থিতি করিতেছেন। তদুভয় পার্শ্বস্থ মার্গসকলে সেবকবেশধারী ভক্তগণ সস্ত্রীক সপরিকর বাস করেন। যদ্যপি শ্রীবৈকুণ্ঠলোকবাসী সর্বব্যক্তিই অনন্তকোটি ব্রহ্মাণ্ডগত অখিল পরম-হংসের পরমাচার্য্য পূজ্যপাদাম্বুজ হইতেছেন, তথাপি ব্রহ্মাণ্ডসমূহস্থ লোকগণের শিক্ষণোদ্দেশে কেবল অনুকরণমাত্র দ্বারা একসম্প্রদায় গৃহস্থ বিপ্রবেশে, এক সম্প্রদায় ব্রহ্মচারিবেশে, এইরূপ এক এক সম্প্রদায় বানপ্রস্থ বা যতিবেষে এবং সম্প্রদায় বিশেষে ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্রবেশে অবস্থিতি করেন। সকলেই পরস্পর সকলের পূজ্য হইলেও বেশও অনুকরণানুসারে পৃথক্ ব্যবহার হয়।

विप्रवेशधारिणस्तान् भक्तान् पूजयन्ति। ते तु सलज्जाः ससम्भ्रमं भक्तभावं प्रकटय्य स्तुतिप्रणत्यादिषु निरता भवन्ति। एवं क्षत्रियवेशा भक्ता ब्राह्मणच्छद्मानव-लोक्यैव ससम्भ्रमं प्रणमन्ति, विप्रवेशास्तु भवतां क्षात्रत्वं नास्माकमज्ञातमिति सस्मितं ब्रुवन्तः प्रत्यभि-वादनं ज्ञापयन्ति, कदाचित्तेषामनुरोधाच्चाशीर्वचनं प्रयुञ्जते। जलधौ वारिविन्दुक्षेपणमिव तदाशिषा तेषां कियन्ति कुशलानि जायन्त इति त एव तज्ज्ञातारः। वैश्यशूद्रादिव्यवहारोऽपि तथैव ज्ञातव्यः। ब्रह्माण्डेषु साधनकाले बहुभक्ताः स्वेच्छयैव श्रीवैकुण्ठस्थावररूपाणि धारयन्ति। तद्भक्तान् सेविष्यामह इति केषाञ्चिद-भिलाषः; केषाञ्चित् केवलं तत्पुरीमार्जनं अपरेषाञ्च तत्रस्थपशुपक्षिवृक्षवीरुत्तृणादिजीवनम्, इत्यादिवाञ्छा भवति। तत्तदभिलाषानुसारेणैव तादृक् तारतम्यं घटते।

षष्ठ्यां कक्ष्यायां सर्वविध-वृक्षलतादिभिर्भूषितं क्रीड़ाकाननं विद्यते। ते च वृक्षादयो सदा विचित्र-प्रसवैः सुसज्जिताः। स्थाने स्थाने गुहाकाराः स्वाभा-विका निकुञ्जा विराजन्ते। सुमहाशैलाः शृङ्गगुहा-निर्झरैस्तदरण्यशोभां संवर्द्धयन्ति। सर्वविधाः पशु-पक्षिणो निर्वैरा मित्रत्वमापन्नास्तत्र वसन्ति। स्थान-विशेषे गृहस्थविप्रवेशिनो भक्तगणाः सपरिजना-स्तिष्ठन्ति। इत्थं यथास्थानं यथाप्रकारं ब्रह्मचारि-वानप्रस्थ-यति-परमहंसवेषा भगवद्भक्ता अवतिष्ठन्ते, परिभ्रमन्ति वा। क्षत्रियरूपा नानाप्रहरणपाणयो-ऽवनप्रयोजनाभावेऽपि कर्त्तव्यानुकरणात्तानि रक्षन्ति।

স্বয়ং ভগবান্ নারায়ণও মহারাজাধিরাজেশ্বরের লীলাপ্রকাশ করায় বিপ্রবেশকারী হওয়ায় বিপ্র-বেষধারী ভক্তগণের পূজা করিয়া থাকেন। কিন্তু উক্ত ভক্তগণ লজ্জিত হইয়া সসম্ভ্রমে ভক্তভাব-প্রকাশপূর্বক স্তুতিপ্রণামাদিতে নিরত হন। এই-রূপ ক্ষত্রিয় বেশধারী ভক্তগণ ব্রাহ্মণবেশধারী ভক্তগণের দর্শনমাত্রে সসম্ভ্রমে প্রণামাদি করেন। বিপ্রবেশধারিগণ হাস্য করিতে করিতে 'আপনাদের ক্ষত্রিয়ত্ব আমরা বিশেষরূপে জানি এই বলিয়া প্রতিপ্রণাম করেন। কোন সময়ে তাঁহাদের প্রার্থনামতে শুভাশীর্বাদ যোজনাও করেন। সমুদ্রে জলবিন্দু ক্ষেপণের ন্যায় এই শুভাশীর্বাদে তাঁহাদের কতদূর মঙ্গল হয়, তাহা তাঁহারাই জানেন। বৈশ্য শূদ্রাদির ব্যবহার ও উক্তপ্রকারে জ্ঞাতব্য। এইরূপ ব্যাপার না হইলে লোকপ্রাকট্য লীলার শোভা হইতে পারে না। ব্রহ্মাণ্ড মধ্যে সাধনকালে বহু ভক্ত ইচ্ছা করিয়াই শ্রীবৈকুণ্ঠধামে নিকৃষ্টরূপ ধারণ করিয়া থাকেন। 'আমি কেবল ভগবদ্ভক্তগণের সেবা করিব, আমি কেবল মার্জনীহস্তে বৈকুণ্ঠ-পুরীর মার্জন করিব, আমি কোন পশুরূপে থাকিব, আমি পক্ষিরূপে থাকিব, আমি বৃক্ষরূপে থাকিব, আমি লতারূপে থাকিব, আমি তৃণরূপে থাকিব' ইত্যাদি অভিলাষ বশেই উক্তপ্রকার তারতম্য হইয়া থাকে।

ষষ্ঠ কক্ষাতে ক্রীড়াকানন বিদ্যমান, সর্বপ্রকার বৃক্ষলতা এই কাননে আছে। তাহারা বিচিত্র পুষ্পফলে সুশোভিত। আবার স্থানে স্থানে গুহাকার কুঞ্জসমূহ নির্মিত হইয়াছে। সুবৃহৎ পর্বতসকল শৃঙ্গ, গুহা, নির্ঝর সমূহ দ্বারা সম্বলিত হইয়া সেই সকল কাননের শোভা বিস্তার করিতেছে। সর্বপ্রকার পশুপক্ষিবৃন্দ স্বাভাবিক দ্বেষত্যাগ করিয়া মিত্রভাবে তথায় বাস করিতেছে। স্থানবিশেষে গৃহস্থবিপ্রবেশধারী ভক্তগণ সপরিবারে বাস করিতেছেন। এইরূপে যথাস্থানে যথাযুক্ত-প্রকারে ব্রহ্মচারী, বানপ্রস্থ, যতি ও পরমহংস বেশধারী শ্রীভগবদ্ভক্তগণ অবস্থিতি বা পরিভ্রমণ করিতেছেন। ক্ষত্রিয় বেশধারী ভক্তগণ নানাবিধ অস্ত্রশস্ত্র হস্তে লইয়া রক্ষণের প্রয়োজন না থাকিলেও

सप्तमकक्ष्यायां सुचिक्कणरत्नबहुलस्थलीषु रत्न-सैकतभूमिषु वा समरसज्जितवत् अनन्तकोट्यो रथाश्वगजाः पदातिकवीरवेशभक्ताश्च वैकुण्ठपुररक्षि-वर्गसमा विचरन्ति, कदापि च लीलाहवं सम्पादयन्ति। प्रतिकक्ष्यं प्राचीराणि युद्धोपस्करै सज्जितान्यपि एषा कक्ष्या विशेषेण शोभाकरा। इति संक्षेपेण कक्ष्या-सप्तकमयवैकुण्ठपुरस्य वर्णनम्।

मायाकार्य्यवर्णनावसरे स्वर्लोकस्य, तथा तदा-धिक्यतया महरादिलोकानां विबृतिविस्तारः तेभ्योऽ-प्याधिक्येन शङ्करस्य कैलासः, शिववैकुण्ठं, पातालवैकुण्ठं, ध्रुववैकुण्ठं, रमावैकुण्ठञ्च व्याख्यातम्। इमे चित्-प्रभावशालिवैकुण्ठलोकाः शोभादिभिर्ब्रह्माण्डस्थवैकुण्ठ-धामभ्योऽनन्तगुणैराधिक्य-भाजनम्। ब्रह्माण्डगत-वैकुण्ठाणि चिच्छक्तिप्रभावमयत्वात् तत्स्वरूपमाधुर्य्य-मात्राण्यपि भक्तधामानि मायिकान्तराविर्भावहेतोः प्रायेण लौकिकवत् परिदृश्यन्ते। तस्मादिमे मायातीत-वैकुण्ठान्यलौकिकव्यापारवन्त्येव।

चतुरस्राकृति-सप्तकक्ष्यं वैकुण्ठं भक्तेच्छया कदापि मण्डलाकारं कोणाष्टकमयं कमलसदृशं वा प्रतीयते। तदंशाश्च भक्तवासनावशात् प्रतिक्षणं नानाकारा विविधशोभाढ्या बहुवैचित्र्यशालिनश्च भवन्ति। तानि धामानि कस्मिंश्चित् काले निश्चलानि, अन्यदा च भ्रमणस्वभावानि दृश्यन्ते। कदापि एकैकांशाः वियुक्तवत् इतरदा च सम्मिलितवत् परिभ्रमन्ति। कदापि नगरेषु वनशैलादीनां प्राकाट्यं क्वचिद्वारण्य-गिर्य्यादिस्थानेषु नगराणाम्। अनन्तवैकुण्ठवासिनो बहुविचित्रविमानैरगण्ययोजन-विस्तृतशून्ये भ्रमन्ति। प्रतिक्षणञ्चैकत्र मिलिता नगरीशोभा तन्वन्ति।

কর্ত্তব্যের অনুকরণে সেই সকলকে রক্ষা করিতেছেন।

সপ্তম কক্ষাতে কেবল সুচিক্কণ রত্নময়স্থলে বা রত্নবালুকাময় স্থানে যুদ্ধার্থে সজ্জিতবৎ অনন্তকোটি রথ, গজ, অশ্ব ও পদচারী বীরবেশধারী ভক্তসকল শ্রীবৈকুণ্ঠপুরীর রক্ষকের তুল্য বিচরণ করিতেছেন। সময় সময় ক্রীড়াযুদ্ধ করিতেছেন, প্রতিরক্ষায় প্রাচীর, যুদ্ধোপকরণ দ্বারা সুসজ্জিত হইলেও সপ্তম কক্ষার প্রাচীর বহুগুণে অধিক শোভাময় আছে। সংক্ষেপে সপ্তকক্ষাসুশোভিতা শ্রীভগবন্নারায়ণের বৈকুণ্ঠপুরীর বর্ণন করা হইল।

মায়াশক্তি কার্য্যবর্ণনকালে স্বর্লোকের এবং ততোঽধিক ততোধিকক্রমে মহর্লোকাদির বিবরণ বলা হইয়াছে। ততোধিকরূপে মহাদেবের কৈলাস-পুরী, শিববৈকুণ্ঠ, পাতালবৈকুণ্ঠ, ধ্রুববৈকুণ্ঠ ও রমা বৈকুণ্ঠ বর্ণিত হইয়াছে। এই চিচ্ছক্তিপ্রভাবময় শ্রীবৈকুণ্ঠধাম সকল শোভাদিগুণে ব্রহ্মাণ্ডগতবৈকুণ্ঠ-ধামসকল হইতে অনন্তগুণে অধিক হইয়া থাকেন। ব্রহ্মাণ্ডমধ্যগত বৈকুণ্ঠধামসকলও যদ্যপি চিচ্ছক্তির প্রভাবময় হওয়ায় স্বরূপমাধুর্য্যমাত্র, তথাপি ভক্ত-ধামসমূহ মায়াশক্তির মধ্যে আবির্ভূত হওয়ায় লৌকিকবৎ হয়। অতএব এই মায়াতীত বৈকুণ্ঠ-ধামসমূহ অলৌকিক ব্যাপারময়।

অতএব এই চতুষ্কোণাকারে প্রতীত সপ্তকক্ষাময় বৈকুণ্ঠ কোন কোন সময়ে ভক্তেচ্ছানুসারে মণ্ডলা-কার, অষ্টকোণ বা পদ্মাকারে প্রতীত হন। এই বৈকুণ্ঠধামগত অংশসকল ভক্তেচ্ছানুসারে ক্ষণে ক্ষণে নানাকার, নানাশোভাশালী, নানাবৈচিত্র্যময় হন। এই শ্রীবৈকুণ্ঠ কোনকালে স্থিরভাবে থাকেন, কোনকালে সর্বত্র পরিভ্রমণ করেন, কোনকালে এক এক অংশ বিযুক্তবৎ হইয়া ভ্রমণ করেন, কোনকালে সম্মিলিত হন, কোনকালে নগর-স্থানে বনপর্বতাদির প্রাকট্য হয়। কোনকালে বন ও পর্বতের স্থানে নগরের প্রকাশ হয়, অনন্ত কোটি বৈকুণ্ঠবাসিগণ অনন্তকোটি বিচিত্র বিমান দ্বারা অনন্তকোটি যোজনব্যাপী শূন্যে ভ্রমণ করেন।

तत्रस्था नद्यस्तल्लोकं विभिद्य प्रवहन्ति। तत्स्थ-नगरीभिर्न तासां गतिरोधः, न वा तभिर्नगरीणां सौन्दर्य्यहानिर्जायते। शून्यमार्गेण ता दिशो दिगन्तर-मूर्द्धाधोवक्रभावेन वा प्रवहमानास्तिष्ठन्ति। ताभिर्विमानानां, विमानैर्वा तासां न गतिवाधः।

वैकुण्ठवासिनो वहुतलाट्टशोभायुक्तासु तरणीष्वारुह्य तत्तन्नदीषु अनुलोम-विलोमक्रमेण सलिलदेवनं सम्पादयन्ति; कदापि नावमृतेऽपि तथा। क्वचिद्वा वार्य्युपरि पद्भ्रामतिद्रुतव्रजनेन जलं स्थलायन्ते। कदापि वा शून्यमार्गेण तथैव रथगजघोटकैर्वा गमनागमनं कुर्वन्ति। कदाचित् स्थलचरा गगनचरा वा वारिचरवत् सलिलाभ्यन्तरे वसन्ति, जलचराश्च भूमौ वियति वा विचरन्ति, स्थलचरा अपि विहायसि भ्रमन्ति। कदापि गगनेऽपि वनशैलादीनां सुषमा-प्राकट्यं याति। व्रह्माण्डस्थक्षोदिष्टजीवानां शरीराणि वैकुण्ठेऽतिक्षुद्राणि, सुवृहन्ति मध्यमाकाराणि वा सन्ति। एवं प्राकृतविश्वस्थानि निर्दिष्टविशिष्टवर्णा-काराणि जीवशरीराणि नानावर्णाकाराणि भूत्वा श्रीवैकुण्ठधामसु विराजन्ते। प्राकृतविश्वगता जीव-तरुवीरधस्तावत्तत्र नूनं वर्त्तन्ते, मानवभावनातिगाकार-प्रकारवत्यस्तास्ता अपि तत्र विद्यन्ते। वैकुण्ठवर्त्तिनः पशुपक्षि-क्षुद्रजीव-लता-वीरुद्वृक्षादयो न प्राकृतवत् कर्माधीनाः। श्रीभगवत्स्वरूपभूता शुद्धसत्त्वात्मिका चिच्छक्तिरेव तत्तदाकारैर्वैचित्र्यमाप्ता तद्धामशोभां वितनुते। अतः सर्वाण्येतानि परव्रह्माख्यभगवत्-स्वरूपघनवैचित्र्यमात्रम्। भगवद्भक्ता अपि भक्ति-

---

ক্ষণে ক্ষণে একত্র মিলিত হইয়া বৈকুণ্ঠনগরীর শোভা বিস্তার করেন। বৈকুণ্ঠস্থা নদীগণ বৈকুণ্ঠ ভেদ করিয়া প্রবাহিতা, বৈকুণ্ঠনগরী দ্বারা নদী সকলের গতিরোধ হয় না। নদী দ্বারা বৈকুণ্ঠের শোভা ভঙ্গ হয় না। নদীসকল শূন্যপথে একদিক্ হইতে অন্যদিকে প্রবাহিতা; এমনকি উর্দ্ধদিকেও অধোদিকে, বক্রভাবে প্রবাহিতা আছে। নদীপ্রবাহ দ্বারা বিমানের বা বিমান দ্বারা নদী-প্রবাহের গতিরোধ হয় না।

শ্রীবৈকুণ্ঠবাসিগণ বহুতলা অট্টালিকা দ্বারা শোভিত মহানৌকায় আরোহণপূর্বক সেইসকল নদীপ্রবাহে অনুলোম-বিলোমভাবে জলক্রীড়া করেন। কোনকালে নৌকা ব্যতীতও তাঁহাদের জলক্রীড়া হয়। কোনকালে পদব্রজে জলের উপরিভাগে স্থলে গমনবৎ অতিবেগে যাতায়াত করেন। কোনকালে কেবল শূন্যমার্গে উক্তরূপ গমনাগমন সম্পাদিত হয়। কদাচিৎ রথগজ-ঘোটক দ্বারা গমন করেন। কোনকালে স্থলচর ও খচরগণ জলচরবৎ জলমধ্যে বাস করে, কোন-কালে জলচরগণও স্থলে ও আকাশ পথে বিচরণ করে। আবার স্থলচরগণ গগনে ভ্রমণ করে। কোনকালে আকাশে বন ও পর্বতাদির শোভা প্রাকট্যলাভ করে। ব্রহ্মাণ্ড মধ্যে যে সকল জীবের শরীর অতিক্ষুদ্র বৈকুণ্ঠমধ্যে তাহাদের শরীর অতিক্ষুদ্র, মধ্যমাকার অতিবৃহদাকারও দৃষ্ট হয়। এইরূপ বৃহদাকার জীবদেহগুলি অতিক্ষুদ্র, অতিবৃহৎ ও মধ্যম আকারে আছে। এইরূপ প্রাকৃত বিশ্বগত কোন বর্ণাকারবিশিষ্ট জীবশরীর নানাবর্ণাকার-বিশিষ্ট হইয়া শ্রীবৈকুণ্ঠধামে বিদ্যমান আছে। প্রাকৃত বিশ্বে যে সকল জীবশরীর ও বৃক্ষলতাদি আছে, সেইগুলি বৈকুণ্ঠে অবশ্যই আছে, অধিকন্তু মানবের চিন্তার অগোচর প্রাকৃত বিশ্বে অদৃষ্ট জীব ও বৃক্ষলতাদিও তথায় অলৌকিকভাবে বিরাজনান। শ্রীবৈকুণ্ঠধামস্থ পশু, পক্ষী ক্ষুদ্র জীব ও বৃক্ষ-লতা-তৃণ প্রভৃতি প্রাকৃত বিশ্বস্থবৎ কর্মাধীন নহেন। শ্রীভগবৎস্বরূপভূতা শুদ্ধসত্ত্বাত্মিকা চিচ্ছক্তিই তত্তদাকারে বিচিত্রিতা হইয়া শ্রীভগবদ্ধামের শোভা বিস্তার করিয়া থাকেন। অতএব এই সকলই

मयस्वैरलीलया तत्तच्छरीराकाराः सन्तः परब्रह्मस्वरूपे प्रविष्टा वैकुण्ठलीलासाहाय्यं विदधति।

कस्यचिद्भक्तस्याकाङ्क्षा — 'उपदेष्टृत्वमासाद्याहं भगवन्माहात्म्यप्रख्यापने तत्सेवायामात्मानं नियोक्ष्ये' इति। यद्यपि तद्धाम्नि सर्व एव भक्तगणाः परममुक्तत्वान्निखिल-तत्त्ववेत्तारः, कस्याप्युपदेश-ग्रहणापेक्षा नास्ति, तथापि लोकवच्छोभाविस्तारार्थं तथानन्तकोटिब्रह्माण्डवर्त्तिजीवशिक्षणाय च तत्रापि तथैव ज्ञातृज्ञापकव्यवहारः। एकस्याप्यभिकाङ्क्षितम् — रक्षकरूपेण प्रविश्याहं भक्तावनसेवायामात्मानं नियोक्ष्ये इति। इतरस्याभिप्रायः—पोषको भूत्वाहं भक्तपोषण भजनमङ्गीकरोमीति। श्रीवैकुण्ठ-रक्षणपोषणप्रयोजनाभावादपि पूर्ववदेवमनुक्रियते।

अपरस्य च सङ्कल्पः— सेवकरूपोऽहं प्रविश्य तद्भक्तसेवने परममुख्यतद्भजने नियुक्तः स्यास्यमीति। अन्यस्याभिरुचिः श्रीवैकुण्ठपुर्य्यां मार्गमार्जनसेवायां, कस्यापि वा भक्तानां हीनसेवायां मतिर्विलसति। इतरस्य वा रुचिः— श्रीशधाम्नि पशुविहगादिवेशेन धामसौन्दर्य्यप्रसारे, कस्यपि वा सुलघुजीवदेहेन तत्र वस्तुम्। अन्यस्याभिलाषः—तृणगुल्मादिरूपेणोषित्वा तत्र कस्य-श्रीहरिपरायणानां पादरजः— स्पर्शनसेवा। एवमाद्यभिलाषवशाद्भक्ताः श्रीधाम्नि तत्तदाकाराः सन्तः भगवत्स्वरूपवैचित्र्यांशविशेषे प्रविशन्ति। श्रीब्रह्मोद्धवादीनामपि भक्तचरणरजोजुषणार्थं व्रजधाम्नि तृणगुल्मशरीरैर्वासाभिवाञ्छा समजनि।

तादृगभिलाषस्तादृग्वासोऽपि सर्ववासनासंसृति-

পরব্রহ্মাখ্য শ্রীভগবানের স্বরূপঘনবৈচিত্র্যমাত্র। শ্রীভগবদ্ভক্তগণ ভক্তিময়ী স্বেচ্ছার অনুসরণে তত্তৎ শরীরাকারে পরব্রহ্মের স্বরূপে প্রবিষ্ট হইয়া বৈকুণ্ঠলোকে লীলাসাহায্য করেন।

কোন ভক্তের ইচ্ছা হয়, আমি উপদেষ্টৃরূপে প্রবিষ্ট হইয়া শ্রীভগবন্মাহাত্ম্য প্রখ্যাপনরূপ শ্রী ভগবৎসেবাতে নিযুক্ত থাকিব। যদিও শ্রীভগবদ্ধামে সকল ভক্তই পরমমুক্ত ও সর্বতত্ত্বজ্ঞ, তাঁহাদের কোনরূপ উপদেশ গ্রহণের অপেক্ষা নাই, তথাপি লৌকিকবৎ শোভাবিস্তারের উদ্দেশে এবং অনন্তকোটি ব্রহ্মাণ্ডস্থ জীবগণের শিক্ষণোদ্দেশে শ্রীভগবদ্ধামেও ঐপ্রকার জ্ঞাতৃজ্ঞাপক ব্যবহার হয়। কোন ভক্তের ইচ্ছা হয়—আমি রক্ষকরূপে প্রবিষ্ট হইয়া শ্রীভগবদ্ভক্তরক্ষণরূপ শ্রীভগবৎসেবাতে নিযুক্ত থাকিব। কোন ভক্তের ইচ্ছা হয়—আমি পোষকরূপে প্রবিষ্ট হইয়া শ্রীভগবদ্ভক্ত পোষণরূপ শ্রীভগবৎসেবাতে নিরত রহিব। শ্রীবৈকুণ্ঠলোকে রক্ষণ ও পোষণের প্রয়োজন না থাকিলেও পূর্বোক্ত অভিপ্রায়বশতঃ এইরূপ অনুকরণ হইয়া থাকে।

কোন ভক্তের ইচ্ছা হয়—আমি সেবকাকারে প্রবিষ্ট হইয়া শ্রীভগবদ্ভক্তসেবনরূপ পরমমুখ্য শ্রীভগবৎসেবাতে নিযুক্ত হইব। কোন ভক্তের ইচ্ছা হয়—আমি শ্রীবৈকুণ্ঠপুরীতে মার্গপরিষ্করণসেবাই করিব। কোন ভক্তগণের অভিপ্রায়—আমরা শ্রীভগবদ্ভক্তগণের মলবাহিত্বাদিরূপ অতিনিকৃষ্টসেবায় অভিরত থাকিব। কোন ভক্তগণের ইচ্ছা হয়— আমরা শ্রীভগবদ্ধামে পশুপক্ষীর আকারে লোকশোভা বিস্তার করিব; কোন ভক্তগণের অভিলাষ হয়—আমরা শ্রীভগবল্লোকে বৃক্ষলতারূপে শোভা বিস্তার করিব। কোন ভক্তগণের ইচ্ছা হয়—আমরা শ্রীবৈকুণ্ঠলোকে অতি ক্ষুদ্রজীবাকারে বাস করিব। কোন ভক্তগণের ইচ্ছা হয়—আমরা শ্রীভগবদ্ধামে তৃণগুল্মাদিরূপে বাস করিয়া শ্রীভগবদ্ভক্তগণের পাদরজঃসেবন করিব। ইত্যাদি অভিলাষবশে শ্রীভগবদ্ভক্তগণে শ্রীভগবদ্ধামে সেই সেই আকারে আকারিত হইয়া, শ্রীভগবৎস্বরূপের ঘনবৈচিত্র্যাংশ বিশেষে প্রবিষ্ট হইয়া থাকেন। শ্রীব্রহ্মা ও উদ্ধবাদির শ্রীব্রজধামে

निवर्त्तकत्वाद्ब्रह्मसायुज्यादप्यधिकतरः ब्रह्मस्वरूपवैचित्र्ये प्रवेशाच्च परब्रह्मसायुज्यवद्भवति। आसुरप्रकृतीनां पण्डितम्मन्यानामीदृक्तत्त्वबोधेऽनधिकारः। भक्तास्तद्धाम्नि तथैव पशुपक्षितृणलतादीनामनुकृतिशीला अपि तत्तत्त्वज्ञानात्तदनुशीलनाच्च वञ्चिता न भवेयुः। तत्तदाकारप्रविष्टा अपि भगवतस्तत्त्वानुभवं तत्त्वानुशीलनञ्च विदधति। अतस्तद्धामावस्थितखगमृगतरुलतादीनामपि श्रीभगवन्नामगुणलीलाश्रवणस्मरणानन्दे निमज्जनं भवत्येव। कदापि शङ्खचक्रगदापद्मपाणयः पीतवाससो वनमाल्यकिरीटादिशोभित-तनवश्चतुर्भुज-नारायणवशा विचरन्ति, कदापि तत्तद्रूपेणैव शोभां वितन्वते।

श्रीभगवद्धाम्नां सर्वस्थानान्युपकरणानि च सहस्रादित्यप्रकाशवत् तेजोमयानि। तस्माच्छ्रीवैकुण्ठे सततमेव दिवसीयशोभा भाति, तथापि वस्तुमाधुर्य्यानुभवे नास्ति काचिद्बाधा। एवं सत्यपि भक्तेच्छया कदापि कुत्रचिद् रजनीशोभाप्राकट्यं दृश्यते, तत्र बहुचन्द्रोदयशोभा विचित्रानेकतारकाप्रकाशसौन्दर्य्यञ्च विलसति। कदाचित् कुत्रापि भानूदयच्छविः, कुत्रापि सूर्य्यास्तमनसौन्दर्य्यं, कुत्रापि माध्याह्निकसौरकान्तिः प्राकट्यं लभते। असौ दिनकरनिशापतिनक्षत्रगणः प्राकृतादितरः, केवलं भक्तरुचिप्रकटितो भगवच्छक्तिमयः। श्रीशभक्ताः कदापि भगवता सह विमानादिभिरिच्छाप्रसूतानन्तसौरमण्डलेषु विचरन्ति।

एवं विधाभिः प्रणालीभिर्वैकुण्ठधामसु भक्तेच्छया भगवत्सुखोत्पादनार्थं नानाश्चर्य्यव्यापाराणां प्राकट्यं भवति। श्रीधाम्नि भक्ता युगपदेकत्रैव नानाकाराणां बहुव्यापाराणाञ्चानुभूतिं प्राप्नुवन्ति। तद्धामस्थलोकाः

শ্রীভগবদ্ভক্তের চরণরজঃসেবনমানসে তৃণগুল্মাদিরূপে বাসেচ্ছা হইয়াছিল।

উক্তরূপ অভিলাষ ও উক্তরূপ সর্ববাসনা ও সংসারের নিবর্ত্তক হওয়ায় ব্রহ্মসাযুজ্য মুক্তি হইতে অধিক এবং ব্রহ্মস্বরূপঘনবৈচিত্র্যে প্রবেশহেতু পরমব্রহ্মসাযুজ্যরূপ হয়। আসুরস্বভাব-দূষিত পণ্ডিতাভিমানিগণের এই তত্ত্ববোধে অধিকার হয় না। শ্রীভগবদ্ভক্তগণ শ্রীধামে উক্তপ্রকারে পশু-পক্ষিবৃক্ষলতাদির অনুকরণ করিলেও শ্রীভগবত্তত্ত্ব জ্ঞান ও শ্রীভগবদনুশীলন হইতে বঞ্চিত হন না। তত্তদাকারে প্রবিষ্ট হইয়াও শ্রীভগবত্তত্ত্বানুভব ও শ্রীভগবদনুশীলন করেন। অতএব শ্রীভগবদ্ধামের পশুপক্ষিবৃক্ষলতাদিও শ্রীভগবন্নামগুণলীলার শ্রবণ-স্মরণানন্দে নিমগ্ন থাকেন। কোনকালে শঙ্খ-চক্র-গদা-পদ্ম হস্ত, পীতবসন, বনমালা-মুকুটাদিশোভিত চতুর্ভুজ নারায়ণরূপে বিচরণ করেন, আবার কোন কালে তত্তদ্রূপে শোভা বিস্তার করেন।

শ্রীভগবদ্ধামের সকল স্থানে ও সকল বস্তুই সহস্রাদিত্যপ্রকাশবৎ তেজোময়, অতএব শ্রীবৈকুণ্ঠে সর্বদাই দিবসের শোভা প্রকাশিত থাকে। তথাপি বস্তুমাধুর্য্যানুভবে কোন বাধা ঘটে না। এইরূপ হইলেও শ্রীভগবদ্ভক্তগণের ইচ্ছানুসারে কোনকালে কোন স্থানে রজনীবৎ শোভার প্রাকট্য হয়। সেই রজনীশোভামধ্যে বহুচন্দ্রোদয়সৌন্দর্য্য এবং চিত্রবিচিত্ররূপে অনন্ত তারকাপ্রকাশের শোভা হয়। কোনকালে কোন স্থানে সূর্য্যোদয়, সূর্য্যাস্ত ও মধ্যাহ্ন-শোভার প্রাকট্য হয়। এই সকল সূর্য্য-চন্দ্রতারকাচয় প্রাকৃত সূর্য্যাদি হইতে অপর, কেবল শ্রীভগবদ্ভক্তগণের ইচ্ছা-প্রকটিত শ্রীভগবানের চিচ্ছক্তিময় হইয়া থাকে। কোনকালে শ্রীভগবদ্-ভক্তগণ শ্রীভগবানের সহিত ইচ্ছাপ্রকটিত অনন্ত-সূর্য্যমণ্ডলমধ্যে বিমানাদিযোগে বিচরণ করেন।

এই প্রকারে শ্রীবৈকুণ্ঠধামে শ্রীভগবদ্ভক্তগণের ইচ্ছানুসারে শ্রীভগবৎসুখোদ্দেশে নানা আশ্চর্য্য-ব্যাপার সকলের প্রাকট্য হয়। শ্রীভগবদ্ধামে ভক্তগণ এককালে একস্থানে ইচ্ছানুসারে নানাকার

तद्गतपदार्था निखिलव्यवहाराश्च परिच्छिन्नवत् प्रतीयमाना अपि सर्वदेशकालव्यापिनो भवन्ति, अतोऽपरिच्छिन्नाः, यत एकस्यानुनभूता अप्यपरेषामनुभूतिविषया भवन्ति। भगवद्भक्ताः सप्तकक्ष्यायुक्तायां वैकुण्ठपुर्य्यां निरन्तरेशदर्शनसेवोत्कण्ठामय-प्रेमावेशोनोन्मत्तवद्वसन्ति। तत्पुरीस्थमहाभोग-विलासादिषु न तेषमासक्तिलेशगन्धोऽपि।

यद्यपि भक्ताः सर्वे सततं श्रीभगवद्दर्शनसेवनसमुत्सुकास्तिष्ठन्ति, तथापि कश्चिद्गणे वाहुल्येन तन्नामरूपगुणलीलादिकं शृणोति, कश्चित् कीर्त्तयति, कश्चित् स्मरति, कश्चिद्विविधं परिचरति, कश्चित् स्तवप्रणामादिषु रमते। भगवान् वैकुण्ठे साक्षात् सुविराजमानोऽपि भक्तवाञ्छाक्रमेण नानाधिष्ठानरूपेण शोभते। 'वयं हि भगवद्दासाः, अपराधेषु संघटितेष्वपि अवश्यं क्षमार्हाः, अस्माकं देहगेहकलत्रापत्यनिखिलसम्पदश्च तत्सेवोपकरणानि, वयं तस्यैव, नास्माकमितरः कश्चिद्रक्षकः सेव्यश्च।' एवमन्तरङ्गसाधकानामभिमानविश्वासभावनादिकमपि श्रीवैकुण्ठवासिसिद्धभक्तेषु विद्यते।

तत्र साधनानुशीलनद्वारैव दारापत्यादिव्यवहाराः सम्पद्यन्ते। भक्तानां दारापत्यादीनि पतिपित्रादिरूपि-श्रीभगवद्भक्तसेवाप्रभावात्तत्तद्वासनया श्रीभगवदनुकम्पया तद्धामे तत्तद्रूपेण वसन्ति। केचिद्भक्ता उपदेष्टृत्वसेवायां निरताः, केचिद्वा भक्तसङ्गानन्दे निमज्जितास्तिष्ठन्ति। केचिदेकाङ्गभक्तिं केचिद्वानेकाङ्गानि यजन्ति। प्रायेणैव ते सर्वे विशुद्धभक्त्यङ्गान्यनुशीलयन्ति। केचिद्भक्ता अनन्तकोटिब्रह्माण्डस्थलोकान् प्रति शिक्षाप्रदानाय पूर्वोक्तवेशा भगवदाज्ञा-

---

ও নানাব্যাপারে অনুভব করেন। শ্রীবৈকুণ্ঠধামগত সকল ব্যক্তি সকলবস্তু ও সকল ব্যবহার পরিচ্ছিন্নবৎ প্রতীয়মান হইলেও উহা সর্বদেশ-কালব্যাপক, অতএব অপরিচ্ছিন্ন। যেহেতু একের অননুভূত হইলেও অন্যের অনুভূত। সপ্তকক্ষাশোভিত শ্রীবৈকুণ্ঠে শ্রীভগবদ্ভক্তগণ নিরন্তর শ্রীভগবদ্দর্শন-সেবোৎকণ্ঠাময় প্রেমাবেশদ্বারা উন্মত্তবৎ থাকিয়া বাস করেন। শ্রীবৈকুণ্ঠপুরীস্থ মহাভোগবিলাস, মহৈশ্বর্যাদিতে তাঁহাদের আসক্তির গন্ধমাত্রও থাকে না।

যদিও সকল ভক্ত নিরন্তর শ্রীভগবদ্দর্শনসেবাতে মহোৎসাহযুক্ত থাকেন, তথাপি কোন ভক্তবৃন্দ অধিকরূপে শ্রীভগবানের নাম, রূপ, গুণ ও লীলাদির শ্রবণ করিতে থাকেন। কোন ভক্তসম্প্রদায় শ্রবণে নিবিষ্ট হন, কোন ভক্তসমবায় নানাবিধ পরিচর্য্যায় নিরত হন, কোন ভক্তগণ স্তুতি-প্রণামাদিতে রত থাকেন। শ্রীভগবান্ বৈকুণ্ঠধামে সাক্ষাৎ সুবিরাজমান থাকিলেও শ্রীভক্তগণের ইচ্ছানুসারে নানাবিধ অধিষ্ঠানরূপেও বর্ত্তমান থাকেন। 'আমরা শ্রীভগবানের দাস, কোন দোষ বা অপরাধ হইলেও শ্রীভগবান্ অবশ্য ক্ষমা করিবেন, আমাদের দেহ, গৃহ, স্ত্রীপুত্রাদি এবং সকল সম্পত্তি শ্রীভগবৎসেবার উপকরণমাত্র, আমরা একমাত্র ভগবানেরই, শ্রীভগবান্ ব্যতীত আমাদের অন্য কোন সেব্যবস্তু নাই, রক্ষকও নাই; এই সকল অন্তরঙ্গ সাধকভক্তগণের অভিমান, বিশ্বাস, ভাবনাদি শ্রীবৈকুণ্ঠবাসী সিদ্ধভক্তসকলেও বিদ্যমান থাকে।

শ্রীবৈকুণ্ঠলোকে স্ত্রীপুত্রাদি—ব্যবহার সাধনাবস্থার অনুশীলন দ্বারাই হইয়া থাকে। শ্রীভগবদ্ভক্তের স্ত্রীপুত্রাদি পতি-পিতৃ প্রভৃতির রূপে শ্রীভগবদ্ভক্তের সেবাপ্রভাবে তত্তদ্বাসনানুসারে শ্রীভগবদনুগ্রহে তদ্ধামেও তত্তদ্রূপে বাস করেন। কোন ভক্তগণ উপদেষ্টৃরূপে শ্রীভগবদ্ভক্তসেবাতে নিযুক্ত থাকেন। কোন ভক্তগণ কেবল শ্রীভগবদ্ভক্তগণের সঙ্গসুখে নিমগ্ন থাকেন। কোন ভক্ত-

पालनबुद्ध्या किञ्चिद्वर्णाश्रमाचाराणां यज्ञाध्ययनादीनाञ्चानुकृतिं विदधति। ईदृग्व्यवहाराः प्रायेण साधनावस्थाया वासनाक्रमेण भवन्ति।

यज्ञपूजिता वैकुण्ठस्थेन्द्रादिदेवा भगवद्भक्तभावानुरूपिणः श्रीभगवदवतारा एव, न ते प्राकृतब्रह्माण्डस्थास्तत्तद्देवाः। वैकुण्ठीया स्त्रीपुमांसः पतिपत्नीवद्वर्त्तमाना अपि श्रीभगवद्भक्त्यनुशीलने भक्तानन्दसम्पादनसुखे निमज्जिताः सन्ति। तेषां हृदये प्राकृतदाम्पत्यं नोदयते। भक्तिप्रभावाद्भक्ताः सांख्ययोगज्ञानविज्ञान-वैराग्यादिष्वतिनिपुणा अपि भगवद्दास्यादीनां तत्प्रीतेश्चात्यन्तानुशीलनात्तत्तद्विषयेषु अनादरपरा भवन्ति, तर्हि वैकुण्ठेऽपि तत्तदनादरो भवति। एवं सत्यपि ते दासवद्भक्ताननुधावन्ति। भुक्तिमुक्तिसिद्धयश्चानादृता अपिताननुसरन्ति। एवं वैकुण्ठपुरस्य तन्निवासिना तत्रस्थद्रव्यव्यापारादीनानाञ्च वर्णनं सम्पादितम्।

अथ भगवतो भक्तानाञ्च पारस्परिकप्रीतिव्यावहारा वर्ण्यन्ते। कक्ष्यासप्तकवर्त्तिभक्ताः प्राग्वर्णितवत् सततं भक्त्यङ्गनिरता अपि प्रतिक्षणं परमोत्साहेन भगवद्दर्शनसेवार्थं गच्छन्ति। तद्दर्शनाय च परमोत्कास्तिष्ठन्ति। अवलोकनमात्रेणैव परमानन्दे निमज्जन्ति। सुदूरादप्यवलोक्य दण्डवन्नतिस्तव-नामकीर्त्तनादिनिरताः ससम्भ्रमं समीपमुपयान्ति। श्रीभगवानपि भक्तान् निभाल्यैव तदनुग्रहे विहस्त इव सुप्रसन्नदृष्ट्या सस्मितमवलोकते। इत्थं सहस्रशो भक्ता भगवत्सभां प्रचलन्ति। अगण्यदण्डवत्प्रणामानन्तरं स्तुवन्ति, चामरादिसेवासु निर्दिष्टसभाकर्त्तव्येषु

সম্প্রদায় উক্তরূপ একাঙ্গশীলনে নিযুক্ত থাকেন, অন্যে অনেকাঙ্গের অনুশীলনে ব্যস্ত থাকেন। প্রায় সকল শ্রীভগবদ্ভক্ত উক্তরূপ ভক্ত্যঙ্গসকলের অনুশীলন করেন। কোন ভক্তসমূহ অনন্তকোটি ব্রহ্মাণ্ডস্থ লোকগণের প্রতি উপদেশ প্রদানের অভিলাষে পূর্বোক্ত বেশানুসারে ভগবদাজ্ঞা পালনবুদ্ধিতে কিঞ্চিৎ বর্ণাশ্রমাচারের ও যজ্ঞাধ্যয়নাদিরও অনুকরণ করেন; সাধনাবস্থাগত বাসনার অনুসারে হইয়া থাকে।

বৈকুণ্ঠলোকস্থ যজ্ঞে পূজিত ইন্দ্রাদি দেবগণ শ্রীভগবদ্ভক্তের ভাবানুসারে শ্রীভগবদবতার; প্রাকৃত ব্রহ্মাণ্ডগত ইন্দ্রাদি দেবগণ নহেন। শ্রীবৈকুণ্ঠস্থ স্ত্রীপুরুষগণ পতিপত্নীবৎ বর্ত্তমান থাকিয়াও শ্রীভগবদ্ভক্ত্যঙ্গের অনুশীলনে ও ভক্তগণকে সুখীকরণের আনন্দে নিমগ্ন থাকেন। প্রাকৃত পতিপত্নীভাব ইহাদের চিত্তমধ্যে উদিত হয় না। শ্রীভগবদ্ভক্তগণ তদীয় ভক্তিপ্রভাবে সাংখ্য, যোগ, জ্ঞান, বিজ্ঞান, বৈরাগ্যাদিতে অতিনিপুণ হইলেও শ্রীভগবদ্দাসভাবাদির ও শ্রীভগবৎপ্রীতির অত্যন্তানুশীলনদ্বারা তত্তৎ চর্চায় অনাদর করেন। অতএব শ্রীবৈকুণ্ঠলোকেও তত্তদনাদর হয়। এইরূপ হইলেও সেই সকল ভক্তের ভৃত্যবৎ পশ্চাৎ ধাবিত হয়। ভুক্তি, মুক্তি, সিদ্ধিসকলও ঐরূপ অনাদৃত হইয়া তৎপশ্চাদনুসরণ করে। শ্রীবৈকুণ্ঠপুরীর, তন্নিবাসী ভক্তগণের ও তৎস্থিত বস্তু ব্যাপারাদির বর্ণন করা হইল।

অতঃপর শ্রীভগবানের ও ভক্তগণের পরস্পর প্রীতিব্যবহার বর্ণিত হইতেছে। সপ্তকক্ষাবর্ত্তী ভক্তগণ পূর্বোক্ত প্রকারে শ্রীভগবদ্ ভক্তিতে নিরত থাকিলেও ক্ষণে ক্ষণে পরমোৎসাহে শ্রীভগবানের দর্শনসেবনার্থে গমন করেন। নিরন্তর শ্রীভগবানের দর্শনার্থ পরমোৎকণ্ঠিত থাকেন, শ্রীভগবানের দর্শনমাত্রে পরমানন্দে নিমগ্ন হন। বহুদূর হইতে শ্রীভগবানের দর্শনমাত্রে দণ্ডবৎপ্রণাম, স্তুতি ও নামাদি কীর্ত্তনে নিরত হইয়া সসম্ভ্রমে অতিবিনীতভাবে সমীপে গমন করেন। শ্রীভগবান্ ভক্তগণকে দেখিবামাত্র মন্দহাস্যসহকারে অতিসুপ্রসন্ন দৃষ্টি দ্বারা অবলোকন করেন। বোধ

च निरमन्ते। अनिच्छयापि कियत्कालं वैकुण्ठस्थ-भक्तानां सम्भाषणाद्यर्थं स्वभजननिर्वाहाय च प्रत्यागतः सन् पुनरत्युत्साहभरेण निभालनाय गच्छन्ति।

इत्थमनन्तभक्तानां केचित् सभामभिगच्छन्ति, केचिद्वा ततः प्रतिनिवर्त्तन्ते। भगवानपि स्वावलोके भक्तव्यस्ततां पर्य्यालोच्य सभायामनन्तप्रकाशैरात्मानमाविर्भावयति। लब्धतत्सारूप्यानां निर्वर्णनेन तद्दर्शनानन्दः प्रभवति। प्राप्तसार्ष्टिकनिभालनेनेदं परमेशदर्शनमुत भक्तालोकनमिति वितर्क उदेति, श्रीवत्सकौस्तुभानालोकेन तु भक्तबोधः सञ्जायते। भगवत्तुल्यैश्वर्य्यवन्तो तस्येव छत्रचामरादिवैभवानि प्रकाश्य तत्पुरे गमनागमनं कुर्वन्ति, पुरसमीपदेशे उपस्थायैव तान् विभवान् परित्यजन्ति। एतेषां गृहादीन्यपि श्रीशभवनवत्, अन्येषान्तु किञ्चिन्न्यूनानि।

यद्यपि भगवद्धाम्नि भक्तानां वासनाक्रमेणैव सर्वविभवानां प्रकाशः, तथापि मर्य्यादानुरोधात् तदिच्छातारतम्यं जायते। श्रीभगवद्दर्शनकाले भक्ता युगपदेकत्रैव तं विविधाकारं पश्यन्ति। केचिन्मुरलीकरं द्विभुजं श्यामसुन्दरं, केचिच्चतुर्हस्तं द्वारकानाथं, केचिद्वैकुण्ठपतिं श्रीपतिं, केचित् दाशरथिं श्रीरामं, केचिच्छ्रीनृकेशरिणं, केचिन्नीलाद्रिस्वामिनं श्रीजगन्नाथं, केचिद्वामनं, केचिद्वा मीनं, कूर्मं, शूकरं पश्यन्ति। श्रीभगवदायुधानि कदापि स्वस्वरूपेण तिष्ठन्ति, कदापि वा सर्मूत्तिकानि विचरन्ति। तत्तच्छिरःसु तत्तच्चिह्नानि

হয়, যেন অনুগ্রহ প্রকাশ করিতে অতিব্যগ্র হইয়া আছেন। এইরূপ সহস্র সহস্র ভক্তগণ শ্রীভগবৎসভাস্থলে গমন করেন এবং অসংখ্য দণ্ডবৎপ্রণামপূর্বক স্তুতি কীর্ত্তনাদি করিতে থাকেন, চামর ব্যজনাদি গ্রহণপূর্বক সেবাকার্য্যে নিযুক্ত হন, সভার কার্য্যসমূহে পূর্বলিখিতবৎ নিরত হন। অনিচ্ছাসত্ত্বেও কিঞ্চিৎ কালের জন্য শ্রীবৈকুণ্ঠগত শ্রীভক্তগণের দর্শন ও সম্ভাষণের আকাঙ্ক্ষায় এবং স্বভজন নির্বাহ মানসে প্রত্যাগমন করেন; পুনর্বার পরমোৎসাহে দর্শনার্থ গমন করিয়া থাকেন।

এইরূপ অনন্ত ভক্তগণ সভাস্থলে গমন করিতেছেন, অসংখ্য ভক্ত সভা হইতে প্রত্যাগমন করিতেছেন, শ্রীভগবান্ ভক্তগণের স্বদর্শনবিষয়ে ব্যগ্রভাব দেখিয়া অনন্তপ্রকাশে সভাবির্ভাব করিতেছেন। শ্রীভগবৎসারূপ্যপ্রাপ্ত ভক্তগণকে দর্শন করিলে শ্রীভগবদ্দর্শনানন্দের উদয় হয়। শ্রীভগবানের সমানৈশ্বর্য্যপ্রাপ্ত ভক্তগণের সন্দর্শনে শ্রীভগবানের দর্শন, কি শ্রীভগবদ্ভক্তের দর্শন? চিত্তমধ্যে এইরূপ আন্দোলন উপস্থিত হয়। শ্রীবৎস ও কৌস্তুভের অদর্শনে তাঁহাদিগকে শ্রীভগবদ্ভক্তজ্ঞান হয়। শ্রীভগবানের সমানৈশ্বর্য্যপ্রাপ্ত ভক্তগণ শ্রীভগবানের তুল্য ছত্র, চামর, ব্যজনাদি বৈভব প্রকাশপূর্বক শ্রীবৈকুণ্ঠপুরমধ্যে গমনাগমন করেন। শ্রীভগবৎপুরের নিকটবর্ত্তী হইলেই ছত্রাদি বৈভব ত্যাগ করেন। এই সকল ভক্তের গৃহাদিও শ্রীভগবদ্গৃহের সদৃশ হয়। অন্য ভক্তগণের গৃহাদি কিঞ্চিন্ন্যূনবৈভবশালী হয়।

যদিও শ্রীভগবদ্ধামে ভক্তগণের ইচ্ছানুসারে সকল বৈভবের প্রকাশ হয়, তথাপি মর্য্যাদা-রক্ষণের অনুরোধে উক্তরূপ ইচ্ছার তারতম্য হয়। ভক্তগণ শ্রীভগবানের দর্শনকালে একই সময়ে একই স্থানে নানাকারে দেখেন। কোন ভক্তগণ ভুজদ্বয়ে শোভিত মুরলীবাদনে তৎপর শ্রীকৃষ্ণরূপে, কোন ভক্তগণ চতুর্ভুজ দ্বারকানাথরূপে, কোন ভক্তগণ বৈকুণ্ঠপতির আকারে, কোন ভক্তগণ শ্রীরামরূপে, কোন ভক্তগণ নৃসিংহরূপে, কোন ভক্তগণ নীলাদ্রিনাথরূপে, কোন ভক্তগণ বামনরূপে, কোন কোন ভক্তগণ মৎস্য, কূর্ম, বরাহাদিরূপে দেখেন। শ্রীভগবানের হস্তস্থিত শঙ্খ, চক্র, গদা, পদ্ম প্রভৃতি আয়ুধসকল কোন সময়ে নিজরূপে বিরাজিত

लक्ष्यन्ते।

श्रीगरुड़ः कदापि विहगाकारः कदापि वा दीर्घघोणमानवमूर्त्तिकः सपक्षयुगश्च द्विभुजश्चतुर्बाहुर्वा विराजते। श्रीभगवदग्रे सूच्चस्तम्भशिरसि तन्नेत्रपद्मयुगलेऽनिमिषलोचन आदेशप्रतीक्षो निविशते। भक्तेच्छया श्रीभगवांस्ताननुजिघृक्षुस्तैः सह क्वचित् कक्ष्यासप्तके विचरन्ति, क्वचिद् गरुड़वाहनः, कदापि रथारूढ़ः, अन्यदा च सुचित्रविमानराजितगजपृष्ठस्थः शोभते। सहयात्रिणोऽनन्तभक्ताश्छत्र-चामरव्यजन-रत्नदण्डादिपाणयोऽनुव्रजन्ति रथैर्गजैरश्वैर्वा। भक्तवाञ्छापूर्त्यै तैः सार्द्धं कदापि वनविहारं क्वचिद्वा नौविलासं कदापि विमानेन व्योमविहरणं वा लीलायते। भक्तास्तु यथा भगवति तदीयबुद्ध्या तादृशीं भक्तिं तद्भक्तेषु आचरन्ति।

अतस्ते परस्परदर्शनसम्भाषणसेवनादिकामा ईशकथाकीर्त्तनशुश्रूषवः प्रतिक्षणमन्योन्यभवनमुपयान्ति वैकुण्ठे च परिभ्रमन्ति। तान् दृष्ट्वैव तैर्दण्डवन्नतिः सप्रेमाश्लेषः स्तुतिः भगवद्यशःकीर्त्तनादीनि क्रियन्ते, तेन चेशसाक्षात्कारादप्यधिकतरमानन्दं प्राप्नुवन्ति।

कुत्रापि ज्ञापकवेषाणामन्यत्र रक्षकच्छद्मनाञ्चावलोकनात् सेवकवेशा गुरुबुद्ध्या ससम्भ्रमं प्रणतिप्रदक्षिणस्तुत्यादिभिश्च पूजयितुं प्रवर्त्तन्ते। ज्ञापकादिवेषाश्च पुनः कापट्येनालमिति कृत्वा सत्वरं तद्वद्दण्डप्रणामादिकं विदधति। कदापि सेवकवेशिनामनुनयेन मन्दस्मितास्ते सुदीर्घशुभाशिषः संप्रयुज्य दण्डवन्नतिभिः स्तवप्रेमाश्लेषैश्चान्योन्याह्लादं वर्द्धयन्ति। अति-

---

থাকেন, আবার অন্যসময়ে মূর্ত্তিমান্ হইয়া বিচরণ করেন। তখন তাঁহাদের মস্তকোপরি সেই সেই চিহ্ন দেখা যায়।

শ্রীগরুড় কোনকালে পক্ষিরূপে, কোনকালে দীর্ঘনাসিকাশোভিত মনুষ্যাকারে পক্ষদ্বয়যুক্ত হইয়া দ্বিভুজ বা চতুর্ভুজরূপে সুবিরাজিত হন। শ্রীভগবানের অগ্রভাগে উচ্চস্তম্ভোপরি শ্রীভগবানের নেত্রের প্রতি অনিমিষভাবে দৃষ্টিপাত করিয়া আদেশ প্রতীক্ষায় নিবিষ্ট থাকেন। শ্রীভগবান্ ভক্তগণের ইচ্ছানুসারে তাঁহাদের প্রতি অনুগ্রহ প্রকাশ মানসে ভক্তগণের সহিত সময়ে সময়ে সপ্তকক্ষার মধ্যে বিচরণ করেন, কোনকালে গরুড়পৃষ্ঠে, কখনও রথোপরি, অন্যসময়ে গজপৃষ্ঠে বিরাজিত থাকেন। অনন্ত ভক্তগণ ছত্র, চামর, ব্যজন, রত্নদণ্ড প্রভৃতি হস্তে লইয়া সহগমন করেন। অসংখ্য ভক্ত রথ, গজ ও অশ্ব দ্বারা অনুগমন করেন। শ্রীভগবান্ ভক্তগণের ইচ্ছানুসারে ভক্তগণের সহিত কোন কালে বনবিহার, কোন কালে নৌকাবিলাস, কোন কালে বিমানযোগে আকাশপর্য্যটন লীলা করেন। শ্রীভগবদ্ভক্তগণ শ্রীভগবানে যে প্রকার ভক্তি করেন, তদীয়বুদ্ধি দ্বারা তদ্ভক্তেও সেই প্রকার ভক্তি করিয়া থাকেন।

অতএব শ্রীভগবদ্ভক্তগণ পরস্পর দর্শন, সম্ভাষণ, সেবন মানসে ও শ্রীভগবৎকথাশ্রবণাদি হেতু ক্ষণে ক্ষণে শ্রীভগবদ্ভক্তগৃহে গমন এবং শ্রীবৈকুণ্ঠপুরী মধ্যে পরিভ্রমণ করেন। শ্রীভগবদ্ভক্তগণ পরস্পর-দর্শনমাত্রে দণ্ডবৎ প্রণতি, প্রেমালিঙ্গন, স্তুতি ও ভগবৎকীর্ত্তনাদি করেন। তাহাদ্বারা তাঁহারা শ্রীভগবদ্দর্শন অপেক্ষাও অধিক আনন্দলাভ করেন।

কোনস্থানে জ্ঞাপকবেশধারী ভক্তের অথবা রক্ষকবেশে শোভিত ভক্তের দর্শনলাভ হইলে সেবকবেশী ভক্ত গুরুবুদ্ধিতে সসম্ভ্রমে বহুদণ্ডবৎ-প্রণাম প্রদক্ষিণ, স্তুতি প্রভৃতির সহিত পূজা করিতে আরম্ভ করেন। জ্ঞাপকাদি বেশে সজ্জিত ভক্তও সসম্ভ্রমে আর কাপট্যে প্রয়োজন নাই বলিয়া তদ্বদ্দণ্ডপ্রণামাদি করেন। কোন কালে সেবকবেশী ভক্তের অনুনয় বিনয়দ্বারা হাসিতে

समासेनैव श्रीनारायणपुरी वर्णिता। अनुक्ता विषयाः शास्त्रेभ्यो भक्तवाक्येभ्यश्चावगन्तव्याः।

एवमनन्तप्रकाशैरपरिच्छिन्ना श्रीनारायणपुरी सुविराजते। तां सर्वतः दिक्षु सहस्रदलाकाराणि सप्तावरणयुक्तानि वैकुण्ठान्तराणि सन्ति। तद्वर्णनायादौ नारायणविलासमूर्त्तयो वर्ण्यन्ते। श्रीनारायणश्चतुर्व्यूहरूपेण पुनः प्रकटति। प्रतिव्यूहं प्रथमविलासमूर्त्तयस्त्रिसंख्यका द्वितीयाश्च द्वौ भवन्ति। इत्थं स पञ्चविंशतिमूर्त्तिभिः प्राकट्यं लभते। व्यूहाश्च वासुदेव-सङ्कर्षण-प्रद्युम्नानिरुद्धा इति। वासुदेवस्याद्यविलासमूर्त्तयः केशव-नारायण-माधवाः, द्वितीयौ पुरुषोत्तमाधोक्षजौ; तथैव सङ्कर्षणस्य गोविन्द-विष्णुमधुसूदनाः, अच्युतोपेन्द्रौ च; प्रद्युम्नस्य त्रिविक्रम-वामन-श्रीधराः, श्रीनृसिंह-जनार्दनौ च; तथानिरुद्धस्य हृषिकेश-पद्मनाभ-दामोदराः, हरिकृष्णौ च; एतैर्नामभिः प्रसिद्धिं यान्ति। एताः पुनर्मूर्त्तयो विभिन्नहस्तेषु शङ्खादिप्रहरणधारणभेदान्नामभिर्भिद्यन्ते, वर्णाकृतिवेशभूषादिभिस्तु नारायणसमाः।

उत्पलाकारस्य परव्योम्नः कर्णिकामध्ये प्रागुक्तनारायणधाम प्रागुक्तम्। प्रथमावरणदलस्थानि धामान्यतःपरं वर्णयिष्यन्ते। द्वितीयावरणदलेषु बहुप्रकाशैः पूर्वस्यां वासुदेवस्य, दक्षिणस्यां सङ्कर्षणस्य, पश्चिमायां प्रद्युम्नस्य, उत्तरस्याञ्चानिरुद्धस्य धामानि विराजन्ते। तृतीयावरणदलेषु यथायोग्यमेतासां द्वितीयविलासमूर्त्तीनां वैकुण्ठलोका बहुप्रकाशा विद्यन्ते। चतुर्थावरणदलेषु तथैव धामानि प्रथमविलासमूर्त्तीनां सुविरा-

---

হাসিতে অতিদীর্ঘ শুভাশীর্বাদদ্বারা অভিনন্দিত করিয়া বহুসংখ্যক দণ্ডপ্রণতি, স্তুতি ও প্রেমালিঙ্গনাদিসহকারে পরস্পর আনন্দবর্দ্ধন করেন। অতি সংক্ষেপে শ্রীনারায়ণপুরীর বর্ণনা করা হইল। অনুক্ত বিষয়গুলি শাস্ত্র ও ভক্ত বাক্যানুসারে বিচার্য্য।

উক্তপ্রকারে অনন্ত প্রকাশ দ্বারা অপরিচ্ছিন্নভাবে শ্রীভগবন্নারায়ণের বৈকুণ্ঠপুরী সুবিরাজিত আছেন। শ্রীনারায়ণবৈকুণ্ঠের সর্বতোদিকে সহস্রদলাকারে সপ্তাবরণে অন্য বৈকুণ্ঠসকলও বিদ্যমান। সেই সকল বৈকুণ্ঠের বর্ণনার্থ অগ্রে শ্রীনারায়ণের বিলাসমূর্ত্তিসকলের বিবৃতি করা যাইতেছে। শ্রীনারায়ণ চতুর্ব্যূহরূপে পুনঃ প্রকটিত আছেন। এক এক ব্যূহের প্রথম বিলাসমূর্ত্তি ত্রিসংখ্যক ও দ্বিতীয় বিলাসমূর্ত্তি দ্বিসংখ্যক হইয়া থাকে। এইরূপে শ্রীনারায়ণ পঞ্চবিংশতি মূর্ত্তিভেদে প্রকটিত হন। ব্যূহচতুষ্টয় বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ নামে খ্যাত। বাসুদেবের প্রথম বিলাসমূর্ত্তি কেশব, নারায়ণ ও মাধব; দ্বিতীয় বিলাসমূর্ত্তি পুরুষোত্তম ও অধোক্ষজ। সঙ্কর্ষণের ঐরূপ গোবিন্দ, বিষ্ণু ও মধুসূদন এবং অচ্যুত ও উপেন্দ্র। প্রদ্যুম্নের ঐরূপ ত্রিবিক্রম, বামন, শ্রীধর এবং নরসিংহ ও জনার্দ্দন। অনিরুদ্ধের ঐরূপ হৃষীকেশ, পদ্মনাভ ও দামোদর এবং হরি ও কৃষ্ণ। এই সকল নামে প্রসিদ্ধ। এই সকল মূর্ত্তি কেবল হস্তবিশেষে শঙ্খ, চক্র, গদা ও পদ্ম ধারণভেদে নামভেদ ধারণ করেন। ইহারা সকলেই রূপ, আকৃতি, বেশ, ভূষণ প্রভৃতি বিষয়ে পূর্বকথিত নারায়ণ সদৃশই হন।

পদ্মাকৃতি শ্রীপরব্যোমধামের কর্ণিকামধ্যস্থলে পূর্বোক্ত শ্রীনারায়ণধাম উক্ত হইয়াছেন। প্রথমাবরণরূপ দলসকলে স্থিত ধামসমূহ পরে বর্ণিত হইবেন। দ্বিতীয়াবরণস্থিত দলসকলে বহুপ্রকাশে পূর্বে বাসুদেবের, দক্ষিণে সঙ্কর্ষণের, পশ্চিমে প্রদ্যুম্নের ও উত্তরে অনিরুদ্ধের ধামসকল বিদ্যমান। তৃতীয়াবরণের দলসকলে ক্রমে যথাযোগ্য এইগুলির দ্বিতীয় বিলাসমূর্ত্তিসমূহের বৈকুণ্ঠধামগণ বহুপ্রকাশে বিদ্যমান। চতুর্থাবরণের দলসমূহে বহুপ্রকাশে

जन्ते। पञ्चमावरणदलेषु नारायणलीलावताराणां मीनकमठादीनां वैकुण्ठानि, षष्ठेषु मन्वन्तरयुगावताराणां तथैव सप्तमेषु च शक्त्यावेशावताराणां धामानि बहुप्रकाशवन्ति विद्यन्ते।

प्रथमावरणदलानि कर्णिकासामीप्यादापेक्षिकोर्द्ध्व-स्थानि भवन्ति। तेषु दलेषु पूर्वभागे श्रीरामचन्द्रस्य बहुप्रकाशान्ययोध्यावैकुण्ठधामानि, दक्षिणपश्चिमभागे श्रीनृसिंहधामानि, पश्चिमोत्तरप्रदेशे श्रीपुरुषोत्तमाख्य-जगन्नाथस्य धामानि शोभन्ते। कर्णिकाकेन्द्रस्थ-श्रीनारायणवैकुण्ठोपरिस्थितं श्रीकृष्णस्य द्वारकावैकुण्ठं, तदुपरि माथुरवैकुण्ठं, ततः सर्वोर्द्ध्वे च श्रीगोलाको गोकुलापरनाम वैकुण्ठलोको विराजन्ते। श्रीनारायणस्य तच्चतुर्व्यूहानां तद्विलासानाञ्च वैकुण्ठानि प्रागुक्तनारायण-धामतुल्यानि। चक्रादिविधृतावादिनारायणवासुदेवयोः सादृश्यम्। पुरुषोत्तम-गोविन्द-त्रिविक्रम-वामन-नर-सिंह-कृष्णा विलासा एतेऽवतारप्रकटितरूपाद्विलक्षणा-श्चक्राद्यायुधधारणभेदाद्भिन्ना अपि श्रीनारायणसमा एव भवन्ति।

लीलावतारा यथाप्रकाशरूपाः; एषां धामानि नारायणलोकतुल्यान्यपि कालोचितावतारयोग्यानि लौकिकाकाराणि भवन्ति। तेष्ववतारकालप्रकटित-भक्तास्तत्तल्लीलाश्च सुशोभन्ते। अतः श्रीरामवैकुण्ठे श्रीवज्राङ्ग-सुग्रीव - विभीषणादिभिः सह श्रीदशरथ-कौशल्यादीनां प्रकाशः। पूर्वोक्तं व्यूहचतुष्टयमपि श्रीरामलक्ष्मणभरतशत्रुघ्नरूपं विभाति। सीताद्यास्तत्तन्महिष्योऽन्ये परिकरास्तत्स्थानोचितलीलाश्च विद्यन्ते। श्रीनृसिंहवैकुण्ठे श्रीमत्प्रह्लादादिभिर्भक्तैः सार्द्धं हिरण्यकशिपुसंहारादिलीलाराजयो विराजन्ते। श्रीपुरुषोत्तमक्षेत्रे श्रीजगन्नाथबलभद्र-सुभद्रा - सुदर्शनरूपा वासुदेव - सङ्कर्षण-प्रद्युम्नानिरुद्धाश्चतुर्व्यूहा द्वारका-

---

ঐরূপ প্রথম বিলাসমূর্ত্তিগণের ধামসমূহ সুবিরাজিত। পঞ্চমাবরণস্থ দলগণে মৎস্য, কূর্ম, বরাহাদি লীলাবতাররাজির বৈকুণ্ঠধাম সমূহ বিদ্যমান। ষষ্ঠাবরণের দলসমূহে মন্বন্তরাবতার ও যুগাবতার সকলের এবং সপ্তমাবরণের দলসমূহে শক্ত্যাবেশাবতারগণের বৈকুণ্ঠধামগণ বহুপ্রকাশে বর্ত্তমান।

প্রথমাবরণের দলগুলি কর্ণিকার নিকটবর্ত্তী হওয়ায় আপেক্ষিকভাবে ঊর্দ্ধস্থ। ঐ সকল দলে বহুপ্রকাশে পূর্বভাগে শ্রীরামচন্দ্রের অযোধ্যাখ্য বৈকুণ্ঠধামাবলী, দক্ষিণপশ্চিমভাগে শ্রীনৃসিংহদেবের ধামসমূহ, পশ্চিমোত্তরভাগে শ্রীপুরুষোত্তমাখ্য জগন্নাথের ধামাবলি বহুপ্রকাশে বিরাজিত। কর্ণিকার মধ্যস্থিত শ্রীনারায়ণবৈকুণ্ঠোপরি শ্রীকৃষ্ণের দ্বারকাবৈকুণ্ঠ, তদুপরি মথুরাবৈকুণ্ঠ, তদুপরি কর্ণিকার সর্বোর্দ্ধভাগে গোলোক বা গোকুলবৈকুণ্ঠ-ধাম সুবিরাজ করিতেছেন। শ্রীনারায়ণের চতুর্ব্যূহ এবং তদীয় বিলাসমূর্ত্তিসমূহের বৈকুণ্ঠসকল পূর্বোক্ত শ্রীনারায়ণবৈকুণ্ঠের তুল্য। পুরুষোত্তম, গোবিন্দ, ত্রিবিক্রম, বামন, নরসিংহ, কৃষ্ণ; এই সকল বিলাসমূর্ত্তি অবতার প্রকটিতরূপ হইতে বিলক্ষণ, কেবল চক্রাদিধারণ ভেদে ভিন্ন হইলেও নারায়ণের তুল্যরূপ।

লীলাবতার প্রভৃতি যথাপ্রকটিতরূপ হন। ইঁহাদের ধামসমূহ পূর্বোক্ত নারায়ণ ধামতুল্য হইলেও অবতারকালোচিত লৌকিক আকার প্রকারাদিসমন্বিত হন। ইহাদের বৈকুণ্ঠে তত্তদবতারকালে প্রকটিত ভক্তগণ ও তত্তল্লীলা সুবিরাজিত। অতএব শ্রীরামবৈকুণ্ঠে তদবতারপ্রকটিত শ্রীহনুমান, সুগ্রীব, বিভীষণ প্রভৃতির সহিত শ্রীদশরথ কৌশল্যাদি বিরাজ করিতেছেন। শ্রীরাম, শ্রীলক্ষ্মণ, শ্রীভরত ও শ্রীশত্রুঘ্নরূপে পূর্বোক্ত শ্রীচতুর্ব্যূহ বিদ্যমান, সীতাদি তত্তৎপত্নীগণ ও অন্যান্য পরিকরবর্গ এবং তত্তৎস্থানোচিত লীলাবলী বর্ত্তমান। শ্রীনৃসিংহবৈকুণ্ঠে শ্রীপ্রহ্লাদ প্রভৃতি

लीलानुकरणेन सन्ति। एते अर्चावतारा आख्यायन्ते। पूजकादिवेशाः सेवका नित्यपूजासु प्रतिस्वमुत्सवोचितेषु पूजनादिषु निरतास्तथा तद्धामवासिनोऽनारतं दर्शनसेवनानन्दमग्नास्तिष्ठन्ति। वैकुण्ठेऽस्मिन्नेव सर्वावतारलीलानां निखिलावताररूपाणाञ्च सम्प्रकाशस्तिष्ठति।

श्रीनारायणवैकुण्ठोपरिस्थद्वारकायां सत्यपि प्रागुक्तवैभवप्राकट्ये लोकानुकरणाद् द्वारकानुसारिण्यो लीलासन्ततयो भवन्ति। श्रीकृष्णस्य व्यूहचतुष्टयं वासुदेव-संकर्षण-प्रद्युम्नानिरुद्धरूपं तत्र प्रकटितं तिष्ठति। श्रीद्वारकाधामापि लौकिकराजपुरीवद् विराजितम्, नित्यपार्षदाश्च यादवगणा द्वारकावासिनः सन्ति। वसुदेव-देवकी रुक्मिणी-सत्यभामादयः परिकराः उद्धवाद्याः प्रियपार्षदाः स्वस्वभावानुरूपासु भगवत्सेवासु नियुक्ताः सन्ति। तदूर्द्धस्था मथुरा प्रायोद्वारकावत्। लीलागणोऽपि तथाविधः, किन्तु तत्पुरोचित एव। अत्रापि प्रागुक्तव्यूहचतुष्टयानां प्राकट्यमस्ति।

माथुरवैकुण्ठोपरि परव्योमकर्णिकासर्वोच्चभागे गोकुलाख्यं गोलोकवैकुण्ठं विराजते। तदपि सहस्रदलकमलाकारं, कर्णिकाकेन्द्रे श्रीकृष्णपुरी, तत्र श्रीकृष्णरमण्यः कोटिशो गोपकुमार्य्योऽवतिष्ठन्ते। तासु मुख्या यूथेश्वर्य्यः, ताश्च शतशो गणितानि, प्रतियूथमगणिताः कृष्णवनिता यूथेश्वरीवश्यतां स्वीकुर्वन्ति। श्रीकृष्णे प्रीतितारतम्यं प्रति यूथयूथेश्वरीभेदानां मूलम्। मधुराख्यरसो द्विधा, सख्यप्रधानो दास्यमुख्यश्च। तत्तन्मिश्रभेदादपि बहुधा। एतेनैव यूथभेदाः। यूथेऽपि

ভক্তগণের সহিত শ্রীনৃসিংহদেব হিরণ্যকশিপুবধাদিলীলা করিতেছেন। শ্রীপুরুষোত্তমবৈকুণ্ঠে শ্রীজগন্নাথ, শ্রীবলভদ্র, শ্রীসুভদ্রা ও শ্রীসুদর্শনরূপে শ্রীবাসুদেব, শ্রীসঙ্কর্ষণ, শ্রীপ্রদ্যুম্ন ও শ্রীঅনিরুদ্ধরূপ চতুর্ব্যূহ শ্রীদ্বারকালীলানুকরণে সুবিরাজিত। এইরূপে অর্চাবতার নামে খ্যাত হন। পূজকাদিবেষী সেবকগণ নিত্যপূজায় ও তত্তৎকালঘটনোচিত পূজা মহোৎসবাদিতে ব্যাপৃত আছেন, তদ্ধামবাসী ভক্তগণ নিরন্তর দর্শনসেবানন্দে নিমগ্ন থাকেন। এই বৈকুণ্ঠে সর্বাবতারলীলার ও সর্বাবতাররূপের প্রাকট্য থাকে।

পূর্বোক্ত শ্রীনারায়ণবৈকুণ্ঠের উপরিভাগে শ্রীদ্বারকাবৈকুণ্ঠ। এই স্থানে পূর্বোক্ত বৈভবের প্রাকট্য থাকিলেও লোকানুকরণে দ্বারকালীলানুসারে লীলাসমূহ ঘটিয়া থাকে। শ্রীবাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধরূপে শ্রীকৃষ্ণচতুর্ব্যূহ প্রকট থাকেন। এই দ্বারকাধাম লোকপ্রসিদ্ধ রাজপুরীবৎ বিরাজমান; সর্বযাদবগণরূপে দ্বারকাবাসিবৃন্দ নিত্যপার্ষদসকল বিদ্যমান আছেন। বসুদেব, দেবকী, রুক্মিণী, সত্যভামাদি মহিষীগণ, উদ্ধব প্রভৃতি প্রিয়পার্ষদবর্গ নিজ নিজ ভাবানুসারে শ্রীভগবৎসেবাতে নিযুক্ত আছেন। তদুপরি শ্রীমথুরাবৈকুণ্ঠ প্রায় দ্বারকাপুরীবৎ। তত্রস্থ লীলাবলীও তদ্বৎ, কিন্তু তাহা মথুরাপুরীতে প্রকটযোগ্য। এস্থানেও পূর্বোক্ত চতুর্ব্যূহের প্রাকট্য হইয়া থাকে।

মথুরাবৈকুণ্ঠোপরি অর্থাৎ পরব্যোম পদ্মকর্ণিকার সর্বোর্দ্ধভাগে গোলোক বা গোকুলবৈকুণ্ঠ। এই গোলোকধামও সহস্রপত্র কমলাকারে সুশোভিত; কর্ণিকাস্থানে মধ্যে শ্রীকৃষ্ণপুরী। সেই পুরীমধ্যে শতকোটি গোপকন্যারূপিনী শ্রীকৃষ্ণনিত্যপ্রিয়াগণের অবস্থিতি। তাঁহাদের মধ্যে প্রধানাগণ যূথেশ্বরী নামে প্রসিদ্ধা। যূথেশ্বরী বহুশতসংখ্যক। এক এক যূথে বহুসংখ্যক কৃষ্ণপত্নী যূথেশ্বরীর অধীনে বর্ত্তমান। কেবল শ্রীকৃষ্ণবিষয়ে প্রেমতারতম্যই এই যূথ ও যূথেশ্বরীর ভেদে কারণ। মধুরভাব—সখ্যপ্রধান ও দাস্যপ্রধান ভেদে দুইপ্রকার, আবার তত্তন্মিশ্রভেদে বহুপ্রকার। এই ভেদানুসারেই উক্তযূথভেদ হয়।

कृष्णप्रेमविषये सर्वतोऽधिका सखी यूथेश्वरीत्वे अभिषिक्ता भवति। तदनुगतासु प्रेमतारतम्याच्चत्वारः श्रेणीभेदा भवन्ति। तेऽतिरहस्यत्वान्नात्रोल्लेखणीयाः। श्रीहरिभक्तिसर्वस्वादिग्रन्थेभ्यस्तद्विशेषो द्रष्टव्यः।

एकैव महाभावस्वरूपा महालक्ष्मीर्माधुर्य्यलीलाप्रथनाय शतकोट्यो भवन्ति; यूथेषु केषुचित् कोटिसंख्यकाः, केषुचिदशीतिः लक्षाणि, अन्येषु षष्टिर्लक्षाण्येवविधा गोविन्दरमण्यो भवन्ति। लक्षान्न्यूनं न कोऽपि यूथः। दासीनां सहचरीणाञ्चासां संख्या अगण्याः। आसां नियतसादृश्येन गोकुले गोपतनया गोपकुमार्य्यश्च सुविराजन्ते। देशकालविशेषेण श्रीकृष्णपत्न्य आत्मसदृशीष्वैक्यं लभन्ते, पुनश्च पृथगवस्थानं प्राप्नुवन्ति। ब्रह्माण्डेषु प्रकटलीलासु जन्मावसरे एकतां भजन्ति, गोपैः सह विवाहेषु तत्तत्सेवासु कृष्णलीलासु च पृथक्त्वं गच्छन्ति। रसपराकाष्ठाभिज्ञैः श्रीभरतादिमुनिभि-र्व्यक्तीकृतमधुररसान्तिमसीमाप्रकाशनोद्देशेनैवेदृशी गूढ़लीला भवति। रासलीलाप्रसङ्गादेते विषयाः समासेन लिखिताः। नित्यधाम्नि गोलोकेऽप्रकटलीलायां निरन्तर-पृथगवस्थिता अपि श्रीकृष्णपत्न्यः प्रकाशविशेषाद् देशकालभेदाच्च तत्तत्सदृशीभिः सहैकतां भजन्ते। एते विषयास्तत्तदुपासकगोचराः, रहस्यत्वान्न व्यक्तीक्रियते।

श्रीकृष्णरमणीषु श्रीराधाचन्द्रावलीललिताविशाखाशैव्यापद्माश्यामाभद्रा एता अष्टौ प्रधानाः। एता एव द्वारकायां पट्टमहिष्यो भवन्ति। गोलोकस्था अपरा गोविन्दवल्लभाः प्रकाशवैशिष्ट्याद् द्वारकायां शताधिकषोड़शसहस्राणि महिष्यो भवन्ति। नारायणधामनि प्रकाशविशेषात् सर्वा एकीभूयैकरूपैव महालक्ष्मी-

যূথমধ্যে যিনি শ্রীকৃষ্ণপ্রেমে সর্বতোঽধিকা তিনি যূথেশ্বরীরূপে অভিষিক্তা হন। যূথেশ্বরীর অনুগতাদিগের মধ্যেও শ্রীকৃষ্ণপ্রেমতারতম্যে চতুর্বিধ শ্রেণীভেদ হয়। অতীব গোপনীয় বলিয়া এইস্থানে ঐসকল বিষয় বিবৃত হইল না। ‘শ্রীহরিভক্তিসর্বস্ব’ প্রভৃতি গ্রন্থ হইতে উহা জ্ঞাতব্য।

একমাত্র মহাভাবস্বরূপা মহালক্ষ্মীই মধুররসময়ী লীলার বিস্তারোদ্দেশে শতকোটি গোপীরূপা হন। কোন কোন যূথে এককোটি, কোন কোন যূথে অশীতিলক্ষ, কোন কোন যূথে ষষ্টিলক্ষ, ইত্যাদিপ্রকারে শ্রীকৃষ্ণপ্রিয়াগণের সংখ্যা হইয়া থাকে। কোনও যূথ একলক্ষের ন্যূন হয় না।

ইহাদের দাসীগণের ও সাহায্যকারিণীবর্গের সংখ্যা নাই। এই সকল শ্রীকৃষ্ণপত্নীর অবিকল সাদৃশ্যে গোকুলনগরীমধ্যে গোপকন্যা ও গোপপত্নীগণ সুবিরাজিত আছেন। দেশকালবিশেষে শ্রীকৃষ্ণপত্নীগণ স্বসদৃশীতে একতাপ্রাপ্ত হন; পুনর্বার পৃথক্ অবস্থান লাভ করেন। ব্রহ্মাণ্ডমধ্যে প্রকটলীলাতে জন্মাদিকালে একতাপ্রাপ্ত হন; গোপগণের সহিত বিবাহে, তৎসেবাকালে ও শ্রীকৃষ্ণবিলাসকালে পৃথকস্থিতা হন। রসপরাকাষ্ঠাবিষয়ে অভিজ্ঞ শ্রীভরতাদি মুনিগণের ব্যক্তীকৃত মধুররসের সর্বোত্তমতা প্রকাশনের উদ্দেশেই এইরূপ গূঢ়লীলা হইয়া থাকে। শ্রীরাসলীলাপ্রসঙ্গে এই সকল বিষয় সংক্ষেপে বিবৃত হইয়াছে। নিত্যধাম গোলোকে অপ্রকটলীলায় নিরন্তর পৃথক্স্থিতা হইলেও শ্রীকৃষ্ণপত্নীগণ প্রকাশবিশেষে দেশকালভেদে উক্ত সদৃশীগণের সহিত একতা লাভ করেন। তাহা কেবল উপাসকগণের গোচর, গোপনীয় হওয়ায় এস্থানে ব্যক্ত হইল না।

শ্রীকৃষ্ণপত্নীগণের মধ্যে শ্রীরাধা, চন্দ্রাবলী, ললিতা, বিশাখা, শৈব্যা, পদ্মা, শ্যামা ও ভদ্রা; এই অষ্টজনই প্রধানা। এই অষ্টই দ্বারকাতে অষ্ট পট্টমহিষী। গোলোকস্থ অপর শ্রীকৃষ্ণকান্তাগণ প্রকাশবিশেষে দ্বারকাতে শতাধিক ষোড়শসহস্র পত্নীরূপা হন। শ্রীনারায়ণবৈকুণ্ঠে প্রকাশবিশেষে

रित्याख्यां लभन्ते। अतो गोलोके गोकुले च मधुररस-लीलानां पूर्णतमप्रकाशः। श्रीकृष्णपत्नीनां स्वतन्त्राणि गृहादीनि सन्ति। सर्वत्रैव नित्यं कृष्णावस्थानं तत्र तत्रास्ति। तथापि तत्केन्द्रेऽलौकिकगठनानि श्रीकृष्ण-गृहादीनि सन्ति। तत्पत्नीगृहादीनि प्रथमावरणम्। तस्यैकपार्श्वे एव श्रीवलदेवालयाः।

द्वितीयावरणञ्च श्रीनन्दयशोमती-रोहिण्यादिगुरु-वर्गाणां निलयाः। सखीवृन्दानामवस्थानस्थलानि तृतीयावरणम्। तेषु सखीभिः श्रीकृष्णस्य विविध-देवनानि भवन्ति। चतुर्थावरणञ्च श्रीकृष्णसेवकानां वासभवनानि। तत्र भृत्यद्वारा श्रीकृष्णस्य विविधाः परिचर्य्याश्चलन्ति। श्रीकृष्णस्य भ्रातरः प्रजावत्यो यामयश्च द्वितीयावरणस्थालयेषु यथानिर्दिष्टं वसन्ति। भ्रातरस्तु यथावसरं तृतीयावरणेऽपि तिष्ठन्ति। पञ्चमावरणे गोवृषवत्सवत्सतराणां गोष्ठानि। गो-दोहनादिकमपि तत्रैव भवन्ति। गोलोकस्यारण्य-प्राधान्यात् पञ्चस्वेवावरणेषु फलपुष्पप्रधानास्तरुवीरुधो बाहुल्येन विराजन्ते। प्रथमात् षष्ठं यावद् भ्रमणाय वृक्षलताभ्यन्तरेण शतशो मार्गास्तिष्ठन्ति।

षष्ठ-सप्तमावरणयुगलं केवलमुपवनमयमेव। तत्र क्वचित् क्वचिदवस्थानयोग्यानि भवनान्यपि। षष्ठे श्रीकृष्णदर्शनलोलुपा आरण्यपशवस्त्यक्तवैरहिंसादयो विचरन्ति। सप्तमे च शान्तभक्ता महर्षयो देवा मुनयश्च रहसि श्रीकृष्णावलोकनलालसाः कदापि गोपवेशेन क्वचिद्वा स्वस्वरूपेण परिभ्रमन्ति। देवर्षिर्नारदोऽस्य सुषमां निरीक्ष्यायं लोकः स्वाभाविको रत्नादिरचित-कृत्रिमो वा, अथवा नानावर्णाकारघनोभूतज्योति-र्वैचित्र्यं किंवा तद्व्रज्ज्ञानवैचित्र्यमुत ब्रह्मानन्दघन-विचित्रतेत्येवमान्दोलितचित्तः किमपि निर्णेतुं न शक्नोति। इति कर्णिकाचित्रं वर्णितम्।

সকলেই একত্র মিলিত হইয়া একরূপা মহালক্ষ্মী নামে প্রথিতা হন। অতএব গোলোকে ও গোকুলে মধুররসলীলার সম্পূর্ণ বিকাশ হয়। শ্রীকৃষ্ণকান্তা-গণের প্রত্যেকের স্বতন্ত্র গৃহাদি আছে। সর্বত্রই শ্রীকৃষ্ণের অবস্থিতি হয়, তথাপি মধ্যস্থলে অসাধা-রণরূপে শ্রীকৃষ্ণের গৃহাদি বিদ্যমান। অতএব শ্রীকৃষ্ণপত্নীগণের গৃহাদি প্রথমাবরণরূপে রহিয়াছে। ইহার একপার্শ্বে শ্রীবলদেবের গৃহাদি বিদ্যমান।

দ্বিতীয়াবরণে শ্রীনন্দ, শ্রীযশোদা ও শ্রীরোহিণী প্রভৃতি গুরুবর্গের অবস্থিতি-স্থান। তৃতীয়াবরণে শ্রীকৃষ্ণের সখিবৃন্দের অবস্থান গৃহরাজি; এই সকল স্থানে শ্রীকৃষ্ণ সখাদিগের সহিত নানাবিধ ক্রীড়া করেন। চতুর্থাবরণে শ্রীকৃষ্ণের ভৃত্যগণ বাস করেন, এই স্থানে ভৃত্যগণ কর্তৃক শ্রীকৃষ্ণের নানাবিধ সেবা হইয়া থাকে। শ্রীকৃষ্ণের ভ্রাতৃগণ, ভ্রাতৃজায়াবৃন্দ, ভগিনীসকল দ্বিতীয়াবরণেই যথাযোগ্যভাবে বাস করেন। ভ্রাতৃগণ যথাবসরে তৃতীয়াবরণেও বাস করেন। পঞ্চমাবরণে গো, বৃষ, বৎস, বৎসতর, প্রভৃতিগণের বাসস্থান, এই স্থানেই গোদোহনাদি হয়। শ্রীগোলোকধাম বনপ্রধান, অতএব এই পঞ্চমাবরণমধ্যে ফলপুষ্পপ্রধান বৃক্ষলতাসকল বাহুল্যরূপে বিদ্যমান। প্রথমাবরণ হইতে ষষ্ঠাবরণ পর্য্যন্ত গমনাগমনের জন্য বৃক্ষালতাভ্যন্তরে শতশত মার্গ আছে।

ষষ্ঠ ও সপ্তম আবরণ কেবল উদ্যানময়, কোন কোনস্থানে অবস্থিতিযোগ্য গৃহাদিও আছে। ষষ্ঠা-বরণে শ্রীকৃষ্ণদর্শনে লোলুপ আরণ্য পশুবৃন্দ পরস্পর হিংসাদ্বেষ ত্যাগ করিয়া বিচরণ করে। সপ্তমা-বরণে শান্ত ভক্ত মহামুনিগণ, দেবগণ ও ঋষিগণ গুপ্তভাবে শ্রীকৃষ্ণদর্শনলোভে কোনকালে গোপবেশে কোনকালে স্ববেশে পরিভ্রমণ করেন। ভগবান্ দেবর্ষি নারদ এই গোকুলধামের শোভা নিরীক্ষণ করিয়া 'এই ধাম কি প্রকৃত লোক অথবা মণি-রত্নাদি নির্মিত কৃত্রিমলোক কিংবা নানাবর্ণাকার

अथ सर्वपार्श्वस्थग्रामाणां शोभा वर्ण्यते। गोपावासाद् गोकुलमिदं बनान्तर्ग्रामशोभां वितनोति, न तु राजपुरीरचनापरिपाटीम्। कर्णिकां परितो विस्तीर्णमार्गा आवरणसप्तके दलसौन्दर्य्यं विस्तृणवन्ति। तदनुसारेण प्रथमावरणे षट्त्रिंशद्दलानि, द्वितीयादौ क्रमेण द्वित्रिचतुरादिगुणानि भवन्ति। इत्थं सप्तसु क्रमबृद्ध्या साकल्येनाष्टोत्तरसहस्रदलकमलं शोभते। प्रतिमार्गमुभयतः सुसज्जितफलकुसुमसमृद्धानि तरुवीरुन्मयानि कुञ्जानि सर्वत्र विद्यन्ते। मार्गस्थजना रहसि मार्गमुभयतः कुञ्जमध्यस्थरथ्यायां भ्रमन्तं कश्चिन्न विदन्ति। एकैकदलाकाररथ्यामयावरणात् परं पुनर्मण्डलाकारा मार्गा विद्यन्ते। तेभ्यः पुनरावरणान्तरदलाकारसृतयो बहिर्गताः।

सप्तमावरणमार्गेभ्यस्तु न दलाकारसरण्यः। कर्णिकावच्छोभितानि मण्डलाकारवर्त्मानि नास्यान्तर्भूतानि। पथां मध्यस्थलीया यथायथं गोपवासा वन्यमुख्या रचिता विद्यन्ते। गृहाद्गृहान्तरं फलकुसुमसमृद्धवनमार्गैरेव यातव्यम्। एवं वनप्रधानगोकुलप्राकट्यात् कश्चित् सुगुप्तं सर्वत्र भ्राम्यन्न लक्ष्यते। अतः श्रीकृष्णः, कान्तागणः, सख्यो दास्यश्च सङ्केतक्रमेण सर्वत्र भ्राम्यन्ति। ततः प्रकटलीलावदप्रकटलीलानां नैरन्तर्य्यं तथैव भवति।

महर्षिभरतमतेन यत्रैव वाधनं, प्रच्छन्नकामुकता, परस्परदुर्लभता च तत्रैव मधुररतेरुत्कर्षः, नोष्मन्महाभावान्तं यावत्तस्या न परिणतिर्जायते। प्रकट-

---

ঘনীভূত জ্যোতির্বৈচিত্র্য, অথবা তাদৃশ জ্ঞানবৈচিত্র্য, কিংবা ব্রহ্মানন্দ ঘনবৈচিত্র্য, এবংবিধ আন্দোলিতচিত্ত হইয়া কিছুই নির্ণয় করিতে পারেন না। কর্ণিকাস্থানের চিত্র বর্ণিত হইল।

অতঃপর চতুষ্পার্শ্বস্থ গ্রামশোভা বর্ণিত হইতেছে। গোপসকলের বাসস্থানহেতু এই গোকুলনগর কেবল বনাভ্যন্তরস্থিত গ্রামের শোভা প্রকট করেন। কিন্তু রাজপুরীর রচনাকৌশল তাহাতে নাই। কর্ণিকার চতুষ্পার্শ্বে বিস্তৃত মার্গসকল সপ্তাবরণে দলশোভা বিস্তার করে। তদনুসারে প্রথম আবরণে ষট্‌ত্রিংশৎ দল, দ্বিতীয় ও তৃতীয়াদি আবরণে ক্রমে উহার দ্বিগুণ ত্রিগুণরূপ দল আছে। এই প্রকারে সপ্তম আবরণে ক্রমবৃদ্ধিরূপে অষ্টোত্তর সহস্র পত্রযুক্ত কমলের শোভা প্রকাশ পায়। মার্গের উভয় পার্শ্বে সুসজ্জিত ফলপুষ্পপূর্ণ বৃক্ষলতাদিময় কুঞ্জসমূহ সর্বত্র বিদ্যমান। গোপনে কোন ব্যক্তি মার্গের উভয় পার্শ্বস্থ কুঞ্জমধ্যস্থ পথে গমন করিলে প্রধান মার্গস্থ জনগণ তাহা জানিতে পারে না। এক এক দলাকার মার্গময় আবরণের পর এক এক মণ্ডলাকার মার্গ বিদ্যমান। সেই সেই মার্গ হইতে পুনর্বার অন্যাবরণের দলাকার মার্গ সমূহ বহির্গত হইয়াছে।

সপ্তম মণ্ডলাকার মার্গের পর আর দলাকার মার্গ নাই। কর্ণিকাবৎ শোভিত মণ্ডলাকার মার্গ ইহার অন্তর্গত নহে। মার্গ সকলের মধ্যস্থলে যথাযোগ্যরূপে গোপগণের বাসস্থানগুলি বনপ্রধানরূপে রচিত হইয়াছে। এক গৃহ হইতে অন্য গৃহে গমনাগমনে ফলপুষ্পময় বনমধ্যস্থ মার্গ অবলম্বন করিতে হয়। উক্ত প্রকারে প্রধানরূপে গোকুল নগরের প্রাকট্যহেতু কোন ব্যক্তি গোপনে সর্বত্র পরিভ্রমণ করিলেও অন্যব্যক্তি তাহাকে দেখিতে পায় না। অতএব শ্রীকৃষ্ণ ও তদীয় কান্তাগণ এবং তাঁহাদের সখীবৃন্দ ও দাসী প্রভৃতি সঙ্কেতানুসারে সর্বত্র পরিভ্রমণ করেন। এই হেতু শ্রীকৃষ্ণের প্রকট লীলাতে যে সকল ব্যাপার ঘটে, অপ্রকটলীলাতেও সেই প্রকারই সমস্ত হয়।

মহামুনি শ্রীভরতের প্রকটিতমতানুসারে যে স্থানে প্রচ্ছন্ন কামুকতা ও পরস্পর দুর্লভতা সেই

लीलास्वेवमचिन्त्यशक्त्यौपपत्यौपपत्न्यानुकरणेन निवारणादीनि भवन्ति। अप्रकटलीलासु स्वकीयात्वं व्यक्तमपि महाभावावेशाच्छ्रीकृष्णकान्ता भयेन गुरुवर्गानां पुरतः श्रीकृष्ण-दर्शनाद्यावशक्ताः, यतस्तद्दर्शनेन, तन्नामश्रवणेन, अथवा तत् सामीप्येन तासां सुद्दीप्तसात्त्विकभावानामुद्गमो भवति, ततस्ता गुरुजनसमक्षे त्रपान्वितास्तिष्ठन्ति। तर्हि महाभावा हि तासां तद्दर्शनसमीपगमनादिषु बाधका भवन्ति। तस्माद् रहसि तासां दर्शनादीनि।

प्रकटलीलामाधुर्य्यास्वादनानुसारेण श्रीकृष्णकान्तावलयः श्रीकुञ्जलीलाविहारादिषु भृशमनुरक्तास्तिष्ठन्ति। अतो नक्तलीलाः कुञ्जेषु भवन्ति। भक्तवशो भगवांस्तत्तद्भावाननुशीलयन्ति। गुरूणाम् असाक्षात् कान्तानाञ्च पारस्परिकाज्ञातसारेण तास्ता लीला भवन्ति। अतोऽप्रकटावस्थायामपि प्रकटलीलावत् परकीयानुसारिण्यस्तास्ता भवन्ति। तस्माद्दूतीभिः प्रयोजनम्। यद्यपि सत्त्वामात्रमय्यां लीलायामेवं लीलानामसम्भावना, तथापि तासां भक्तभावनानुसारित्वात् सर्वा एव सम्भाव्यन्ते।

गोकुलाद्बहिः पार्श्वचतुष्टये सुरम्यकाननानि सुविराजन्ते। तत्र पश्चिमोत्तरपूर्वभागेषु यमुना प्रवहन्ती तिष्ठति। पूर्वदक्षिणपश्चिमभागेष श्रीगोवर्द्धनगिरिवर्य्यः शोभते। प्रकटलीलाकाले सुस्पष्टा अन्येऽपि कुण्डसरोवरादयो गोकुलवासिनामिच्छया यथातथं प्रकाशन्ते। सर्वत्रैव नित्यसत्त्वात् सर्ववस्तूनां केवलं भक्तभावनामपेक्षन्ते। भक्तचिन्तनमात्रेणैव सर्वं तादृक् प्राकट्यं लभते। कालिन्दी नगराद्बहिः प्रवाहितापि जलाहरणे श्रमो नास्ति, यतो

স্থানেই মধুরারতি উৎকৃষ্টা হয়। তাহা না হইলে উহা মহাভাব পর্য্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত হয় না। প্রকট লীলাতে কথিত প্রকারে অচিন্ত্যশক্তিপ্রভাবে উপপতিত্ব ও উপপত্নীত্বানুকরণে নিবারণাদি হয়। অপ্রকটলীলাতে স্বকীয়াত্ব ব্যক্ত থাকিলেও মহাভাবের আবেশে শ্রীকৃষ্ণকান্তাগণ ভয়ে গুরুজনের অগ্রে শ্রীকৃষ্ণদর্শনাদি করিতে পারেন না। যেহেতু শ্রীকৃষ্ণের দর্শন মাত্রে বা তন্নাম শ্রবণ মাত্রে অথবা তন্নিকটস্থ হওয়া মাত্রে সুদ্দীপ্ত সাত্ত্বিক ভাব সকলের উদয় হইয়া পড়ে। এই হেতু তাঁহারা গুরুজনসমক্ষে লজ্জিতা হন। অতএব তাঁহাদের মহাভাবই স্বয়ং দর্শন, সমীপগমনাদি বিষয়ে নিবারক হন, এই হেতু নির্জন স্থানে দর্শনাদি করেন।

প্রকটলীলার মাধুর্য্যানুভবানুসারে শ্রীকৃষ্ণকান্তাগণ কুঞ্জলীলা ও বনবিহারাদিতে অত্যন্ত অনুরক্তা থাকেন। অতএব রজনীলীলাও কুঞ্জাদি মধ্যে হইয়া থাকে। ভক্তবশ শ্রীভগবান্ সেই ভাবের অনুশীলন করিয়া থাকেন। গুরুজনের অজ্ঞাতে ও কান্তাগণের পরস্পরের অজ্ঞাতে এই সকল লীলা হয়। অতএব অপ্রকট লীলাতেও প্রকট লীলাবৎ পরকীয়ানুসারিণী লীলা হয়, এই জন্য দূতীগণের প্রয়োজন। যদিও সত্তামাত্রময়ী লীলাতে এই প্রকার লীলা অসম্ভব, তথাপি ভক্তভাবনাময়ী লীলাহেতু সর্বসম্ভবও হইয়া থাকে।

গোকুল নগরের বাহিরে চতুষ্পার্শ্বে সুরম্য সুসজ্জিত কানন সমূহ বিরাজিত। তন্মধ্যে পশ্চিম, উত্তর ও পূর্বভাগে যমুনা নদী প্রবাহিতা। পূর্ব, দক্ষিণ ও পশ্চিমে গোবর্দ্ধন নামক গিরিরাজ বিদ্যমান প্রকটলীলায় প্রকাশিত অন্যান্য কুণ্ড সরোবর প্রভৃতি গোকুল-নিবাসিগণের ইচ্ছানুসারে যথাযোগ্য ভাবে প্রকটিত হয়। সর্বত্রই সর্ববস্তুর সত্তা থাকায় কেবল ভক্তগণের ভাবনামাত্রেরই অপেক্ষা করে। ভক্তগণের ভাবনামাত্রে তাদৃশ প্রকারে প্রাকট্য লাভ করে। যমুনা নদী নগরের বাহিরে থাকিলেও জলানয়নের পরিশ্রম হয় না, ইচ্ছামাত্রেই গোকুলবাসিগণ যমুনার নিকটবর্ত্তী হন, অনন্তর স্বস্থান সমীপস্থ হন।

ऽभिलाषमात्रेण गोकुलवासिनो यमुनोपकूलवर्त्तिनो भवन्ति, तदनन्तरं स्वस्थानवर्त्तिन्यपि यमुना भवति। गोकुलमपि श्रीकृष्णलीलानुसारेण सङ्कुचितं प्रसारितं वा भवति।

अतो लीलापरिकराणां पक्षे सुदूरमप्यदिदूरं जायते। लीला-प्रतिपक्षेषु तु नेदिष्ठप्रदेशोऽपि सुदूरायते। यमुनामुभयतस्तथा श्रीगोवर्द्धनपार्श्वयोरारण्यतरुवीरुन्मयालया द्विभूमचतुर्भुमादिरूपाः शोभन्ते। ते च नानावर्णपर्णकुसुमैः परमशोभां प्रकाशन्ते। सर्वे सोपानभित्तितलभागाश्च तरुलताप्रचुराः प्रतिक्षणं विविधशोभाभिरलौकिकतां प्रदर्शयन्ति। तेषु कान्तागणसहितो भगवानवतिष्ठते।

तेषां सौन्दर्य्यमालामवलोक्य 'अहो एते वृक्षलतादिपत्रपुष्पमया वा. विभिन्नवर्णसुरत्नप्रचुरा वा, तेजोवैचित्र्यमुत ध्यानवैचित्र्यमथवा ज्ञानवैचित्र्यं किंवा ब्रह्मानन्दवैविध्यमिति सर्वेषां मनसि सन्देहदोलाविर्भवति कोऽपि निर्णयो न भवति। तादृशानि भवनानि श्रीकृष्णपुरेषु नगरेषु च स्थाने स्थाने विद्यन्ते, यतः सपरिकरस्य तस्य वननिकुञ्जतरुलतादिगृहेष्वलंस्थं परितोषः।

यद्यपि श्रीनारायणवैकुण्ठादपि श्रीगोलोकेऽस्मिन्नैश्वर्य्य—गृहपरिच्छदवैभवादीनामधिकतरप्राकट्यस्य सम्भावना, तथापि श्रीगोकुलवासिनो भक्ता न तादृक् प्रकाशमभिलषन्ति, केवलं वन्यग्रामोचितगृहेष्वेव परमामोदमनुभवन्ति। तथापि देशकालवैशिष्ट्यादैश्वर्य्यप्रधानभक्तानां समीपेऽस्मिन्नेव गोकुले नारायणवैकुण्ठदप्याधिक्येनैश्वर्य्यप्राकट्यं भवतीति स्वयं ब्रह्मा हि प्रत्यक्षीचकार। एवं श्रीकृष्णस्य परमैश्वर्य्य-दर्शनेनापि व्रजस्थभक्तानां स्वसम्बन्धं प्रति, आत्मीयताज्ञानं प्रति वा हेयत्व-

---

এই গোকুলনগর শ্রীকৃষ্ণের লীলানুসারে সঙ্কুচিত ও বিস্তৃত হন।

অতএব লীলাস্থ ভক্তগণের পক্ষে অতিদূর প্রদেশও নিকটবর্ত্তী হয়। আবার লীলা প্রতিপক্ষগণের পক্ষে অতি নিকটবর্ত্তী স্থানও দূরস্থ হইয়া পড়ে। যমুনা নদীর উভয় পার্শ্বে ও শ্রীগোবর্দ্ধনের উভয় পার্শ্বে বনমধ্যে বৃক্ষলতাদি নির্মিত গৃহসকল দ্বিতল, ত্রিতলরূপে সুবিরাজিত। সেই সকল বৃক্ষলতাময় গৃহ নানাবর্ণ পুষ্প, পত্র, ফলাদি দ্বারা পরম শোভা প্রকাশ করিতেছে। সোপান, ভিত্তি, তলভাগ, সকলই বৃক্ষলতানির্মিত, ক্ষণে ক্ষণে ভিন্ন ভিন্ন শোভা ধারণ পূর্বক অলৌকিকত্তার পরিচয় প্রদান করিতেছে। সেই সকল গৃহে শ্রীভগবান্ কান্তাগণ সহিত অবস্থান করেন।

সেই সকল গৃহের সৌন্দর্য্য অবলোকন করিলে ঐগুলি বৃক্ষলতাপুষ্পাদিময়. কিংবা নানা বর্ণ সুবিরাজিত রত্নময়, কিংবা কোন তেজোবৈচিত্র্য, অথবা ধ্যানবৈচিত্র্য বা জ্ঞানবৈচিত্র্য, কিংবা ব্রহ্মানন্দবৈচিত্র্য চিত্তমধ্যে এইরূপ আন্দোলন উপস্থিত হয়, কোনরূপ নিশ্চয় হইতে পারে না। এইরূপ বৃক্ষলতাদিময় গৃহ শ্রীকৃষ্ণের পুরমধ্যে ও নগরাভ্যন্তরে স্থানে স্থানে বিদ্যমান, যেহেতু শ্রীকৃষ্ণ ও তৎপরিকরবর্গ বন, কুঞ্জ ও বৃক্ষাদিবেষ্টিত গৃহাদিতে অতিশয় পরিতুষ্ট থাকেন।

যদিও শ্রীনারায়ণবৈকুণ্ঠ হইতেও এই শ্রীগোলোক বৈকুণ্ঠে ঐশ্বর্য্য, গৃহ, পরিচ্ছদ ও বৈভবাদির অধিক প্রাকট্যের সম্ভাবনা, তথাপি শ্রীগোকুলবাসী ভক্তগণ সেরূপ ঐশ্বর্য্যাদির প্রকাশে ইচ্ছা করেন না, কেবল বন্য ও গ্রামোচিত গৃহাদিতে পরম সুখী থাকেন। দেশ ভেদে ও কাল বিশেষে ঐশ্বর্য্যপ্রধান ভক্তগণের সমীপে এই গোকুলবৈকুণ্ঠে শ্রীনারায়ণবৈকুণ্ঠ অপেক্ষাও অধিকরূপে ঐশ্বর্য্যাদির প্রাকট্য হয়, তাহা স্বয়ং ব্রহ্মাও প্রত্যক্ষ করিয়াছেন। শ্রীব্রজবাসী ভক্তগণ শ্রীকৃষ্ণের পরমৈশ্বর্য্য দর্শন করিলেও

वुद्धिर्नास्ति। यद्यपि भगवद्धामसु सर्वत्र सर्वदा सर्वास्तित्वभावो विद्यते ततो देशकालभेदाभाव एव, तथापि भक्तेच्छया तत्तदाविष्करणात् सत्तामात्रस्य तत्तद्व्यवहारो जायते।

प्रकटलीलानुसृतिक्रमेणैषु गोलोकवैकुण्ठेषु निखिलनित्यलीला भवन्ति, कादाचित्की नैमित्तिकी अपि लीलाः समुदयन्ते। प्रकाशविशेषेष्वपि ताश्च नित्यनैमित्तिकलीलाः सर्वदैव भवन्ति। ध्याननिष्ठा मन्त्रप्रधाना भक्ता अनारतं तत्तल्लीलाध्यानानुसारेण च तत्तद्रूपादीनां नित्यं दर्शनं प्राप्नुवन्ति। लीलावैचित्र्यानुसारेण युगपद्विभिन्नस्थानेषु नानारूपेणाहोरात्राणां तत्तत्कालानाञ्च भेदा जायन्ते। तथैवैकदा विभिन्नस्थानेषु यथायोग्यमृतुभेदा अपि प्रकाशं यान्ति। सूर्यचन्द्रादिग्रहा नक्षत्राणि च नानाप्रकाशानि भूत्वा लीलावसरप्रदरूपेण सेवन्ते। एतानि ग्रहनक्षत्रादीनि प्राकृतेतराण्येव। पूतनातृणावर्त्ताघवकवत्सादयो दैत्या भगवद्ध्यानप्रभावात् तत्स्वरूपभूते तत्तेजःस्थानीये निर्विशेषब्रह्मणि विलीनास्तिष्ठन्ति।

तत्तल्लीलादर्शनाकाङ्क्षिणां भक्तानां सुखार्थं श्रीभगवदिच्छयाप्राकृतदेहद्वाराविर्भूतास्ते तत्तल्लीलाः समादधतो भूयो ब्रह्मसायुज्यानन्दे निमज्जन्ति। अन्येष्वपि वैकुण्ठेषु तत्तदवतारलीलानां समाधानमेवमेव ज्ञातव्यम्। पूर्वमेवोक्तं श्रीवैकुण्ठधाम्नां सर्वाणि वस्तूनि श्रीभगवत्स्वरूपवैचित्र्याण्येव, ततः केवलं सत्त्वामात्रात्मकानि ब्रह्मानन्दवैचित्र्याणि च।

परव्योमाख्यवैकुण्ठधामसु श्रीभगवतस्तत्तल्लीलासमुदयः श्रुतीनामप्यगम्यः, ततो वेदः स्वयं चिच्छक्त्याविष्कृतपदार्थवर्णनेऽक्षमः। एताश्च लीला वेदादीनां सङ्गोपनीयाः, अधिकारिपरीक्षणमेवात्र सङ्गो-

---

তাঁহাদের নিজ সম্বন্ধ বা আত্মীয়তা জ্ঞানের কোনরূপ শৈথিল্য হয় না। যদ্যপি শ্রীভগবদ্ধামে সর্বদেশের সর্বকালের সর্ববস্তুর বিদ্যমানতাহেতু তথায় দেশকালাদির বিভেদ নাই, তথাপি ভক্তেচ্ছানুসারে তত্তদাবিষ্করণ-হেতু কেবল সত্তামাত্রের তত্তদ্ব্যবহার হয়।

এই গোলোকবৈকুণ্ঠ প্রভৃতিতে প্রকটলীলার অনুসারে সমুদয় নিত্যলীলা ঘটিয়া থাকে এবং কাদাচিৎকরূপে নৈমিত্তিক লীলাও হয়। ধ্যাননিষ্ঠ মন্ত্রপ্রধান ভক্তগণ সর্বদা সেই সেই লীলার এবং ধ্যানানুসারে সেই সেই রূপাদির নিত্যদর্শন পান। লীলানুসারে এককালে নানাস্থানে নানাভেদে দিবারাত্রি ও তত্তৎ সময়-ভেদসমূহ প্রাকট্য লাভ করে। এই প্রকারে নানা স্থানে একই কালে যথাযুক্তরূপে ঋতুভেদসমূহ প্রকাশিত হয়। চন্দ্র সূর্য্যাদি গ্রহ ও নক্ষত্রগণ নানাপ্রকাশে লীলাবসরপ্রদরূপে সেবা করেন; এই সকল গ্রহ ও নক্ষত্রাদি পূর্বোক্ত সিদ্ধান্তানুসারে প্রাকৃতেতর হন। পূতনা, তৃণাবর্ত্ত, অঘ, বক, বৎস প্রভৃতি দৈত্যগণ শ্রীভগবদ্ধ্যানপ্রভাবে শ্রীভগবৎ-স্বরূপ-ভূত তেজঃস্থানীয় নির্বিশেষব্রহ্মস্বরূপে বিলীন থাকে।

তত্তল্লীলাদর্শনাকাঙ্ক্ষ ভক্তগণের সুখার্থে শ্রীভগবদিচ্ছানুসারে তাহারা অপ্রাকৃতদেহে আবির্ভূত হইয়া সেই সেই লীলার সমাধান করে। লীলান্তে পুনর্ব্রহ্মসাযুজ্যসুখে নিমগ্ন থাকে। অন্যান্য বৈকুণ্ঠে তত্তদবতারলীলাসকলের সমাধান এই প্রকারেই জানিতে হইবে। পূর্বেই উক্ত হইয়াছে শ্রীবৈকুণ্ঠধাম সমূহের সকল বস্তুই শ্রীভগবৎস্বরূপের ঘনবৈচিত্র্যমাত্র, অতএব কেবল সত্ত্বামাত্রাত্মক ও ব্রহ্মানন্দবৈচিত্র্যমাত্রাত্মক হন।

শ্রীপরব্যোমাখ্য বৈকুণ্ঠধামসমূহে শ্রীভগবানের উক্তপ্রকার লীলাবলী বেদেরও অগোচর, অতএব স্বয়ং বেদ চিচ্ছক্ত্যাবিষ্কৃত বস্তুর বর্ণনে অসমর্থ হন, এবং এই সকল রূপ ও লীলাদি বেদের গোপনীয়ও

पने हेतुः। श्रुतिभिश्चैता व्यक्तं वर्णिताश्चेदभविष्यन्, तदा तास्ता निखिलजनैकव्यत्वेन परिगणिता अभविष्यन्. तदा प्रीतिविशेषाणां दैवासुरभावानां वा परीक्षाणां सम्भावना नास्थास्यत्।

श्रीभगवान् स्वांशपरमात्मद्वारेणानन्तकोटिब्रह्माण्डानां सृष्टि-पालन-संहारान् विदधाति। जीवेषु कृपैव तस्य विश्वसर्गादिषु मुख्यं कारणम्। विश्वपालनव्याजेन परमहंसमहामुनीनां क्षेमाय, भक्तश्रेष्ठेषु वात्सल्यात्तेषां प्रीतिपरीक्षणाय, तद्वर्द्धनाय, तदाश्रयप्रदानाय च, असमर्थजीवानामनायासेन संसृतिसागरोत्तारणार्थं च दैवासुरभावनिर्णयाय, आसुरस्वभावानां द्वेषादिवर्धनेन संहृतिच्छलान्मोक्षवितरणाय, सर्वेषां पुण्यवताञ्च धर्मविवृद्धये श्रीभगवांस्तास्ता लीला आविर्भावयति।

ये तु कृतपुण्यपुञ्जाः सुविज्ञा वैदिककर्मज्ञानमार्गावनादृत्य तत्तत्परिपूर्णतादृष्ट्या तत्तद्रूपगुणलीलादिषु परमानुरागिणो भवन्ति, तेषां प्रीतिरक्षणाय श्रीभगवान् स्वस्वरूपवैचित्र्यमयानि स्वीयधामान्याविष्कुर्वन् तांस्तानाश्रयान् प्रयच्छति। कथमेते विषया वेदगोचरा भवेयुः, गोचरेष्वपि तेषु ते कया प्रणाल्या व्यज्येरन्, अथ व्यक्तेषु वा केन प्रकारेण लोकानां प्रीतेः दैवासुरभावानां परीक्षणं सम्भवेत्। अतो विषया ह्येते वेदवाह्याः, आंशिकप्रतीतिविषयेष्वपि गोपनीया एव।

स्वयं भगवान् श्रीकृष्ण एव निखिलगुणैश्वर्य-माधुर्यपूर्णः। यद्यपि तस्य सर्वेष्वपि रूपेष्वखिलगुणैश्वर्यमाधुर्याणां परिपूर्णतास्ति, तथापि श्रीकृष्णादन्यत्र तेषां पूर्णप्रकाशो नास्ति। यद्यप्येकस्यैव स्वयं भगवतो नन्दनन्दनस्य सर्वाणि रूपाणि,

---

বটে। অধিকার পরীক্ষাই এই সঙ্গোপনের মুখ্য হেতু। যদি বেদ কর্তৃক এই সমুদয় সম্যগ্‌রূপে ব্যক্ত হইত, তাহা হইলে উহাতে সর্বব্যক্তির অধিকার রূপে পরিগণিত হইত, প্রীতির বা দৈবাসুর ভাবের পরীক্ষণ হইতে পারিত না।

শ্রীভগবান্ নিজাংশ পরমাত্মস্বরূপ দ্বারা অনন্তকোটি ব্রহ্মাণ্ডের সৃষ্টি-পালন-সংহার করিতেছেন; জীবগণের প্রতি কৃপাই বিশ্বসৃষ্ট্যাদিতে মুখ্য হেতু। এই বিশ্বের পালনচ্ছলে পরমহংস মহামুনিগণের মঙ্গলোদ্দেশে অন্তরঙ্গ ভক্তগণের প্রতি পরমবাৎসল্য গুণে, তাঁহাদের প্রীতির পরীক্ষা, বর্দ্ধন ও আশ্রয় দানের জন্য, অসমর্থ জীবগণের সুখে সংসার সাগর উত্তরণার্থ, দৈবাসুরভাব পরীক্ষাতে আসুরভাবপ্রাপ্ত জীবগণের দ্বেষভাববর্দ্ধন দ্বারা তৎসংহারপূর্বক মোক্ষদানার্থ এবং সর্ববিধ পুণ্যশীল ব্যক্তিগণের ধর্মবর্দ্ধনার্থ শ্রীভগবান্ উক্তরূপ লীলাদির আবিষ্কার করেন।

যে সকল কৃতপুণ্য সুবিজ্ঞ ব্যক্তিগণ বেদপ্রসিদ্ধ কর্মমার্গ ও জ্ঞানমার্গের অনাদর পূর্বক তত্তৎপরিপূর্ন দৃষ্টি দ্বারা সেই সেই রূপগুণলীলাদিতে পরমানুরাগী হন, তাঁহাদের প্রীতিরক্ষার্থে শ্রীভগবান নিজস্বরূপঘন-বৈচিত্র্যময় নিজধামসমূহের আবিষ্করণ পূর্বক তত্তদাশ্রয় প্রদান করিয়া থাকেন। এই সকল বিষয় কি প্রকারে বেদের গোচর হইতে পারে এবং গোচর হইলেও কিপ্রকারে ব্যক্ত করিতে পারেন, ব্যক্ত করিলেও কি প্রকারে প্রীতিপরীক্ষা ও দৈবাসুর-ভাবের নির্বাচন হয়? অতএব এই সকল বিষয় বেদের অগোচর, কিঞ্চিৎ গোচর হইলেও তাঁহাদের গোপনীয়।

শ্রীকৃষ্ণই স্বয়ং ভগবান্। সকল ঐশ্বর্য্যের ও সকল মাধুর্য্যের পরিপূর্ণতা শ্রীকৃষ্ণেই আছে। যদিও তাঁহার সকল রূপেই সর্ব গুণ, ঐশ্বর্য্য, মাধুর্য্যাদির পরিপূর্ণতা আছে, তথাপি শ্রীকৃষ্ণ ভিন্ন অন্য রূপ-সকলে তত্তদ্‌গুণাদির প্রাকট্য হয় না। কেবল শ্রীকৃষ্ণেই তত্তদ্‌গুণাদির পূর্ণ বিকাশ হয়। যদ্যপি একমাত্র স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণেরই সকলরূপ, তথাপি প্রকাশ তারতম্যে এইরূপ পার্থক্য হয়। যেরূপে

तथापि गुणादीनां प्रकाशतारतम्येनैवं भेदा जायन्ते। यस्मिन् स्वरूपे सर्वगुणैश्वर्य्यमाधुर्य्याणां सम्पूर्ण-प्रकाशो भवति, तदेव पूर्णरूपं स्वयंरूपं वोच्यते। तद्रूपादेवेतरेषां निखिलरूपाणां प्राकट्यं स्वीक्रियते यथा प्रदीपानां सर्वेषामभेदेऽपि एकस्मादेव मूल-दीपादन्येषां प्रकाशो भवेत्।

तस्य निखिलरूपाणां नित्यत्वेऽपि लीलाविशेषा-बिष्करणेन क्वचित् श्रीकृष्णस्वरूपे सर्वेषां रूपाणां प्रवेशः, पुनस्तस्मादेवाखिलरूपाविर्भावो जायेत। रासलीलायां महिष्युद्वाहे च श्रीकृष्णस्य बहुरूपप्राकट्य-मासीत्, अन्यदा त्वेकस्यैव प्रकाशो विद्यते। अत्र विश्वेषां रूपाणां यथा नित्यता स्वीकार्य्या, तथैव श्रीकृष्णरूपस्य प्राधान्यप्रदर्शनाय पूर्वोक्तप्रवेशप्रकाश-लीला-युगलं भवति। आभिर्लीलाभिर्न कस्यापि रूपस्यानित्यताशङ्का। परमेशे सर्वेषामेव सम्भा-वना। एवं परिकराणामपि स्व स्व प्रभुरूपे समय-विशेषे प्रवेशप्राकट्यादिकं भवति। एतदपि केवलं प्राधान्यप्रदर्शनाय, एतेन परिकराणां नानित्यता-प्रसङ्गः।

यथा वैकुण्ठे सर्वाणि बस्तूनि नित्यान्यपि भक्ते-च्छया तेषामाविर्भावतिरोभावौ भवेताम् तथैव प्रभु-रूपस्य प्राधान्यप्रदर्शनार्थं परिकराणां प्रभुरूपे प्रवेशः तस्मान्निर्गमश्च स्याताम्। ईदृश्या लीलया एक एव प्रभुर्निखिलपरिकररूपः सन् सर्वा लीलाः समादधाति इति प्रदर्श्यते। एवं श्रीकृष्णपरार्द्धर्य्यप्रदर्शनार्थं सर्वेषाञ्च रूपाणामेकत्वख्यापनाय च कदाचित् श्री-कृष्णरूपे सकलरूपाणां प्रवेशस्तस्मान्निर्गमश्च भवति। एवं प्रवेशकाले रूपान्तरोपासकाः श्रीकृष्णरूपमेव स्वीयोपास्यं पश्यन्ति, अतो निजनिजोपास्यरूपं सर्वमूलं स्वीकुर्वन्ति। भक्तवत्सलस्य भगवत इत्थं

সর্বগুণৈশ্বর্য্যমাধুর্য্যের পরিপূর্ণতা, সেইরূপই পূর্ণরূপ বা স্বয়ংরূপ। সেই রূপ হইতে অন্য সকল রূপের প্রকাশ স্বীকার করা হয়, যেমন প্রদীপগুলির কোন ভেদ না থাকিলেও এক প্রদীপ হইতে অন্য সকল প্রদীপের প্রকাশ হয়। যদিও তাঁহার সকল রূপই নিত্য, তথাপি লীলাবিশেষের আবিষ্করণার্থ কোন সময়ে শ্রীকৃষ্ণরূপেই সকল রূপের প্রবেশ, পুনঃ শ্রী-কৃষ্ণরূপ হইতেই সকল রূপের প্রকাশ হয়। রাস-লীলাতে ও মহিষীবিবাহকালে শ্রীকৃষ্ণের বহুরূপের প্রাকট্য হইয়াছিল; অন্য সময়ে একরূপ প্রকট থাকে। এ স্থলে সকল রূপেরই নিত্যতা স্বীকার করিতে হয়, সেই প্রকার শ্রীকৃষ্ণরূপের প্রাধান্য প্রদর্শন করিতে উক্তরূপ প্রবেশ ও প্রকাশরূপা লীলা হইতে থাকে। এইরূপ লীলা দ্বারা কোন রূপের অনিত্যতাশঙ্কা হইতে পারে না। যেহেতু পরমে-শ্বরে সকলই সম্ভব। এইরূপে পরিকরবৃন্দেরও নিজ নিজ প্রভুর রূপে সময় বিশেষে প্রবেশ ও প্রাকট্যাদি হয়। ইহাও প্রাধান্যপ্রদর্শনমাত্র। এতদ্ দ্বারাও পরিকরগণের অনিত্যতা হয় না।

যে প্রকার বৈকুণ্ঠধামে সকল বস্তু নিত্য হইলেও ভক্তেচ্ছানুসারে তাহাদের আবির্ভাব ও তিরোভাব হয়। সেইরূপ প্রভুরূপের প্রাধান্যপ্রদর্শনার্থ তৎ-পরিকররূপসমূহের প্রভুরূপে প্রবেশ ও তাহা হইতে আবির্ভাব হয়। এইরূপ লীলা দ্বারা একমাত্র প্রভুই সর্বপরিকররূপ হইয়া সকল লীলার সমাধান করিতেছেন, ইহাই প্রদর্শিত হয়। ঐরূপে শ্রীকৃষ্ণের প্রাধান্য প্রদর্শন নিমিত্ত এবং সর্বরূপের একরূপতা প্রদর্শনার্থ কদাচিৎ শ্রীকৃষ্ণরূপে সর্বরূপের প্রবেশ এবং পুনরায় তথা হইতে সর্বরূপের আবির্ভাব ঘটে। যে কালে শ্রীকৃষ্ণরূপে অন্য সর্বাবতাররূপের প্রবেশ হয়, তখন অন্যরূপের উপাসকগণ শ্রীকৃষ্ণরূপকেই নিজ নিজ উপাস্যরূপে দেখেন; অতএব নিজ নিজ উপাস্যরূপকেই সর্বমূলরূপে স্বীকার করেন, ভক্তবৎ-সল ভগবান্ এই প্রকারে সকল ভক্তের মনোরথ

भक्तमनोरथपूरणम्। तदा प्रभौ परिकररूपाणां प्रवेशो भवेत्, प्रकाशविशेषेण परिकराः प्राकट्यं लभन्ते। यतः सायुज्यं तेषामवाञ्छितम्। अनेन लीलाद्वयेन ऐकरूप्यं, प्रधानरूपत्वं, सर्वनित्यत्वञ्च प्रकटीकृतं भवेत्।

श्रीकृष्णावतारे श्रीगोकुललीलायामेव निखिलगुणैश्वर्य्यमाधुर्य्याणां परिपूर्णप्राकट्यं सम्पद्यते। अतएव परव्योमकमलकर्णिकायाः सर्वोद्र्ध्वभागे श्रीगोलोकवैकुण्ठस्य प्रकाशः, मथुरायां किञ्चिन्न्यून प्राकट्यं, द्वारकायाञ्च ततो न्यूनतराविर्भावः। तर्हि तत्तन्निम्ने तत्तद्धाम्नां प्राकट्यं भवति। भगवतो नरलीलामाधुर्य्यानुभवेऽनधिकारिणां केवलैश्वर्य्यमुख्यानां भक्तानां कृते अनुग्रहं प्रकाश्य श्रीद्वारकेशः श्रीकृष्ण एव परव्योमकमलकर्णिकामध्यस्थितनारायणाकारेण सुविराजते।

पुरुषोत्तमवैकुण्ठे द्वारकानाथव्यूहचतुष्टयस्यार्चावताररव्यूहानां प्राकट्यात्, श्रीरामे श्रीनृहरौ च श्रीनारायणात् अधिकमाहात्म्यप्रकाशात् एतद्वैकुण्ठत्रयं श्रीद्वारकेशनारायणयोर्मध्ये ऊर्द्धमुखदलत्रये प्रकटितमस्ति। श्रीनारायणविलासमूर्त्तित्वात् तत्समीपदलेषु चतुर्विंशतिसंख्यकानां मूर्त्तीनां वैकुण्ठानि विराजन्ते। श्रीनारायणान्न्यूनशक्तिप्राकट्यात् इतराणि वैकुण्ठानि दूरस्थदलेषु प्रकटितानि तिष्ठन्ति। श्रीनारायणवैकुण्ठात् अधोभागे कर्णिकायां श्रीशिववैकुण्ठदेवीवैकुण्ठे, देवीवैकुण्ठोर्द्ध्वकक्षायां श्रीगणेशावासः। श्रीदेवीवैकुण्ठाधोभागे श्रीब्रह्मवैकुण्ठं, तदधोऽधःकक्षासु क्रमेण सूर्य्यादिग्रह-इन्द्रादिदिक्पतिदेवोपदेवासुर-नागानामवस्थितिः। एते देवासुर—

পরিপূরণ করেন। যে কালে প্রভুরূপে পরিকররূপবৃন্দের প্রবেশ ঘটে, সে কালে প্রকাশ বিশেষে পরিকরবৃন্দ প্রাকট্য লাভ করেন যেহেতু সাযুজ্য লাভ তাঁহাদের বাঞ্ছিত হয় না। এই দ্বিবিধ লীলা দ্বারা একরূপতা, প্রধানরূপতা ও সর্বনিত্যতা প্রকটীকৃতা হয়।

শ্রীকৃষ্ণাবতারে গোকুললীলাতেই সর্বগুণের, সর্ব্বৈশ্বর্য্যের ও সর্বমাধুর্য্যের পরিপূর্ণ প্রাকট্য হয়, অতএব পরব্যোম-কমলকর্ণিকার সর্ব্বোপরিভাগে শ্রীগোলোকবৈকুণ্ঠের প্রকাশ হয়। মথুরাতে কিঞ্চিৎ ন্যূন এবং দ্বারকাতে আরও কিঞ্চিৎ ন্যূন প্রকাশ হয়। অতএব তত্তন্নিম্নে সেই সেই ধামের প্রাকট্য হয়। যে সকল ভক্ত নরলীলার মাধুর্য্যানুভবে অনধিকারী কেবল ঐশ্বর্য্যানুভূতি প্রধান, সেই সকল ভক্তের প্রতি অনুগ্রহ প্রকাশপূর্ব্বক শ্রীদ্বারকাবিহারী শ্রীকৃষ্ণই পরমব্যোম কমলকর্ণিকার মধ্যবর্ত্তী নারায়ণরূপে বিরাজিত থাকেন।

পুরুষোত্তম বৈকুণ্ঠে শ্রীদ্বারকানাথ চতুর্ব্যূহের অর্চাবতার চতুর্ব্যূহে প্রাকট্যবশতঃ, শ্রীরামে ও শ্রীনৃসিংহে শ্রীনারায়ণ হইতে অধিকমাহাত্ম্য প্রকাশিত থাকায় এই বৈকুণ্ঠত্রয়, শ্রীদ্বারকানাথ ও শ্রীনারায়ণের মধ্যে ঊর্দ্ধমুখ দলত্রয়ে প্রকটিত হন। শ্রীনারায়ণের বিলাসমূর্ত্তি হওয়ায় তৎসমীপস্থ দলসমূহে চতুর্বিংশতি মূর্ত্তির বৈকুণ্ঠসমূহ বিদ্যমান। শ্রীনারায়ণ অপেক্ষা ন্যূনশক্তির প্রাকট্য থাকায় অন্যান্য বৈকুণ্ঠসমূহ দূরবর্ত্তী দলসকলে প্রকটিত আছে।

শ্রীনারায়ণবৈকুণ্ঠের অধোভাগে কর্ণিকামধ্যে শ্রীশিববৈকুণ্ঠ ও শ্রীদেবীবৈকুণ্ঠ, দেবী বৈকুণ্ঠের ঊর্দ্ধকক্ষাতে গণেশের অবস্থিতি। শ্রীদেবীবৈকুণ্ঠের অধোভাগে শ্রীব্রহ্মবৈকুণ্ঠ, ব্রহ্মবৈকুণ্ঠের অধঃকক্ষাতে সূর্য্যাদি গ্রহগণের, তদধঃকক্ষাতে ইন্দ্রাদি দিক্পালগণের, তদধঃকক্ষাতে দেবগণের, তদধঃকক্ষাতে উপদেবগণের, তদধঃকক্ষাতে অসুরগণের এবং তদধঃকক্ষাতে নাগগণের অবস্থান হয়। এই দেব, অসুর ও নাগ সকল শ্রীভগবানের ভক্তাবতার, অনন্তকোটি ব্রহ্মাণ্ডগত দেবাসুরনাগগণের অন্তর্যামিস্বরূপ।

नागा भगवद्भक्तावतारा: अनन्तकोटिब्रह्माण्डस्थदेवासुरनागानामन्तर्यामिन: प्रतिवैकुण्ठे प्रकाशविशेषेण तत्तद्वैकुण्ठनाथानां स्तवने, तथा स्वस्वस्थानेषु तत्तच्छ्रवणकीर्त्तनध्यानादिषु तत्परास्तिष्ठन्ति। अतिसंक्षेपेण केवलदिग्दर्शनवत् परव्योमान्तर्गतवैकुण्ठधाम्ना परिचयो दत्त:। वर्णितवैकुण्ठानि तत्स्थपरिकरवस्तुलीलादीनि अनन्तप्रकाशै: प्राकट्यं लभन्ते। भक्तेच्छया च प्रतिक्षणं विविध-विचित्राकारान् दधति। सच्चिदानन्दविग्रह-श्रीभगवत्स्वरूपं सद्घनवैचित्र्यात्मकं भवति।

परव्योम्नो बहिर्विरजायां आविष्कृतचिच्छक्तिके भगवत्स्वरूपे अनन्तकोटिब्रह्माण्डानि भासमानानि विराजन्ते। एतानि ब्रह्माण्डानि मायिकाण्डानां आदर्शरूपाणि उद्भवलयरहितानि नित्यप्रकटितानि। एषु एकत्र युगपत् मायिकब्रह्माण्डानां सार्वदेशिकानां सार्वकालिकानां व्यापाराणां प्रदर्शनं भवति। अतएव ब्रह्माण्डानीमानि भगवत्स्वरूपघनवैचित्र्याणि एव।

विरजाबहिर्देशे भगवत्स्वरूपभूतं परव्योमवैकुण्ठधाम तेज:स्थानीयमन्तर्हितचिच्छक्तिकमप्रकाशितमायं श्रीभगवत्स्वरूपस्य निर्विशेषब्रह्माख्यं मायिकनिखिलवस्तूनां मूलभूतं तिष्ठति। निर्विशेषब्रह्मसायुज्यप्राप्तै र्मुक्तैरनुभूयते ज्ञानयोगसिद्धै:। तद्बहि: विश्वरूपध्यानयोगसिद्धा मायाधीश्वरं परमात्माख्यं भगवत्स्वरूपमनुभवन्ति। एतत् स्वरूपमेव कारणाब्धिशय इत्याख्यायते।

तद्बहि:कक्षायां मायाप्रकृत्यन्तर्यामिरोमकूपके अनन्तकोटिब्रह्माण्डधारकस्य प्रथममहापुरुषस्य श्रीकारणाब्धिशयस्य भगवदवतारस्य अनुभूतिपूर्वकं ध्यानं भवति। तद्बहि:कक्षायां तत्कर्तृकानन्तकोटिब्रह्माण्डस्य ध्यानं सम्भवेत्। तद्बहि:प्रकोष्ठे अस्मदादिचर्मनेत्रै: सौरजगत: सन्दर्शनं जायते। ते ते

ইহারা প্রত্যেক বৈকুণ্ঠে প্রকাশবিশেষে তত্তদ্বৈকুণ্ঠনাথের স্তুতিকার্যে নিযুক্ত থাকেন, এবং স্বস্থানে তত্তৎ শ্রবণকীর্ত্তনধ্যানাদিতে তৎপর থাকেন। অতিসংক্ষেপে কেবল দিগ্দর্শনবৎ পরব্যোম বৈকুণ্ঠধামান্তর্গত লোকসকলের বর্ণন করা হইল। বর্ণিত ধামসকল তদ্গত পরিকর-লীলা-বস্তু প্রভৃতি অনন্তপ্রকাশে প্রকাশ পান, এবং ভক্তেচ্ছানুসারে ক্ষণে ক্ষণে নানাবিচিত্রাকার ধারণ করেন এবং সচ্চিদানন্দঘনবিগ্রহ শ্রীভগবানের স্বরূপবৎ তদাত্মক হন।

শ্রীপরব্যোম বৈকুণ্ঠধামের বহিঃপ্রদেশে বিরজা সমুদ্রমধ্যে অর্থাৎ আবিষ্কৃতচিচ্ছক্তিক ভগবৎস্বরূপের মধ্যে অনন্তকোটি ব্রহ্মাণ্ড ভাসমান আছেন, এই সকল ব্রহ্মাণ্ড মায়িকব্রহ্মাণ্ড সমূহের আদর্শস্বরূপ, উৎপত্তি প্রলয়রহিত ও নিত্যপ্রকটিত। এই সকল ব্রহ্মাণ্ডমধ্যে একস্থানে এককালে মায়িক ব্রহ্মাণ্ডসকলের সার্বদেশিক ও সার্বকালিক ব্যাপারের প্রদর্শন হয়। অতএব এই সকল ব্রহ্মাণ্ডও শ্রীভগবৎস্বরূপের ঘনবৈচিত্র্যরূপ হয়।

বিরজা সমুদ্রের বহিঃপ্রদেশে শ্রীভগবৎস্বরূপভূত পরব্যোম বৈকুণ্ঠধামের তেজঃস্থানীয়, অন্তর্হিতচিচ্ছক্তিক অপ্রকাশিতমায়াশক্তিক কেবল শ্রীভগবৎস্বরূপের নির্বিশেষ ব্রহ্মাখ্যের মায়িক-সর্ববস্তুমূলভূত বস্তু নির্বিশেষব্রহ্মাভিন্নদর্শনসুখে নিমগ্ন, জ্ঞানযোগে সিদ্ধ, নির্বিশেষ ব্রহ্মে সাযুজ্যপ্রাপ্ত মুক্তগণ কর্ত্তৃক অনুভূত হইয়া থাকে। তদ্বহিঃপ্রদেশে বিশ্বরূপধ্যানযোগে সিদ্ধগণ কর্ত্তৃক মায়াশক্তির অধীশ্বর পরমাত্মাখ্য শ্রীভগবৎস্বরূপের অনুভব হয়। এই স্বরূপই কারণাব্ধিশায়ী নামে খ্যাত।

তদ্বহিঃ কক্ষাতে তৎকর্ত্তৃক মায়াখ্যা প্রকৃতির অন্তর্যামীর এক এক রোমকূপে অনন্তকোটি ব্রহ্মাণ্ডধারক প্রথম মহাপুরুষ শ্রীভগবদবতার শ্রীকারণাব্ধিশায়ীর অনুভবপূর্বক ধ্যান হয়। তদ্বহিঃ কক্ষাতে

प्रदेशाः कक्षाः वा तत्तन्नाम्ना प्रसिद्धा अपि, न हि वास्तवास्तादृशाः। केवलमधिकारिविशेषाणां योग्यताभेदादनुभववैचित्र्यस्य मर्य्यादा वर्ण्यते।

दुर्बलचित्ता चर्मचक्षुषा केवलं सौरविश्वं पश्यन्ति, न तदन्यत् किमपि। ध्यानयोगिनस्तदन्तरनन्तकोटिब्रह्माण्डानां तदन्तर्गततदाधारमहापुरुषस्य तदन्तश्च मायाप्रेरकतत्स्वरूपस्य च ध्यानलोचनेनानुभवं बिन्दन्ते। ज्ञानयोगिनश्च ज्ञाननेत्रेण तदभ्यन्तरस्थं मायातत्कार्य्यब्रह्माण्डसमूहानां मूलं सर्वजीवपरमस्वरूपं निर्विशेषपरब्रह्मानुभवन्ति। भक्ताः प्रेमाञ्जनच्छुरितलोचनेन तदन्तश्चिच्छक्त्याश्रयं श्रीभगवत्स्वरूपमनु भवन्ति तदन्तरे श्रीभगवत्स्वरूपघनवैचित्र्यमयाणां निखिलवस्तुरसलीलावैदग्ध्यानां सत्तां जानन्ति।

भगवान् श्रीकृष्ण एव स्वयं सम्राट्स्थानीयः। तस्यानन्तकोटिशक्तयः साम्राज्यस्थानीयाः, तत्र जीवा हि प्रजाः। जीवा द्विविधाः—मुक्ता बद्धाश्च। श्रीभगवदनुशीलका हि मुक्ताः, विषयानुशीलिनश्च बद्धा उच्यन्ते। अनन्तशक्त्याश्रयस्य पूर्णकामस्य भगवतो यद्यपि शक्तिप्राकट्ये निमित्तं नोपलभ्यते, तथापि मत्तनृत्यवत् शक्तीनां प्रकाशः स्वयमेव भवति। श्रीभगवतस्तत्परिकर-जीवानाञ्चान्योन्यप्रीतिप्राकट्यमेवात्रान्यतमं कारणम्।

अप्राकृतचित्तव्यापारसामर्थ्यं हि शक्तिरुच्यते। सा शक्तिः एकरूपापि अनन्तभेदाप्ता। तत्र मुख्या एव कथ्यन्ते—स्वरूपान्तर्भूता अपरिच्छिन्ना शक्तिरेव चित्। सर्वाश्रयं सर्वद्रष्टृ, सर्वप्रेरकं मूलभूतञ्च वस्तु स्वरूपमुच्यते। तदीया चिच्छक्तिर्द्दश्या प्रेर्य्या

তৎকর্তৃক অনন্তকোটি ব্রহ্মাণ্ডের ধ্যান হয়। তাহার বহির্দেশে অস্মদাদিকর্তৃক চর্মনেত্রদ্বারা সৌরজগতের সন্দর্শন হয়। উক্ত স্থানসমূহ প্রদেশ বা কক্ষা নামে খ্যাত হইলেও প্রকৃতপক্ষে প্রদেশ বা কক্ষা নহে। কেবল অধিকারবিশেষের যোগ্যতাভেদে অনুভবভেদের মর্য্যাদামাত্র হয়। সেই অনুভব মর্য্যাদার বর্ণন করা হইতেছে।

দুর্বলচিত্ত ব্যক্তিগণ চর্মনেত্রদ্বারা কেবল সৌরবিশ্বের সন্দর্শন করেন, তদতিরিক্ত বস্তুর অনুভব করিতে পারে না। ধ্যানযোগসিদ্ধগণ তদভ্যন্তরে অনন্তকোটি ব্রহ্মাণ্ডের, তদভ্যন্তরে তদাধারভূত মহাপুরুষের এবং তদভ্যন্তরে মায়াপ্রেরক তৎস্বরূপের ধ্যাননেত্রে অনুভব করেন। জ্ঞানযোগে সিদ্ধগণ জ্ঞাননেত্র দ্বারা তদভ্যন্তরে মায়া ও তৎকার্য্য ব্রহ্মাণ্ডসমূহের মূলাশ্রয়, সর্বজীবের পরমস্বরূপ নির্বিশেষ পরব্রহ্মানুভব করেন। ভক্তিযোগে সিদ্ধগণ প্রেমনয়নে তদভ্যন্তরে চিচ্ছক্ত্যাশ্রয় শ্রীভগবৎস্বরূপের অনুভূতি প্রাপ্ত হন। তদভ্যন্তরে শ্রীভগবৎস্বরূপের ঘনবৈচিত্র্যময় সর্ববস্তু, সর্বরস ও সর্বলীলাদির সত্তানুভব করেন।

শ্রীভগবান্ শ্রীকৃষ্ণ স্বয়ং সম্রাটস্থানীয়, তদীয় অনন্তকোটিশক্তি সাম্রাজ্যস্থানীয়, তথায় জীবগণই প্রজা। মুক্ত ও বদ্ধ ভেদে জীবগণ দ্বিবিধ। শ্রীভগবদনুশীলনপরায়ণ জীবকুল মুক্তপর্য্যায়ে কথিত হন এবং বিষয়ানুশীলনপর জীবগণ বদ্ধসংজ্ঞা লাভ করেন। যদিও অনন্তশক্ত্যাশ্রয় পূর্ণকাম শ্রীভগবানের শক্তি প্রাকট্যের প্রয়োজন নাই, তথাপি মত্তের নর্ত্তনবৎ স্বয়ং শক্তিসকলের প্রাকট্য হইয়া থাকে। শ্রীভগবান্ ও তৎপরিকর জীবনিচয়ের পরস্পর প্রীতিপ্রাকট্যই উক্তবিষয়ে অন্যতম কারণ।

অপ্রাকৃতচিত্তের ব্যাপাররূপ সামর্থ্যকে শক্তি বলা হয়। সেই শক্তি একরূপা হইয়াও অনন্তকোটি ভেদযুক্তা হন। তন্মধ্যে মুখ্যশক্তিসকল কথিত হইতেছে। স্বরূপান্তর্ভূতা অপরিচ্ছিন্না শক্তিকে চিচ্ছক্তি বলা হয়। যে বস্তু সর্বাশ্রয় অর্থাৎ সর্ববস্তুর দ্রষ্টা, প্রেরক ও মূলভূত সেই বস্তুর নাম

आश्रिता, अतो गुणरूपापि अपरिच्छिन्नतया स्वरूपान्तर्मूता। अतः सा स्वरूपमाधुर्य्यरूपा। तर्हि सा च स्वरूपवैचित्र्यभवनसामर्थ्यरूपा एव। निर्विकारं निखिलदेशकालवस्तुरूपभवनमेव स्वरूपवैचित्र्यभवनमुच्यते। अतएव या शक्तिः स्वरूपसत्ताघनवैचित्र्यमनुभावयन्ती अपरिच्छिन्नाखिलवस्तुरसलीलासत्तावैचित्र्यं बोधगोचरीकरोति, सैव चिच्छक्तिः। अनयैव परव्योमाभिधेयवैकुण्ठधाम्नः तत्पति परिकराणां प्रकटनं भवति। इदमेव प्राग् वर्णितं नित्यध्यानम्।

सा शक्ति स्वरूपाद्बहिर्गता सती देशकालवस्तुधर्म परिच्छिन्ना भवन्ती मायाख्यया प्रसिद्धिं प्राप्नोति। अतो मायाशक्तिर्गुणो धर्मो वोच्यते। गुणोद्भावनतद्घनवैचित्रीकरणपूर्विका देशकालवस्तुधर्मपरिच्छिन्ना अनन्तब्रह्माण्डतद्गतवस्तूनां भवस्थाननिरोधकारिणी शक्तिर्हि मायाशक्तिः। इदमेवानित्यध्यानं प्राग् वर्णितम्।

अगण्यचित्परमानुपुञ्जरूपा आश्रित द्रष्टृ समष्टिरेव जीवशक्तिः। एते जीवा भगवच्छक्तिमयसाम्राज्यस्य प्रजाः, प्रोक्तविधया बद्धत्वमुक्तत्वे द्विप्रकाराः। भगवदनुशीलननिष्ठेषु चिच्छक्त्या प्रसादः प्रकाश्यते। तर्हि चिच्छक्तिरनुग्रहात्मिका शक्तिः। मायाशक्त्या च विषयिनां जीवानां शासनं भवति, अतो मायाशक्तिः शासनात्मिका शक्तिरभिधीयते। चिच्छक्तिविलासः परव्योम अन्तरङ्गशक्तिप्रकाशितत्वादन्तरङ्गं सन्निकृष्टसाम्राज्यतुलां वहति, अन्तरङ्गानुग्रहव्यापारत्वादपरिच्छिन्नम् च भवति। मायाशक्तिकार्य्याणि ब्रह्माण्डाणि बहिरङ्गशक्तिप्रकाशितानि,

---

স্বরূপ। তদীয়া চিচ্ছক্তি দৃশ্যা, প্রের্য্যা, আশ্রিতা বলিয়া গুণরূপা হইলেও অপরিচ্ছিন্না বলিয়া স্বরূপের অন্তর্ভূতা, অতএব ঐ শক্তি স্বরূপমাধুর্য্যময়ী। অতএব তাহা স্বরূপবৈচিত্রীভবনসামর্থ্যরূপা। অবিকৃতভাবে সর্ব্বদেশে সর্বকালে সর্ববস্তুতা-ভবনকে বৈচিত্রীভবন বলা হয়। অতএব স্বরূপসত্তাঘনবৈচিত্র্যের অনুভবপূর্বক অপরিচ্ছিন্ন সর্ববস্তু, সর্বরস, সর্বলীলাদির সত্তাবৈচিত্রীর অনুভূতি শক্তিকে চিচ্ছক্তি নামে অভিহিত করা হয়। এই শক্তি দ্বারাই পূর্বোক্ত পরব্যোমাখ্য বৈকুণ্ঠধামের তৎপতি ও তৎপরিকরবর্গের প্রাকট্য হয়। ইহাকেই পূর্ব্বে নিত্যধ্যান বলা হইয়াছে।

সেই শক্তি স্বরূপ হইতে বহিষ্কৃতা হইয়া দেশ, কাল, বস্তুধর্ম্মদ্বারা পরিচ্ছিন্না হইলে তাহাকে মায়াশক্তি বলা হয়, এই হেতু মায়াশক্তিকে গুণ বা ধর্ম্ম বলা যায়। অতএব গুণোদ্ভাবন তদ্ঘনবৈচিত্রীকরণপূর্বিকা দেশকালবস্তুধর্ম্মপরিচ্ছিন্না অনন্তকোটি ব্রহ্মাণ্ডের উৎপত্তি, স্থিতি ও সংহার কারিনী শক্তিকেই মায়াশক্তি বলা হয়, ইহা দ্বারাই ব্রহ্মাণ্ডসমূহের জন্মাদি নির্বাহিত হয়। ইহাকেই পূর্বে অনিত্যধ্যান বলা হইয়াছে।

অনন্তকোটি চিৎপরমাণু-পুঞ্জরূপ আশ্রিত দ্রষ্টৃ-সমষ্টিকে জীবশক্তি বলা হয়। এই সকল জীবই শ্রী ভগবচ্ছক্তিময় সাম্রাজ্যের প্রজাস্থানীয় এবং পূর্বোক্ত প্রকারে বদ্ধমুক্তভেদে দ্বিবিধ হন। শ্রীভগবদনুশীলনপরায়ণ জীব সকলের প্রতি চিচ্ছক্তি দ্বারা অনুগ্রহ প্রকাশ করা হয়, অতএব চিচ্ছক্তি অনুগ্রহাত্মিকা। বিষয়াভিনিবিষ্ট জীবসকলের প্রতি মায়া শক্তি দ্বারা শাসন করা হয়, এই হেতু মায়াশক্তিকে শাসনাত্মিকা শক্তি বলা হয়। চিচ্ছক্তির বিলাস পরব্যোম বৈকুণ্ঠধাম অন্তরঙ্গা শক্তিকর্তৃক প্রকাশিত হওয়ায় অন্তরঙ্গত্বহেতু সমীপবর্ত্তি সাম্রাজ্যের তুল্য। মায়াশক্তির কার্য্য ব্রহ্মাণ্ডসমূহ বহিরঙ্গা শক্তিকর্তৃক প্রকাশিত হওয়ায় বহিরঙ্গহেতু দূরবর্ত্তি সাম্রাজ্যের তুল্য, এবং বহিরঙ্গ শাসনময় ব্যাপার হওয়ায় পরিচ্ছিন্ন। যেরূপ পিতা, মাতা, স্ত্রী, পুত্র,

अतो बहिरङ्गत्वात् विप्रकृष्टसाम्राज्यतुलां दधाति, बहिरङ्गशासनव्यापारत्वात् परिच्छिन्नानि। यथा मातापितृपत्नीपुत्रमित्रभृत्येषु स्निग्धव्यवहारः सार्वकालिकः दण्ड्यप्रजासु शासनव्यवहारस्तु क्षणिकः (नैमित्तिकः)।

यया शक्त्या चिद्वस्तुषु मायाकार्य्येषु च आविर्भावतिरोधानवैचित्री जायते, सा लीला-शक्तिः। जीवेषु धर्मरूपेण अवस्थिता शक्तिः धर्मशक्तिः। यस्याः प्रभावेण यथाकालं यथायथं मायाकार्य्यं निर्वाह्यते सा कालशक्तिः। यया स्वरूपाभिन्ना माया विश्वाकारेण परिणम्यते सा परिणमनशक्तिः। अनन्तब्रह्माण्डधारिका हि आधारशक्तिः, कर्त्तव्यज्ञातव्यबोधकशास्त्रवचनमादेशशक्तिः, जीव मायादिप्रेरणी अन्तर्यामित्वशक्तिः, जीवविशेषेषु स्वशक्त्यर्पणी शक्तिः प्रदानशक्तिः, निजनिखिलशक्त्याश्रयत्वानुभूतिकारिणी स्वसत्तानुभवशक्तिः। एवं मुख्या द्वादशशक्तयो निगदिताः श्रीभगवतोऽनन्तशक्तयो भवन्ति।

प्रेमिकजीवानां प्रेममयमनोरथपूरणं हि भक्तवत्सलस्य भगवतोऽन्तरङ्गप्रेममयलीला। केचिद्भक्ता विशुद्धपतित्वे, केचित् पुत्रत्वे, अन्ये मित्रत्वे, इतरे च लौकिकप्रभुत्वे भगवन्सेवनेच्छवो भवन्ति। भक्तवत्सलो भगवान् तत्तद्भावप्रेमवशः यथायुक्तां सेवामङ्गीकरोति। गोकुले श्रीव्रजेन्द्रनन्दनत्व प्रकाशकात् श्रीकृष्णादन्यत्र एवं भक्तवात्सल्यप्रेमवश्यतयोः प्राकट्यं नास्ति। अतः श्रीकृष्ण एव स्वयं भगवान्।

भगवत्प्रेमतारतम्येन तद्गुणाविर्भावतारतम्यं भवति। गोकुलनिवासिनां प्रेमा विशुद्धपतिपुत्रभावमयः, यतस्त ऐश्वर्य्यादभीताः शुद्धमाधुर्य्यनिष्ठाः।

মিত্র ও ভৃত্যগণের সহিত যে স্নেহময় ব্যবহার তাহা নির্দ্দিষ্ট সময়েই হয়।

যে শক্তি দ্বারা চিদাবিষ্কৃত বস্তুসকলের স্বরূপমধ্যে ও মায়াশক্তি কার্য্য ব্রহ্মাণ্ডমধ্যে আবির্ভাব-তিরোভাবাদি বৈচিত্র্য ঘটে, সেই শক্তিকে লীলা-শক্তি বলা হয়। যে শক্তি জীবসকলে ধর্মরূপে অবস্থান করে, তাহাকে ধর্মশক্তি বলা হয়। যে শক্তিবলে যথাকালে যথাবৎ মায়াশক্তির কার্য্যাবলী নির্ব্বাহিত হয়, সেই শক্তিকে কাল শক্তি বলা যায়। যে শক্তি দ্বারা স্বরূপাভিন্না মায়াশক্তিকে বিশ্বাকারে পরিণমন করা হয়, সেই শক্তিকে পরিণমন শক্তি বলে। যে শক্তি দ্বারা অনন্তকোটি ব্রহ্মাণ্ডের ধারণ সংঘটিত হয়, তাহাকে আধার-শক্তি বলা হয় কর্ত্তব্য ও জ্ঞাতব্য বোধক শাস্ত্রবাক্য আদেশশক্তি নামে কথিত। শ্রীভগবানের যে শক্তি দ্বারা জীব ও মায়াদি শক্তিসকল প্রেরিত হয়, তাহাকে অন্তর্যামিত্বশক্তি বলা হয়। যে শক্তি দ্বারা জীববিশেষে স্বশক্তিবিশেষের অর্পণ করা হয়, তাহাকে প্রদান শক্তি বলা যায়। যে শক্তি দ্বারা স্বকীয় সর্বশক্ত্যাশ্রয়ত্বের অনুভব হয়, তাহাকে স্বসত্তানুভবশক্তি বলা হয়। মুখ্যা দ্বাদশশক্তির বিষয় বলা হইল। শ্রীভগবানের শক্তি অনন্ত।

প্রেমিক ভক্ত জীবগণের প্রেমময় মনোরথ পূরণই ভক্তবৎসল শ্রীভগবানের অন্তরঙ্গ প্রীতিময় নিত্য-কার্য্য। কোন প্রেমিক ভক্ত বিশুদ্ধ পতিভাবে, কোন প্রেমিক ভক্ত বিশুদ্ধ পুত্রভাবে, কোন প্রেমিক ভক্ত বিশুদ্ধ মিত্রভাবে, কোন ভক্ত লৌকিক প্রভুভাবে শ্রীভগবানের সেবাবাঞ্ছা করেন। ভক্তবৎসল শ্রীভগবান্ প্রেমে বশীভূত হইয়া তত্তদ্ভাবানুসারে সেবা গ্রহণ করেন। গোকুলে শ্রীব্রজেন্দ্রনন্দনত্ব প্রকটকারী শ্রীকৃষ্ণ ব্যতীত অন্যত্র এইরূপ ভক্তবাৎসল্য ও প্রেমবশ্যতার প্রাকট্য নাই, অতএব শ্রীকৃষ্ণই স্বয়ং ভগবান্।

ভক্তগণের প্রেমতারতম্যেই শ্রীভগবানের গুণাবির্ভাবে তারতম্য হয়। গোকুলবাসিগণের প্রেম বিশুদ্ধ পতিপুত্রাদি ভাবময়, যেহেতু ব্রজবাসীগণ

श्रीमूर्त्तेस्तद्गुणलीलादीनां मनोमोहकरत्वमेव माधुर्य्यमुच्यते। तन्माधुर्य्यानुभवेनैव पतिपुत्रादिभावानां विशुद्धता जायते। एतेनैव विशुद्धभावेन भक्तवत्सलो भगवान् वशम् आपद्यते। ऐश्वर्य्यं हि पारमेश्वरः प्रभावः। ऐश्वर्य्यानुभवेन विशुद्धपतिपुत्रादिभावः सङ्कुचति।

व्रजवासिनामैश्वर्य्यानुभवे सत्यपि माधुर्य्यप्राबल्येन तस्य दुर्बलता जायते। अतो गोकुले एव श्रीकृष्णस्य सर्व्वतोभावेन परिपूर्णतया पूर्णतमत्वम्। माथुरभक्तानां तु ऐश्वर्य्यानुभवाधिक्यान्माधुर्य्यं किञ्चिदूनं भवति। अतो मथुरायां तस्य गुणानामपूर्णतया पूर्णतरता। द्वारकावासिनाञ्च अधिकतरैश्वर्य्यानुभवाद्धेतोर्माधुर्य्योपलम्भस्य ह्रासो भवति। अतो द्वारकायां तद्गुणानामल्पप्रकाशात् तस्य पूर्णतामात्रम्। सर्वदेशेषु श्रीकृष्णस्य ऐश्वर्य्यमात्रनिष्ठानां भक्तानामनुग्रहाय श्रीकृष्णः परव्योम्नि नारायणरूपेणोपास्यः। सुदूरत्वात् देशान्तरस्थानां श्रीभगवतो माधुर्य्यानुभवो न सम्भवेत। स्वल्पे वृत्तेऽपि ऐश्वर्य्येण शिथिलो भवति। तत्तद्देशभक्तानां प्रेमदौर्बल्यादवतारान्तरेषु कतिपयगुणानां स्वल्पप्रकाशः सम्भवति, तत्तद्रूपावतारास्तेषामुपास्याः। अतएव गोकुले गूढ़ैश्वर्य्यपूर्णोऽपि श्रीकृष्णो माधुर्य्यप्रधानः, नारायणवैकुण्ठे तु नारायणरूपी श्रीकृष्ण ऐश्वर्य्यप्रधानः।

भगवान् श्रीकृष्णः श्रीराम-नृसिंहादिरूपेण तत्तत्कालीनभक्तानां प्रेमानुसारेण तत्तत्कार्य्यनिर्वाहानुरोधाच्च शक्त्यंशं प्रकाशयति, न तु पूर्णशक्तिम्। वलभद्ररुद्र-चतुराननादिरूपेण भक्तभावमात्रमनु-

---

ঐশ্বর্য্যে ভীত না হইয়া কেবল মাধুর্য্যনিষ্ঠ। শ্রীমূর্ত্তির ও তদ্‌গুণলীলাদির মনোমোহনত্বকেই মাধুর্য্য বলা হয়। সেই মাধুর্য্যগুণের অনুভব দ্বারাই পতিপুত্রাদিভাবের বিশুদ্ধতা হয়। এই বিশুদ্ধ ভাব দ্বারাই ভক্তবৎসল শ্রীভগবান্ বশীভূত হন। পরমেশত্বরূপ প্রভাবকে ঐশ্বর্য বলা হয়। ঐশ্বর্যের অনুভবে বিশুদ্ধ পতিপুত্রাদিভাব সঙ্কুচিত হয়।

ব্রজবাসীগণের ঐশ্বর্য্যানুভব মাধুর্য্যানুভূতি দ্বারা দুর্বল হইয়া থাকে। অতএব গোকুলেই শ্রীকৃষ্ণের সর্বগুণের পরিপূর্ণতাহেতু শ্রীকৃষ্ণ তথায় পূর্ণতম। মথুরাবাসী ভক্তগণের ঐশ্বর্য্যানুভবের আধিক্যহেতু মাধুর্য্যানুভূতি কিয়ৎপরিমাণে হ্রাস পায়, অতএব তথায় শ্রীকৃষ্ণের সর্বগুণের সর্বতোভাবে পূর্ণতার হানি হওয়ায় শ্রীকৃষ্ণের পূর্ণতরতা হয়। দ্বারকানিবাসী ভক্তগণের মথুরা অপেক্ষাও অধিক ঐশ্বর্য্যানুভব হওয়ায় মাধুর্য্যের অনুভূতি অত্যল্প, এইজন্য তথায় গুণসকলের অল্পপ্রকাশ থাকায় তাঁহার পূর্ণতামাত্র হয়। যে সকল ভক্ত শ্রীকৃষ্ণের কেবল ঐশ্বর্য্যে নিষ্ঠাবান্ হন, তাঁহাদের প্রতি অনুগ্রহার্থ শ্রীকৃষ্ণই শ্রীনারায়ণ বৈকুণ্ঠে শ্রীনারায়ণরূপে উপাস্য হন। দূরবর্ত্তিতা হেতু অন্যদেশীয় ভক্তগণের মাধুর্য্যগুণের অনুভব হইতে পারে না, কিঞ্চিৎ পরিমাণে হইলেও ঐশ্বর্যাপ্রকাশে ঐ অনুভূতি হ্রাস পায়। তত্তৎস্থানীয় ভক্তগণের প্রেমদৌর্বল্যহেতু অন্যাবতারসমূহে কোন কোন গুণের অল্পমাত্র প্রকাশিত হয়, এবং সেই সেই রূপ তাঁহাদের উপাস্য হন। অতএব গোকুলে শ্রীকৃষ্ণ গূঢ়ৈশ্বর্যপূর্ণ হইলেও মাধুর্য্যপ্রধান, মথুরা ও দ্বারকাতে তারতম্যক্রমে ঐশ্বর্য্য মাধুর্য্য প্রধান হন। শ্রীনারায়ণবৈকুণ্ঠে শ্রীকৃষ্ণ শ্রীনারায়ণ রূপে কেবল ঐশ্বর্য্যপ্রধান হন।

ভগবান্ শ্রীকৃষ্ণ শ্রীরামনৃসিংহাদিরূপে তত্তৎকালীন ভক্তগণের প্রেমানুসারে এবং তত্তৎকার্য্যনির্বাহের অনুরোধে শক্ত্যংশমাত্র প্রকাশ করেন, পূর্ণশক্তি প্রকট করেন না। বলভদ্র, রুদ্র ও চতুরাননাদিরূপে কেবল ভক্তভাবের অনুকরণ করেন, নিজৈশ্বর্য্য প্রকাশ করেন না। লোকশিক্ষা ও

करोति, निजैश्वर्य्यं न प्रकाशते। लोकशिक्षा लोकप्रवर्त्तनञ्च एतल्लीलायाः कारणं भवति। शक्त्यावेशावतारतयापि श्रीभगवान् भक्तानुग्रहपरो भवति। ये ये भक्ताः तस्य यस्य यस्य रूपस्योपासका भवन्ति, ते ते तत्तद्रूपेण भगवन्तं प्राप्नुवन्ति।

ये भक्ता भागवत—गुणावतारबुद्ध्या श्रीशिवम् श्रीब्रह्माणं चोपासते, श्रीशक्त्यावेशावतारमत्या दुर्गा-गणेश-सूर्यान् आराधयन्ति, भगवद्विभूतिधिषणया ग्रह-दिक्पालादिदेवान् यजन्ति, ते भक्ता वैकुण्ठे तत्तद्रूपेण भगवन्तं लभन्ते। ये ये देवासुर-नागादयो भगवत्स्तबादिपरायणा भवन्ति ते ते देवादयः स्वस्वरूपेण वैकुण्ठे बसन्ति। श्रीवैकुण्ठ-धाम्नि श्रीभगवत्स्वरूपादितर-वस्त्वस्तित्वाभावात् ते तत्तदाकार-प्रकटितभगवत्-स्वरूपे एव सायुज्यं प्राप्यावतिष्ठन्ते।

ये विवेकिनः श्रीभगवद्विग्रहे प्रीतिहीना मायाशक्तितत्कार्य्यमूलं परब्रह्माख्यं निर्विशेषभगवत्-स्वरूपं उपासते, तेषामनुभवमार्गे श्रीभगवान् केवलं चिन्मात्रसत्तारूपेण अनुभूयते, ते जीवाः विरजाया वहिर्वैकुण्ठकिरण-स्थानीये अनाविष्कृतशक्तिके केवलं चिन्मात्रसत्तात्मके भगवत्-स्वरूपे निर्बाणमधिगच्छन्ति।

ये विवेकध्यानशीलाः प्राग्वत् प्रीतिशून्याः केवलं भगवन्मायाशक्तिप्रेरकपरमात्मनः अथवा मायादर्शकमहापुरुषस्य अनुभूतिसहितां उपासनां विदधति, भगवानपि तत्तद्रूपेण तेषामुपास्यो भवति, ते चानाविष्कृतमायाशक्तिकपरमात्मस्वरूपे आविष्कृत-माय-महापुरुष-स्वरूपे अनन्तब्रह्माण्डमयलोमकूप-विवरेषु लीनास्तिष्ठन्ति, अनासक्ताश्च ब्रह्माण्डेषु विचरन्ति। विषयिणो जीवा ब्रह्माण्डेषु सौरजगत्सु च

লোকপ্রবৃত্তি এই লীলার কারণ। শক্ত্যাবেশাবতাররূপেও শ্রীভগবান্ ভক্তানুগ্রহপরায়ণ হন। যে যে ভক্ত যে যে রূপের উপাসক, ভগবান্ সেই সেই ভক্তের নিকট তত্তদ্রূপের প্রকট করেন।

যে সকল ভক্ত শ্রীভগবদ্ভক্ত ও গুণাবতার বুদ্ধিতে শ্রীশিব ও ব্রহ্মার উপাসনা করেন, শ্রীভগবানের শক্ত্যাবেশাবতার বুদ্ধিতে দেবী, গণেশ ও সূর্য্যের আরাধনা করেন, শ্রীভগবদ্বিভূতি বুদ্ধিতে গ্রহ, দিক্‌পাল প্রভৃতি দেবগণের উপাসক হন, সেই সেই ভক্ত বৈকুণ্ঠে তত্তদ্রূপে শ্রীভগবানকে লাভ করেন। যে সকল দেব, অসুর নাগ প্রভৃতি শ্রীভগবানের স্তবাদিতে প্রযত্নপর হন, তাঁহারা নিজ নিজ রূপে বৈকুণ্ঠে বাস করেন। শ্রীবৈকুণ্ঠধামে শ্রীভগবৎস্বরূপ ভিন্ন অন্য বস্তুর অসদ্ভাবহেতু তত্তদাকারে প্রকটিত শ্রীভগবৎস্বরূপেই সাযুজ্যলাভ করিয়া অবস্থিতি করেন।

বিবেকমাত্রনিষ্ঠ যে সকল ব্যক্তি শ্রীভগবদ্বিগ্রহে প্রীতিবিহীন হইয়া মায়াশক্তি ও মায়িক বস্তুসকলের মূলরূপে পরব্রহ্মাখ্য নির্বিশেষ শ্রীভগবৎস্বরূপের উপাসক হন, তাঁহাদের অনুভবমার্গে শ্রীভগবান্ কেবল চিন্মাত্রসত্তারূপে আবির্ভূত হন। ঐ সকল জীব বিরজা-সমুদ্রের বহিঃপ্রদেশে বৈকুণ্ঠের কিরণস্থানীয়ে অনাবিষ্কৃতশক্তিক কেবল চিন্মাত্র-সত্তাত্মক শ্রীভগবৎস্বরূপে বিলয় প্রাপ্ত হন।

যে সকল বিবেক ধ্যানপর ব্যক্তি পূর্ব্ববৎ প্রীতিহীন হইয়া কেবল শ্রীভগবানের মায়াশক্তিপ্রেরকত্বরূপ পরমাত্মত্বের বা মায়াশক্তির দ্রষ্টৃত্বরূপ মহাপুরুষত্বের অনুভবপূর্ব্বক উপাসনা করেন, শ্রীভগবান্ তত্তদ্রূপে তাঁহাদের উপাস্য হন, এবং তাঁহারা অনাবিষ্কৃত-মায়াশক্তিক পরমাত্মস্বরূপে অথবা আবিষ্কৃত-মায়াশক্তিক মহাপুরুষ স্বরূপে তাঁহার অনন্তকোটি লোমকূপবিবরে বিলয় প্রাপ্ত হন এবং অনাসক্তভাবে ব্রহ্মাণ্ডে বিচরণ করেন। যে সকল জীব বিষয়ানুশীলনপর, তাঁহারা ব্রহ্মাণ্ডমধ্যে ও সৌর বিশ্বাভ্য-

সংসৃতিক্লেশং ভুঞ্জতে। যতঃ তত্রত্যানি সুখানি ক্ষণিকানি দুঃখমিশ্রত্বাদ্দুঃখরূপাণ্যেব।

অথ শ্রীবিগ্রহে আদরানাদরাভ্যাং দৈবাসুরভাবয়োর্নির্ণয়ঃ। প্রোক্তশ্রীভগবন্মূর্ত্তিষু ভক্তিরেব দৈবভাবঃ, দ্বেষশ্চাসুরভাবঃ। যে ভক্তা শ্রীভগবচ্ছ্রীমূর্ত্তিমাধুর্য্যেণ বশীভূতাস্তেন সমং দৈহিকসম্বন্ধং স্থাপয়ন্তি তে বিবেকবৈরাগ্যযোগাদ্যভ্যাসপরা অপি দেবদেবব্রহ্মাদীনামপি পূজ্যা ভবন্তি, অতো পরমহংসমহামুনীনাং পরমাচার্য্যপূজ্যপাদকমলঃ শ্রীচতুর্বদনো ব্রজে তৃণগুল্মাদিজন্ম প্রাপ্য ব্রজস্থানাং পাদরজোঽভিষেকং প্রার্থয়তি স্ম। যে চ ভক্তা শ্রীভগবদৈশ্বর্য্যমুগ্ধা তচ্ছ্রীমূর্ত্তিমনুশীলয়ন্তি তেঽপি তত্তুল্যাস্তত্তৎ পূজ্যা ভবন্তি। অত্র পূজ্যত্বে কঃ সংশয়ঃ, যতস্তে যত্রাবতিষ্ঠন্তে তৎ স্থানং ব্রহ্মমুনীন্দ্রাদীনামপ্যগম্যম্। শ্রীভগবদৈশ্বর্য্যোপাসকা অপি বিবেকবৈরাগ্যযোগাদীন্ নাপেক্ষন্তে কিন্তু জ্ঞানাদীনি ভুক্তিমুক্তিসিদ্ধ্যাদয়শ্চ তান্ ভৃত্যবৎ পরিচয়ণায় অনুসরন্তি।

প্রাগেবোক্তং যৎ শ্রীভগবন্মাধুর্য্যমৈশ্বর্য্যঞ্চ জীবানাং প্রীতের্দৈবাসুরভাবয়োশ্চ পরীক্ষণায় শ্রুতীনাং গোপনীয়ং তিষ্ঠতি। শ্রুতয়ঃ বহিরঙ্গপরমেশবিগ্রহরূপেণ চতুর্দশভুবনাত্মকতদ্বিরাণ্মূর্ত্তিমাদৌ বর্ণয়ন্তি, ততস্তদতীতং কেবলচিন্মাত্রস্বরূপং কথয়ন্তি। প্রাগ্বর্ণিতকারণাৎ অসম্পূর্ণগোচরতয়া চ স্পষ্টং বিশেষেণ ভগবত্তাং ন বর্ণয়ন্তি। অতো বেদার্থানভিজ্ঞা অপূর্ণবেদজ্ঞাঃ শ্রীভগবদৈশ্বর্য্যাদীনাং মাহাত্ম্যং নানুভবিতুং শক্নুবন্তি। নির্গুণতাবাচকা উপনিষদঃ পরমেশস্য কেবলং গুণাতীতস্বরূপবোধকাঃ, ন তু গুণহীনত্বপ্রতি-

---

ন্তরে সংসারপরিভ্রমণরূপ দুঃখ ভোগ করেন, যেহেতু তদন্তর্গত সুখও তাহাদেব অত্যল্পকাল স্থায়িত্ব-দুঃখমিশ্রত্বাদিহেতু দুঃখরূপই হয়।

অতঃপর শ্রীভগবদ্বিগ্রহের আদর ও অনাদর দ্বারা দৈবাসুরভাবের নির্ণয় করণ হইতেছে। উক্ত শ্রীভগবন্মূর্ত্তিসমূহে ভক্তি দৈবভাব এবং দ্বেষ আসুরভাব। যে সকল ভক্ত শ্রীভগবানের শ্রীমূর্ত্তিমাধুর্য্যে বশীভূত হইয়া শ্রীভগবানে দেহসম্বন্ধ স্থাপন করেন, তাঁহারা বিবেক, বৈরাগ্য, যোগাদির অনুশীলন করিলেও দেবগণেরও দেব ব্রহ্মা শিবাদিরও পূজ্য হন, অতএব শ্রীব্রহ্মা ব্রজে তৃণগুল্মাদি জন্ম-লাভ পূর্ব্বক শ্রীব্রজবাসীগণের পাদরজঃ প্রার্থনা করিয়াছিলেন। শ্রীব্রহ্মা পরমহংস মহামুনিগণের পরমাচার্য্য পূজ্যপাদাম্বুজ। যে সকল ভক্ত শ্রীভগবদৈশ্বর্য্যে বশীভূত হইয়া তাঁহার শ্রীমূর্ত্তির সেবা করেন, তাঁহারাও তত্তুল্য তত্তৎপূজ্য হন। অথবা তত্তৎপূজ্যত্বে সংশয় কি? তাঁহারা যে স্থানে অবস্থিতি করেন, সেই স্থান ব্রহ্মা ও মুনীন্দ্রাদির অগম্য। তদীয় ঐশ্বর্য্যানুশীলনপর ভক্তগণও বিবেক, বৈরাগ্য ও যোগাদির অপেক্ষা করেন না, কিন্তু জ্ঞান, যোগ, বৈরাগ্যাদি ও ভুক্তি, মুক্তি, সিদ্ধি প্রভৃতি শ্রীভগবন্মূর্ত্তি সেবাপরগণের ভৃত্যবৎ অনুগমন করেন।

পূর্ব্বেই বলা হইয়াছে যে, শ্রীভগবন্মাধুর্য্য ও তদৈশ্বর্য্য প্রীতি ও দৈবাসুর ভাবের পরীক্ষার্থ বেদকর্তৃক গোপনীয়। বেদ বহিরঙ্গ পরমেশ্বর বিগ্রহরূপে চতুর্দশভুবনাত্মক বিরাট মূর্ত্তিরই অগ্রে বর্ণন করেন, পরে তদতীত কেবল চিন্মাত্রস্বরূপের বর্ণন করেন। পূর্ব্বোক্ত কারণে ও অসম্পূর্ণ গোচরতা হেতু ব্যক্তভাবে বিশেষরূপে শ্রীভগবত্তার বর্ণন করেন না, অতএব বেদতাৎপর্য্যানভিজ্ঞ অসম্পূর্ণ বেদজ্ঞগণ শ্রীভগবদৈশ্বর্য্যাদির মাহাত্ম্যানুভব করিতে পারেন না। নির্গুণতার বাচক উপনিষৎসকল পরমেশ্বরের গুণাতীতস্বরূপের বোধকমাত্র, গুণরাহিত্য-প্রতিপাদক নহে।

এই বিষয়ে দৃষ্টান্ত এইরূপ :—কোন ব্যক্তি

पाद्काः।

अत्रोदाहरणम्—कश्चित् पृच्छति 'अम्मुकदेशस्याधिपतिः कथम्भूतः?' अपरः उत्तरति—'मनोहरदीर्घाकारः स्थूलो गौरवर्णश्च।' अत्र वक्ता नृपस्य वसनभूषणहीनस्य रूपस्यैव वर्णनं चकार। राजकीयानां वसनालङ्कारादीनां परिच्छद-गणानां, सभायाः, पार्षदानां तत्कार्य्याणां च वर्णनं नाकरोत्। राजा तु कदापि तत्तद्विहीनो न तिष्ठेत्। अतएवात्र वक्तुर्वाक्यं गुणातीतराजरूपबोधकमात्रं न निर्गुणत्वप्रतिपादकम्। दार्ष्टान्तिकेऽपि इत्थं ज्ञातव्यम्।

वेदवाक्यानि सूत्रस्थानीयानि, इतिहासपुराणादीनि तद्भाष्यतुल्यानि। यद्यपि वेदवाक्यानि साक्षात् सुस्पष्टं श्रीभगवदवतारान् न वर्णयन्ति, तथापि ऐतिह्यपुराणरूपेण तु तद्वर्णयन्ति। ये विज्ञा इतिहासपुराणादिदिशा वेदवाक्यानुसरणेन श्रीभगवत्स्वरूपबुद्ध्या तद्भक्तिप्रभावेण तद्गुणातीतस्वरूपमन्विष्य परब्रह्माख्यं निर्विशेषं स्वरूपमनुशीलयन्ति, त एव श्रीवैकुण्ठज्योति-स्थानीये अनाविष्कृतशक्तिकः भगवत्स्वरूपे विलीनवदवस्थितौ अधिकारं प्राप्नुवन्ति। तैर्विज्ञैः विवेकवैराग्ययोगादयः सुष्ठु निर्दोषं करणीया एव।

ते विज्ञा अपि भगवद्गुणेषु आविष्कृततत्स्वरूपेषु च निरादरा भवन्ति। तद्गुणातीतस्वरूपे प्राधान्यज्ञानात्तेषां भावोऽयमासुरभावबीजं भवति. ते दण्डस्वरूपया श्रीवैकुण्ठधामानुभवात् वञ्चितास्तिष्ठन्ति। यद्यपि गुणातीतस्वरूप एव स गुणानां मूल तथापि गुणानामाविष्कारेणैव स्वरूपस्य पूर्णता भवति, अनाविष्करणे चापूर्णता। अत्र तत्तदनुभवानन्द तारतम्य मेव प्रमाणम्। यथा नृपतिशक्तयः तच्छरीर-

---

প্রশ্ন করিলেন যে, 'অমুক দেশের রাজা কি রূপ?' কেহ উত্তর দিলেন—'তিনি অতি সুন্দর, দীর্ঘাকার গৌরবর্ণ ও স্থূলদেহ।' এ স্থলে বক্তা কেবল রাজার বস্ত্রালঙ্কার বিহীন রূপমাত্রেরই বর্ণন করিলেন। রাজার বস্ত্রভূষণাদির, রাজপরিচ্ছদ সমূহের, রাজসভার, রাজপার্ষদের বা রাজকার্য্যের বর্ণন করিলেন না। কিন্তু রাজা কদাচ বসনালিস্কার পরিচ্ছদ, সভা, পার্ষদ বা কার্য্যশূন্য থাকে না। অতএব এস্থলে বক্তার বাক্য গুণাতীত রাজরূপবোধকমাত্র, রাজার গুণরাহিত্যের প্রতিপাদক নহে। দার্ষ্টান্তিক বিষয়ে এই প্রকার জানিতে হইবে।

বেদবাক্যসমূহ সূত্রস্থানীয়, ইতিহাস ও পুরাণাদি তদ্ভাষ্যস্থানীয়। যদিও স্বয়ং বেদবাক্য ব্যক্তভাবে বিশেষরূপে শ্রীভগবদবতারসকলের বর্ণন করেন না। তথাপি ইতিহাস ও পুরাণরূপে তাহার বর্ণন করেন। যে সকল বিজ্ঞ ব্যক্তি ইতিহাসাদির বচনানুসারে ও বেদবাক্যানুক্রমে শ্রীভগবৎস্বরূপবুদ্ধি দ্বারা ভক্তিসাহায্যে গুণাতীত স্বরূপান্বেষণপূর্ব্বকপরব্রহ্মাখ্য নির্বিশেষ শ্রীভগবৎস্বরূপের অনুশীলন করেন, সেই সকল জীব শ্রীবৈকুণ্ঠের জ্যোতিঃস্থানীয় অনাবিষ্কৃতশক্তিক শ্রীভগবৎস্বরূপে বিলীনবৎ অবস্থান বিষয়ে অধিকার পান। এই সকল বিজ্ঞকে বিবেক, বৈরাগ্য ও যোগাদির সম্পূর্ণ অনুশীলন করিতে হয়।

এই সকল জীব বিজ্ঞ হইলেও ইহাদের শ্রীভগবদ্গুণে ও আবিষ্কৃত ভগবৎস্বরূপে অনাদর হয়, যেহেতু ইহাদের গুণাতীত স্বরূপেই মূল জ্ঞান হয়, অতএব এই সকল বিজ্ঞ জীবের এই ভাব আসুর ভাবের বীজস্থানীয়। দণ্ডস্বরূপএই সকল বিজ্ঞ জীব শ্রীবৈকুণ্ঠধামের অনুভব হইতে বঞ্চিত হন। যদিও গুণাতীত স্বরূপই গুণসকলের মূলীভূত, তথাপি গুণাবলীর আবিষ্কার দ্বারাই স্বরূপের পরিপূর্ণতা হয়। তদভাবে তৎস্বরূপের অপূর্ণতাই থাকে। এই বিষয়ে তত্তদনুভবানন্দের তারতম্যই প্রমাণ। যেরূপ রাজশক্তি তাহার শরীরের মূলভূত হইলেও

मूलभूता अपि, राजवैभवानां शक्तीनां च प्रकाशेन शारीरशोभावृद्ध्या तत्परिपूर्णता भवेत्, तदभावेन शोभाराहित्यादपूर्णता स्यात्। अस्मात् कारणात् वैभवशक्तिसहितराजमूर्त्तिदर्शनेन यादृक् आनन्दो भवति, न तथा तद्रहितकेवलदेहदर्शनेन।

परिच्छिन्नाया मायाशक्तेः तत्कार्य्याणाञ्च गुणरूपत्ववत् अपरिच्छिन्नायाश्चिच्छक्तेस्तद्विलासानाञ्च गुणसंज्ञायामपि ते स्वरूपघनवैचित्र्यात्मका एव परिच्छेदराहित्यात्। एतत् पूर्वमेव प्रतिपादितम्। अतएव अप्राकृतगुणानामनादरपूर्विका केवलस्वरूप निष्ठा आसुरभावबीजमिति परतो व्यक्तं भावि।

ये विज्ञा वेदाद्यनुसरणेन श्रीभगवद्विग्रहबुद्ध्या भक्त्या अनन्तकोटीब्रह्माण्डमयविश्वरूपस्य, अथवा चतुर्दशभुवनात्मकविश्वरूपस्य उपासनां विदधति; मायाशक्तितत्कार्य्यप्रेरकत्वरूपं तत्साक्षित्वरूपं वा भगवत्स्वरूपमनुशीलयन्ति, ते एव विज्ञा पूर्वोक्तपरमात्मसंज्ञके महापुरुषाख्ये वा भगवत्स्वरूपे विलीनताया अनासक्त्या ब्रह्माण्डेषु विचरणस्य, वाधिकारमधिगच्छन्ति। एते जीवा विज्ञा अपि एषां भावोऽप्यासुरिकस्यैव वीजं भवति, यतस्तेषां चिति तद्विलासेषु च अनादरो जायते। अतएव प्राग्वदेतेऽपि वैकुण्ठानुभवाद्वञ्चितास्तिष्ठन्ति। परमेषां मायाशक्तौ किञ्चित् स्वातन्त्र्यदृष्टितः पूर्वोक्तात् वहिस्थितिरेव स्यात्।

श्रीरुद्रब्रह्माणौ भगवतः श्रीकृष्णस्य गुणावतारौ, श्रीसविता भगवत्कालशक्त्यभिमानी देवविशेषः, अतो भगवद्विभूतिः शक्त्यावेशावतारश्च। श्रीदुर्गा भगवन्मायाशक्त्यभिमानिनी देवी, तच्छक्त्यावेशा-

---

রাজবৈভব ও তাহার শক্তিসকলেয় প্রকাশ দ্বারা রাজশরীরের শোভাবৃদ্ধি ও পূর্ণতা প্রাপ্তি হয়, তদভাবে অপূর্ণতা ও শোভাহীনতা দেখা যায়, এই হেতু বৈভব ও শক্তির সহিত রাজদর্শনে যে প্রকার আনন্দ জন্মে, তত্তদ্বিহীন রাজদেহমাত্রদর্শনে তাদৃশ আনন্দ প্রকাশিত হয় না।

পরিচ্ছিন্না মায়াশক্তি ও তৎকার্য্য সকলের গুণরূপত্ববৎ অপরিচ্ছিন্না চিচ্ছক্তি ও তদ্বিলাস সকলের গুণসংজ্ঞা হইলেও অপরিচ্ছিন্নতাবশতঃ উহারা স্বরূপঘনবৈচিত্র্যাত্মক, ইহা পূর্বেই প্রতিপাদিত হইয়াছে। অতএব অপ্রাকৃত গুণের অনাদর পূর্বিকা কেবল স্বরূপনিষ্ঠা আসুরভাবের বীজস্বরূপা, ইহা পরেও ব্যক্ত হইবে।

যে সকল বিজ্ঞজন বেদাদিশাস্ত্রের উপদেশানুসারে শ্রীভগবদ্বিগ্রহবুদ্ধিতে ভক্তির সহিত অনন্তকোটি ব্রহ্মাণ্ডময় বা চতুর্দশ ভুবনাত্মক বিশ্বরূপের উপাসনা করেন, মায়াশক্তি ও তৎকার্য্যের প্রেরক বা তৎ সাক্ষিরূপ ভগবৎস্বরূপের অনুশীলন করেন, তাঁহারা পূর্ব্বোক্ত পরমাত্মসংজ্ঞক বা মহাপুরুষাখ্য শ্রীভগবৎস্বরূপে বিলয় প্রাপ্তির এবং অনাসক্তভাবে ব্রহ্মাণ্ডমধ্যে বিচরণের অধিকার লাভ করেন। এই সকল ব্যক্তি বিজ্ঞ হইলেও ইহাদের ভাব আসুরত্বের বীজ হয়, যেহেতু তাঁহাদের নিকট চিচ্ছক্তির ও তদ্বিলাসাবিষ্কৃত শ্রীভগবৎস্বরূপের অনাদর হয়। অতএব পূর্ববৎ ইহারাও বৈকুণ্ঠানুভব হইতে বঞ্চিত হন, আবার মায়াশক্তিতে কিঞ্চিৎ স্বাতন্ত্র্য দৃষ্টি থাকায় বৈকুণ্ঠ হইতে ইহাদের বহিঃস্থিতি ঘটে।

শ্রীব্রহ্মা ও শ্রীরুদ্র ভগবান্ শ্রীকৃষ্ণের গুণাবতার। শ্রীসূর্য্য ভগবানের কালশক্ত্যভিমানী দেব বিশেষ। অতএব তিনি ভগবদ্বিভূতি ও শক্ত্যাবেশাবতার। শ্রীগণেশ ভগবানের জ্ঞানশক্ত্যভিমানী দেববিশেষ, ইনিও ভগবানের বিভূতি ও শক্ত্যাবেশাবতার। শ্রীদুর্গা শ্রীভগবন্মায়াশক্ত্যভিমানিনী দেবী এবং তাঁহার শক্ত্যাবেশাবতাররূপা। যে সকল ব্যক্তি উক্তপ্রকার জ্ঞানে উক্ত দেবশ্রেষ্ঠ সকলের ভজন করেন, তাঁহারা

वतारूपा। ये जना एवंज्ञानेन तत्तद्देवमुख्याननुशीलयन्ति, ते प्राग्वत् परव्योम्नि वसन्ति। भगवदनादरेण य एतेषु मुख्यदेवेषु, परमेशत्वमारोप्य तान् भजन्ति, ते तत्तदुपास्त्या विवेकयोगवलादिकं प्राप्नुवन्ति, न तु वैराग्यं शान्तिं वा। अतएव तेषां देवाधिकारे लालसा, तरसा तदाच्छेदे प्रयासः, देवयाजकेषु ऋषिषु द्वेषः, देवार्चनाविधिज्ञापके वेदे च तत्प्रतिपादित धर्मे च विद्वेषो जायते। पश्चादिष्टदेवेऽपि वैरं भवति। भगवति विष्णौ चातिद्वेषात् समग्रं विश्वं ते तद्विरोधिविष्णुमयं पश्यन्ति, तदा विष्णुना हतास्तस्य ब्रह्माख्य-निर्विशेषस्वरूपे विलीयन्ते। एषामासुरभावानामतिव्यक्ततया असुरा इति प्रख्यायन्ते।

केचित् तत्त्वज्ञानस्य योगवलस्य च लिप्सया तत्तदन्वितावैष्णवगुरुचरणमाश्रयन्ति, गुरावेव ब्रह्मपरमेशज्ञानमारोपयन्ति; ते तु तत्कृपया यद्यपि तत्त्वज्ञानयोगबले लभन्ते, तथापि शान्तिं नाधिगच्छन्ति व्यक्तश्चासुरत्वं प्रणीयासुरख्यातिं गच्छन्ति। तेषां आसुरत्वप्राप्तानां प्रागवस्थायां वर्णाश्रमधर्मे श्रद्धा तिष्ठति, परतश्च देवेषु द्वेषात् वैदिककर्मणि विरोधः सञ्जायते, तर्हि सा विलयं याति। हिरण्यकशिपु रावण कंसादीनामेवं भावा दृश्यन्ते। भक्ष्याभक्ष्यविचारहीना आसुरस्वभावा हि राक्षसा उच्यन्ते। श्रीविष्णौ वहिर्मुखतादोषाद् एषां तत्त्वज्ञानमपि विकारं प्राप्नोति। अतएवात्यन्तापूर्वसिद्धान्ताः आविर्भवन्ति।

निखिलशक्त्याश्रयः श्रीभगवान् विष्णुः पालकत्वं स्वीकार्य्य स्वमायाशक्तेः सत्त्वगुणस्य प्रेरकः स्वांशेन संहारकर्त्तृत्वम् अवलम्ब्य तमोगुण-चोदको भवति. तथा स्रष्टृत्वमङ्गीकृत्य रजोगुणप्रेषकश्च; तदा च स्रष्टा

পূর্বোক্তবৎ পরব্যোমধামে বাস করেন। যাঁহারা শ্রীভগবানের অনাদরপূর্ব্বক এই সকল দেবশ্রেষ্ঠে পরমেশ্বরত্ব বুদ্ধির আরোপ করিয়া তাঁহাদের উপাসনা করেন, তাঁহারা তৎফলে বিবেক ও যোগবল প্রাপ্ত হন, কিন্তু বৈরাগ্য বা শান্তি পান না। অতএব তাঁহাদের দেবগণের অধিকার পাইতে লোভ জন্মে, তখন বলপূর্বক দেবাধিকার পাইতে চেষ্টা হয়, দেবপূজকজ্ঞানে ঋষিগণের প্রতি এবং দেবপূজাজ্ঞাপক বেদের প্রতি ও দ্বেষ উৎপত্তি লাভ করে। অতঃপর ইষ্টদেবে এবং ক্রমে ভগবান্ বিষ্ণুতে দ্বেষ হয়। তখন তীব্র ভাবনাবশতঃ সমগ্র বিশ্বকে বিষ্ণুময় দেখিতে থাকিলে শ্রীবিষ্ণুকর্তৃক নিহত হইয়া তাঁহার ব্রহ্মাখ্য নির্বিশেষরূপে বিলয় প্রাপ্ত হন। এই সকল ব্যক্তিতে আসুর ভাব অত্যধিকরূপে ব্যক্ত হয়; সুতরাং ইহারা অসুর নামে বিখ্যাত।

কোন কোন ব্যক্তি তত্ত্বজ্ঞান ও যোগবল লাভের ইচ্ছায় তত্ত্বজ্ঞ ও যোগবলান্বিত বিষ্ণুবিমুখ গুরুর চরণাশ্রয় করিয়া গুরুতেই পরব্রহ্মত্ব ও পরমেশজ্ঞান স্থাপন পূর্বক তৎকৃপাবলে শ্রীবিষ্ণুভক্তিবিবর্জিত তত্ত্বজ্ঞান ও যোগবল লাভ করেন, কিন্তু পূর্ববৎ শান্তি না পাইয়া ব্যক্তভাবে আসুরভাব প্রকাশপূর্বক অসুর নামে খ্যাত হন। উক্ত আসুরভাবাশ্রিত ব্যক্তিগণের পূর্বাবস্থায় বর্ণাশ্রম ধর্মে শ্রদ্ধা থাকিলেও পরাবস্থায় দেবগণের প্রতি ও তজ্জনিত বৈদিক কর্ম্মমার্গের প্রতি দ্বেষ হেতু তাহা বিলয় প্রাপ্ত হয়। এই বিষয়ে হিরণ্যকশিপু, রাবণ, কংস প্রভৃতি দৃষ্টান্ত। যে সকল আসুর ব্যক্তি ভক্ষ্যাভক্ষ্যের বিচার করেন না, তাঁহারা রাক্ষস নামে অভিহিত। বিষ্ণুর প্রতি বহির্মুখতা দোষে ইহাদের তত্ত্বজ্ঞানও বিকৃত হয়, অতএব তখন অতীব অপূর্ব্ব সিদ্ধান্তাবলীর আবির্ভাব ঘটে।

সর্বশক্ত্যাশ্রয় শ্রীবিষ্ণু পালকরূপে স্বকীয়া-মায়াশক্তির সত্ত্বগুণের প্রেরক, নিজাংশ দ্বারা সংহারকর্ত্ত্ব-স্বীকারে তমোগুণের প্রেরক এবং স্রষ্টৃত্বাঙ্গীকারে

श्रीब्रह्मा संहारकः श्रीरुद्र इति नाम्ना प्रथितिं भजते। गुणचोदनक्रमेण तदुचितफल-दाताच भवति। अत एव श्रीब्रह्मरुद्रौ गुणावतारौ लीलावतारौ च। कस्मिंश्चिन्महाकल्पे श्रीब्रह्मा शक्त्यावेशावतारो भवति। श्रीब्रह्मरुद्रौ विष्ण्ववतारविशेषावपि सत्त्व-मर्य्यादारक्षार्थं भक्तानां भावान् नानुसरतः, सात्त्विकफलानि च न प्रदत्तः।

केचित् श्रीविष्णतः श्रीब्रह्मणः श्रीरुद्रस्य चाधिक्यं स्थापयन्ति, तर्हि तेषां सत्त्वावमाननात् रजस्तमः सम्माननाच्च तौ भगवदादेशात् रुष्टाविव तेभ्यो रजस्तमोगुणाधिक्यफलं प्रयच्छतः। अतस्तेषां पूर्ववदासुरो भावः। तेषां मतेन पालकत्वात् स्रष्टृत्व-संहारकत्वयोः प्राधान्यम्; अतः श्रीविष्णोः श्रीब्रह्मशिवयोराधिक्यम्। आसुरभावात् प्राग्विधानेन श्रीविष्णौ द्वेषो जायते, श्रीब्रह्मरुद्र सेवनवलेन च श्रीविष्णुवधोद्योगसम्भावना भवति।

सिंहसमारूढ़ा श्रीदुर्गा त्रिगुणमय्या मायाशक्त्या अभिमानिनी देवी, अत एव मायाप्रेरकस्य श्रीविष्णोराश्रिता भक्ता च। केचिदपूर्वसिद्धान्तेन गुणानामाश्रयमेवाश्रितत्वे स्थापयन्ति, तर्हि ते श्रीविष्ण-ब्रह्म-शिवेभ्योऽपि श्रीदुर्गायाः वरत्वं प्रतिपादयन्ति, श्रीदुर्गासेवनप्रभावेण च तेषां वशीकरणं पराजयञ्चाभिच्छन्ति, परं श्रीदुर्गापि तेभ्यो विपरीतं फलं वितरति। केचिद्वा केवलं वाञ्छितप्रदत्वात् लीलावैचित्र्यान्तरं वा प्रदर्श्य श्रीगणेशस्य श्रीभास्करस्य च श्रेष्ठतां प्रमाणयन्ति, तेन तत्तद्दत्तं विपरीतं फलञ्च लभन्ते।

केचिद्वा अवैष्णवगुरूपदेशात् ब्रह्मणो निर्विशेष-

রজোগুণের প্রেরক হন, এবং স্রষ্টা শ্রীব্রহ্মা ও সংহারক শ্রীরুদ্র এইরূপ খ্যাত হন, গুণের প্রেরণানুসারে তদুচিত ফলেরও প্রেরক হন। অতএব শ্রীব্রহ্মা ও শ্রীরুদ্র গুণাবতার এবং লীলাবতার নামে প্রসিদ্ধি লাভ করেন। কোন মহাকল্পে শ্রীব্রহ্মা শক্ত্যাবেশাবতারও হন। অতএব শ্রীব্রহ্মা ও শ্রীরুদ্র শ্রীবিষ্ণুর অবতার হইলেও সত্ত্বগুণের মর্য্যাদা রক্ষণার্থ তাঁহারা ভক্তভাবানুকারী হন না এবং সাত্ত্বিক ফল প্রদান করেন না।

কোন কোন ব্যক্তি শ্রীবিষ্ণু হইতে শ্রীব্রহ্মা ও শ্রীরুদ্রের আধিক্য স্থাপন করেন। অতএব ইহাদের সত্ত্বগুণের অবজ্ঞা ও রজস্তমো গুণের সম্মান করা হয়। তাহাতে শ্রীব্রহ্মা ও শ্রীরুদ্র শ্রীবিষ্ণুর আদেশানুসারে রুষ্টবৎ হইয়া তাহাদিগকে রজস্তমোগুণের আধিক্যরূপ ফল প্রদান করেন। অতএব ইহাদের ভাবপূর্ববৎ আসুর হইয়া থাকে। ইহাদের সিদ্ধান্তে পালকত্ব হইতে স্রষ্টৃত্ব ও সংহারকত্ব শ্রেষ্ঠ, অতএব শ্রীবিষ্ণু অপেক্ষা শ্রী ব্রহ্মা ও শ্রীশিবের আধিক্য। আসুরভাবহেতু পূর্বোক্তপ্রকারে শ্রীবিষ্ণুতে দ্বেষ হয়, শ্রীব্রহ্মরুদ্রসেবন দ্বারা শ্রীবিষ্ণুবধের সম্ভাবনাও হইয়া পড়ে।

সিংহসমারূঢ়া শ্রীদুর্গা ত্রিগুণময়ী মায়াশক্তির অভিমানিনী দেবী। অতএব মায়াশক্তির প্রেরক শ্রীবিষ্ণুর আশ্রিতা ও ভক্তা বৈষ্ণবী শক্তি। কোন কোন ব্যক্তি অপূর্ব সিদ্ধান্ত দ্বারা গুণাশ্রয়কে গুণাশ্রিতরূপে স্থাপন করেন, অতএব শ্রীবিষ্ণু, শ্রীব্রহ্মা ও শ্রীরুদ্র অপেক্ষা শ্রীদুর্গাদেবীর প্রাধান্য স্থাপন করেন এবং শ্রীদুর্গার সেবনপ্রভাবে তত্তদ্বশীকরণ বা তত্তৎপরাজয়ের ইচ্ছা করেন। শ্রীদুর্গাও পূর্ববৎ বিপরীত ফল প্রদান করেন। কেহ কেহ কেবল বাঞ্ছিত ফল প্রদান করায় অথবা তাঁহার কোন লীলাবৈচিত্র্য প্রদর্শন পূর্বক শ্রীগণেশের ও শ্রীসূর্য্যের শ্রেষ্ঠতা প্রতিপাদন করেন এবং তাহা দ্বারা তৎপ্রদত্ত বিপরীত ফলও লাভ করেন।

কেহ কেহ শ্রীবিষ্ণুতে বহির্মুখ গুরুর উপদেশা-

स्वरूपे सर्वमूलत्वं संस्थाप्य तदवतारत्वेन श्रीविष्णु-ब्रह्म-रुद्र-गणेश-दुर्गा-सूर्य्यान् साम्येन पश्यन्ति। तत्रापि श्रीविष्ण्ववज्ञानात्तेषामासुरत्वम्। तद्वत् केचित् निर्विशिष्टब्रह्मणः सर्वमूलत्वं स्वीकार्य्य श्री-विष्णोरपि विवेकवैराग्यवज्जीवत्वं स्थापयन्ति। नोचेत् श्रीमन्नरहरेरत्याश्चर्य्यप्रभावदर्शनेनापि हिरण्य-कशिपोस्तु तद्वधे प्रवृत्तिर्नाजायत। निर्विशिष्टं चिन्मात्रं ब्रह्मैव सर्वमूलमिति तेषां राद्धान्तः। चिच्छक्तेस्तथो-पनिषदां तत्त्वज्ञानाभावात् तैरयं कल्पितः।

अधिकन्तु—अस्य निर्विशिष्टब्रह्मणोऽंशविशेषः अज्ञानरूपया प्रकृत्या विकृतिं लभते, तदंश एव जीवः कथ्यते। स जीवः प्रकृत्यंशेनाहङ्कारेण असंख्यधा विभज्यते, तेऽंशाश्च विवेकयोगादिराहित्यात् सं-सृतिक्लेशमनुभवन्ति। तेषु विवेकयोगादिमदंशाः प्रकृत्यंशविशेषाणां प्रेषका भूत्वा देवा उच्यन्ते। देवप्रधाना सृष्टि-पालन-संहारान् विदधति। सं-सृतिग्रस्ता जीवा अपि विवेकादिपुण्येन विश्वसृष्ट्या-दिसामर्थ्यं लभन्ते। स्वकीयसर्वव्यापकचिन्मात्र-सत्ताया अखण्डानुभवेन तदाकारे विलयो भवति, स एव जीवस्य मुक्तिरुच्यते। एतन्मतेन ब्रह्म जड़वन्नि-श्चेष्टम्, अतो ब्रह्मणोऽपि आत्मानुसन्धानं नास्ति, केवलं शुद्धजीवसमष्टिरेव ब्रह्मनाम्ना व्यपदिश्यते। तदपि दारुशिलादिवत् आत्मानुसन्धिरहितम्।

प्रकृति र्न पारमेशी शक्तिः, सा हि स्वतन्त्रा, किन्तु ब्रह्मणोऽपि बलवत्तरा, नोचेत् न भवेत् तस्या ब्रह्माक्रमणम्। अज्ञानरूपा प्रकृतिरसौ ब्रह्म खण्डशः-श्चूर्णयति, चूर्णानि च मोहयितुं शक्नोति। अमी चूर्णांशाः संसारक्लेशान् उपभुञ्जते। येऽंशा विवे-कादिबलेन प्रकृतिं वशयितुं समर्थास्त एव सर्गपालन-संहारेषु समर्थाः। प्रकृतेरुपरि कुतस्तेषामेवं विधा-

নুসারে নির্বিশেষ ব্রহ্মস্বরূপে সর্বমূলত্ব স্থাপন পূর্ব্বক তদবতাররূপে সামান্যভাবে শ্রীবিষ্ণু, শ্রীব্রহ্মা, শ্রীরুদ্র শ্রীদুর্গা, শ্রীগণেশ ও শ্রীসূর্য্যকে দর্শন করেন, তাহাতে শ্রীবিষ্ণুর মাহাত্ম্যাধিক্যে অবজ্ঞায় ইহাদের ভাবও আসুর হয়। ঐরূপে কোন কোন ব্যক্তি নির্বিশেষ ব্রহ্মের মূলত্ব স্থাপন পূর্ব্বক শ্রীবিষ্ণুকেও বিবেকবৈরাগ্যযোগাদিমান্ জীবরূপে দেখেন। তাহা না হইলে শ্রীনৃসিংহদেবের অত্যাশ্চর্য্য প্রভাব দর্শনেও হিরণ্যকশিপুর তদ্বধে প্রবৃত্তি হইত না। 'নির্বিশেষ চিন্মাত্র সত্তারূপ ব্রহ্মই সর্ব্বমূল,' ইহাদের এইরূপ সিদ্ধান্ত চিচ্ছক্তিবিষয়ে ও উপনিষত্তত্ত্বে অনভিজ্ঞ ব্যক্তিগণ কর্তৃক কল্পিতমাত্র।

এই নির্বিশেষ ব্রহ্মের অংশবিশেষ অজ্ঞানরূপা প্রকৃতিদ্বারা বিকৃত হয়, ঐ বিকৃতাংশই জীব। ঐ জীব অহঙ্কাররূপ প্রকৃত্যংশ দ্বারা অসংখ্যভাগে বিভক্ত হয়। ঐ অংশসমূহ বিবেকযোগাদিরহিত হইয়া সংসারদুঃখের অনুভব করে। তন্মধ্যে যে সকল অংশ বিবেক-যোগাদি যুক্ত হন, তাঁহারা প্রকৃত্যংশবিশেষগুলির প্রেরক হন, তাঁহাদিগকে দেব বলা হয়। তাঁহাদের মধ্যে প্রধানগণ সৃষ্টি, পালন ও সংহার করেন। সংসারদুঃখগ্রস্ত জীবও বিবেকযোগাদিরূপ পুণ্যবলে বিশ্বের সৃষ্ট্যাদিশক্তি লাভ করিতে পারে। স্বকীয় সর্ব্বব্যাপক চিন্মাত্র-সত্তার অখণ্ডানুভব দ্বারা তদাকারে বিলয় লাভকে জীবের মুক্তি বলা হয়। ইহাদের সিদ্ধান্তে ব্রহ্মবস্তু জড়বৎ চেষ্টাশূন্য, অতএব ব্রহ্মের আত্মানুসন্ধান নাই, চিচ্ছক্তিবিশিষ্ট ভগবান্ পরমাত্মাও নাই, কেবল বিশুদ্ধ জীবস্বরূপের সমষ্টিই ব্রহ্ম নামে কথিত হন, তাহাও কাষ্ঠপাষাণাদিবৎ আত্মসন্ধানহীন।

প্রকৃতি পারমেশ্বরী শক্তি নহে, স্বতন্ত্রতত্ত্ব-বিশেষরূপা, কিন্তু তিনি ব্রহ্ম হইতেও বলবত্তরা, তাহা না হইলে ব্রহ্মের প্রতি আক্রমণ করিতে পারেন, কি প্রকারে? ঐ অজ্ঞানরূপা প্রকৃতি ব্রহ্মকে খণ্ড-বিখণ্ড করিয়া চূর্ণ করিয়া ফেলে, এবং চূর্ণগুলিকে

धिकारलाभः? अपि प्रकृतिर्दयया बलं ददौ? नतुबा येऽंशाः यया आक्रान्ता आसन्, ते पुनस्तां वशमानीय कथं विश्वसर्गादिकं कुर्य्युः। प्रकृतेरेव अध्यक्षतां सम्पाद्य भूयः प्रागवस्थां स्मृत्वा कथं पलायन्ते। अप्यत्र प्रकृतिः रुष्टाः? अहो मनोरमाः सिद्धान्ताः। इतोऽधिकतमा विष्णुनिन्दा न सम्भवेत्।

अपरे सिद्धान्तयन्ति—अनादितश्चिन्मात्र सत्तांशाः जड़प्रकृतौ आत्माभिमानं विदधति स्म, अतः संसृतिदुःखमनुभवन्ति, विवेकादितेजसा ते प्रकृतेरुपरि अध्यक्षतां परिचाल्य तया सृष्ट्यादिकं सम्पादयन्ति। विवेकाद्युत्कर्षात् निर्विशेषं चिन्मात्रसत्ताक ब्रह्मत्वं प्राप्नुवन्ति। सिद्धान्तेऽस्मिन् ब्रह्मणो मूलत्वं विनश्य जन्यत्वमेव स्थापितम्। अन्यत् पूर्व्ववत्।

केषाञ्चिदेव सिद्धान्ता न तादृशाः, प्रकृत्या ब्रह्म न परिच्छिद्यते, प्रागुक्तविधानेन प्रकृतौ ब्रह्म प्रतिविम्बितं भवति। अहोऽद्भुततरराद्धान्तः! जड़े तु जड़स्य प्रतिविम्बनं सम्भवेत्, कथं तत्र चिदः प्रतिविम्बत्वम्? अथ चिदः परिच्छेदोऽपि कथं भवेत्, तदभिमानिता तु शक्या, इमामेव चेत् कश्चित् परिच्छिन्नतां प्रतिबिम्बतां वदति, तदपि अपूर्वपाण्डित्येन कथयितुं शक्नुयात्।

अथोऽपरोऽपि चमत्कृतिकरः सिद्धान्तः—केवलं ब्रह्म निर्विशेषचिन्मात्रसत्ताक विद्यते, नान्यत् कश्चित्, न प्रकृतिर्न जीवा न तेषां संसारः, न

প্রকৃতি মুগ্ধ করিতে পারে। সেই সকল অংশই সংসারদুঃখের অনুভব করে। যে সকল অংশ বিবেকযোগাদিবলে প্রকৃতিকে বশীভূত করিতে পারে, তাহারাই সৃষ্টি, পালন ও সংহার করিতে পারে। প্রকৃতির উপর এইরূপ অধিকার স্থাপনের বল ইহাদের কোথা হইতে আসিল? বোধ হয়, দয়া করিয়া প্রকৃতিই বল প্রদান করিয়া থাকিবেন, তাহা না হইলে যে অংশ পূর্ব্বে প্রকৃতি কর্তৃক আক্রান্ত হইয়াছিল, সে আবার প্রকৃতিকে বশে রাখিয়া তদ্দ্বারা বিশ্বসৃষ্ট্যাদি করিবে, কি প্রকারে? প্রকৃতির উত্তর ঐরূপ অধ্যক্ষতা করিয়া পুনর্ব্বার পূর্ব্বাবস্থার স্মরণপূর্ব্বক পলায়ন করে কেন? বোধ হয়, প্রকৃতি রুষ্টা হইয়া থাকিবেন। আঃ, কি চমৎকার সিদ্ধান্ত!!! ইহার উপর আর বিষ্ণু নিন্দা কি হইতে পারে?

অপর কোন কোন ব্যক্তির সিদ্ধান্ত এই যে—অনাদিকাল হইতে চিন্মাত্রসত্তাসকল জড়রূপা প্রকৃতিতে আত্মাভিমান করিয়া সংসারদুঃখের অনুভব করিতেছে। বিবেকাদিবলে, ঐ চিদংশ প্রকৃতির উপর অধ্যক্ষতা করিয়া তদ্দ্বারা বিশ্বসৃষ্ট্যাদি সাধন করে। অধিক বিবেকাদিবলে নির্বিশেষ চিন্মাত্র সত্তারূপ ব্রহ্মত্ব লাভ করে। এই সিদ্ধান্তে ব্রহ্মের মূলত্বের ধ্বংস সাধন করা হইল এবং তাহার জন্যত্ব স্থাপিত হইল। অপর সকল আপত্তি পূর্ব্ববৎ।

আবার কোন কোন ব্যক্তির সিদ্ধান্ত এরূপ নহে। প্রকৃতির দ্বারা ব্রহ্ম পরিচ্ছিন্ন হন না। পূর্বোক্তপ্রকারে প্রকৃতিতে ব্রহ্ম প্রতিবিম্বিত হন। এই সিদ্ধান্ত আরও চমৎকার। জড় বস্তুতে জড়বস্তুরই প্রতিবিম্বন সম্ভব, কিন্তু জড়ে চিন্মাত্র-সত্তার প্রতিবিম্ব পতন কি প্রকারে সম্ভব হয়? চিন্মাত্রসত্তার পরিচ্ছিন্নতাই বা কিরূপে হইতে পারে? তবে তদভিমানিতা হইতে পারে। ইহাকেই যদি কেহ পরিচ্ছিন্নতা বা প্রতিবিম্বত্ব বলেন, তবে অপূর্ব পাণ্ডিত্যানুসারে বলিতে পারেন।

ইহার উপর আরও চমৎকার সিদ্ধান্ত এই যে, কেবল নির্বিশেষ চিন্মাত্রসত্তারও ব্রহ্মই বিদ্যমান, আর কিছুই নাই। প্রকৃতি নাই, জীব নাই, জীবের সংসার নাই, বিশ্ব নাই, বিশ্বের সৃষ্টি নাই, পালন

বিশ্বং, ন বা তস্য সৃষ্টিপালনসংহারাঃ। সর্ব্বাণি ভ্রান্তিময়ানি, যথা রজ্জৌ সর্পভ্রান্তিস্তথৈষামস্তিজ্ঞানম্। অত্র সংশয়ঃ-অনস্তিত্বে নির্বিশিষ্টচিন্মাত্রাদন্যেষাং ভ্রমঃ কুতো বা? যদি ভ্রমাস্তিত্বং তদা যুগপৎ রজ্জু সত্তাপি স্বীক্রিয়েত। বস্ত্বন্তরানস্তিত্বে কথং ভ্রমঃ? স্বাতন্ত্র্যেণ রজ্জোঃ সর্পস্য চাস্তিত্বমাদৌ ভবতি, ততো রজ্জৌ সর্পভ্রান্তিঃ সম্ভবেদেব। অসতি সর্পে ভ্রমস্যাসম্ভাবনা। অত্রাপি ব্রহ্মেতরাণাং জীববিশ্বাদীনাম্ অস্তিত্বানঙ্গীকারে কথং ভ্রমেণ তদারোপঃ? অথ চাত্র কোঽত্র ভ্রান্তঃ? যতো ব্রহ্মেতরস্যাভাবঃ। যদি ব্রহ্ম এব ভ্রান্তং তদা একাংশেনোত সর্ব্বাংশেন? একাংশে ভ্রান্তে সতি তদা কথং অংশোঽসৌ দূষিতঃ. অথ যদি ব্রহ্ম সর্ব্বাংশেন ভ্রান্তং তদা সর্ব্বনাশে সতি কো বা ভ্রান্তিং নিরাসয়তি। প্রাগুক্তাসুরভাবসিদ্ধান্তা ইত্থং ভৌতিকত্বেন পর্য্যবস্যন্তি। এতৈঃ সিদ্ধান্তৈঃ কেবলং বিষ্ণুতদ্ভক্তিভক্তানাং নিন্দনমেব সার্থকং ভবতি। শাস্ত্রীয়াকৃত্রিমসিদ্ধান্তাঃ পূর্ব্বৈব প্রদর্শিতাঃ। কেবলং দৈবাসুরভাবব্যক্তয়ে পুনরত্র তে তে বর্ণিতাঃ।

পরব্রহ্ম, পরমাত্মা, শ্রীভগবান্ নিখিলৈশ্বর্য্যমাধুর্য্যৈঃ অচিন্ত্যাদ্ভুতানন্তশক্তিভিশ্চ সদৈব পূর্ণঃ। পরব্যোমাখ্যং বৈকুণ্ঠধাম তৎস্বরূপভূতচিচ্ছক্তিময়ম্। অনন্তব্রহ্মাণ্ডানি তৎস্বরূপাভিন্নমায়াশক্তিময়ানি। চিৎপরমাণবো জীবাস্তচ্ছক্তিবিশেষাঃ; বিষয়ানুশীলনাদ্ দেহাভিমানেন তেষাং সংসারদুঃখম্। শ্রীভগবৎসেবনানুশীলনেন তেষাং দুঃখমোচনম্। শ্রীভগবান্ ন কেবলং চিৎসত্তাত্মকঃ। অনয়োক্ত্যা তস্যাপূর্ণতাখ্যাপনেন তস্মিন্নবজ্ঞা জায়তে। প্রকৃতির্মায়া বা তস্যৈব শক্তিঃ, স্ববশত্বয়া ন স্বরূপপরিচ্ছেদঃ সম্ভবেৎ।

নাই, সংহার নাই। সকলই ভ্রম, যেমন রজ্জুতে সর্পের জ্ঞান হয়, সেইরূপ এই সকলের অস্তিত্ব জ্ঞান হইতেছে, ইত্যাদি। যদি কেবল নির্বিশেষ চিন্মাত্রসত্তা ভিন্ন আর কিছুই না থাকে, তবে ভ্রম কোথা হইতে আসিল? যদি ভ্রম থাকিল, তবে ব্রহ্মও আছেন, ভ্রমও আছে, এইরূপ সিদ্ধান্তের স্বীকার কর্ত্তব্য। কিন্তু অন্যবস্তু না থাকিলে ভ্রম হইবে কি প্রকারে? স্বতন্ত্রভাবে রজ্জু ও সর্প আছে, তাহাতেই রজ্জুতে সর্প ভ্রমের সম্ভাবনা হয়। যদি সর্প না থাকিত, তবে সর্পের ভ্রমও হইতে পারিত না। এ স্থলেও যদি ব্রহ্ম ব্যতীত জীব বা জগৎ প্রভৃতি না থাকে, তবে ভ্রমে তদারোপ হইবে কি প্রকারে? আবার এ স্থলে কে ভ্রান্ত হইতেছে? ব্রহ্ম ভিন্ন ত আর কিছুই নাই? যদি ব্রহ্মই ভ্রান্ত হইলেন, তবে তাহা একাংশে, কি সর্ব্বাংশে? যদি একাংশে ভ্রান্ত হন, তবে সে অংশ কেন দূষিত হইল? যদি সর্ব্বাংশে ভ্রান্ত হইলেন, তবে সর্বনাশ হইল, ভ্রমরহিত কে করে? পূর্ব্বোক্ত আসুরভাব ও সিদ্ধান্তসকল এইরূপ ভৌতিকভাব ও সিদ্ধান্তে পরিণত হয়। এইপ্রকার সিদ্ধান্ত দ্বারা কেবল বিষ্ণু, বিষ্ণুভক্তি ও বিষ্ণুভক্তের নিন্দাই ফলবতী হয়। শাস্ত্রযুক্তিসম্মত প্রকৃত সিদ্ধান্ত পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে। কেবল দৈবাসুর ভাব ব্যক্ত করিবার জন্য পুনর্ব্বার বিস্তৃতরূপে উক্ত সিদ্ধান্তসমূহ প্রদর্শিত হইল।

পরব্রহ্ম পরমাত্মা শ্রীভগবান্ সর্বৈশ্বর্য্যমাধুর্য্য দ্বারা ও অচিন্ত্য অদ্ভুত অনন্ত শক্তিদ্বারা পরিপূর্ণ। পরব্যোমাখ্য বৈকুণ্ঠধাম তদীয় স্বরূপভূত চিচ্ছক্তিময়। অনন্তকোটি ব্রহ্মাণ্ড তদীয় স্বরূপাভিন্ন মায়াশক্তিময়। চিৎপরমাণুপুঞ্জরূপ জীবসকল তদীয় শক্তিবিশেষ। বিষয়ানুশীলনহেতু দেহাভিমান দ্বারা জীবের সংসাররূপ দুঃখ। শ্রীভগবদনুশীলন দ্বারা সেই দুঃখ হইতে মুক্তি হয়। শ্রীভগবান্ কেবল চিন্মাত্রসত্তাত্মক নহেন। এইরূপ উক্তি দ্বারা শ্রীভগবানের অপূর্ণতা স্থাপনরূপা অবজ্ঞাই হয়। প্রকৃতি বা মায়া তাঁহারই শক্তি, স্ব-

जीवस्य बहिर्मुखताया अयोग्यतादोषादेव चिच्छक्तेरदर्शनं तेन दुर्बलता। विवेकऽयोगवैराग्येभ्यश्च राहित्यं भवति। अतो विषयानुशीलन-जातदेहाभिमानेन संसृतिक्लेशाप्तिः। अनन्तजीवा भगवन्नित्यपरिकररूपाः शक्तिस्थानीया अतस्तदभिन्ना, न तु तत्स्वरूपपरिच्छिन्नाः, तत्र परब्रह्मणो विकृतिपाताज्जीवानादित्वनाशाच्च। अन्तःकरणं जीवस्य जड़शक्तिः, जीवस्तत्साक्षी तत्प्रेरकश्च चित् स्वरूपश्च। अज्ञानेन जीवः निजशक्तिरूपान्तःकरणेषु अहंबुद्ध्या तादात्म्यमधिगच्छति। परब्रह्मशक्तित्वाज्जीवः पारमार्थिकदृष्ट्या परब्रह्माभिन्नोऽपि अविद्यया तद्विस्मृतिं लभते, अन्तःकरणतादात्म्यानुगत्या देहाभिमान्यपि भवति। पाञ्चभौतिका देहाः परब्रह्माख्यस्य परमात्मनो मायाशक्तिकार्य्याणि, अतो मायिकानि। जीवस्य अन्तःकरणशक्तिरपि परमेशप्रदत्ता पारमेशी शक्तिः, यथा राजप्रदत्तानि प्रजावासस्थानादीनि राजराज्यान्तर्भूतान्येव।

पारमेशी शक्तिरेव प्रकृतिः, माया च इति नाम द्वयेन ख्याता। गुणत्रयसाम्यावस्था एव प्रकृतिः, गुणवैषम्यावस्था च माया। सा माया रजःप्रधाना विश्वोत्पादिका, सत्त्वप्रधाना पालिनी, तमोगुणाधिका च संहारिणी, त्रिगुणसाम्येनापि प्रलयकारिणी। मायाविमोहिता जीवाः परब्रह्माभेदज्ञानाद्वञ्चिता देहान्तःकरणव्यतिरिक्ता अपि तत्तदभिमानिनो अभवन्। आसुरसिद्धान्तेन कथितम् प्रकृत्या ब्रह्म विच्छेदं प्राप्तम्, प्रकृतौ ब्रह्म प्रतिबिम्बितं च। आत्मानं ब्रह्माभेदज्ञानवन्तं जनं ब्रह्म इत्यभिहितम्, जड़ाभिमानी च जड़परिच्छिन्नः जड़प्रतिबिम्बितो वा कथितः।

परब्रह्मणः शक्तित्वात् जीवस्तदाश्रितः, परब्रह्म च

শক্তিদ্বারা স্বরূপের পরিচ্ছিন্নতা হইতে পারে না।।

জীবের বহির্মুখতারূপ অযোগ্যতাদোষেই চিচ্ছক্তির অদর্শন হয়, তাহাতেই দুর্ব্বলতা-বিবেক, যোগ ও বৈরাগ্যাদি হইতে বঞ্চিত হয়। অতএব বিষয়ানুশীলনজাত দেহাভিমান দ্বারা সংসারদুঃখ লাভ হয়। অনন্তকোটি জীব পরব্রহ্মের নিত্যপরিকররূপ শক্তিস্থানীয় হওয়ায় তদভিন্নমাত্র, তৎস্বরূপের পরিচ্ছিন্নাংশ নহে, তাহাতে পরব্রহ্মের বিকৃতি হয় ও জীবের অনাদিত্ব থাকে না। অন্তঃকরণ জীবের শক্তি ও জড়রূপ, জীব তাহাদের সাক্ষী ও প্রেরক। চিৎস্বরূপ এবং জীব অজ্ঞান দ্বারা স্বশক্তিরূপ অন্তঃকরণে অহংবুদ্ধিবশতঃ তাদাত্ম্য লাভ করে। আবার জীব পরব্রহ্মের শক্তি হওয়ায় পারমার্থিক দৃষ্টিতে পরব্রহ্ম হইতে অভিন্ন হইলেও অবিদ্যাবলে তদ্বিস্মৃতি লাভ করে, অন্তঃকরণতাদাত্ম্যের অনুগত হইয়া দেহাভিমানীও হয়। পঞ্চভূতময় দেহসকল পরব্রহ্মাখ্যপরমাত্মার মায়াশক্তিকার্য্য, অতএব তাহা মায়াশক্তিময়। জীবের অন্তঃকরণরূপা শক্তিও পরমেশ্বর প্রদত্তা পারমেশ্বরীশক্তি, যেরূপ প্রজার বাসস্থানাদি রাজপ্রদত্ত হওয়ায় রাজার স্বরাজ্যান্তর্ভূত। পারমেশ্বরী শক্তিই প্রকৃতি ও মায়া নামে খ্যাতা, যেহেতু ত্রিগুণসাম্যাবস্থাকে প্রকৃতি ও গুণবৈষম্যাবস্থাকে মায়া বলা হয়। ঐ মায়া রজোগুণাধিকা বিশ্বের উৎপাদিনী, সত্ত্বগুণাধিকা পালিনী ও তমোগুণাধিকা সংহারিণী, ত্রিগুণসাম্যে প্রলয়কারিণী হন। জীব মায়াশক্তির কার্য্যে বিমুগ্ধ হইয়া পরব্রহ্মের অভিন্নতাজ্ঞান হইতে বঞ্চিত হইলেন এবং দেহান্তঃকরণ হইতে ভিন্ন হইয়াও তদাভিমানী হইলেন। ইহাকেই আসুর সিদ্ধান্তে বলা হইল যে প্রকৃতি দ্বারা ব্রহ্ম বিচ্ছিন্ন হইলেন, এবং প্রকৃতিতে ব্রহ্ম প্রতিবিম্বিত হইলেন। ইহাতে ব্রহ্মাভিন্ন-জ্ঞানবান্‌কে ব্রহ্ম বলা হইল, জড়াভিমানীকে জড়পরিচ্ছিন্ন বা জড়প্রতিবিম্বিত বলা হইল।

জীব পরব্রহ্মের শক্তি হওয়ায় পরব্রহ্মের আশ্রিত, ও পরব্রহ্ম জীবের আশ্রয়। পারমার্থিক জ্ঞানে

जीवाश्रयः। पारमार्थिकज्ञानेन आश्रिताद्राश्रयस्य भेदः, आश्रितस्तु आश्रयेण सहाभिन्नः। आश्रयाश्रितयोः व्यवहारप्रसिद्धा आत्यन्तिकाभिन्नता न भवेदेव, परं केवलं स्थलविशेषे चित्स्वरूपमात्रांश-सादृश्येन अभिन्नता स्वीकृता भवति। यथा राज्यं विहाय राज्ञः मलवाहकस्य मलवहनं विना मानुषत्वांशे सादृश्यं दृश्यते। तथाप्यत्र परमेशजीवयोर्विभुत्व-परमाणुत्वसत्ताया न परित्यागः।

चिद्वस्तु जड़ातीतं तत्साक्षि, तत्प्रेरकं च। तस्याश्रितः जड़ेन न परिच्छेदः, न वा वाङ्मनोऽगोचरायां तस्यां जड़प्रतिबिम्बनं सम्भवेत्। यथा यत्र सूर्य्याभावः तत्रैवान्धकारः, सूर्य्यसम्मुखे न तस्यावस्थितिः, अतः सूर्य्यः अन्धकारेण न परिच्छिन्नो भवति, तमसि च सूर्य्यस्य प्रतिबिम्बनं न सम्भवेत्। जीवाः स्वभावतोऽनन्तसंख्यकाः नैकः जीवः, नतुवा एकस्य सुखदुःखाद्यनुभूतौ अपरेषामपि तथा भवेत्। जीवो विवेकयोगादिबलेन (पारमेष्ठ्यं यावत्) ब्रह्म-पदावधि लब्धुं योग्यः, न तु विष्णुत्वम्, अत्यन्तासम्भवत्वात्। अत आब्रह्मस्थावरान्तगतीनां प्रथा। आसुरप्रकृतीनां ब्रह्म ब्रह्मेत्युद्घोषणं केवलं जीवसमष्टेर्विशुद्धमुक्तस्वरूपम्, न तु परब्रह्मस्वरूपम्। परब्रह्मस्वरूपं नित्याविष्कृतचिच्छक्तिकं न तु निर्विशेष-चिन्मात्रसत्ताकम्। अन्यथा प्रकृतिपारतन्त्र्य-जीवाद्वैतवादौ न सम्भावितौ। परब्रह्मस्वरूपस्य स्वातन्त्र्यं केवलं सत्यम्। अन्येषां स्वातन्त्र्यज्ञानं रज्जौ सर्पधीवत् भ्रममात्रम्। ईदृशे वक्तव्ये केवलब्रह्मास्तित्वं सत्यमन्येषामस्तित्वज्ञानं रज्जौ अहिज्ञानवत् भ्रान्तिमात्रमित्युक्तिं भौतिकप्रलाप एव।

अथ दैवासुरप्रकृतेः सम्प्रदायप्राकट्यप্रকारो विव्रियते। सृष्टिकर्त्ता श्रीब्रह्मा सर्गवैचित्र्याय दैवा-

---

আশ্রিত হইতে আশ্রয় ভিন্ন অথচ আশ্রয় হইতে আশ্রিত অভিন্ন। আশ্রয় ও আশ্রিতের ব্যবহার-প্রসিদ্ধা অত্যন্তাভিন্নতা হইতেই পারে না, কিন্তু স্থানবিশেষে কেবল চিৎস্বরূপমাত্রাংশের সাদৃশ্যাভিন্নতার স্বীকার করা হয়। যেরূপ রাজার রাজত্ব ত্যাগ করিয়া মলবাহকের মলবাহিত্ব ত্যাগ করিয়া মনুষ্যাংশে সাদৃশ্য দেখা যায়। তথাপি এ স্থলে বিভুত্ব ও পরমাণুত্বের সত্তার ত্যাগ হয় না।

যে পূর্ণচিদ্বস্তু জড়বস্তুর অতীত, জড়ের সাক্ষী, জড়ের প্রেরক, তাহার জড়বস্তু দ্বারা পরিচ্ছিন্নতা হইতে পারে না, উক্ত বাঙ্‌মনো অগোচর বস্তু জড়বস্তুতে প্রতিবিম্বিতও হইতে পারে না। যেরূপ সূর্য্যের অভাবস্থলেই অন্ধকারের অস্তিত্ব, সূর্য্যের নিকটে অন্ধকার থাকিতে পারে না, এই হেতু সূর্য্য অন্ধকার দ্বারা পরিচ্ছিন্ন হইতে পারে না এবং অন্ধকারে সূর্য্য প্রতিবিম্বিত হইতেও পারে না। জীবগণ স্বভাবতই অনন্তকোটিসংখ্যক, তাহা না হইলে একের সুখদুঃখানুভবে অন্যেরও তাহাই হইত; অতএব জীব এক নহে। জীব বিবেকযোগাদিবলে ব্রহ্মপদ-পর্য্যন্ত লাভ করিতে পারে, বিষ্ণুত্বলাভ করিতে পারে না, তাহা অত্যন্ত অসম্ভব। অতএব আব্রহ্মস্থাবরান্তা গতির খ্যাতি আছে। আসুরস্বভাবে দূষিত-ব্যক্তিগণ যে ব্রহ্ম ব্রহ্ম বলিয়া চিৎকার করেন, তাহা জীবসমষ্টির মুক্তস্বরূপমাত্র, পরব্রহ্মস্বরূপ নহে। পরব্রহ্মস্বরূপ নিত্যাবিষ্কৃতচিচ্ছক্তিক তাহা নির্বিশেষ চিন্মাত্রসত্তারূপ নহে, অন্যথা প্রকৃতিপারতন্ত্র্যবাদ এবং জীবাদ্বৈতবাদ সম্ভব নহে। একমাত্র পরব্রহ্মস্বরূপের স্বাতন্ত্র্যই সত্য, তদন্যের স্বাতন্ত্র্যজ্ঞান রজ্জুতে সর্প-জ্ঞানবৎ ভ্রান্তিমাত্র, এরূপ উক্তিও ভৌতিকপ্রলাপ মাত্র।

অতঃপর দৈবাসুরভাবের সম্প্রদায় সকলের প্রাকট্যপ্রকার লিখিত হইতেছে। সৃষ্টিকর্তা শ্রীব্রহ্মা সৃষ্টির বৈচিত্র্যাভিপ্রায়ে দৈবাসুরভাববান্ ব্যক্তিসকলের সৃজন করিলেন। তত্তদ্ভাববর্দ্ধনাভিপ্রায়ে শ্রীসন-

सुरभावनिष्ठान् जीवान् ससर्ज। तत्तद्भाववर्द्धनाय च श्रीसनकनारदाङ्गिरोभ्यः दैवसिद्धान्तान् तथा एकत-द्वित-त्रित-भृगु-दक्षादिभ्यश्चासुरसिद्धान्तानुपदिदेश। अङ्गिरोनन्दनो बृहस्पतिजनकाद्दैवसिद्धान्तोपदेशान् जग्राह, देवेषु च प्रचचार। वैष्णवप्रवरः श्रीमहादेवोऽपि अङ्गिरसः, सनकादिभ्यः ततो ब्रह्माविष्णुभ्याञ्च दैवसिद्धान्तोपदेशान् लब्धवान्। भृगुपौत्रः कविसूनुः शुक्रः पितामहतः पितुश्चासुरसिद्धान्तान् संगृह्य दैत्यदानवेषु प्रचारितवान्। शुक्राचार्यं यावत् आसुरसिद्धान्ता एवं वीजरूपा आसन्। तस्माद्देवासुरेषु विविधभावैर्विस्तारिता बभूवुः। परं सत्यादियुगत्रये आसुरसिद्धान्तानां प्रावल्यं नास्ति। कलावेवास्य वलवत्ता प्रकाशिता।

वर्त्तमाने कलौ बुद्धवेशी श्रीविष्णुरसुरमोहनाय अवैदिकसिद्धान्तान् प्रचारितवान्। ते अतीव प्रवला जाता वैदिकास्तु दुर्वला विलुप्तप्राया अभवन्। बौद्धविचारो यथा—विश्वस्थानि निखिलानि चिज्जड़ानि क्षणिकाणि। नदीप्रवाहाः प्रदीपशिखाश्च प्रतिक्षणं नवनवा अपि यथा नदीप्रवाहरूपेण प्रतीयन्ते, तथैव विश्वपदार्थाः प्रतिक्षणमुदयनाशगता अपि ते विद्यमाना इव प्रतीति-गोचरा भवन्ति।

एवं क्षणिकपदार्थान् बौद्धा वैभाजकाः स्थूलान्, सौत्रान्तिका दृष्टिसृष्टान्, योगाचारा विज्ञानसृष्टान् माध्यमिकाश्च भ्रममयान् पश्यन्ति। तानि वस्तूनि नित्यानीति बोधात् जीवानां तेष्वासक्तिः, ततो विविधदुःखानि भवन्ति। क्षणिकज्ञानेन अनासक्तिः तथैव जीवानां पुरुषार्थलाभः, स एव परमसुखरूपः। क्षणिकज्ञानसिद्धये परमः अहिंसाधर्मोऽनुष्ठेयः, अहिंसानिष्ठोपयोगिन आचाराश्च प्रतिपाद्याः।

एषां सिद्धान्ते न परमात्मा, विश्वसृष্টিपालन-

কাদি ও শ্রীনারদ অঙ্গিরা প্রভৃতি ঋষিগণকে দৈবসিদ্ধান্ত এবং একত, দ্বিত, ত্রিত, ভৃগু, দক্ষ প্রভৃতিকে আসুর-সিদ্ধান্ত উপদেশ প্রদান করিলেন। অঙ্গিরার পুত্র বৃহস্পতি পিতার নিকট হইতে উক্ত দৈবসিদ্ধান্তের উপদেশ গ্রহণ করিয়া দেবগণের মধ্যে প্রচার করিলেন।

বৈষ্ণবপ্রবর শ্রীমহাদেবও অঙ্গিরা ও সনকাদি হইতে, পরে শ্রীব্রহ্মা ও শ্রীবিষ্ণুর নিকট হইতে দৈব সিদ্ধান্ত গ্রহণ করিলেন। ভৃগুর পৌত্র কবির তনয় শুক্র পিতামহ ও পিতার নিকট হইতে আসুর-সিদ্ধান্তের উপদেশ পাইয়া অসুরগণমধ্যে তাহা প্রচার করিলেন। শুক্রাচার্য্য পর্য্যন্ত আসুর সিদ্ধান্ত পূর্বোক্তপ্রকারে বীজরূপে ছিল। তাঁহা হইতে অসুরগণের মধ্যে নানাপ্রকারে বিস্তৃত হইল। কিন্তু সত্যাদি যুগত্রয়ে আসুরসিদ্ধান্তের প্রাবল্য হয় না, কলিযুগেই উহার প্রবলতা হইয়া থাকে।

বর্ত্তমান কলিযুগে শ্রীবিষ্ণু বুদ্ধরূপে অসুরগণের মোহনার্থ বেদবিরুদ্ধ সিদ্ধান্ত প্রচার করেন, পরে, বৌদ্ধসিদ্ধান্ত অতিপ্রবল হয়, বৈদিক সিদ্ধান্তসমূহ অতীব দুর্বল হইয়া বিলুপ্তপ্রায় হন। বৌদ্ধগণের-সিদ্ধান্ত এইরূপ—এই বিশ্বস্থ চিৎ ও জড় উভয়বিধ বস্তুই ক্ষণিক, নিত্যরূপে কোনবস্তুই থাকে না। নদীর প্রবাহ ও প্রদীপের শিখা ক্ষণে ক্ষণে নূতন হইলেও যে প্রকার সেই নদী ও সেই প্রদীপরূপে জ্ঞান হয়, বিশ্বগত পদার্থসকলও ক্ষণে ক্ষণে উৎপন্ন ও বিনষ্ট হইলেও সেই সকল পদার্থ বিদ্যমান আছে, এই রূপ প্রতীতি হয়।

উক্তরূপ ক্ষণিক পদার্থসকলকে বুদ্ধশিষ্য বৈভ্রাজক স্থূলরূপে, সৌত্রান্তিক দৃষ্টিসৃষ্টরূপে, যোগাচার বিজ্ঞান-সৃষ্টরূপে, মাধ্যমিক ভ্রমরূপে দেখেন। উক্ত পদার্থ-সকলে নিত্যজ্ঞানহেতু প্রাণিগণের তাহাদিগেতে আসক্তি হয়। ঐ আসক্তি হেতু নানাবিধ দুঃখ জন্মে। ঐ পদার্থগুলিতে ক্ষণিক জ্ঞান হইলে উহাদিগেতে আসক্তি থাকে না। ঐ অনাসক্তি বা বৈরাগ্যই

संहारकर्त्ता नास्ति, नित्यरूपो जीवात्मापि नास्ति। अतः परलोकजन्मान्तरादिकं न भवति। किन्तु ते प्रवाहरूपेण जीवात्म-दृश्यविश्वयो र्नित्यत्वं स्वीकुर्वन्ति प्रकारान्तरेण जीवात्मनित्यत्वस्वीकारात् आसङ्गाना-सङ्गाङ्गीकाराच्च जीवस्य मुक्तिजन्मान्तरयोः, तथा धमस्वीकारात् पापपुण्ययोर्विद्यमानता स्वीकृता।

वौद्धप्रभावकाले आर्हतानामपि प्रतिष्ठा समजनि। श्रीमदृषभदेवस्याजगरवृत्तिरूपां पारमहंस्य-चर्य्यामवलोक्य राजा अर्हन् भक्तिवैदिककर्ममार्गयो-र्निन्दनपूर्वकम् अनधिकारिभ्योऽपि आसुरपथमुप-दिदेश। तच्छिष्या आर्हता इति प्रसिद्धम्। एषा-मनुसरणेन विविधम्लेच्छा अपि सृष्टाः।

कालक्रमेणैवं वैदिकसिद्धान्तानां विलोपप्रायतां सन्दृश्य श्रीभगवच्छङ्करावतारः श्रीशङ्कराचार्य्यः प्रागवत् वैदिकमार्गान् प्रचारितवान्, किन्तु तदा श्रीविष्ण्वादेशवशाद्दैवसिद्धान्तानाच्छाद्यासुरसिद्धान्त-वाहुल्यमेव व्यक्तं उद्घोषयाञ्चकार। तन्मते चिच्छक्ते र्नाम न गृहीतम्। परमात्मस्वरूपसदृश-शक्तित्वात् जीवात्मा तटस्थशक्तिरुच्यते, तच्छक्तित्वात्तदभिन्नः। यत् वस्तु यस्य सम्बन्धे तिष्ठति तदेव तदभिन्नम्। अतएव 'राजा गच्छती'ति वाक्येन तत्परिकराणां गमनपि ज्ञायते, तदीया मायाशक्तिरपि तदभिन्ना। मायाकार्य्याणि मायिकत्वात् परमात्मनो अभिन्नानि अतएव वेदाः जीवात्मानं मायाशक्तिं तत्कार्य्याणि च परब्रह्माख्यस्य परमात्मानः स्वरूपभूतत्वभावन-मुपदिशन्ति। जीवात्म-माया-तत्कार्य्याणि परमात्म-शक्तिकार्य्यत्वात् परब्रह्मस्वरूपान्न भिन्नानि। एवं परब्रह्मैकात्म्यदर्शनं उपनिषद्वाक्यैरुपदिष्टम्।

প্রাণিগণের পরমপুরুষার্থরূপ পরমসুখ হইয়া থাকে। উক্ত ক্ষণিক জ্ঞান সিদ্ধির জন্য অহিংসারূপ পরম-ধর্মের অনুষ্ঠান কর্ত্তব্য। তাহাতে নিষ্ঠার নিমিত্ত তদুপযোগী আচার সমূহ প্রতিপালনীয়, ইত্যাদি।

ইহাদের সিদ্ধান্তানুসারে পরমাত্মা নাই, বিশ্বের সৃষ্টিপালনসংহারকর্ত্তা নাই, নিত্যরূপ জীবাত্মা নাই, অতএব পরলোক ও জন্মান্তর নাই। কিন্তু প্রবাহ-রূপে জীবাত্মা ও দৃশ্য বিশ্বের নিত্যত্ব স্বীকার করেন। প্রকারান্তরে জীবাত্মার নিত্যত্ব স্বীকারহেতু এবং আসক্তি ও অনাসক্তির স্বীকারহেতু জীবের মুক্তির ও জন্মান্তরের স্বীকার হইতেছে, আবার ধর্মের সম্মানহেতু পাপপুণ্যেরও স্বীকার আছে।

বৌদ্ধপ্রাধান্য সময়ে আর্হতগণেরও প্রতিপত্তি বিস্তৃত ছিল। শ্রীঋষভদেবের আজগর বৃত্তিরূপ পরমহংসচর্য্যার পরিদর্শন করিয়া অর্হণ নামক রাজা শ্রীভগবদ্ভজনমার্গের এবং বৈদিক কর্মের নিন্দাপূর্বক অনধিকারী ব্যক্তিগণের প্রতিও আসুর পরমহংস-ধর্মের উপদেশ দেন, তচ্ছিষ্যগণই আর্হতনামে খ্যাত। ইহাদের আনুগত্যেই নানাবিধ ম্লেচ্ছশ্রেণী সৃষ্ট হইয়াছে।

কালক্রমে উক্ত কারণে বৈদিকসিদ্ধান্তের বিলোপ প্রায়তাদর্শন করিয়া শ্রীভগবৎ-শঙ্করাবতার শ্রীশঙ্করা-চার্য্য স্বামী বৈদিক সিদ্ধান্তের পূর্ববৎ প্রচার করেন। কিন্তু শ্রীভগবান্ বিষ্ণুর আদেশানুসারে দৈবসিদ্ধান্তের আচ্ছাদনপূর্বক আসুর সিদ্ধান্তের বাহুল্য ব্যক্তভাবে প্রচার করেন। তদনুসারে তিনি চিচ্ছক্তির নামও গ্রহণ করেন নাই। "জীবাত্মা পরমাত্মার স্বরূপ-সদৃশশক্তি হওয়ায় পরমাত্মা হইতে অভিন্ন; কারণ যে বস্তু যৎসম্বন্ধীয়, তাহা তদভিন্ন। অতএব 'রাজা গমন করিতেছেন' এইবাক্য দ্বারা রাজপরিকরসক-লেরও তৎসহ গমনের জ্ঞান হয়। মায়াশক্তিও তদীয়া হওয়ায় তদভিন্না। মায়াশক্তির কার্য্যসকল মায়া-শক্তিময় হওয়ায় পরমাত্মা হইতে অভিন্ন। অতএব শ্রুতিগণ জীবাত্মা, মায়াশক্তি ও তৎকার্য্যসমূহকে পরব্রহ্মাখ্য পরমাত্মস্বরূপের অন্তর্ভূত-ভাবনার উপ-দেশ দেন। জীবাত্মা, মায়াশক্তি ও তৎকার্য্য--পর-

जीवात्मनां मायाशक्तेः तत्कार्य्याणाञ्च नामरूपसत्ताव्यवहारं विहाय निर्विशेषचिन्मात्रस्वरूपानुभवस्तैर्वाक्यैर्नोपदिष्टः। निर्गुणतापरवाक्यानि केवलं तस्य गुणातीतस्वरूपमात्रस्य बोधकानि, न तु गुणराहित्यप्रतिपादकानि। परब्रह्मस्वरूपे सायुज्याभिलाषवन्तः निर्विशेषचिन्मात्रस्य परब्रह्मण उपलब्धिं प्राप्नुयुः। ये तु आविष्कृतगुणस्य श्रीपरब्रह्मपरमात्म-भगवतः अनुभवेन सालोक्यादिमुक्तिं तत्सेवां महापुरुष-सायुज्यं वाकाङ्क्षन्ति ते एव ब्रह्मसायुज्यप्राप्तेभ्यः परमतत्त्वज्ञाः, यत उपनिषदः परब्रह्मणो गुणराहित्यं न प्रतिपादयन्ति, परन्तु गुणानां स्वरूपाभिन्नत्वं प्रमाणयन्ति।

एवंविधानि तत्त्वान्याच्छाद्य भगवान् श्रीशङ्कराचार्य्यः एवं सिद्धान्तयति – परमात्मैव अज्ञानेन धीवरत्वलब्धराजपुत्रवत् जीवत्वं लभते।

उपनिषद्वचनसमुद्दीप्ततत्त्वज्ञानेन 'सोऽहं देवदत्त' इतिवत् स्वीयपरमात्म्यं स्मृत्वा परमात्मत्वज्ञानमधिगच्छति। अत्र श्रीशङ्करः विशुद्धमुक्तजीवस्वरूपे एव परमात्मत्वं आरोपितवान्। तदारोपितविशुद्धमुक्तजीवस्वरूपसमष्टिं लक्ष्यीकृत्य पूर्ववत् स्थलविशेषे जीवस्य अज्ञानपरिच्छिन्नत्वं अज्ञानप्रतिबिम्बितत्वं तेन स्वीकृतम्। तर्हि अकृत्रिमपरमात्मनोऽनङ्गीकारात् मायायामपि स्वातन्त्र्यमारोपितम्। यतः परमात्मनोऽज्ञता-मायावश्यते असम्भवे। पूर्ववत् विवेकादिबलेन मुक्तजीवानां मायाधीश्वरतापि स्वीकृता। नोचेत् जीवाद्वैतवादो न तिष्ठेत्। प्रकारान्तरेण विशुद्धमुक्तजीवस्वरूपस्य पाषाणतुल्यत्वं प्रतिपादितम् तस्य मायोपाधिकत्वरूपेण मायाप्रेरकत्वं, अविद्यो-

---

মায়াশক্তি ও তৎকার্য্য হওয়ায় পরব্রহ্মস্বরূপ হইতে ভিন্ন নহে।" এইপ্রকার পরমাত্মৈকদর্শনরূপ তত্ত্বজ্ঞানই উপনিষদ্বাক্যসকল দ্বারা উপদিষ্ট।

জীবাত্মা, মায়াশক্তি ও তৎকার্য্যের নাম, রূপ, সত্ত্বা, ব্যবহার পরিত্যাগপূর্ব্বক নির্বিশেষ চিন্মাত্রসত্ত্বারূপ পরব্রহ্মের স্বরূপমাত্রানুভব উঁহাদের উপদিষ্ট। নির্গুণতাবাচক বাক্যাবলী গুণাতীত স্বরূপমাত্রের বোধক, কিন্তু গুণরাহিত্যের প্রতিপাদক নহে। যে সকল ব্যক্তি পরব্রহ্মস্বরূপমাত্রে সাযুজ্যের ইচ্ছা করেন, তাঁহারা নির্বিশেষ চিন্মাত্রসত্তারূপ পরব্রহ্মস্বরূপের অনুভবে সমর্থ কিন্তু যাঁহারা আবিষ্কৃতগুণ শ্রীপরব্রহ্ম পরমাত্মা ভগবানের অনুভব দ্বারা সালোক্যাদি পঞ্চবিধ মুক্তিলাভ বা তৎসেবাপ্রাপ্তি অথবা মহাপুরুষের সাযুজ্যলাভ করেন, তাঁহারা উক্ত ব্রহ্মসাযুজ্যমুক্তির অধিকারী অপেক্ষা অধিক পরমতত্ত্বজ্ঞ, অতত্ত্বজ্ঞ নহেন। কারণ, উপনিষদ্বাক্যসমূহ পরব্রহ্মের গুণরাহিত্য প্রতিপাদন করেন না, গুণসমূহের স্বরূপাভিন্নতা-জ্ঞানের প্রতিপাদক।

এই প্রকার তত্ত্বজ্ঞানের আচ্ছাদনপূর্ব্বক ভগবান্ শ্রীশঙ্করাচার্য সিদ্ধান্ত করেন—পরমাত্মাই অজ্ঞান দ্বারা 'ধীবরত্বপ্রাপ্ত রাজপুত্রবৎ' জীবত্বলাভ করিয়াছেন। উপনিষদ্বাক্যে সমুদ্দীপ্ত তত্ত্বজ্ঞানদ্বারা 'সোঽহং দেবদত্ত' এইরূপ স্বকীয় পরমাত্মত্বের স্মরণপূর্ব্বক পরমাত্মত্ব-জ্ঞান লাভ করেন। এস্থলে শ্রীশঙ্করাচার্য্য বিশুদ্ধ মুক্তজীবের স্বরূপে পরমাত্মত্বের আরোপ করিয়াছেন। তদারোপিত বিশুদ্ধ মুক্ত জীবস্বরূপের সমষ্টিকে লক্ষ্য করিয়া তৎকর্ত্তৃক পূর্ব্ববৎ স্থানবিশেষে অজ্ঞানপরিচ্ছিন্নত্ব ও অজ্ঞানপ্রতিবিম্বত্ব স্বীকৃত হইয়াছে। অতএব প্রকৃতপরমাত্মার অস্বীকারহেতু মায়াতেও স্বাতন্ত্র্যের আরোপণ হইয়াছে; যেহেতু পরমাত্মার অজ্ঞতা ও মায়াবশ্যতা অসম্ভব। পূর্ব্ববৎ বিবেকাদিবলে মুক্তজীবস্বরূপের মায়াধীশ্বরতাও স্বীকৃতা হইয়াছে, এরূপ না হইলে জীবাদ্বৈতবাদ থাকে না। প্রকারান্তরে বিশুদ্ধ মুক্ত জীবস্বরূপের পাষাণতুল্যতা প্রতিপাদিত হইয়াছে। তদীয় মায়াপ্রেরকত্ব মায়োপাধিকত্বরূপে, দেহাত্ম-

पाधिकत्वरूपेण देहाद्यभिमानत्वं स्वीकृतम्। नृपतेः सुरत्नवलयं चौरस्य लौहशृङ्खलस्थानीयमिति सिद्धान्तितम्। अतएवासुरसिद्धान्तेन प्रकृतपरमात्मानमस्वीकृत्य जीवस्वरूपे एव परमात्मत्वस्य आरोपः संघटितः।

एकस्या एव मृदः घटशरावादि बहुपदार्था निर्मियन्ते। तत्राज्ञानां नानाज्ञानेऽपि विज्ञानां केवलमृत्तिकाज्ञानं भवति। घटशरावादीनां नामरूपसत्ताः न बाधन्ते केवल-मृत्तिकाज्ञानम्। एकस्मादेव सुवर्णात् वलयाङ्गदमुद्रिकादयोऽलङ्कारा नानाविधा जायन्ते, तत्राज्ञानां विविधज्ञानेऽपि विज्ञानां केवलं सुवर्णज्ञानम्, वलयादीनां नामरूपसत्ताः केवलसुवर्णज्ञानस्य न बाधिकाः। तथैव एकमेव परब्रह्म-परमात्मा मायाशक्त्या अनन्तब्रह्माण्डानि जनयति, तद्गतवस्तूनि च उत्पादयति, अतएव प्रागुक्ततत्त्वविचारेण ब्रह्माण्डानि तत्रत्यवस्तूनि च केवलमायाशक्तिमयानि, मायाशक्तेश्च परब्रह्ममयत्वात् ब्रह्माण्डानां तत्स्थानाञ्च परब्रह्ममयता परब्रह्मता वा। ब्रह्माण्डानां तद्वस्तूनाञ्च नामरूपसत्ता एकमात्रब्रह्मज्ञानस्य न बाधिका भवेयुः।

अथ श्रीमदाचार्य्य शङ्करपादसिद्धान्तः—सर्वेषां वस्तूनां नामरूपसत्तानामपरिहारे न भवेद् ब्रह्मैकात्म्यदर्शनम्। औपनिषदवचनानि ब्रह्मेतराणां नामरूपसत्तादिकं विहाय निर्विशेषचिन्मात्रसत्तात्मककेवलब्रह्मदर्शनरूपं ब्रह्मैकात्म्यदर्शनमुपदिशन्ति, यतः ब्रह्मणि तदितरनामरूपसत्ता रज्जौ सर्पवद् भ्रान्तिमात्रम्। अन्यथा ब्रह्म विकारग्रस्तं भवेत्। अतएव विश्वमिदं रज्जौ सर्पवत् अज्ञानकर्त्तृकमारोपितमेव। ब्रह्मेतरेषु एवं भ्रान্তिबोधाभावे ब्रह्मैकात्म्यदर्शनं न भवेत्, नापि जीवस्य मोक्षः।

ভিমানত্ব অবিদ্যোপাধিকত্বরূপে স্বীকৃত হইয়াছে। রাজার রত্নবলয়ও চোরের লৌহশৃঙ্খলস্থানীয়, এইরূপ সিদ্ধান্ত স্থাপিত হইয়াছে। অতএব আসুর সিদ্ধান্তের অনুসারে প্রকৃত পরমাত্মার অস্বীকার পূর্বক জীবস্বরূপেই পরমাত্মত্বের আরোপণ হইয়াছে।

একমাত্র মৃত্তিকা হইতে ঘট, শরাবাদি বহু পদার্থের উৎপত্তি হয়, এরূপ স্থলে অজ্ঞের নানাজ্ঞান হইলেও বিজ্ঞের একমাত্র মৃত্তিকাজ্ঞানই হয়। ঘটশরাবাদির নামরূপসত্তা একমাত্র মৃত্তিকাজ্ঞানের বাধক হয় না। একমাত্র সুবর্ণ হইতে বলয়, অঙ্গদ, মুদ্রিকাদি নানা বস্তুর উৎপত্তি হয়, এই স্থলেও অজ্ঞের পৃথক্ পৃথক্ জ্ঞান হয়, কিন্তু বিজ্ঞের একমাত্র সুবর্ণজ্ঞান বিদ্যমান, বলয়াদির নামরূপসত্তা একমাত্র সুবর্ণজ্ঞানের বাধক হয় না। ঐরূপ একমাত্র পরব্রহ্ম পরমাত্মা মায়াশক্তিদ্বারা অনন্তকোটি ব্রহ্মাণ্ডের উৎপত্তি করিতেছেন ও তদ্গত বস্তুসকলেরও উদ্ভব করিতেছেন; অতএব প্রাগুক্ত তত্ত্ববিচারে ব্রহ্মাণ্ড ও তদ্গতবস্তুসমূহ একমাত্র মায়াশক্তিময় হইতেছে এবং মায়াশক্তির পরব্রহ্মময়তাহেতু ব্রহ্মাণ্ড ও তদ্গতবস্তুর পরব্রহ্মপরতা বা পরব্রহ্মত্ব হয়। ব্রহ্মাণ্ড ও তদ্গতবস্তুসকলের নামরূপসত্তা একমাত্র ব্রহ্মজ্ঞানের বাধক হইতে পারে না।

শ্রীশঙ্করাচার্য্যের সিদ্ধান্ত এই যে, উক্ত বস্তুসকলের নামরূপ-সত্তার পরিত্যাগ না হইলে ব্রহ্মৈকাত্ম্যদর্শন হইতে পারে না। উপনিষদ্বাক্যাবলী ব্রহ্মেতর বস্তুর নামরূপসত্তার পরিত্যাগপূর্বক নির্বিশেষচিন্মাত্রসত্তাত্মক ব্রহ্মমাত্রদর্শনরূপ ব্রহ্মৈকাত্ম্যানুভবের উপদেশ দেন, যেহেতু ব্রহ্মস্বরূপে তদিতর নামরূপসত্তা রজ্জুতে সর্পবৎ ভ্রমমাত্র, অন্যথা ব্রহ্ম বিকৃত হন। অতএব এই বিশ্ব রজ্জুতে সর্প জ্ঞানের ন্যায় অজ্ঞান দ্বারা আরোপিতমাত্র। ব্রহ্মেতর বস্তুতে এইরূপ ভ্রমজ্ঞান না হইলে ব্রহ্মৈকাত্ম্যদর্শনরূপজ্ঞান ও জীবের মুক্তি হয় না।

এসম্বন্ধে প্রকৃতসিদ্ধান্ত প্রদর্শিত হইয়াছে—

एतद्विषये प्रकृतः सिद्धान्तः प्रदर्शितः - अनित्यतया विश्वमिदं भ्रमोपमं भ्रमवद्धेयं भ्रमशब्दवाच्यं च। अतः शास्त्रेषु मिथ्याभ्रमशब्दयोः प्रयोगो दृश्यते। [क्वचित् स्वातन्त्र्याभिप्रायेणापि तत्तच्छब्दप्रयोगो भवति।] श्रीशङ्कराचार्य्यैः एतादृशप्रकृतौ स्वातन्त्र्यमारोप्य तत्र भ्रममध्यस्यति। कन्टकेनैव कन्टकमिति न्यायेन बौद्धनिरसनार्थं तेनाचार्य्येणैवं जीवाद्वैतवादः, परिच्छिन्नवादः, प्रतिबिम्बवादः, प्रकृतिस्वातन्त्र्यवादः भ्रमवादः, इत्यादिवादाः संस्थापिताः।

तेन सिद्धान्तेन भक्ति-योगमार्गयोरुत्सादं प्रदर्श्य श्रीशेषावतारः श्रीमद्रामानुजाचार्यस्वामी दैवप्रणाल्यनुसरणेन एवं सिद्धान्तयति - जीवातिरिक्तः परमात्मा अवश्यमेवास्ति तच्छक्त्या मायया ब्रह्माण्डानि तद्गतवस्तूनि च उत्पद्यन्ते, प्रतिपाल्यन्ते, संह्रियन्ते च। तन्मायाश्रयभूता चिच्छक्तिश्च वैकुण्ठधामादिप्रकाशिकास्ति। जीवा असंख्याताः. तेषु वैकुण्ठनाथ-श्रीभगवन्नारायणस्य तत्त्वज्ञः-- मुक्तः। तद्विमुखाः संसृतिग्रस्ता भवन्ति। श्रीनारायण एव परब्रह्म-परमात्मशब्दवाच्यः, तदीयत्वात् निखिलाः शक्तयः समग्राणि कार्य्याणि च तदात्मकानि. न ततः पृथक्। तदीय-तदभिन्नतच्छक्तिः अनुभूतानुभूतनिखिलपदार्थरूपेण भासते. अतः सर्वाणि वस्तूनि नारायणस्वरूपाण्येव, अतो नारायणशब्दवाच्यः-विविध ज्ञान-नामव्यवहाराः शुक्तौ रजतधीवत् भ्रममात्रम्। यथा केवलमेव मृत् सुवर्णादीनि कुम्भकारस्वर्णकारादिभिर्नानावस्तुरूपेण कल्पितानि भवेयुः, किन्तु वास्तववस्तुविचारेण तानि केवलं मृत् सुवर्णादीनि एव. नान्यद्वस्तूनि, पृथगभिधानानि वा। जीवा अपि तच्छक्तिस्थानीयाः, शक्तिशक्तिमतोरभेदात् जीवाअपि नारायण-स्वरूपा नारायणशब्दवाच्या च। अतएव नारायणेतरज्ञानं तदितरनाम चाज्ञानमात्रम्।

অনিত্যতাহেতু এই বিশ্ব ভ্রমোপম, ভ্রমবৎ হেয়, ভ্রমশব্দবাচ্য হয়। অতএব শাস্ত্রেও মিথ্যাশব্দের ও ভ্রমশব্দের প্রয়োগ দেখা যায়। শ্রীশঙ্করাচার্য্য এইরূপ প্রকৃতিতে স্বাতন্ত্র্যারোপণপূর্বক তাহাতে ভ্রমরূপতার আরোপ করেন। কণ্টকদ্বারা কণ্টকোদ্ধারবৎ বৌদ্ধসিদ্ধান্তের নিরসনাভিপ্রায়ে উক্ত আচার্য্যকর্ত্তৃক এইরূপ জীবাদ্বৈতবাদ, পরিচ্ছেদবাদ, প্রতিবিম্ববাদ, প্রকৃতিস্বাতন্ত্র্যবাদ, ভ্রমবাদ প্রভৃতি সংস্থাপিত হয়।

উক্ত সিদ্ধান্ত দ্বারা ভক্তি ও যোগমার্গের উৎসাদন প্রদর্শন করিয়া শ্রীভগবান্ শেষাবতার শ্রীরামানুজাচার্য্য স্বামী দৈবসিদ্ধান্তের আনুগত্যে এইরূপ সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন—জীবাতিরিক্ত পরমাত্মা অবশ্য আছেন, তদীয়া শক্তি মায়া, তদ্দ্বারা ব্রহ্মাণ্ডসমূহ ও তদ্গতবস্তুসকল উৎপন্ন, প্রতিপালিত ও সংহৃত হইতেছে। ঐ মায়াশক্তির আশ্রয় ভগবৎস্বরূপভূতা চিচ্ছক্তিও আছেন, তদ্দ্বারা বৈকুণ্ঠধামের প্রাকট্য হয়। জীব অসংখ্য, তন্মধ্যে শ্রীভগবান্ বৈকুণ্ঠনাথ নারায়ণের তত্ত্বজ্ঞানবিশিষ্ট—মুক্ত, তদ্রহিতগণ সংসার দুঃখগ্রস্ত হন। শ্রীভগবান্ নারায়ণই পরব্রহ্ম, 'পরমাত্মশব্দবাচ্য ; তদীয়ত্বহেতু সর্বশক্তি ও সর্বকার্য্য তদাত্মক, তাঁহা হইতে ভিন্ন নহে। তদীয়া তদভিন্না শক্তি অনুভূত ও অননুভূত সর্বপদার্থরূপে প্রকাশমান আছেন। অতএব সকলবস্তুই নারায়ণস্বরূপমাত্র। এই হেতু নারায়ণশব্দবাচ্য নানাজ্ঞান, নানা নামব্যবহার শুক্তিতে রজতজ্ঞানবৎ ভ্রমমাত্র। যে প্রকার একমাত্র মৃত্তিকা ও সুবর্ণাদি কুম্ভকার ও স্বর্ণকারাদি দ্বারা নানাবস্তুরূপে কল্পিত হয়, কিন্তু বস্তুতত্ত্ববিচারে একমাত্র মৃত্তিকা, সুবর্ণাদি প্রমাণিত হয়, অপরবস্তু বা নাম হয় না। জীবগণও তচ্ছক্তিস্থানীয়, তাঁহার শক্তিসকল তদভিন্নত্বহেতু নারায়ণস্বরূপমাত্র ও নারায়ণশব্দবাচ্য। অতএব নারায়ণস্বরূপেতর জ্ঞান,

यावत्तच्च न निवृत्तिः तावत् नारायण-सान्निध्याधिगतिरूपा मुक्तिर्न स्यात्। सालोक्यादि-भेदेन नारायणसान्निध्यं सप्तविधम्।

एवं श्रीरामानुजाचार्यसिद्धान्तेन केवलं क्रिया-योगमार्गसंरक्षणं बभूव, यतः श्रीभगवतो जीवा-श्रयत्वं सर्वैश्वर्य्यपूर्णत्वं मायाशक्त्याश्रयत्वञ्च सं-स्थापितम्। श्रीवैकुण्ठधाम ब्रह्माण्डानि च परब्रह्म-परमात्म भगवन्नारायण-स्वरूपाणि ज्ञेयानि, ध्येयानि एकमात्र नारायणशब्दवाच्यानि अभवन्। नाना-नामव्यवहारराहित्यात् तद्गुणलीलादीनां कीर्त्तन-श्रवण-स्मरणार्च्चनसेवनादिषु हेयत्वज्ञानसम्भावना समुपस्थिता। यद्यपि निखिलवस्तुसद्भावात् वस्तु-संज्ञासद्भावप्रतीतिरवश्यं भवत्येव, तथापि स्पष्टो-क्त्यभावात् भगवल्लीलाकीर्त्तनसेवनादिषु अज्ञानं संसारपरिभ्रमणाशङ्काया उदयश्च भवति।

इत्थं भगवद्भक्तिमार्गस्य मालिन्यं संदृश्य श्री-भगवद् वेदव्यास-शिष्यः श्रीहनूमद् भीमावतार श्री-मध्वाचार्य्यस्वामी प्रकृतं वैदिकं सिद्धान्तं संस्था-पयति श्रीद्वैपायनप्रणीतानि ब्रह्ममीमांसासूत्राणि अवलम्ब्य प्रोक्तसिद्धान्ताः स्थापिताः। स्वयं श्री-वेदव्यासादन्येन तदीयसूत्राणां याथार्थ्यनिर्णयो न सम्भवेत्। अतोऽस्य पृथग् वर्णनेन न प्रयोजनम्। तथापि तस्य सारोद्धारः क्रियते।

श्रीमध्वसिद्धान्तो यथा—यद्वत् तदेकवस्तुगठित-त्वात् सुवर्णादिविकाराः तदभिन्नाः तन्मयाश्चापि तेषां नामरूपसत्तानां व्यवहारो भवति, तद्वत् पर-ब्रह्म-परमात्म भगवतः चिन्माया-जीवशक्तिनां प्राक-ट्येऽपि, तत्तत् प्रकाशितानां द्रव्याणां प्राकट्येऽपि,

---

নারায়ণ নামেতর নাম অজ্ঞানমাত্র, যাবৎ তাহার নিবৃত্তি না হয়, তাবৎ নারায়ণসান্নিধ্যলাভরূপা মুক্তি-লাভ হয় না। সালোক্যাদি ভেদে নারায়ণ-সান্নিধ্য সপ্তবিধ।

এইপ্রকার শ্রীরামানুজীয় সিদ্ধান্তদ্বারা কেবল (পদ্মপুরাণোক্ত) ক্রিয়াযোগমার্গেরই সংরক্ষণ হইল, যেহেতু শ্রীভগবানের জীবাশ্রয়ত্ব, সর্বৈশ্বর্য্যপূর্ণত্ব ও মায়াশক্ত্যাশ্রয়ত্ব সংস্থাপিত হইল। শ্রীবৈকুণ্ঠধাম ও ব্রহ্মাণ্ডসমূহ পরব্রহ্ম, পরমাত্মা ও ভগবন্নারায়ণ-স্বরূপে জ্ঞেয় এবং ধ্যেয় হওয়ায় একমাত্র নারায়ণ-শব্দবাচ্য হইলেন। নানা নামব্যবহারের রাহিত্যে তদ্‌গুণলীলাকীর্ত্তন, শ্রবণ, স্মরণ, অর্চ্চন, সেবনাদিতে হেয়ত্বজ্ঞানের সম্ভাবনা সমুপস্থিত হইল। যদিও সর্ব্ববস্তুর সদ্‌ভাবে সর্ব্ববস্তুসংজ্ঞারও প্রতীতি অবশ্যই হইতেছে, তথাপি ব্যক্তোক্তির অভাবে ভগবল্লীলা-কীর্ত্তনসেবনাদিতে অজ্ঞান ও সংসার পরিভ্রমণাশঙ্কার উদয় হইতেছে।

উক্ত প্রকারে শ্রীভগবদ্ভক্তিমার্গের মালিন্য পরি-দর্শন করিয়া শ্রীভগবদ্বেদব্যাসশিষ্য শ্রীহনূমদ্‌ভীমা-বতার শ্রীমন্মধ্বাচার্য্য স্বামী প্রকৃত বৈদিক সিদ্ধান্তের প্রতিষ্ঠা করেন। শ্রীবেদব্যাসপ্রণীত ব্রহ্মমীমাংসা-সূত্রসমূহের অবলম্বনে উক্ত সিদ্ধান্তরাজি সংস্থাপিত হইয়াছে, স্বয়ং বেদব্যাস ব্যতীত অন্য দ্বারা তদীয় সূত্রসকলের যাথার্থ্য নির্ণয় হইতে পারে না। অতএব উহার পৃথক্‌বর্ণনের প্রয়োজন নাই, তথাপি তাহার সারোদ্ধার করা যাইতেছে।

শ্রীমধ্বাচার্য্যস্বামীর সিদ্ধান্ত এই যে—যেমন মৃত্তিকা ও সুবর্ণাদি দ্বারা নির্মিত বস্তুসকল তদেক-পদার্থদ্বারা নির্মিত হওয়ায় তদভিন্ন ও তন্ময় হইলেও তাহাদের নামরূপ সত্তার ব্যবহার হয়, এবং উহা তদভিন্নতা বা তন্ময়তা জ্ঞানের বাধক হয় না, সেইরূপ পরব্রহ্ম পরমাত্মা শ্রীভগবানের চিৎ, মায়া ও জীবাদি শক্তিসকল প্রাকট্যলাভ করিলেও, তৎপ্রকাশিত বস্তুসমূহের প্রকাশ হইলেও তত্তন্নামরূপ ব্যবহার-সত্তা ও তদৈকাত্ম্যদর্শনরূপ জ্ঞানের বাধক হইতে পারে না, অতএব তত্তন্নামরূপব্যবহারসত্তার পরি-

तत्तन्नामरूपव्यवहारसत्ता तदैकात्म्यदर्शनलक्षणज्ञानस्य न बाधिका। तर्हि तत् परित्यागेनालम्। सद्भावेऽपि नामादीनां तदभिन्नतायाः तन्मयताया ज्ञानस्यावश्यम्भावित्वमेव। श्रीभगवच्छक्तीनां तत्प्रकाशितवस्तूनाञ्च नामरूपव्यवहारसत्तायाः परिहारेण भगवत्तत्त्वज्ञानस्यापूर्णता सम्भवेत्। तच्छक्तीनां तत्स्वरूपमयत्वात् तच्छक्तिकार्य्याणां तच्छक्तिमयत्वात् भगवतः श्रीकृष्णस्य स्वरूप-परिणामत्वाशङ्का न भवेत्। अत्र रज्जुसर्पदृष्टान्तः भ्रमावह एव।

जीवातिरिक्तस्य परमात्मनः, तदितराणां नामरूपव्यवहारसत्ताया अनङ्गीकारादेव श्रीशङ्कराचार्य्योऽद्वैतवादीति अभिधीयते। शक्तिसत्ताविशिष्टस्य एकमात्रनारायणस्य नामस्वीकारात् श्रीरामानुजाचार्य्यः विशिष्टाद्वैतवादीत्युच्यते। श्रीमन्मध्वाचार्य्यस्तु द्वैतवादी कथ्यते, यतस्तत्सिद्धान्ते ऐकात्म्यदर्शने सत्यपि शक्ति-शक्तिमत्स्वरूपनामव्यवहारसत्तायाः स्वीकृतिः। प्रागुक्तमाचार्य्यत्रयं सिद्धान्ततारतम्यवादि, वक्ष्यमाणास्त्रयस्तु आचार्य्याः उपासनाभेदवादिनः। श्रीमन्मध्वाचार्य्यः निजसिद्धान्तेन विश्वरूपोपासनालक्षणं योगमार्गं, गुणातीतस्वरूपमात्रोपासनारूपं ज्ञानमार्गं, श्रीवैकुण्ठनाथोपासनारूपं भक्तिपथं च संस्थापितवान्।

श्रीभगवद् रुद्रशिष्यः श्रीमदाचार्य्यो विष्णुस्वामी तत्त्रिमार्गतारतम्यं विचारयामास तद्यथा। विश्वरूपोपासका योगिनश्चतुर्दशभुवनात्मकं विश्वरूपं अथवा अखिलब्रह्माण्डात्मकं विश्वरूपमुपासते। किन्तु ब्रह्माण्डानि तत्स्थभुवनानि च मायाशक्तिमयत्वात् मिथ्याभूतानि परमेशस्य यया शक्त्या मिथ्यावस्त्वपि सत्यवत् प्रतीयते, सा माया। अतएव भगवान् श्रीशङ्करः विश्वं मिथ्यामयमवदत्। जीवाः परमेशमायाशक्त्या विमुग्धा विश्वस्यानास्त-

---

ত্যাগের কোন প্রয়োজন নাই। উহার সদ্ভাবে তদভিন্নতা বা তন্ময়তাজ্ঞানের অবশ্য সদ্ভাব হইতে পারে। শ্রীভগবানের শক্তি ও তৎপ্রকাশিত বস্তুসকলের নাম, রূপ, ব্যবহার, সত্তা পরিত্যাগ দ্বারা শ্রীভগবত্তত্ত্বজ্ঞানের অপরিপূর্ণতা হয়। শ্রীভগবানের শক্তি তৎস্বরূপময় হওয়ায় এবং তচ্ছক্তিপ্রকটিত বস্তুসকলের তচ্ছক্তিময়তাবশতঃ ভগবান্ শ্রীকৃষ্ণস্বরূপের পরিণামত্বাশঙ্কা হইতে পারে না। এই রূপ স্থলে রজ্জুসর্পাদি সিদ্ধান্তই ভ্রমরূপ হয়, ইতি।

শ্রীশঙ্করাচার্য্যের সিদ্ধান্তে জীবাতিরিক্ত পরমাত্মার ও তদিতর বস্তুর নামরূপব্যবহারসত্তার অস্বীকার হওয়ায় তাঁহাকে অদ্বৈতবাদী বলা হয়। শ্রীরামানুজাচার্য্যকে বিশিষ্টাদ্বৈতবাদী বলা হয়, যেহেতু তাঁহার সিদ্ধান্তে শক্তিসত্তাবিশিষ্ট একমাত্র শ্রীনারায়ণনামের স্বীকার আছে। শ্রীমধ্বাচার্য্যকে দ্বৈতবাদী বলা হয়, যেহেতু তৎসিদ্ধান্তে ঐকাত্ম্যদর্শন থাকিলেও শক্তি ও শক্তিমৎ স্বরূপের নাম ব্যবহারসত্তার স্বীকার হয়। উক্ত তিন আচার্যই সিদ্ধান্ততারতম্যবাদী। বক্ষ্যমাণ আচার্য্যত্রয় উপাসনাতারতম্যবাদী। শ্রীমন্মধ্বাচার্য্য স্বকীয় সিদ্ধান্তের দ্বারা বিশ্বরূপোপাসনাত্মক যোগমার্গের, গুণাতীত স্বরূপমাত্রোপাসনাত্মক জ্ঞানমার্গের ও শ্রীবৈকুণ্ঠনাথোপাসনারূপ ভক্তিমার্গের সংস্থাপন করিলেন।

শ্রীভগবদ্রুদ্র শিষ্য শ্রীমদাচার্য্য বিষ্ণু স্বামী উক্ত ত্রিবিধ মার্গের তারতম্য বিচার করিয়াছেন. তাহা এই—বিশ্বরূপোপাসক যোগিগণ চতুর্দশ ভুবনাত্মক বিশ্বরূপের বা অখিলব্রহ্মাণ্ডাত্মক বিশ্বরূপের উপাসনা করেন, কিন্তু ব্রহ্মাণ্ডসমূহ এবং তদন্তর্গত চতুর্দশ ভুবন মায়াশক্তিময় হওয়ায় মিথ্যা। পরমেশ্বরের যে শক্তিদ্বারা মিথ্যা বস্তু সত্যবৎ প্রতীত হয়, তাহাই মায়াশক্তি। অতএব ভগবান্ শ্রীশঙ্করাচার্য্য এই বিশ্বকে মিথ্যা বলিয়াছেন। জীবগণ পরমেশের

त्वेऽपि तदस्तित्वं पश्यन्ति। तर्हि मिथ्याभूतवस्तुलक्षणस्य परमेशस्योपासना न मुख्या, परं गौणी एव। मिथ्याभूतविश्वस्य हेयत्वज्ञान-पूर्विका तदतीतस्वरूपोपासना हि मुख्या।

मायातीतस्वरूपस्य उपासना द्विधा। केवलस्वरूपोपासना, आविष्कृतसत्यवस्तुकस्वरूपोपासना। केवलस्वरूपोपासनया जीवस्य केवलस्वरूपे विलयो भवति, तदा ब्रह्मजीवयोर्भेदप्रतीतिर्न भवति। अतएव स आचार्य्यो जीवब्रह्मणोर्भेदं नाङ्गीकरोति, अस्मदादीनां अतीन्द्रियत्वात् सत्यवस्तूनामप्यनुभूतिं न विदधाति। किन्तु परब्रह्मस्वरूपाभ्यन्तरे सर्वाणि वस्तूनि अनुभवसिद्धवत् सद्रूपाणि सन्ति, तदाश्रय एव वैकुण्ठनाम्ना प्रसिद्धिं गच्छति। अतएव वैकुण्ठनाथस्य श्रीरुक्मिनीपतेरुपासनैव परममुख्या। तत्र वैकुण्ठधाम्नि संप्राप्तसालोक्यादिचतुष्टयानां जीवानां भगवदाश्रितरूपता नित्यैव। अतएव जीवाद्भगवतो नित्यभेदः। तर्हि भगवान् श्रीमध्वाचार्य्यः आश्रितजीवादाश्रयरूपस्य भगवतो नित्यपार्थक्यं स्वीचकार, एवं वैकुण्ठधामस्थसत्यवस्तूनां नामरूपसत्ताधाः सत्यत्वमप्यङ्गीकृतवान्। श्रीशङ्करमध्वयो-र्मत-साम-ञ्जस्य कारित्वात् आचार्य श्रीविष्णुस्वामी शुद्धाद्वैतवादी उच्यते।

श्रीभगवन्नारदशिष्य आचार्य्यः श्रीनिम्बभास्करः पूर्वोक्तसिद्धान्तात् परं वदति - मायिकसम्बन्धात् मायिक-विश्वरूपध्यानरूपा उपासना यथा न मुख्या तथैव केवलब्रह्मस्वरूपोपास्तिरपि मुख्या भवितुं नार्हति। यतस्तया श्रीभगवद्विग्रहे अनादररूप आसुरभावो जायते। ब्रह्मसायुज्यादिषु जीवब्रह्मणो नात्य-

---

মায়াশক্তিতে মুগ্ধ হইয়া বিশ্বের অস্তিত্ব না থাকিলেও অস্তিত্ব দেখিতেছেন। অতএব মিথ্যাময় বস্তুরূপে পরমেশ্বরের উপাসনা মুখ্যরূপা হয় না, গৌণরূপামাত্র। এই মিথ্যাময় বিশ্বের হেয়ত্বজ্ঞানপূর্বক তদতীতস্বরূপের উপাসনাই মুখ্য।

মায়াতীত স্বরূপের উপাসনা দ্বিবিধা, কেবল স্বরূপের উপাসনা ও আবিষ্কৃতসত্যবস্তুক স্বরূপের উপাসনা। কেবল স্বরূপের উপাসনা দ্বারা জীবের কেবল স্বরূপে বিলয় ঘটে, তখন ব্রহ্ম ও জীবের ভেদ প্রতীত হয় না। অতএব উক্ত আচার্য্য জীব ও ব্রহ্মের ভেদ স্বীকার করেন না, এবং অস্মদাদির অতীন্দ্রিয় হওয়ায় সত্যবস্তুসকলেরও অনুভব করেন না। কিন্তু পরব্রহ্মস্বরূপের মধ্যে অনুভবসিদ্ধবৎ সকল বস্তু সত্যরূপে আছে, তদাশ্রয়স্বরূপই বৈকুণ্ঠধাম নামে পরিচিত। অতএব বৈকুণ্ঠপতি শ্রীরুক্মিণীনাথের উপাসনাই পরম মুখ্যা। উক্ত বৈকুণ্ঠে সালোক্যাদি মুক্তিচতুষ্টয়-সংপ্রাপ্ত জীবগণের পরমেশ্বর ভগবদাশ্রিতরূপতা নিত্যাত্মিকা। অতএব জীব হইতে শ্রীভগবানের নিত্যপার্থক্য আছে, এই হেতু ভগবান্ শ্রীমধ্বাচার্য্য—আশ্রিত জীব হইতে আশ্রয় শ্রীভগবানের পার্থক্য স্বীকার করিয়াছেন। সত্যরূপ বৈকুণ্ঠধামগত সত্যবস্তুসকলের নাম রূপ সত্তারও সত্যত্ব স্বীকার করিয়াছেন। শ্রীশঙ্করাচার্য্য ও শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্ত সামঞ্জস্যকারী হওয়ায় শ্রীবিষ্ণুস্বামীকে শুদ্ধাদ্বৈতবাদী বলা হয়।

শ্রীভগবান্ নারদের শিষ্য শ্রীনিম্বার্কাচার্য্য স্বামী উক্ত সিদ্ধান্তের পর বলিতেছেন,—মিথ্যা বস্তুর সহিত সম্বন্ধ থাকায় মায়িক বিশ্বরূপের ধ্যানময়ী উপাসনা যেরূপ মুখ্যা নহে, সেইরূপ কেবল ব্রহ্মাখ্য স্বরূপের উপাসনাও মুখ্যা হইতে পারে না। যেহেতু এইরূপ উপাসনাই অসুরভাবের বীজস্বরূপা। কারণ তাহাতে শ্রীভগবদ্বিগ্রহে অনাদর হয়; ঐ অনাদরই আসুরভাব। ব্রহ্মসাযুজ্যাদি মুক্তিতেও জীব ও ব্রহ্মের অত্যন্ত ঐক্য হয় না। তাহা কেবল বনলীন বিহঙ্গবৎ অলক্ষিতৈক্যমাত্র, অতএব ব্রহ্মসাযুজ্য প্রাপ্ত মুক্তজীবের স্বরূপ হইতেও পরব্রহ্ম স্বরূপের

न्तैक्यम् तत् केवलं वनलीन-विहङ्गवत् अलक्षितैक्यमेव। अतो प्राप्त-ब्रह्मसायुज्याज्जीवात् परब्रह्मस्वरूपस्य पार्थक्यं विद्यते। यतो मुक्तोऽपि जीवोऽसौ चिच्छक्तिं स्प्रष्टुमपि न पारयति। परब्रह्म अपरिच्छिन्नतया परमसत्यां स्ववैचित्रीसम्पादिकां चिच्छक्तिमाविष्करोति। अतः सत्यरूपे वैकुण्ठे सत्यरूपस्य श्रीभगवन्नन्दनन्दनस्य उपास्तिरेव परममुख्या। श्रीमध्वाचार्य्यात् किञ्चिद्विशेषनिर्धारणादयमाचार्यो द्वैताद्वैतवादीति कथ्यते।

स्वयं भगवान् श्रीनन्दनन्दनावतारो महाप्रभुः श्रीकृष्णचैतन्यदेवः श्रीमन्माधवेन्द्रपुरीपादानाम् शिष्यानुशिष्यत्वमुरीकृत्य तत्सिद्धान्तस्य प्राधान्यं दर्शयामास, अतीवगुह्यं रहस्यमपि विवृतवान्। तत्परिकर-प्रसादादेवेदं भाष्यं लिख्यते। श्रीमन्महाप्रभुः अचिन्त्यभेदाभेदवादीति कथनीयम्, यतः तत्-सिद्धान्त एवातीव युक्तियुक्त। अनेनैव दैवसिद्धान्तस्य परिपूर्णता आसुरस्य च निर्मूलता जाता। समग्रं भाष्यं तन्मतमूलकमित्यत्र सिद्धान्तप्रपञ्चनेनालं समासेनैव विचार्य विषयाः प्रदर्शिताः।

श्रीमन्मध्वः प्राह मायाशक्तिकार्य्याणि सत्यानि, अनित्यत्वात् भ्रमवत् मिथ्योपमानि मिथ्यावद्धेयानि, अतो मिथ्याशब्दवाच्यानि, विश्वं तद्गतवस्तूनि च नाविद्यमानात्मकं मिथ्या। परन्तु श्रीविष्णुस्वामी श्रीनिम्बार्कश्च मायिकानि वस्तूनि भ्रमवन्मिथ्या वदतः। जीवः परमात्मनो भ्रमजनिकया मायाशक्त्या भ्रान्तः सन् भ्रमेण विश्वमिदं पश्यति। परमार्थेन विश्वस्यास्तित्वं नास्तीति स्वीकुरुतः। तथापि शङ्कराचार्य्य इव न वदतः, यत् स्वशक्त्या स्वीयभ्रमः, भ्रमजनिका शक्तिरपि भ्रमः, भ्रमोऽपि भ्रम इत्यादिकम्।

श्रीकृष्णचैतन्यदेव उवाच—परमात्मनो भ्रमजनिकया शक्त्या चेदस्य विश्वस्यानुभूतिर्जीवानां, तर्हि

পার্থক্য বর্ত্তমান, যেহেতু মুক্ত হইলেও উক্ত জীবস্বরূপ চিচ্ছক্তির স্পর্শও করিতে পারে না; পরব্রহ্মস্বরূপ অপরিচ্ছিন্নভাবে পরমসত্য স্ববৈচিত্র্যকারিণী চিচ্ছক্তির আবিষ্কারক। অতএব সত্যরূপ বৈকুণ্ঠধামে সত্যরূপ শ্রীভগবান্ নন্দনন্দনোপাসনাই পরমমুখ্যা। শ্রীমধ্বাচার্য্য হইতে কিঞ্চিৎ বিশেষতত্ত্ব জ্ঞাপন করায় এই আচার্য্যকে দ্বৈতদ্বৈতবাদী বলা হয়।

স্বয়ং ভগবান্ শ্রীশ্রীনন্দনন্দনের অবতার শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যদেব মহাপ্রভু শ্রীমন্মাধবেন্দ্রপুরীপাদের শিষ্যানুশিষ্যত্ব স্বীকারপূর্বক তৎসিদ্ধান্তেরই প্রাধান্য স্থাপন করেন এবং অত্যন্ত গূঢ়রহস্যেরও প্রকাশ করেন। সেই শ্রীমন্মহাপ্রভুর পরিকরগণের অনুগ্রহেই এই ভাষ্য লিখিত হইতেছে। ইহাকে অচিন্ত্যভেদাভেদবাদী বলা হয়, যেহেতু এতৎসিদ্ধান্তই অত্যন্তযুক্তিযুক্ত। এই সিদ্ধান্তেই দৈবভাব পরিপূর্ণতা লাভ করিয়াছে, এবং আসুর সিদ্ধান্ত সমূলে বিনষ্ট হইয়াছে। শ্রীমন্মহাপ্রভুর সিদ্ধান্তানুসারে এই ভাষ্য লিখিত হওয়ায় তাহার বিস্তারে এই স্থলে প্রয়োজন নাই সংক্ষেপে কেবল বিচার্য্যবিষয় সমূহ প্রদর্শিত হইল।

শ্রীমন্মধ্বাচার্য্য মায়াশক্তির কার্যসকলে সত্য ও অনিত্যত্বহেতু ভ্রমবৎ, মিথ্যোপম, মিথ্যাবৎ হেয়, অতএব মিথ্যাশব্দের বাচ্য বলিয়া স্বীকার করিয়াছেন। বিশ্ব ও তদ্‌গতবস্তুগুলি অবিদ্যমানাত্মক মিথ্যারূপে স্বীকার করেন না। কিন্তু শ্রীবিষ্ণুচার্য্য ও শ্রীনিম্বার্কাচার্য্য মায়িক বস্তু সকলকে ভ্রমবৎ মিথ্যা বলেন, পরমাত্মার ভ্রমোৎপাদিকা মায়াশক্তি দ্বারা জীব ভ্রান্ত হইয়া ভ্রমে এই বিশ্বকে দেখিতেছে, বিশ্বের বিদ্যমানতা নাই, তথাপি তিনি শ্রীশঙ্করাচার্য্যবৎ নিজের শক্তিদ্বারা নিজের ভ্রম, ভ্রমোৎপাদিকা শক্তিও ভ্রম, ভ্রমও ভ্রম এরূপ স্বীকার করেন না।

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যদেব বলেন—যদি পরমাত্মার

कथं विश्वानस्तित्वम्? चिन्तातिक्रान्तस्याचिन्त्य-शक्त्या यत् संपाद्यते तत् कथं वा मिथ्या। भ्रम-जनिकया शक्त्या भ्रमोत्पादनस्य प्रयोजने सत्येऽपि विश्वस्य तद्‌गतवस्तूनां च ध्यानेन प्रयोजनमस्ति। तमृते तत् कार्य्यं न साध्यते। अतो विश्वमिदं परमेशध्यानवैचित्र्यमात्रम्। अतो हेतोर्भगवतः श्रीमध्वाचार्य्यस्य सिद्धान्तानुसारेण विश्वमिदं विद्यमानात्मकं सत्यम्, तथापि अनित्यत्वात् अविद्यमानभ्रमात्मकवस्तूपमं तद्धेयं तर्हि तद्वाच्यञ्च। वयन्तु श्रीकृष्णपादपद्मास्वादनमृते ब्रह्माख्यं सत्यस्वरूपमपि सत्यमिति न स्वीकुम. यतः अनाविष्कृतचिच्छक्तिकं ब्रह्मस्वरूपं कदापि न विद्यते. जगत् सत्यं मिथ्या वा ईदृशि वितर्के नास्माकं कार्य्यम्।

श्रीनिम्बार्काचार्य्यस्य सिद्धान्तमाकर्ण्य त्रिविधासु उपासनासु श्रीराधावल्लभोपासना परममुख्यापि ऐश्वर्य्य प्रधाना, अतस्तया तत्परमप्रीतिर्वशीभावश्च न भवतः। माधुर्य्यप्रधानया सखि पुत्र पत्यादिभावमय्या उपासनया श्रीभगवतः परमा प्रीतिः, स च भक्तवशो जायते। ज्ञान-सांख्य-योग-वैराग्यादिभिरनावृतैः श्रवण-कीर्त्तन-स्मरण-पादसेवनार्चन-वन्दन-दास्य सख्यात्मनिवेदन-सत्सङ्ग-शरणापत्ति गुरुसेवनादिभक्त्यङ्गैस्तत्तद्भावलाभार्थं कृतैरेव परमसाधनं भवति। एषां साधनानामानुगत्येन कर्मादीनां तत्तत्-साधने द्वारभूतत्वम्। श्रीभगवत्सेवां विना सालोक्यादिमुक्तिपञ्चकमपि निरयवद्धेयम्। किम्‌त ब्रह्म-सायुज्यस्वर्गभोगादीनां नामस्मरणम्। परमाचार्य्याः श्रीकृष्णचैतन्यदेवाः एवं सर्वमुख्योपासनातत्त्वं समुद्दध्रुः। इतरे विषयाः भाष्यादस्मात् 'श्रीहरि-

---

ভ্রমোৎপাদিকা শক্তিদ্বারা এই বিশ্বের অনুভব হইতেছে, জীবসকল তদনুভব করিতেছে, তবে বিশ্ব অবিদ্যমান হইল কি প্রকারে? চিন্তার অতীত পরমাত্মার অচিন্ত্যশক্তিদ্বারা যাহা সম্পাদিত হয়, তাহা মিথ্যা হয়, কিরূপে? ভ্রমোৎপাদিকা শক্তিদ্বারা ভ্রমোৎপাদনের প্রয়োজন হইলেও বিশ্বের ও তদ্‌গত বস্তুসকলের ধ্যানের প্রয়োজন, তদ্বিনা উক্ত কার্য্যের সাধন হইতে পারে না; অতএব এই বিশ্ব পরমেশ্বরের ধ্যানবৈচিত্র্যমাত্র। এইহেতু ভগবান্ শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্তানুসারে এই বিশ্ব বিদ্যমানাত্মক সত্য, তথাপি অনিত্য হওয়ায় অবিদ্যমান ভ্রমাত্মক বস্তূপম, তদ্বৎ হেয়, এই হেতু তদ্বাচ্য। আমরা কিন্তু শ্রীকৃষ্ণ-পাদপদ্মের আস্বাদন ব্যতিরেকে ব্রহ্মাখ্য সত্য-স্বরূপকেও সত্যরূপে স্বীকার করি না, যেহেতু অনাবিষ্কৃত-চিচ্ছক্তিক ব্রহ্মস্বরূপ কোনকালেই বিদ্যমান থাকে না। জগৎ সত্য কি মিথ্যা? এরূপ আন্দোলনে আমাদের কোন প্রয়োজন নাই।

শ্রীনিম্বার্কাচার্য্যের সিদ্ধান্ত শ্রবণপূর্ব্বক বলিতেছেন-ত্রিবিধ উপাসনামধ্যে শ্রীরাধাবল্লভের উপাসনা পরমমুখ্যা হইলেও ঐশ্বর্য্য প্রধান তদুপাসনা দ্বারা তাঁহার পরমপ্রীতি ও তদ্বশীভবন হয় না। মাধুর্য্য-প্রধান মৎসখা, মৎপুত্র, মৎপতি ইত্যাদি ভাবনাময় তদুপাসনা দ্বারাই শ্রীভগবানের পরমপ্রীতি হইয়া থাকে এবং তাহাতে শ্রীরাধাবল্লভ বশীভূত হন। জ্ঞান, কর্ম, সাংখ্য, যোগ, বৈরাগ্য প্রভৃতি দ্বারা অনাবৃত শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চন, বন্দন, দাস্য, সখ্য, আত্মনিবেদন সৎসঙ্গ, শরণাপত্তি, গুরুসেবা প্রভৃতি ভক্ত্যঙ্গসমূহ তত্তদ্ভাবলাভের উদ্দেশে কৃত হইলেই পরমসাধন হইয়া থাকে। এই সকল সাধনের আনুগত্যে ধর্ম, সাংখ্য যোগ, বৈরাগ্য, জ্ঞান প্রভৃতি কৃত হইলে তত্তৎসাধনলাভে দ্বারভূত হয়। শ্রীভগবৎসেবা ব্যতিরেকে সালোক্যাদিমুক্তিপঞ্চকও নরকবৎ হেয়, ব্রহ্মসাযুজ্য স্বর্গভোগাদির নাম স্মরণেও প্রয়োজন নাই। পরমাচার্য্য শ্রীকৃষ্ণচৈতন্যদেব এই প্রকারে সর্ব্বমুখ্যোপাসনাতত্ত্বের সমুদ্ধার করিয়াছেন। অন্যান্য

भक्तिसर्वस्व'-ग्रन्थाच्च ज्ञातव्याः।

अतः परं श्रीभगवद्धाम्नि तत् साक्षात् कृतिप्रकारा लिख्यन्ते, सावधानं श्रूयताम्। प्रागुक्तमेतत् - प्रकृत्याः पञ्चविंशति भेदेन कोषपञ्चकं देहत्रयं च निर्मितम्। क्षित्यप् तेजोभिरन्नमयः, वाय्वाकाश-कर्मेन्द्रियैः प्राणमयः कोषो गठितः। एतद्द्वयेन स्थूल-देहः। ज्ञानेन्द्रिय-मनोबुद्धिभिः मनोमयकोषः, अह-ङ्कारचित्ताभ्यां विज्ञानमयकोषश्च ; एतद्द्वयेन जीवस्य सूक्ष्मदेहः लिङ्गशरीरं वा जातम्। केवला मूलप्रकृतिः आनन्दमयकोषः कारणदेहो भवति। अन्नमयकोष-सहायकेन जाग्रदवस्थायां तद्विस्मृतौ प्राण-मनो-विज्ञान-मय-कोषत्रयेण स्वप्नावस्था जायते। विस्मृतयोरन्न-मयप्राणमययोर्मृतिः सम्पद्यते। सापि मनोमयादि-त्रयसाहाय्येन संघटते। विज्ञानमयेन तत्त्वविचारो भवति। तदान्नमयादित्रयेऽनासक्तिर्जायते। मनो-मयविज्ञानमययोरानन्दमये विलोपे सुषुप्तिः।

व्यष्टिदेहानां एभिः कोषैरवस्थाभिश्च समष्टिदेह-विश्वरूपस्यापि कार्य्यकारणात्मकस्य कोषपञ्चकस्या-नुभवः कर्त्तव्यः। आदौ स्वदेहस्थान्नमयप्राणमय-कोषद्वयेन जाग्रदवस्थया च विश्वात्मके परमात्मदेहे अन्नमयकोषत्वेन सौरविश्वं ततश्च प्राणमयकोषत्वेन तद्बहिस्था वायुरूपा शक्तिः बृहदाकाशश्चानुभूयताम्। स्वीयमनोमयविज्ञानमयकोषद्वयेन स्वप्नावस्थानुशीलनेन च विश्वरूपस्य तत्तत्कोषतदवस्थाकाराणि मनोगोच-राणि ब्रह्माण्डानि अनुभूयन्ताम्

कार्य्यरूपस्य कोषचतुष्टयस्यानुभवादनन्तरं कारणरूपस्य कोषचतुष्कस्यानुभवः ईदृश एव। ब्रह्मा-ण्डानां पार्थिव-जलीयाग्नेयपरमाणुसमष्ट्यात्मकाव-

---

বিষয় এই ভাষ্যোক্ত সিদ্ধান্তে ও 'শ্রীহরিভক্তিসর্বস্ব' গ্রন্থ হইতে জ্ঞাতব্য।

অতঃপর শ্রীভগবদ্ধামে শ্রীভগবৎসাক্ষাৎকার লিখিত হইতেছে। হে মহোদয়গণ, অতিসাবধানে শ্রবণ করুন। পূর্বে উক্ত হইয়াছে যে, প্রকৃতির পঞ্চবিংশতি ভেদদ্বারা পঞ্চকোষ ও দেহদ্বয় নির্মিত হইয়াছে। পৃথিবী, জল ও অগ্নিদ্বারা অন্নময় কোষ, বায়ু, আকাশ ও কর্মেন্দ্রিয় দ্বারা প্রাণময় কোষ ; এই কোষদ্বয়ে স্থূলদেহ নির্মিত। জ্ঞানেন্দ্রিয়, মন ও বুদ্ধি দ্বারা মনোময় কোষ, অহঙ্কার ও চিত্তদ্বারা বিজ্ঞান-ময় কোষ ; এই কোষদ্বয়ে সূক্ষ্মদেহ বা লিঙ্গ-শরীর গঠিত। একমাত্র মূলপ্রকৃতি আনন্দময় কোষ ও কারণদেহ। অন্নময় কোষের সাহায্যে জাগ্রদবস্থা, অন্নময় কোষ বিস্মৃত হইলে প্রাণময়, মনোময় ও বিজ্ঞানময় কোষত্রয় সাহায্যে স্বপ্নাবস্থা হয়। অন্ন-ময় ও প্রাণময় কোষ বিস্মৃত হইলে মৃত্যু হয়, তাহা মনোময়াদি কোষত্রয়ের সাহায্যে ঘটে। বিজ্ঞানময় কোষের সাহায্যে তত্ত্ববিচার হয়, তত্ত্ববিচারকালে অন্নময়াদি কোষত্রয়ে আসক্তি থাকে না। মনোময় ও বিজ্ঞানময় কোষ আনন্দময়কোষে বিলীন হইলে সুষুপ্ত্যবস্থা।

ব্যষ্টিদেহের এই সকল কোষ ও অবস্থা দ্বারা সমষ্টি বিশ্বরূপের ও কার্য্যকারণাত্মক কোষ পঞ্চকের অনুভব কর্তব্য। প্রথমতঃ স্বদেহের অন্নময় ও প্রাণ-ময় কোষদ্বয় এবং জাগ্রদবস্থা দ্বারা বিশ্বাত্মক পর-মাত্মশরীরে অন্নময়কোষরূপে সৌরবিশ্বের অনুভব করুন, তৎপরে প্রাণময় কোষরূপে তদ্বহিঃস্থিত বায়ু-রূপা শক্তি ও বৃহদাকাশের অনুভব করুন। নিজের মনোময় ও বিজ্ঞানময় কোষদ্বয়ের ও স্বপ্নাবস্থার অনুশীলন পূর্বক বিশ্বরূপের তত্তৎকোষ তদবস্থা-কারে মনোগোচর ব্রহ্মাণ্ডসমূহের অনুভব করুন।

কার্য্যরূপ কোষচতুষ্টয়ের অনুভবান্তে কারণরূপ কোষচতুষ্টয়ের অনুভব এইরূপ। ব্রহ্মাণ্ডগুলির পার্থিব, জলীয়, আগ্নেয় পরমাণুসমষ্টিরূপ আবরণ-ত্রয়কে অন্নময় কোষরূপে, বায়বীয় পরমাণুপুঞ্জ ও আকাশরূপ আবরণকে প্রাণময় কোষরূপে, অহ-

रणत्रयं अन्नमयकोषः, वायवीय-परमाणु पुञ्जाः आकाशावरणश्च प्राणमयकोषः. अहङ्कारावरणं मनोमयकोषः महत्तत्त्वावरणश्च विज्ञानमयकोष इति अनुभूयताम्। अथ स्वदैहिकानन्दमयकोषस्य सुषुप्त्यवस्थाश्चानुशील्य विश्वरूपस्य परमात्मनः आनन्दमयकोषरूपेण ससप्तावरणब्रह्माण्डानां वहिःस्थितां व्यापिकां प्रकृतिमनुभवेत्। ततः स्वीयतुरीयावस्थातुलनयाअनन्तादित्यतेजोमयस्य प्रकृति-प्रेरकाश्रयभूतस्य परमात्म–परब्रह्मस्वरूपस्यानुभूतिः कार्य्या। तदभ्यन्तरदेशे विरजोदध्याख्यायाश्चिच्छक्तेः ततश्च श्रीपरव्योमधाम्नः उपलम्भो विधेयः। पद्माकृतेः परव्योमधाम्नः कर्णिकोपरिस्थं स्वयंभगवतः श्रीकृष्णस्य गोलोकगोकुलाख्यं स्वधाम। तत्र भगवान् स्वयं सपरिकरो नित्यं सुविराजते। तत्तदधोध्यः दलेषु च यथोक्तवत् तत्तन्मूर्त्तयः स्वस्वधामसु सुशोभन्ते। एते श्रीविग्रहा धानानि च सर्वव्यापकान्यपि प्रेमलोचनेन परिच्छिन्नवत प्रतीयन्ते। श्रीभगवदनुभवात्मिका दशा हि पञ्चमी कथ्यते ॥ २३ ॥

ঙ্কারাবরণকে মনোময় কোষরূপে এবং মহত্তত্ত্বাবরণকে বিজ্ঞানময় কোষরূপে অনুভব করুন। অতঃপর নিজদেহের আনন্দময় কোষ ও সুষুপ্ত্যবস্থার অনুশীলনপূর্বক বিশ্বরূপ পরমাত্মার আনন্দময় কোষরূপে সপ্তাবরণসহিত ব্রহ্মাণ্ডসকলের বহিঃস্থিতা ব্যাপিকা প্রকৃতির অনুভব করুন। অতঃপর নিজের তুরীয়াবস্থার অনুভবপূর্বক অনন্তাদিত্যতেজোময় প্রকৃতির প্রেরক আশ্রয়ভূত পরমাত্ম-পরব্রহ্মস্বরূপের অনুভব করুন। তদভ্যন্তরে বিরজাসমুদ্রাখ্য চিচ্ছক্তির অনুভূতির পর শ্রীপরব্যোম ধামের অনুভব করুন। পদ্মাকার পরব্যোম ধামের কর্ণিকারস্বরূপ সর্বোপরি স্বয়ংভগবান্ শ্রীকৃষ্ণের গোলোক-গোকুলাখ্য নিজধাম, যেখানে সপরিকর শ্রীভগবান্ সুবিরাজিত আছেন। তত্তদধোভাগে দলসমূহে পূর্বলিখিতানুসারে তত্তন্মূর্ত্তিসমূহ নিজ নিজ ধামে বিরাজ করিতেছেন। এই সকল শ্রীমূর্ত্তি ও ধাম সর্বব্যাপক হইলেও প্রেমনেত্রদ্বারা পরিচ্ছিন্নবৎ প্রতীয়মান হয়। শ্রীভগবদনুভবাত্মিকা অবস্থাকে পঞ্চমী অবস্থা বলা হয় ॥২৩॥

[देवताधिकरणम्]

नास्तिकः—वैकुण्ठवर्णनं तत्सिद्धान्तवृन्दञ्च श्रुतम्। अस्माकं चित्तन्तु तत्र न प्रवेष्टुं शक्नोति। मन्ये भूयोभूयः श्रवणेन तत्र किञ्चित् प्रवेशसामर्थ्यं जनिष्यते अस्त्यत्रास्माकं कश्चिदाक्षेपोऽपि। स पश्चात् व्यञ्जयिष्यते।

अधुना तु शुश्रूषामहे - के वा देवाः? युक्तिबाहुल्य श्रुत्वापि परमेशेऽस्माकं विश्वासं स्थायित्वं न लभते। पुनर्देवाश्च कुतः समायाताः, अप्येते स्वतन्त्रा ईश्वराः? उत जीवविशेषाः? अथवान्ये केचित? भवतु ये वा ते वा; अस्माभिरेक एव परमेश्वरः स्वीकृतः, नान्ये देवाः परिगृह्यन्ते।

सूत्रकारः— देवतत्त्व वर्णयति।

अन्ये सहायास्तदंशधारिणः ॥२४॥

परमेशादन्ये देवास्तस्य सृष्टि-पालन-संहारेषु सहायाः, तच्छक्त्यंशधारिणश्च। महोदयाः! यथा प्रधानामात्यः अपरे मन्त्रिणः, कर्माध्यक्षाः, इतरकार्य-निर्वाहकाश्च सम्राजः सहाया भवन्ति, तत्प्रदत्त-शक्ति-भेदानां परिचालकाश्च। तथैव देवाः भगवत्कर्म-सचिवाः, तत्प्रदत्तशक्तिविशेष-चालकाश्च भवन्ति। यथा च प्रकृतयः सम्राजा प्रचारितां शिक्षापद्धति-मनुसृत्य तदाज्ञां प्रतिपाल्य तत्प्रिया भूत्वा तद्दत्त-शक्तिविशेषपरिचालका भवन्ति; तथैव केचिज्जीवाः परमेशादेशरूपाणि वेदादिशास्त्राणि समभ्यस्य तच्छास्त्रोक्त यज्ञादि-कर्माण्यनुतिष्ठन्तः देवविशेषत्वं लभन्ते, परमेशशक्ति परिचालकाश्च भवन्ति।

यथा राज्ञो मन्त्रिणः कर्मचारिणश्च न स्वतन्त्रा राजानः, केवलं प्रजाविशेषाः, तथैव देवा न स्वत-

---

নাস্তিক—বৈকুণ্ঠধামের বর্ণন ও তদ্বিষয়ক সিদ্ধান্তসমূহ শ্রবণ করিলাম। আমাদের চিত্ত তন্মধ্যে প্রবেশ করিতে পারিতেছে না, বোধহয়, বারবার শ্রবণে কিঞ্চিৎ প্রবেশের শক্তি পাইতে পারে। ইহাতে কিছু আপত্তিও আছে, তাহা পরে ব্যক্ত করিব।

এক্ষণে শুনিতে চাই যে, দেবতারা কে? বহু-যুক্তিশ্রবণেও আমাদের পরমেশ্বরে বিশ্বাস জন্মিয়াও স্থায়ী হইতেছে না। আবার দেবতাগণ কোথা হইতে আসিলেন? ইহারা কি স্বতন্ত্র এক একজন ঈশ্বর, অথবা জীববিশেষ? অথবা ইহারা আর যে কিছু হউন আমরা এক পরমেশ্বরকে স্বীকার করিয়াছি, তদ্ব্যতীত অন্য দেবতাকে স্বীকার করিতে পারি না।

সূত্রকার দেবগণের তত্ত্ব বর্ণন করিতেছেন।

অন্য অর্থাৎ দেবগণ সেই পরমেশ্বরের সৃষ্টি, পালন ও সংহার কার্য্যের সহায়ক ও সেই পরমেশ্বরের শক্ত্যংশ বিশেষ ধারণ করেন। হে মহোদয়-গণ, যেরূপ প্রধান মন্ত্রী ও অপর মন্ত্রিগণ প্রধান কার্য্যাধ্যক্ষ এবং অন্যান্য কার্য্যনির্বাহকগণ সম্রাটের সহায়, সেইরূপ দেবগণও পরমেশ্বররূপ সম্রাটের সহায়। যেমন মন্ত্রিগণ ও কার্য্যনির্বাহকমণ্ডলী সম্রাট্প্রদত্ত শক্তিবিশেষের পরিচালক, সেই প্রকার দেবগণও পরমেশদত্ত শক্তিবিশেষের পরিচালক। যেমন প্রজাগণই সম্রাট্প্রচারিত শিক্ষাপদ্ধতির অনু-শীলনপূর্বক তদাজ্ঞা প্রতিপালন দ্বারা তাঁহার প্রিয় হইয়া তৎপ্রদত্ত শক্তিবিশেষের পরিচালক হন, সেইরূপ জীবসকলই পরমেশ্বরের আদেশরূপ বেদাদি শাস্ত্রের অনুশীলনপূর্বক তদুক্ত যজ্ঞাদিকর্মের অনুষ্ঠান দ্বারা দেববিশেষত্ব লাভ করেন এবং পরমেশ্বর-প্রদত্ত শক্তিবিশেষের পরিচালক হন।

যেপ্রকার রাজার মন্ত্রী ও কর্মচারিগণ স্বতন্ত্র

न्त्रेश्वराः, केवलं तत्प्रिया जीवविशेषाः। यो जीवः सम्यक्शास्त्रानुसारी सन् शतं जन्मानि व्याप्य जितेन्द्रियः विवेकयोगादिनिष्ठः परमेशपरायणश्च भवति, स एव पारमेष्ठ्यं पदं लभते। एकस्मिन्नेव जन्मनि शताश्वमेधानुष्ठाता वैष्णवः ऐन्द्रं पदं प्राप्नोति। एवं पुण्यतारतम्येन इतरदेवत्वमप्यधिगच्छति। किन्तु भारतवर्षमध्ये, पावनप्रदेशेषु सद्गुणान्वितमानवदेहलाभं विना देवत्वप्रापणयोग्यं पुण्यं समनुष्ठितं न भवेत्।

अथ देवानां परिचयः। स्वयं भगवान् श्रीकृष्ण एव निखिलदेवदेवेश्वरः, सम्राजस्थानीयः, स एव अनन्तसंख्य-वैकुण्ठेषु परव्योम्नि अनन्तावतार-प्रकाश विलासादिरूपेण सुविराजते। चिच्छक्त्याश्रयो भगवान् प्राकृतेन्द्रियातीतत्वात् परब्रह्मसंज्ञकः, मायाशक्तिप्रेरकत्वात् परमात्मनामकः, तत्साक्षित्वात्महापुरुषाख्यः, सर्वशक्त्याश्रयः श्रीभगवान् केवलैश्वर्याविष्कारित्वात् नारायण-संज्ञको भवति। स्वयं सर्वशक्त्यभिमानी भूत्वा निजाधारलक्षणः सहस्रशिरस्कः शेषसंज्ञको भवति। शब्दशक्त्यभिमानवान् शङ्खरूपः, कालशक्त्यभिमानी चक्ररूपो भवति। तद्रूपचतुष्टयं वासुदेव-सङ्कर्षण-प्रद्युम्नानिरुद्ध नाम व्यूह-चतुष्टयं भवति।

परमात्मा प्रकृत्यन्तर्यामी प्रथमपुरुषाख्यः, विराड़न्तर्यामी द्वितीय-पुरुष नामकः, व्यष्टिजीवान्तर्यामी च तृतीय पुरुषसंज्ञको भवति। मायाशक्तिस्थ-रजोगुणप्रेरकत्वाद् ब्रह्मरूपी स्रष्टा, सत्त्वगुणप्रेरकत्वाद्विष्णुरूपी पालकः, तमोगुणप्रेरकत्वात् रुद्ररूपी संहारकश्च। परमात्मासौ त्रिगुणमायाशक्त्यभिमानिनी सिंहारूढ़ा दुर्गा, रजोगुणाभिमानिनी हंसवाहना ब्रह्मपत्नी सावित्री, सत्त्वगुणाभिमानिनी गरुड़ासना

রাজা নহেন, প্রজাবিশেষমাত্র, সেই প্রকার দেবগণও স্বতন্ত্র ঈশ্বর নহেন, কেবল তৎপ্রিয় জীববিশেষমাত্র। যে জীব সম্পূর্ণভাবে শাস্ত্রানুবর্ত্তী হইয়া একশত জন্ম সর্বেন্দ্রিয়জয়পূর্বক বিবেকযোগাদিনিষ্ঠ ও পরমেশ্বরপরায়ণ হন, তিনিই ব্রহ্মপদ লাভ করেন। যে জীব একই জন্মে একশত অশ্বমেধ যজ্ঞের সম্পাদনপূর্বক শ্রীবিষ্ণুর ভক্ত হন, তিনি ইন্দ্রপদ লাভ করেন। এইরূপ পুণ্যতারতম্যে অন্যান্য দেবত্ব লাভ হয়। কিন্তু ভারতবর্ষের পুণ্যপ্রদেশে সদ্‌গুণসম্পন্ন মনুষ্য শরীর না পাইলে দেবপদের যোগ্য পুণ্যানুষ্ঠান সম্ভব হইতে পারে না।

অতঃপর দেবগণের পরিচয় প্রদত্ত হইতেছে। স্বয়ংভগবান্ শ্রীকৃষ্ণই সর্ব্বদেবদেবেশ্বর ও সম্রাটস্থানীয় তিনিই অনন্তকোটি বৈকুণ্ঠে পরব্যোম ধামে অনন্ত অবতার, প্রকাশ ও বিলাসরূপে বিরাজিত আছেন। চিচ্ছক্তির আশ্রয় শ্রীভগবান্‌ই প্রাকৃতেন্দ্রিয়ের অগোচর ও পরব্রহ্মসংজ্ঞক, মায়াশক্তির প্রেরক হওয়ায় পরমাত্মনামে এবং তাহার সাক্ষী হওয়ায় মহাপুরুষাখ্যও হন। সর্বশক্তির আশ্রয় ভগবান্ কেবল ঐশ্বর্য্যমাত্র আবিষ্কার দ্বারা নারায়ণসংজ্ঞক হন, স্বয়ং সর্বশক্তির অভিমানী হইয়া নিজাধাররূপে সহস্র শিরস্ক শেষসংজ্ঞা প্রাপ্ত হন। শব্দশক্ত্যভিমানী হইয়া শঙ্খরূপ এবং কালশক্ত্যভিমানী হইয়া চক্ররূপ হন। উক্ত রূপচতুষ্টয় বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ নামে চতুর্ব্যূহ।

পরমাত্মা প্রকৃতির অন্তর্য্যামী হইয়া প্রথম পুরুষ, বিরাড়ন্তর্য্যামী হইয়া দ্বিতীয় পুরুষ এবং ব্যষ্টিজীবের অন্তর্য্যামী হইয়া তৃতীয় পুরুষ নাম পাইয়াছেন। মায়াশক্তির অন্তর্গত রজোগুণের প্রেরকরূপে শ্রীব্রহ্মা স্রষ্টা, সত্ত্বগুণের প্রেরকরূপে শ্রীবিষ্ণু পালক এবং তমোগুণের প্রেরকরূপে শ্রীরুদ্র সংহারক হইয়াছেন। উক্ত পরমাত্মা পরমেশ্বর ত্রিগুণময়ী মায়াশক্তির অভিমানী হইয়া সিংহসমারূঢ়া দুর্গাখ্যা, রজোগুণাভিমানিনী হংসবাহিনী ব্রহ্মপত্নী সাবিত্রী, সত্ত্বগুণাভি-

विष्णुपत्नी लक्ष्मीः, तमोगुणाभिमानिनी वृषभवाहना शिवगृहिणी पार्वती च भवति। एवं तानि तानि रूपाणि परमेश्वरस्यापि केवलं विष्णुं विना अन्यानि रूपाणि जीवत्वानुकारीणि, भक्तभावाङ्गीकारीणि च। कस्मिंश्चिन्महाकल्पे कश्चित् पुण्यशाली जीवोऽपि ब्रह्मा भवेत्। पुण्यवन्तो जीवा रूपान्तरलाभे केवलं सायुज्यं प्राप्नुवन्ति, स्वातन्त्र्यं न लभन्ते।

परमात्मा परमेशो यतः सत्त्वगुणप्रियोऽतो विष्णुरूपेणैव निखिल निजैश्वर्यव्यञ्जको भवति। महामायाभिमानिनी तमोगुणप्रियाऽतः सा पार्वत्यां नित्याविष्टा, अन्यथा गौरीत्वं विहाय कालीरूपा सती शिवसमारूढ़ा भवति। गणपतिभास्करौ परमेशस्य शक्त्यावेशावतारौ, इन्द्रादयो देवाश्च विभूतयः। अधिकशक्तिशाली शक्त्यावेशावताराः, अल्पशक्तिमन्तः विभूतयः कथ्यन्ते। अतएव अधिकारिविशेषैः शिवः दुर्गा, गणेशः सूर्यश्च परमेशविष्णुरिवोपास्यः। नारदाभिशापात् ब्रह्मा मूर्तौ नोपास्यः, केवलं विराड्रूपो हि उपास्यः। भृगुशापेन महादेवो लिङ्गाधिष्ठानरूपः। लक्ष्मीसावित्र्यौ स्त्रीरूपिण्यौ तमोवर्जितत्वात् न स्वातन्त्र्येणोपास्ये, केवलं पत्या सह पूज्ये। स्वातन्त्र्येण कृता तत्तदुपासना त्रिगुणाभिमानिनी दुर्गैव तत्तद्रूपेण उपास्या भवति। इन्द्रादयो देवा विश्वरूपस्य परमेशस्यावयवत्वेन इज्या भवन्ति।

स्वयं परमात्मैव चित्ताधिष्ठाता। तुरीयावस्थस्य तुरीयसंज्ञकस्य जीवस्यान्तर्यामी वासुदेवस्तदुपास्यः। रुद्रोऽहंकाराधिष्ठाता। सुषुप्त्यवस्थस्य प्राज्ञसंज्ञकस्य जीवस्यान्तर्यामी सङ्कर्षणस्तदुपास्यः। ब्रह्मा बुद्ध्यधिष्ठाता, स्वप्नावस्थस्य तैजससंज्ञकस्य जीवस्यान्तर्यामी प्रद्युम्नस्तदुपास्यः। चन्द्रो मनसोऽधिष्ठाता, जाग्रदवस्थस्य विश्वसंज्ञकस्य जीवस्य

मानিনী গরুড়াসনা বিষ্ণুপত্নী শ্রীলক্ষ্মী এবং তমোগুণাভিমানিনী বৃষভবাহনী শিবপত্নী পার্বতী হন। ঐ প্রকারে উক্ত রূপ সমূহ পরমেশ্বরের হইলেও একমাত্র বিষ্ণু ভিন্ন অন্যরূপসকল জীবত্বানুকারী ও ভক্তভাবাঙ্গীকারী হন। কোন মহাকল্পে পুণ্যবান্ জীবও ব্রহ্মপদ লাভ করেন। পুণ্যবান্ জীবগণ অন্যরূপতা লাভ করিলে কেবল সাযুজ্য লাভ করিয়া থাকেন, স্বতন্ত্র হইতে পারেন না।

পরমাত্মা পরমেশ্বরের সত্ত্বগুণই প্রিয়তম বলিয়া তিনি বিষ্ণুরূপেই তাঁহার সকল নিজৈশ্বর্য্যাদি ব্যঞ্জক হন। মহামায়াভিমানিনী তমোগুণপ্রিয়া বলিয়া পার্বতীতেই নিত্যাবিষ্টা থাকেন, অন্যথায় গৌরীত্ব ত্যাগ করিয়া কালীরূপা হইয়া শিবসমারূঢ়া হন। গণেশ ও সূর্য্য পরমেশ্বরের শক্ত্যাবেশাবতার, ইন্দ্রাদি অন্যদেবগণ তাঁহার বিভূতি। অধিক শক্তি বিশিষ্ট হইলে শক্ত্যাবেশাবতার ও অল্পশক্তিবিশিষ্ট হইলে বিভূতি নামে কথিত হন। অতএব অধিকারিবিশেষ কর্তৃক শিব, দুর্গা, গণেশ ও সূর্য্য পরমেশ্বর বিষ্ণুবৎ উপাস্য। ব্রহ্মা নারদশাপে মূর্ত্তিরূপে উপাস্য নহেন। কেবল বিরাটরূপে উপাস্য, মহাদেব ভৃগুশাপে লিঙ্গাধিষ্ঠানরূপ। লক্ষ্মী ও সাবিত্রী স্ত্রীরূপা ও তমোগুণহীনা বলিয়া স্বতন্ত্রোপাস্যা না হইয়া পতির সহিত পূজ্যা। স্বতন্ত্ররূপে তত্তদুপাসনা কৃতা হইলে ত্রিগুণাভিমানিনী দুর্গাই তত্তদ্রূপে উপাস্যা হন। ইন্দ্রাদি দেবগণ বিশ্বরূপ পরমেশ্বরের অবয়বরূপে যজ্ঞে পূজ্য হন।

স্বয়ং পরমাত্মাই চিত্তের অধিষ্ঠাত্রী দেবতা তুরীয়াবস্থা প্রাপ্ত তুরীয়সংজ্ঞক জীবের অন্তর্যামী-বাসুদেব তদুপাস্য রুদ্র অহঙ্কারের অধিষ্ঠাত্রী দেবতা, সুষুপ্ত্যবস্থা-প্রাপ্ত প্রাজ্ঞসংজ্ঞক জীবের অন্তর্যামী সঙ্কর্ষণ তাহার উপাস্য। ব্রহ্মা বুদ্ধির অধিষ্ঠাত্রী দেবতা, স্বপ্নাবস্থাপ্রাপ্ত তৈজসসংজ্ঞক জীবের অন্তর্যামী প্রদ্যুম্ন তাঁহার উপাস্য। চন্দ্র মনের অধিষ্ঠাত্রী দেবতা, জাগ্রদবস্থাপ্রাপ্ত বিশ্বসংজ্ঞক জীবের অন্তর্যামী অনিরুদ্ধ

अन्तर्यामी अनिरुद्धस्तदुपास्यः। दिशः श्रोत्रस्य, वायुस्त्वचः, अर्कश्चक्षुषः, वरुणो रसनस्य, उपेन्द्रः पादयोः, मित्रःपायोः, प्रजापतिः उपस्थस्याधिष्ठाता तथैव दिक् शब्दाकाशयोः, बायुः स्पर्शपवनयोः, अग्निः रूपतेजसोः, वरुणो रसजलयोः, धरणी गन्धक्षित्योः अधिष्ठात्री अभिमानिनी वा देवता। समुद्राभिमानिनी देवता अन्त्रेन्द्रियस्य, नद्यभिमानिनी नाड़ीसंज्ञकेन्द्रियस्य, ओषध्यभिमानिनी च लोभेन्द्रियस्य देवता। समष्टिब्रह्माण्डस्य इन्द्रियाधिष्ठातारः जीवतत्त्वानुकारिणः, भक्तभावाः परमेशस्य लीलावताराः भवन्ति। व्यष्टिब्रह्माण्डानामिन्द्रियाधिष्ठातारः प्रायशस्तदीय शक्त्यावेशावताराः विभूतयो वा।

उक्तानुक्तदेवानां विश्वकार्यनिर्वाहप्रकाराः लिख्यन्ते। श्रीमदनन्तदेवः श्रीनारायणस्य शयनाधारः, तस्माच्चतुर्दशभुवनात्मक-तद्विग्रहस्याप्याधारस्थानीयः नागपतिः अधोदिक्पालश्च सहस्रफणैकतमेन पृथिवीं दधाति। अग्रजातत्वात् प्रजापतिर्ब्रह्मा सत्यलोकस्थः ऊर्ध्वदिक्पालश्च। देवाधिपतिरिन्द्रः पूर्वदिशः बर्षणस्य चाधिपः, तेजोऽधिपः अग्निः पूर्वदक्षिणविदिशः पालकः, एवं पितृपतिर्यमः पापपुण्यविचारकः दक्षिणदिक्पालकश्च, रक्षोगणपतिर्निर्ऋतिर्मृत्युपतिर्दक्षिणपश्चिमविदिक्पालश्च, असुराधिपो वरुणो जलाधीश्वरः पश्चिमदिक्पालश्च, प्राणपतिः पवनः पश्चिमोत्तरविदिक्पालकः, यक्षराजः कुवेरः तारापतिः सोमश्च उत्तरदिक्पालकः, भूतपिशाचनायक ईशान उत्तरपूर्वविदिक्पालकश्च।

सूर्यो दृश्यमानतेजोमयमण्डलाधिष्ठाता। अस्मादेव मुहूर्त-घटिका-लिप्ता-विलिप्ता-दिन-रात्रि-मास-र्त्वयन-वर्ष-युग-मन्वन्तर-कल्पादीनां कालावयवानां प्रचारः। चन्द्रश्च प्रसिद्धसोममण्डलाधिष्ठाता द्विज-

---

তদুপাস্য। দিক্ শ্রোত্রেন্দ্রিয়ের, বায়ু ত্বগিন্দ্রিয়ের, অর্ক চক্ষুরিন্দ্রিয়ের, বরুণ জিহ্বেন্দ্রিয়ের, অশ্বিনীকুমার যুগল ঘ্রাণেন্দ্রিয়ের, অগ্নি বাগিন্দ্রিয়ের, ইন্দ্র হস্তেন্দ্রিয়ের, উপেন্দ্র পাদেন্দ্রিয়ের, মিত্র পায়ুনামক ইন্দ্রিয়ের প্রজাপতি উপস্থেন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতা। ঐরূপ দিক্ শব্দের ও আকাশের, বায়ু স্পর্শের ও বায়ুর, অগ্নি রূপের ও তেজোভূতের, বরুণ রসের ও জলের, পৃথিবী গন্ধের ও ভূমির অধিষ্ঠাত্রী বা অভিমানিনী দেবতা। সমুদ্রাভিমানিনী দেবতা অন্ত্রেন্দ্রিয়ের, নদ্যভিমানিনী দেবতা নাড়ীসংজ্ঞকেন্দ্রিয়ের, ওষধ্যভিমানিনী দেবতা লোভ নামক ইন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী। সমষ্টি ব্রহ্মাণ্ডের ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতাগণ জীবত্বানুকারী, ভক্তভাবাঙ্গীকারী পরমেশ্বরের লীলাবতার, ব্যষ্টি ব্রহ্মাণ্ডের ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতাগণ প্রায়ই তদীয় শক্ত্যাবেশাবতার বা বিভূতি।

উক্তানুক্ত দেবগণদ্বারা বিশ্বকার্য্যের নির্বাহপ্রকার লিখিত হইতেছেন। শ্রীঅনন্তদেব শ্রীনারায়ণের শয্যারূপ আধার, অতএব চতুর্দশভুবনাত্মক তদ্বিগ্রহেরও আধারস্থানীয়। সুতরাং তিনি নাগাধিপতি ও অধোদিকের পালক হইয়া সহস্রমস্তকের একমস্তকে পৃথিবী ধারণ করিয়া থাকেন। প্রজাপতি ব্রহ্মা অগ্রজাত হওয়ায় সত্যলোকস্থ ও ঊর্দ্ধদিকের পালক। দেবাধিপতি ইন্দ্র পূর্ব্বদিকের ও বর্ষণের অধীশ্বর। তেজের অধিপতি অগ্নি অগ্নিকোণের পালক। ঐরূপ প্রেতপিতৃপতি যম পাপপুণ্যের বিচারক ও দক্ষিণদিকের পালক। রক্ষোগণপতি নিঋতি মৃত্যুর অধিপতি ও নৈঋতকোণের পালক। অসুরাধিপ বরুণ জলেশ্বর ও পশ্চিমদিক্ রক্ষক। প্রাণাধিপ বায়ু বায়ুকোণের পালনকর্ত্তা, যক্ষরাজ কুবের ও নক্ষত্রপতি সোম উত্তর দিকের পালক। ভূতপিশাচাদির অধীশ্বর ঈশান উত্তরপূর্ব্বকোণের পালক।

সূর্য্য দৃশ্যমান তেজোময় মণ্ডলের অধিষ্ঠাতা। মুহূর্ত্ত, ঘটিকা, লিপ্তা, বিলিপ্তা, দিন, রাত্রি, মাস, ঋতু, অয়ন, বর্ষ, যুগ, মন্বন্তর, কল্প প্রভৃতি কালা-

पित्रोषधीनामधिपः। तिथि-नक्षत्र योग-करण-पक्षादीनामस्मात् सम्भवः। कुज-वुध-बृहस्पति-शुक्र-शनयः पञ्चदेवाः तत्तदाख्यपञ्चतारकाधिष्ठाता। बृहस्पतिस्तु देवाचार्यः, शुक्रोऽपि दैत्याचार्य्यो मन्त्री च। सूर्यचन्द्र-भ्रमणमार्गयोः सन्धिस्थलयोरधिपती राहुकेतूः। सूर्यादारभ्य केतुपर्यन्ता देवाः स्थावरजङ्गमात्मक शरीराणां शुभाशुभ शक्तीनामाकर्षकत्वात् ग्रहा उच्यन्ते।

प्रजापतिर्ब्रह्मा स्रष्टा, इन्द्रादयो द्वादशादित्याः, आश्विनौ सर्वैद्यौ, गणेशोः निश्चयज्ञानप्रेरको विघ्ननाशकः शिवगणाध्यक्ष., कार्तिकेयश्च देवसेनानी। अपरे सर्वे सार्थक नामानः तत्तदभिमानवन्त देवाः। एवं प्रतिस्वं देशकालवस्तुविशेष-विभागानामभिमानिनो देवाः सन्ति। ते देवाः परमेश-प्रदत्ताधिकारानुसारेण यज्ञादौ संपूजिता लोकानां वाञ्छितानि वितरन्ति।

ब्रह्मा ब्रह्मतेजः, इन्द्रः इन्द्रियपाटवं, दक्षादिप्रजापतयः अपत्य, दुर्गा सम्पदं, अग्निस्तेजः, वसवो धनानि, रुद्राः प्रभावान्, अदितिरन्नादिकं, आदित्याः स्वर्गं, विश्वदेवा राज्यं, साध्याः स्वाधीनतां, आश्विनौ आयूंषि, धरित्री पुष्टिं, स्वर्गपृथ्व्यौ लोकमातरौ स्थानाच्यवनं, गन्धर्वा रूपं, अप्सरा उर्वशी स्त्रियं, परमेष्ठी सर्वत्राधिपत्यं, यज्ञरूपो विष्णुर्यशः, वरुणो वोधं, गिरिशो विद्यां, उमा दाम्पत्यं, उत्तमः श्लोको विष्णुधर्मं, पितरः अपत्यवृद्धि पुण्यजना रक्षां, मरुतो वलं, मनवो राजत्वं, विश्वदेवा राजकर्म, निर्ऋतिर्वैरिनाशं, सोमो भोगं, परमपुरुषो वैराग्यं, श्रीभगवान् सर्वं, मोक्षं, ऐकान्तिकीं भक्तिञ्च प्रददाति।

परब्रह्म परमपुरुषः परमात्मा श्रीभगवान् सर्व-

বয়ন সমূহ এই সূর্য্য হইতেই নিয়মিত হয়। চন্দ্র প্রসিদ্ধ চন্দ্রমণ্ডলের অধিষ্ঠাতা এবং দ্বিজ, পিতৃ ও ওষধির অধিপতি। তিথি, নক্ষত্র, যোগ, করণ, পক্ষপ্রভৃতি এই চন্দ্র হইতে প্রবৃত্ত হইতেছে। মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি এই পঞ্চদেবতা তত্তৎসংজ্ঞক পঞ্চতারকার অধিষ্ঠাতা। আবার বৃহস্পতি দেবগণের, শুক্র অসুরগণের গুরু ও মন্ত্রী। রাহু ও কেতু সূর্য্য ও চন্দ্রের মার্গদ্বয়ের সন্ধিযুগের অধিষ্ঠাতা, সূর্য্য হইতে কেতু পর্য্যন্ত এই নয়জন দেবতাকে গ্রহ বলা হয়, যেহেতু স্থাবরজঙ্গম শরীরগুলির শুভাশুভশক্তির আকর্ষণ ইহাদের দ্বারা সম্পন্ন হয়।

প্রজাপতি সৃষ্টিকর্ত্তা, ইন্দ্রাদি দ্বাদশ আদিত্য, অশ্বিনীকুমারযুগল স্বর্গবৈদ্য, গণেশ নিশ্চয়াত্মক জ্ঞানের প্রেরক, বিঘ্ননাশক ও শিবগণাধ্যক্ষ, কার্ত্তিকেয় দেবসেনাপতি। অন্যদেবতাবর্গ তদীয়নামানুযায়ী তত্তদভিমানী। এইরূপে প্রত্যেক দেশবিশেষ, কালবিশেষ ও বস্তুবিশেষের অভিমানী দেবগণ স্ব স্ব অধিকারে বর্ত্তমান আছেন। তাঁহারা যজ্ঞাদি শুভকার্য্যবিশেষে মানবজাতি কর্ত্তৃক পূজিত হইয়া তাহাদের বাঞ্ছিত ফল দান করেন।

তন্মধ্যে ব্রহ্মা ব্রহ্মতেজঃপ্রদ, ইন্দ্র ইন্দ্রিয়পাটবদাতা, দক্ষাদি প্রজাপতিগণ পুত্রপ্রদ, দুর্গা সম্পত্তিদায়িনী, অগ্নি তেজোদাতা, বসুগণ ধনপ্রদ, রুদ্রগণ প্রভাবকর্ত্তা, অদিতি অন্নাদিদাত্রী, আদিত্যগণ স্বর্গপ্রদানকারী, বিশ্বদেবগণ রাজ্যপ্রদ, সাধ্যগণ দেশস্থ প্রজার স্বাধীনতাপ্রদ, অশ্বিনীকুমারদ্বয় আয়ুদাতা, পৃথিবী পুষ্টিদায়িনী, স্বর্গ—পৃথ্বীরূপা লোকমাতৃদ্বয় স্থানাচ্যুতিদাত্রী এবং গন্ধর্বগণ রূপ, অপ্সরা উর্ব্বশী স্ত্রী, পরমেষ্ঠী সর্ব্বাধিপত্য, যজ্ঞরূপী বিষ্ণু যশঃ, বরুণ বোধ, গিরীশ বিদ্যা, উমা দাম্পত্য, উত্তমঃশ্লোক বিষ্ণু ধর্ম, পিতৃগণ সন্তানবৃদ্ধি, পুণ্যজনগণ রক্ষণ, মরুদ্গণ বল, মনুগণ রাজত্ব, বিশ্বদেবগণ রাজকর্ম্ম, নির্ঋতি শত্রুসংহরণ, সোম ভোগ, পরমপুরুষ বৈরাগ্য, শ্রীভগবান সর্ব, মোক্ষ ও ঐকান্তিকী

शक्त्याश्रयः सर्वरूपश्च। देवास्तदुपासनया तत्प्रदत्ताधिकारबलाच्च तदंशविशेषाणामाश्रयः तत्तदंशाभिमानवन्तो भवन्ति। तेषां पुरुषाः प्रायस्तत्तच्छक्तिप्रेरकाः स्त्रियश्च प्रायस्तत्तच्छक्त्यभिमानिन्यः। देवा भगवदङ्गस्थानीयाः, अतो तदङ्गावज्ञया तदङ्गिनो भगवतोऽवज्ञा जायते, यथा मुख्यामुख्यानां राजपुरुषाणां राजभृत्यानां तद्विशेषाणां वावज्ञया राजावज्ञादोषोचितदण्डो विधीयते। अतएव देवानां देवविशेषस्य वावज्ञानङ्गीकारश्च न कार्यः। पालकपरमेश विभूतिगणद्वारेण पालन निर्वाहयति यथा राजा तत्पुरुषभृत्यादिभिः प्रजाः पालयति।

रजोगुणप्रेरको ब्रह्मा तमोगुणप्रेरकः श्रीरुद्रः, त्रिगुणाभिमानिनी श्रीदुर्गा सत्त्वगुणाभिमानिनी श्रीलक्ष्मीः रजोगुणाभिमानिनी श्रीसावित्री तमोगुणाभिमानिनी श्रीपार्वती, ज्ञानशक्त्यभिमाणी श्रीगणेशः, कालशक्त्यभिमानी श्रीसूर्यः, प्रागुक्तास्तत्तच्छक्तिप्रेरकाः तत्तच्छक्त्यभिमानिन्यो देवा देव्यश्च श्रीपरमेशविष्णोर्गुणावतार-शक्त्यावेशावतार-विभूति-ज्ञानेनोपासिताः सुपूजिता वा श्रीविष्णुभक्तिरूपं शुभफलं प्रयच्छन्ति। तदनुसारेण पूर्वोक्तविधानेन श्रीभगवद्वैकुण्ठधाम्नि तत्तदुपासकानामवस्थितिर्भवति।

किञ्चिदासुरभावबीजाश्रयिणस्तत्तदुपासका निर्विशेषपरब्रह्मावतारादिधिया उपास्य ज्ञानविज्ञानयोगवैराग्यादिकं समुपार्ज्य ब्रह्मसायुज्य मुक्तावप्यधिकारवन्तो भवन्ति तथैव किञ्चिदासुरभावबीजाश्रिताः श्रीविष्ण्ववज्ञां परिहाय स्वतन्त्रपरमेशबुद्ध्या ज्ञानवैराग्यादिभिः तत्तदेकनिष्ठाःसन्तस्तत्तद्देवस्वरूप-प्राप्तिलोभेन तत्तदुपासनां कुर्वन्तः वैकुण्ठदुर्गे विरजासमुद्रे नित्यब्रह्माण्डस्थ-तत्तल्लोकेषु तत्तद्देवरूपं

ভক্তি দান করেন।

পরব্রহ্ম পরমপুরুষ পরমাত্মা শ্রীভগবান্ সর্ব্বশক্তির আশ্রয় ও সর্বরূপ। দেবগণ তদুপাসনা ও তৎপ্রদত্ত অধিকারের বলে তদংশবিশেষসমূহের আশ্রয় ও তত্তদংশাভিমানী হইয়া থাকেন। তন্মধ্যে পুরুষগণ প্রায়ই তত্তচ্ছক্তির প্রেরকাভিমানী এবং স্ত্রীগণ তত্তচ্ছক্ত্যভিমানিনী হন। দেবগণ শ্রীভগবদঙ্গস্থানীয় হওয়ায় তদঙ্গাবজ্ঞা দ্বারা অঙ্গিরূপ শ্রীভগবানের অবজ্ঞা হয়, যেরূপ মুখ্যামুখ্য রাজপুরুষ, রাজভৃত্য বা তদ্বিশেষের অবজ্ঞা দ্বারা রাজাবজ্ঞার যোগ্য দণ্ড বিহিত আছে। অতএব দেবগণের বা দেববিশেষের অবজ্ঞা ও অস্বীকার কর্ত্তব্য নহে। পালক পরমেশ্বর তদীয় বিভূতিগণ দ্বারাই পালন কার্য্যের নির্বাহ করেন, যেরূপ রাজা রাজপুরুষ ও ভৃত্যাদি দ্বারাই প্রজাপালন করেন।

রজোগুণ প্রেরক শ্রীব্রহ্মা, তমোগুণ প্রেরক শ্রীরুদ্র, ত্রিগুণাভিমানিনী শ্রীদুর্গা, সত্ত্বগুণাভিমানিনী শ্রীলক্ষ্মী, রজোগুণাভিমানিনী শ্রীসাবিত্রী, তমোগুণাভিমানিনী শ্রীপার্বতী, জ্ঞানশক্ত্যভিমানী শ্রীগণেশ, কালশক্ত্যভিমানী শ্রীসূর্য্য এবং পূর্বোক্ত তত্তচ্ছক্ত্যভিমানী তত্তচ্ছক্তির প্রেরক দেবদেবীগণ শ্রীপরমেশ্বর বিষ্ণুর গুণাবতার, শক্ত্যাবেশাবতার ও বিভূতিজ্ঞানে উপাসিত বা পূজিত হইলে শ্রীবিষ্ণুভক্তিরূপ শুভ ফলের প্রদাতা হন; তদনুসারে পূর্বোক্তপ্রকারে শ্রীবৈকুণ্ঠধামসমূহে ত দুপাসকগণের অবস্থিতি হয়।

কিঞ্চিৎ আসুরভাবের বীজাশ্রয়পূর্বক নির্বিশেষ পরব্রহ্মাদিজ্ঞানে উপাসনা দ্বারা তত্তদুপাসকগণ জ্ঞান, বিজ্ঞান, যোগ ও বৈরাগ্যাদি লাভ করিয়া ব্রহ্মসাযুজ্য মুক্তির অধিকারী হন। ঐরূপ কিঞ্চিৎ অসুরভাবের বীজাশ্রয় পূর্বক শ্রীবিষ্ণুর প্রতি অবজ্ঞাদি না করিয়া স্বতন্ত্র পরমেশ্বর জ্ঞানে জ্ঞানবৈরাগ্যাদির সাহায্যে তত্তদেকনিষ্ঠ হইয়া তত্তদ্দেবস্বরূপের প্রাপ্তিলালসায় উপাসনা করিলে বৈকুণ্ঠদুর্গস্থানীয় বিরজা সমুদ্রমধ্যে নিত্যব্রহ্মাণ্ডমধ্যগত তত্তল্লোকে তত্তদ্দেবস্বরূপে পর-

परमेशं लभन्ते। किन्तु आसुरभावेन श्रीविष्ण्ववज्ञापूर्वकं स्वतन्त्रपरमेश्वरज्ञानेन तत्तद्देवानामुपासनया ते ते देवा विष्णुपरायणत्वात् रुष्टा अपि श्रीविष्ण्वादेशात् तत्तत् कामं वितरन्ति। ते आसुरभावापन्ना स्वस्वोपास्यात् कामवरान् प्राप्य श्रीविष्णौ विष्णुभक्तौ विष्णुभक्तेषु च द्वेषमुद्वहन्ति, तदा श्रीविष्णुना संह्रियन्ते च।

उपासनयैव जीवानां सात्त्विक-राजस-तामसभावानां परिचयः। विशुद्धसत्त्वाश्रयिणो जना एकान्तभावेन श्रीविष्णुमुपासते; तदीयबुद्ध्या च देवानामर्चनां कुर्वन्ति। मिश्रसत्त्वावलम्बिनः निर्विशेषं ब्रह्म, तदीयधिया च तत्तद्देवान् यजन्ते। रजोगुणाश्रयिनः श्रीविष्ण्ववज्ञानं परिहाय स्वतन्त्रपरमेशधिया देवान् यजन्ते। तमोगुणजुषो विष्ण्ववज्ञापूर्वकं स्वतन्त्रपरमेशज्ञानेन देवानाराधयन्ति। अतएव हे महोदयाः, देवा यतो भगवतोगुणावताराः शक्त्यावेशावतारा विभूतिरूपाश्चातो देवा अप्युपास्या एव ॥२४॥

नास्तिकः—सम्राज इव परमेशस्य सृष्टिपालनसंहृतिषु चेत् देवाः सहायाः प्रधानराजपुरुषा राजकर्मचारिण इव भवन्ति तर्हि परमेशनिरपेक्षा अपि ते सर्वं समादध्युः, यथा राजपुरुषाः स्वाधीनाः निखिलं समादधति। अतएव परमेशस्य सर्वसाक्षित्वं सर्वप्रेरकत्वञ्च न तिष्ठेत्, तदगोचरे बहुकार्याणि सम्पाद्येरन्, तत्र प्रजास्थानीयैर्जीवैः समं परमेशस्य प्रत्यक्षसम्बन्धोऽपि न तिष्ठेत्, यतः देवा एव परमेशजीवयोर्मध्ये आवरका भवेयुः।

सूत्रकारः देवानां स्वाधीनतां निरस्य परमेशस्य सर्वसाक्षित्व-प्रेरकत्वे प्रतिणादयति।

सर्वे समाध्यंशदर्शिनः ॥२५॥

মেশ্বরকে লাভ করেন। কিন্তু আসুরভাব দ্বারা শ্রীবিষ্ণুর অবজ্ঞা সহকারে স্বতন্ত্র পরমেশ্বর জ্ঞানে উক্ত দেবগণের উপাসনা করিলে তাঁহারা বিষ্ণুপরায়ণ হওয়ায় রুষ্ট হইয়াও বিষ্ণুর আদেশক্রমে তত্তৎকাম প্রদান করেন। উক্তরূপে আসুরভাবপ্রাপ্ত উপাসকগণ নিজ নিজ উপাস্য হইতে কামবর লাভ করিয়া শ্রীবিষ্ণু, শ্রীবিষ্ণুভক্তি ও শ্রীবিষ্ণুভক্তে দ্বেষ করেন তৎফলে শ্রীবিষ্ণু কর্তৃক সংহৃত হন।

উপাসনা দ্বারাই জীবগণের সাত্ত্বিক, রাজস ও তামস ভাবের পরিচয় হইয়া থাকে।

বিশুদ্ধ সত্ত্বগুণাবলম্বী ব্যক্তিগণ একান্তভাবে শ্রীবিষ্ণুর উপাসনা করেন, এবং তদীয় জ্ঞানে উক্ত দেবগণেরও আরাধনা করেন। মিশ্রসত্ত্বাবলম্বী ব্যক্তিগণ নির্বিশেষ ব্রহ্মকে এবং তদীয় অবতার বুদ্ধিতে উক্ত দেবগণকে যজনা করেন। রজোগুণাশ্রয়ী ব্যক্তিগণ শ্রীবিষ্ণুতে অবজ্ঞা পরিহার পূর্ব্বক স্বতন্ত্র পরমেশ্বর বুদ্ধিতে দেবগণের উপাসনা করেন। তমোগুণাবলম্বী ব্যক্তিগণ শ্রীবিষ্ণুর অবজ্ঞাপূর্বক স্বতন্ত্র পরমেশ্বর জ্ঞানে দেবগণের উপাসনা করেন। অতএব হে মহোদয়গণ শ্রীপরমেশ্বরের গুণাবতার, শক্ত্যাবেশাবতার ও বিভূতিরূপ হওয়ায় দেবগণও সকলেরই উপাস্য ॥ ২৪ ॥

নাস্তিক—যদি দেবগণ সম্রাটস্থানীয় পরমেশ্বরের সৃষ্টি-পালন-সংহার কার্য্যে সহায়স্থানীয় প্রধান রাজপুরুষ ও রাজকর্মচারী স্থানীয় হন, তবে পরমেশ্বরের অপেক্ষা না করিয়াও স্বয়ং দেবগণ স্বকার্য্যসাধন করিতে পারেন, যেরূপ রাজপুরুষেরা স্বাধীনভাবে সকল কার্য্যের সমাধান করেন তাহা হইলে পরমেশ্বরের সর্বসাক্ষিত্ব ও সর্বপ্রেরকত্ব থাকিতে পারে না। তাঁহার অগোচরেও বহু কার্য্য সমাহিত হইতে পারে, এবং প্রজাস্থানীয় জীবগণেরও পরমেশ্বরের সহিত সাক্ষাৎভাবে কোন সম্বন্ধ থাকিতে

सर्वे देवा जीवाश्च परमेशसमाधेरंशमात्रस्य निभालने समर्थाः, न तु सर्वांशस्य (साम्ग्र्येण); स्वातन्त्र्यञ्च प्रदर्शयितुं न शक्नुवन्ति। अतएव जीवैः परमेशस्य साक्षात् सम्बन्धे आवरणं नास्ति।

भो महोदया ! प्रागेव वर्णितम् श्रीभगवान् स्वरूपमध्ये निखिलवैकुण्ठाकारे प्रकाशितस्य परव्योम्नः तत्तत्पति-परिकर-वस्तूनाञ्च प्राकट्याप्राकट्यवैविध्यं भक्तानां प्रेमवैचित्रीक्रमेण सर्वत्र सर्वदा अनुभवति, विषयमुग्धानां जीवानाञ्च मङ्गलाय अनन्तब्रह्माण्डानां अगणित-सौरविश्वानां उत्पत्ति-स्थिति-प्रलय-विलय-ध्यानं यथादेशं यथाकालं सम्पादयति। एवं श्रीभगवतो ज्ञेय-ध्येयवस्तूणि क्रमेण निजानुशीलनपराणां ज्ञेयानि, विषयासक्तानां ध्येयानि, कियतांशेनापि दृश्यानि जातानि। अतएव अखिलं विश्वं ज्ञेयध्येय-दृश्य-रूपेण त्रिधाभेदं गतम्। ज्ञेयविश्वे परव्योम्नि अनुभूता देवा श्रीभगवतो लीलावतारा अपि जीवत्वानुकारिणः भक्तभावव्यञ्जकाश्च। ध्येयविश्वानां ब्रह्माण्डानां प्रकाशात् (उद्भवात्) प्राक् ये करणाधिष्ठातारः ध्यानयोग्या भवन्ति, तेऽपि तथैव, किन्तु ते वैकुण्ठस्थदेवानामवतारूपा एव।

एकैकब्रह्माण्डे ध्येया देवा एतेषामवताराः। ब्रह्माण्डेषु पुण्यबलेन देवत्वलाभयोग्येषु जीवेषु एते तत्तद्देवत्वशक्तिं सञ्चारयन्ति। तर्हि ते पुण्यवन्तः जीवाः तत्तद्देवानां शक्त्यावेशावताराः। अतएव स्वयंभगवान् सर्वदेवरूपेण देवकार्याणि समादधाति। लब्धदेवत्वाः पुण्यवन्तो जीवाः तत्तद्देवाभिमानिनो भूत्वा केवलं स्वपुण्यफलं भुञ्जते। एवं श्रीभगवान् अन्तर्यामिरूपेण सर्वजीवहृदये वसन् सर्वकार्याणि

পারে না। দেবগণই পরমেশ্বর ও জীবগণের মধ্যবর্ত্তী হইয়া তদাবরক হইতে পারেন।

সূত্রকার—দেবগণের স্বাধীনতা নিরসন পূর্বক পরমেশ্বরেরই সর্বসাক্ষিত্ব ও সর্বপ্রেরকত্ব প্রতিপাদন করিতেছেন।

সকল দেবতা ও সকল জীব পরমেশসমাধির কেবল অংশমাত্রেরই দর্শন বিষয়ে সমর্থ, কোন ব্যক্তিই তাহার সর্বাংশের গ্রহণে এবং স্বাতন্ত্র্যপ্রকাশে সমর্থ নহে। অতএব কোন জীবের সহিত পরমেশ্বরের সাক্ষাৎ সম্বন্ধের আবরণও হয় না।

হে মহোদয়গণ, পূর্বেই উক্ত হইয়াছে, শ্রীভগবানের স্বরূপ মধ্যে অখিল বৈকুণ্ঠাকারে প্রকাশিত পরব্যোম ধামের, তত্তৎপতি, তত্তৎপরিকর, তত্তদ্বস্তুসমূহের প্রাকট্যাপ্রাকট্যবৈচিত্র্য ভক্তগণের প্রেমবৈশিষ্ট্যানুসারে সর্বদেশে ও সর্বকালে অনুভব করিতেছেন, এবং বিষয়মুগ্ধ জীবগণের মঙ্গলের জন্য অনন্তকোটি ব্রহ্মাণ্ডের ও অনন্তকোটি সৌরবিশ্বের উৎপত্তি, স্থিতি ও বিলয়ের ধ্যান যথাদেশে যথাকালে করিতেছেন। উক্ত প্রকারে শ্রীভগবানের জ্ঞেয় ও ধ্যেয় বিষয়ক্রমে নিজানুশীলনপর জীবগণের জ্ঞেয় এবং বিষয়াসক্ত জীবগণের ধ্যেয়, অথচ কিয়দংশে দৃশ্য। অতএব অখিল বিশ্ব জ্ঞেয়, ধ্যেয়, দৃশ্যরূপে ত্রিবিধভেদপ্রাপ্ত জ্ঞেয় বিশ্বে অর্থাৎ পরব্যোমে যে সকল দেব অনুভূতিগোচর হন, তাঁহারা শ্রীভগবানের লীলাবতার। তাঁহারা এইরূপ হইয়াও জীবত্বানুকারী ও ভক্তভাবব্যঞ্জক। ধ্যেয় বিশ্বের উৎপত্তির পূর্বে যে সকল ইন্দ্রিয়াধিষ্ঠাতা দেব ধ্যেয় হন, তাঁহারাও ঐ প্রকার, কিন্তু তাঁহারা বৈকুণ্ঠধামস্থ দেবগণের অবতার। এক এক ব্রহ্মাণ্ডমধ্যে যে সকল দেবতা ধ্যেয়, তাঁহারা এই দেবগণের অবতার। ব্রহ্মাণ্ডমধ্যে যে সকল জীব পুণ্যবলে দেবত্বের যোগ্য হন, তাঁহাদিগেতে এই দেবগণ দেবত্বশক্তির সঞ্চার করেন। অতএব দেবত্বপ্রাপ্ত পুণ্যবান্ জীবগণ তাঁহাদের শক্ত্যাবেশাবতাররূপ। সুতরাং স্বয়ং ভগবানই সর্বদেবরূপে সর্বদেবকার্য্যের সমাধান করেন। দেবত্বপ্রাপ্ত পুণ্যবান্ জীবগণ তত্তদ্দেবের অভিমানী হইয়া কেবল

समादधाति। जीवास्तु तत्तत् प्रदत्तशक्त्या तत्तद्देहे प्रविष्टाः सन्तः कर्ताहं भोक्ताहं इत्यादि अभिमानमात्रं धरन्ति, कर्मानुसारेण फलमपि उपभुङ्क्ते। भो महोदयाः, सर्वे देवा जीवाश्च श्रीभगवतो ज्ञेयध्येयसमाधेरंशमात्रमनुभवन्ति। श्रीभगवानेव सर्वसाक्षी सर्वप्रेरकः सर्वाश्रयश्च ॥२५॥

नास्तिकः— पुरा योगप्रभावस्ततश्चित्तभेदो वर्णितो बभूव। यथा -चित्तं द्विविधम्, अप्राकृतं प्राकृतञ्च। प्राकृतमपि निवृत्त-प्रवृत्तभेदाद् द्विधात्वं प्राप्तम्। पुनः प्रवृत्तचित्तं विशुद्धाशुद्धरूपेण द्वैधम्। अशुद्धचित्तमपि सबलं दुर्बलमिति भेदद्वयं गतम्। तत्तच्चित्तभेदानां लक्षणानि च विवृतानि। किंतु चिन्मायोतत्तत्कार्यादीनां वर्णनात्प्रागेव तद्वर्णितत्वात् नास्माकं व्यक्तः हृदयङ्गमम्। अतः स्पष्टं ज्ञापयितुमर्हसि अप्राकृतचित्तेन कानि वस्तूनि लभ्यन्ते इति।

सूत्रकारः— प्राग्वर्णितमपि सुस्पष्टीकरणाय अप्राकृतचित्तेन प्राप्याणि व्यक्तं वर्णयति।

अप्राकृतचित्तेन वैकुण्ठः ॥२६॥

अप्राकृतचित्तेन चिच्छक्तिप्रकटित—परव्योमस्थवैकुण्ठा ज्ञेयत्वेनानुभूयन्ते। भो महोदयाः, प्रागुक्तमेतत् अप्राकृतचित्तमिदं श्रीभगवतस्तद्भक्तानाञ्च परस्परसुखदानेच्छया अपरिच्छिन्नविषयनिष्ठरूपेण प्रकटीभूत भवति। नैतत्प्राकट्यं लभते प्राकृतवत् स्व-स्वदैहिकसुखाप्तिदुःखनिवृत्त्याद्यर्थम्। श्रीभगवतस्तद्भक्तानाञ्च पारस्परिकानन्द सम्पादनाय लीलानां प्राकट्यं परव्योमस्थवैकुण्ठेषु एव प्रवर्तते। तत्-परव्योम वैकुण्ठधामानि चापरिच्छिन्नानि न देश-

---

নিজকৃত পুণ্যের ফল ভোগ করেন। এইরূপে শ্রীভগবান্ অন্তর্যামিরূপে সর্বজীব হৃদয়ে থাকিয়া সকল কার্য্যের সমাধান করিতেছেন, জীবগণ তাঁহাদের প্রদত্তশক্তিবলে সেই সেই শরীরে প্রবিষ্ট হইয়া আমি কর্তা, ভোক্তা ইত্যাদি অভিমানমাত্র পোষণ এবং কর্মানুসারে ফলভোগও করিতেছেন। অতএব হে মহোদয়গণ, সকল দেববৃন্দ ও জীবকুল শ্রীভগবানের জ্ঞেয় ও ধ্যেয় সমাধির অংশ মাত্রেরই অনুভব করিতেছেন, শ্রীভগবানই সর্বসাক্ষী, সর্বপ্রেরক ও সর্বাশ্রয় ॥ ২৫ ॥

নাস্তিক—পূর্বে যোগপ্রভাব বর্ণনের পর চিত্তভেদ কথিত হইয়াছিল। যথা, চিত্ত দ্বিবিধ, প্রাকৃত ও অপ্রাকৃত। প্রাকৃত চিত্ত নিবৃত্ত ও প্রবৃত্ত ভেদে দুই প্রকার, আবার প্রবৃত্ত চিত্তও শুদ্ধ ও অশুদ্ধ ভেদে দ্বিবিধ। অশুদ্ধ চিত্ত সবল ও দুর্বলরূপে দুই প্রকার। এই সকল চিত্তবিশেষের লক্ষণও বর্ণিত হইয়াছে। কিন্তু তাহা চিৎ ও মায়াশক্তি এবং তৎ কার্য্যাদি না বুঝিবার পূর্বে বর্ণিত হওয়ায় তাহা স্পষ্টরূপে আমাদের হৃদয়ঙ্গম হয় নাই। অতএব সুস্পষ্টরূপে জানিতে চাই, অপ্রাকৃত চিত্ত দ্বারা কি কি বস্তুর লাভ হয়?

সূত্রকার—অপ্রাকৃত চিত্তের লক্ষণ ও তৎপ্রাপ্যের বিষয় বর্ণিত হইলেও স্পষ্টীকরণার্থ তৎপ্রাপ্যের বিশেষ বর্ণন করিতেছেন।

অপ্রাকৃত চিত্ত দ্বারা চিচ্ছক্তি প্রকটিত পরব্যোম ধামান্তর্গত বৈকুণ্ঠসমূহ জ্ঞেয়রূপে অনুভূত হয়। হে মহোদয়গণ, পূর্বেই কথিত হইয়াছে—এই অপ্রাকৃত চিত্ত শ্রীভগবান্ ও ভক্তগণের সুখোদ্দেশে অপরিচ্ছিন্ন বিষয়নিষ্ঠরূপে প্রকটীকৃত হয়। প্রাকৃতচিত্তবৎ নিজ নিজ দৈহিক ও মানসিক সুখপ্রাপ্তি বা দুঃখনিবৃত্তির উদ্দেশে ইহার প্রকাশ হয় না। পরব্যোমাখ্য বৈকুণ্ঠধামেই শ্রীভগবানের ও ভক্তগণের সুখার্থ লীলার প্রাকট্য হয়। সেই পরব্যোম ও বৈকুণ্ঠসমূহ অপরিচ্ছিন্ন অর্থাৎ দেশ, কাল ও বস্তু দ্বারা তাহাদের পরিচ্ছেদ যোগ্যতা হয় না। এককথায় বলিতে গেলে সকল দেশে সকল কালে সকল বস্তুর অভ্যন্তরে

कालवस्तुभिः परिच्छिन्नानि। सर्वत्र सर्वदा निखिलवस्तुषु तेषां विद्यमानतास्ति। तत्तद्धामाधीश्वराः परिकराः गृहोपस्करा वनतरुलतानदीशैलादयः निखिला अपरिच्छिन्नाः।

शतदलाकृति-परव्योमकर्णिकोपरिभागे गोलोकवैकुण्ठ, तत्तले मथुरा-द्वारका-नारायण-वैकुण्ठाः, तन्निम्ने शिववैकुण्ठादि। नारायणवैकुण्ठस्य दलेषु पुरुषोत्तम-राम-नृसिंह-चतुर्व्यूह प्रभृतीनां चतुर्विंशतेः मूर्तीनां, मत्स्यादिलीलावताराणां, पुरुष-गुण-मन्वन्तर-युग शक्त्यावेशावताराणाञ्च पृथक् पृथक् वैकुण्ठा विद्यन्ते। सर्वेषां धाम्नां, तत्पतीनां, तत्परिकराणां रूपाणाम् अपरिच्छिन्नत्वेऽपि भक्तप्रेमानुरोधेन तानि परिच्छिन्नवत् प्रतीयन्ते। वैकुण्ठधामानि विस्तरेण वर्णितानि। अप्राकृतचित्तेनैव अपरिच्छिन्ना वैकुण्ठा प्राप्यन्ते॥२६॥

नास्तिकः– अप्राकृतचित्तेन प्राप्यमाकर्णितम्। अधुना प्राकृतभेदस्य निवृत्तचित्तस्य लभ्यं शुश्रुषे।

सूत्रकारस्तदेव विवृणोति।

निवृत्तेन ब्रह्मसायुज्यम् ॥२७॥

प्राकृतचित्तेन निवृत्तेन ब्रह्मसायुज्याख्या मुक्तिर्लभ्यते। महोदयः! श्रीभगवच्चित्तवत् जीवचित्तमप्यप्राकृतम्। श्रीभगवान् यद्वत् स्वसत्तानुभवसुखपूर्णोऽपि भक्तवात्सल्यात् तत्सुखप्रदाने नित्यं व्यग्रः, तदर्थञ्चाप्राकृतापरिच्छिन्नवैकुण्ठानां प्राकट्यं विदधाति, तद्वन्नित्यभक्ता जीवा अपि श्रीभगवत्तत्त्वानुभवसुखेन नित्यपूर्णा अपि नित्यभक्ततागुणात् श्रीभगवन्नित्यसेवने व्यग्रास्तिष्ठन्ति, तेन श्रीभगवद्वैकुण्ठेषु तत्सेवापराः स्युः। एषैव परस्परसुखोद्दिष्टव्यापारनिष्ठता।

ये जीवा भगवद्वैमुख्याद्विषयानुशीलनदोषात्

তাহারা বিদ্যমান। সেই ধাম সকলের অধীশ্বর, তাঁহাদের পরিকর, গৃহ, পরিচ্ছদ, বন, লতা, নদী, পর্বতাদি বস্তুগুলিই সেইরূপ অপরিচ্ছিন্ন।

সেই পদ্মাকার পরব্যোমের কর্ণিকার উপরিভাগে গোলোক, তত্তলে কর্ণিকামধ্যে মথুরা, দ্বারকা ও নারায়ণবৈকুণ্ঠ, তত্তলে শিববৈকুণ্ঠাদি। নারায়ণবৈকুণ্ঠের দলসমূহে পুরুষোত্তম, রাম, নৃসিংহ, চতুর্ব্যূহ প্রভৃতি চতুর্বিংশতি মূর্ত্তির এবং মৎস্য কূর্মাদি লীলাবতারগণের এবং পুরুষাবতার, গুণাবতার, মন্বন্তরাবতার, যুগাবতার ও শক্ত্যাবেশাবতারের পৃথক পৃথক বৈকুণ্ঠ বর্ত্তমান। সর্বধাম, তৎপতি, তৎপরিকরাদির রূপ অপরিচ্ছিন্ন হইলেও ভক্তপ্রেমানুরোধে পরিচ্ছিন্নবৎ প্রতীত হয়। ইহাদের বিস্তৃত বর্ণন পূর্বে করা হইয়াছে। এক্ষণে আর দ্বিরুক্তির প্রয়োজন নাই। হে মহোদয়গণ, অপ্রাকৃত চিত্ত দ্বারা এই অপরিচ্ছিন্ন বৈকুণ্ঠলোকই প্রাপ্য॥ ২৬॥

নাস্তিক—অপ্রাকৃত চিত্তের প্রাপ্য বিষয় শ্রুত হইল। এক্ষণে প্রাকৃতচিত্তান্তর্গত নিবৃত্তচিত্তের প্রাপ্য বিষয় জানিতে অভিলাষ করি।

সূত্রকার—নিবৃত্ত চিত্তের প্রাপ্য বস্তুর বর্ণন করিতেছেন।

প্রাকৃত চিত্ত নিবৃত্ত হইলে তাহা দ্বারা ব্রহ্মসাযুজ্য মুক্তি লাভ হয়। হে মহোদয়গণ, শ্রীভগবানের চিত্তের তুল্য জীবের চিত্তও স্বভাবতঃ অপ্রাকৃত। শ্রীভগবান্ যেরূপ স্বয়ং স্বসত্তানুভব সুখে পূর্ণ থাকিলেও ভক্তবাৎসল্যবশে ভক্তকে সুখপ্রদান কার্য্যে নিত্য ব্যগ্র থাকেন এবং তদনুসারে অপ্রাকৃত অপরিচ্ছিন্ন বৈকুণ্ঠ ধামসমূহের প্রাকট্য করেন, নিত্য ভক্ত জীবগণও তদ্রূপ শ্রীভগবত্তত্ত্বানুভব সুখে পরিপূর্ণ থাকিয়াও নিত্যভক্ততাগুণে ভগবানের নিত্যসেবায় অতিব্যগ্র থাকেন, তদনুসারে বৈকুণ্ঠে সর্বদা সেবায় নিরত থাকেন। ইহাকেই পরস্পর সুখোদ্দিষ্ট ব্যাপারে নিষ্ঠতা বলা হয়। যে সকল জীব ভগবৎসেবাহীন বিষয়ানুশীলন দোষে নিজ

स्वीयशारीरादिसुखतत्परा भवन्ति, तेषां चित्तं प्राकृतम्। आसुरसिद्धान्तप्राबल्येन तत्प्राकृतं चित्तं श्रीभगवदनुशीलनं विहाय केवलं तत्स्वरूपानुसन्धाने तत्परं निवृत्तं सत् तन्निर्विशेषस्वरूपे निष्ठां प्राप्य निवृत्तं नाम दधाति। तेन चित्तेन ब्रह्माख्ये निर्विशेषस्वरूपे निष्ठारूपा तत्सहयोगं जीवा लभन्ते, एषैव ब्रह्मसायुज्याख्या मुक्तिः। अतएव निवृत्त-चित्तेन ब्रह्मसायुज्य-लाभः, एतदेव निर्विशेषचित्तस्य निर्विशेष-निष्ठत्वम् ॥২৭॥

नास्तिकः—निवृत्तप्राप्यविषयः श्रुतः, अधुना विशुद्धचित्तलभ्यं शुश्रूषे।

सूत्रकारो विशुद्धचित्तप्राप्यं विवृणोति—

विशुद्धेन सत्यादिः ॥२८॥

विशुद्धचित्तेन ब्रह्माण्डस्थ-सत्यादिलोकचतुष्टयं प्राप्यते। महोदयाः, प्रागेव ब्रह्माण्डस्थानि चतुर्दश-भुवनानि वर्णितानि। तेषामूर्द्ध्वभागस्थान् सत्य-तपो-जन-महर्लोकान् विशुद्धचित्तेन जीवा उपार्जयन्ति। निवृत्त-प्रवृत्त-भेदात् प्राकृत चित्तं द्विविधम्। इदं प्राकृतं चित्तं प्राग्विधानेन निवृत्तियोग्यमपि संसृतिक्लेशकवलितान् जीवान् प्रति केवलेनानुग्रहेण, तत्त्वज्ञानोपदेशेन तन्मङ्गलप्रवृत्तं सत् विशुद्धाभिधानं धत्ते। इदमत्र तात्पर्य्यं ये जीवा निष्काम-कर्म-सांख्य-ध्यान-ज्ञानयोग बलात्मुक्तियोग्या अपि संसारतापग्रस्तानां दुःखनिवारणाय सत्य-तपो-जन-महर्लोकेषु वसन्ति, तेषां चित्तानि विशुद्धानि। अतः पुरोक्तं विशुद्धचित्तं केवलं परानुग्रहार्थं प्रवर्त्तते. तेन ऊर्द्ध्वगतलोकचतुष्टयं तत् प्राप्यम् ॥২৮॥

नास्तिकः—प्रवृत्तविशुद्धचित्तप्राप्यमवगतम्।

শরীরোদ্দিষ্ট সুখাদিতে তৎপর হন, তাহাদের চিত্তই 'প্রাকৃত'। ঐ প্রাকৃতচিত্ত আসুর ভাবের প্রাবল্যে একমাত্র ভগবদনুশীলনে একনিষ্ঠ না হইয়া কেবল তাঁহার স্বরূপমাত্রের অনুসন্ধানে অভিনিবিষ্ট হইলে তাহা 'নিবৃত্ত' আখ্যা প্রাপ্ত হয়। সেই নিবৃত্ত চিত্ত জীবকে ভগবানের ব্রহ্মাখ্য নির্বিশেষ তত্ত্বে নিষ্ঠ করিয়া সেই ব্রহ্মে সহযোগ লাভ করায়, ইহাই জীবের ব্রহ্মসাযুজ্য। অতএব কথিত হইল যে নিবৃত্তচিত্তের প্রাপ্য ব্রহ্মসাযুজ্যমুক্তি এবং ইহাই নিবৃত্ত চিত্তের নির্বিশেষ নিষ্ঠতা ॥ ২৭ ॥

নাস্তিক—নিবৃত্ত চিত্তের প্রাপ্যবিষয় শ্রুত হইল, এক্ষণে বিশুদ্ধচিত্তের প্রাপ্য বস্তু শ্রবণাকাঙ্ক্ষা করি।

সূত্রকার বিশুদ্ধচিত্তের প্রাপ্য বিষয় বর্ণন করিতেছেন।

বিশুদ্ধচিত্তদ্বারা সত্যাদি লোকচতুষ্টয় প্রাপ্য হয়। হে মহোদয়গণ, পূর্বে ব্রহ্মাণ্ডান্তর্গত চতুর্দশ ভুবন বর্ণিত হইয়াছে, সেই চতুর্দশ ভুবনের উপরিস্থিত সত্য, তপঃ, জন ও মহঃ নামে লোক চতুষ্টয় এই বিশুদ্ধ-চিত্ত জীবের প্রাপ্যস্থান। প্রাকৃত চিত্ত নিবৃত্ত ও প্রবৃত্ত ভেদে দুই প্রকার। এই প্রবৃত্ত চিত্ত পূর্বোক্ত প্রকারে নিবৃত্ত হইবার যোগ্য হইলেও সংসার দুঃখগ্রস্ত জীবগণের প্রতি কেবল অনুগ্রহবশতঃ তত্ত্বজ্ঞানোপদেশ দ্বারা তাহাদের মঙ্গলের জন্য প্রবৃত্ত হইলে বিশুদ্ধ নাম ধারণ করে। অর্থাৎ যে-সকল ব্যক্তি নিষ্কাম কর্মযোগ, সাংখ্যযোগ, ধ্যানযোগ ও জ্ঞানযোগবলে ব্রহ্মসাযুজ্য মুক্তিলাভের যোগ্যতা পাইয়াও তাহা না লইয়া সংসার-দুঃখে পতিত জীবগণের তত্ত্বোপদেশ দ্বারা দুঃখমোচনাভিপ্রায়ে সত্যলোক, তপোলোক, জনলোক ও মহর্লোকে বাস করেন, তাঁহাদের চিত্তই বিশুদ্ধ। অতএব পূর্বে উক্ত হইয়াছে—বিশুদ্ধ চিত্ত কেবল অপরের অনুগ্রহার্থ প্রবৃত্ত। অতএব বিশুদ্ধচিত্ত জীবের প্রাপ্য সত্যাদি লোকচতুষ্টয় ॥২৮॥

নাস্তিক—প্রবৃত্ত বিশুদ্ধচিত্ত দ্বারা প্রাপ্য বিষয়

अधुना प्रवृत्ताशुद्ध-सवलचित्तप्राप्यं श्रोतुमिच्छामि।

सूत्रकारः—सवलचित्तप्राप्यं निर्णयति—

सवलेन स्वर्गादिः ॥२९॥

सवलचित्तेन स्वर्गादयो दश लोकाः प्राप्यन्ते। महोदयाः! संसृतिभाजो ये जीवा अत्यन्तविषयाभिनिवेशात् निष्कामकर्म-सांख्यादि योगाभ्यासे असमर्थाः, किन्तु आधिक्येन सकामयज्ञादीनामनुष्ठातारो भवन्ति तेषां चित्तानि सांख्याद्यभावात् कामादिरिपुसद्भावाच्च अशुद्धान्यपि महत्पुण्यानुष्ठानेन सवलानि भवन्ति। अतएव ते भौतिकदेह-विषयसाहाय्य-व्यतिरेकेणापि केवलं मनोमयवपुषा मनोमयविषयान् भुञ्जानाः सुखं लब्धुं शक्नुवन्ति। तर्हि अशुद्धमपि तेषां चित्तं सवलमेव। एते जनाः सवलचित्तेन स्वर्भुवर्भूर्लोकान् तथातल-वितल-सुतल-तलातल-महातल-रसातल-पातालाख्यानि सप्तभू-विवराणि प्राप्नुवन्ति। एते लोका वर्णिताः ॥२९॥

नास्तिकः—सवललभ्यं श्रुतम्। अधुना दुर्वल-चित्तप्राप्यं श्रोतव्यम्। भवदीयशास्त्रेषु वर्णितानि चरितानि अदृश्यलोकविषयकानि उत दृश्यलोक-विषयानि? शास्त्रकृतो मुनयो गोत्रप्रवर्त्तका महर्षयश्च दृश्यलोकस्था अथवा अदृश्यलोकगता इत्यपि आकर्णयितुं वाञ्छामि।

सूत्रकारो दुर्वलचित्तलभ्यं वर्णयति—

दुर्वलेन भौतिकम् ॥३०॥

दुर्वलचित्तेन स्थूलमहाभूतविकारा दृश्यविषया प्राप्तव्याः। महोदय! प्रागुक्तमेतत् दृश्यं सौरविश्वमिदं स्थूलमहाभूतपञ्चकेन गठितम्। अदृश्यानि ब्रह्माण्डानि तदन्तर्गतानि चतुर्द्दशभुवनानि च तद्वत्

অবগত হইলাম। এক্ষণে প্রবৃত্ত অশুদ্ধচিত্তের মধ্যগত সবল চিত্তের প্রাপ্য জানিতে ইচ্ছা করি।

সূত্রকার সবল চিত্তের লব্ধব্য বিষয় প্রদর্শন করিতেছেন।

সবল চিত্তের প্রাপ্য স্বর্গাদি দশ লোক। হে মহোদয়গণ, যে সকল সংসার-দুঃখগ্রস্ত জীব অত্যন্ত বিষয়াবেশে নিষ্কাম কর্মযোগ এবং সাংখ্যযোগ প্রভৃতি লাভ করিতে পারেন না, কিন্তু সকামভাবে অধিক যজ্ঞাদি পুণ্যের অনুষ্ঠান করেন, সেই সকল জীবের চিত্ত সাংখ্যযোগাদির অভাবে এবং কাম, ক্রোধ, লোভাদির সদ্ভাবে অশুদ্ধ হইলেও অত্যধিক পুণ্যানুষ্ঠানবলে সবল হয়। অতএব ঐ সকল জীব ভৌতিক দেহ বা বিষয়ের সাহায্য ব্যতিরেকে কেবল মনোময় দেহদ্বারা মনোময় বিষয় ভোগ করিয়া সুখলাভে সমর্থ হয়। এই হেতু তাঁহাদের চিত্ত অশুদ্ধ হইলেও সবল নাম ধারণ করে। ইহারা স্বর্লোক, ভুবর্লোক, ভূলোক এবং অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল নামক সপ্তভূবিবর লাভ করিতে সমর্থ হয়। এই লোকসমূহের বিস্তৃত বিবরণ পূর্বে বর্ণিত হইয়াছে ॥২৯॥

নাস্তিক—প্রবৃত্তের মধ্যগত অশুদ্ধান্তর্বর্ত্তী সবল চিত্ত জীবের প্রাপ্য বিষয় শ্রুত হইল। এক্ষণে দুর্বল চিত্ত ব্যক্তিগণের প্রাপ্য স্থান শ্রবণে ইচ্ছুক হইয়াছি। আপনাদের শাস্ত্রে যে সকল চরিত্র বর্ণিত আছে, তাহা অদৃশ্য লোকের অথবা দৃশ্য লোকের বিষয় তাহাও জানিতে চাই। অধিকন্তু আপনাদের শাস্ত্রকর্ত্তা মুনিগণ দৃশ্য লোকের অথবা অদৃশ্যলোকের ব্যক্তি তাহাও জানিতে উৎসুক।

সূত্রকার দুর্বলচিত্ত জীবের প্রাপ্য বিষয় বর্ণন করিতেছেন।

দুর্ব্বলচিত্ত দ্বারা স্থূল পঞ্চভূতে নির্মিত দৃশ্যবস্তু প্রাপ্য। হে মহোদয়গণ, পূর্বে কথিত হইয়াছে—এই দৃশ্য সৌর বিশ্ব স্থূল পঞ্চ মহাভূত-নির্মিত। অদৃশ্য ব্রহ্মাণ্ডসকল ও তদন্তর্গত চতুর্দশ ভুবন তদ্বৎ প্রতীত হইলেও সূক্ষ্ম ও মনোমাত্রগ্রাহ্য, যেহেতু ভৌতিক দেহের আশ্রয় ব্যতিরেকে এই সৌরবিশ্বগত বস্তু-

प्रतीयमानान्यपि सूक्ष्माणि मनोमात्रग्राह्याणि च। यतो भौतिकदेहाश्रयं विना एतानि सौरविश्व-वस्तूनि न ग्राह्याणि, अदृश्यविश्वस्थ-द्रव्याणि तु भौतिकदेह-साहाय्यं विना केवलं मनोमयदेहेन्द्रियैर्ग्रहणीयाणि। दुर्वलचित्ताः भौतिकेन स्थूलशरीरेणैव सौरविश्व-गतानि बहिरिन्द्रियगोचरवस्तूनि अनुभवेयुः। तद-तीतानि ब्रह्माण्डानि तन्मध्यस्थभुबनानि चानुभवितुं न पारयन्ति। किन्तु शास्त्राचार्य्याणामुपदेशैस्तत्त-द्‌योग्यसाधनैश्च क्रमेण तेषां चित्तं सवलं विशुद्धं निवृत्तम् अप्राकृतंपत साक्षादनुभववत् तेषु प्रतीतिं दध्यात्।

प्रागुवर्णितानुसारेण एतदेव सिद्धम् यत्— अप्रा-कृतचित्ता जना यथा बैकुण्ठान् तत्स्थद्रव्याणि चानु-भवितुं समर्थाः, तथैव स्वशक्त्या निवृत्तचित्तगो-चरं परब्रह्मस्वरूपमात्रं, विशुद्धचित्तगोचरं सत्यादि-लोकं, सवलचित्तगोचरं स्वर्लोकादिकं, तथा दुर्वल-चित्तगोचरं सौरविश्वमपि अनुभवितुं शक्नुवन्ति, किन्तु स्वग्रहणीयविषयेभ्योऽन्यत्र न स्निह्यति, तेषां हेया एव ते। एवं निवृत्तचित्ता यथा परब्रह्मस्वरूप-मात्रमुपलभन्ते स्वशक्त्या कादाचित्कत्वेन तथैव विशुद्धचित्तगोचरान् सत्यादीन्, सवलचित्त-लभ्यान् स्वर्लोकादीन्, दुर्वलचित्तप्राप्याणि सौरविश्वानि चानुभवन्ति किन्तु तत्र तत्र न स्निह्यन्ति। स्वाधि-कारातीतत्वाद् अप्राकृतचित्तगोचरं वैकुण्ठलोकं नानुभवितुं कदापि पारयन्ति।

विशुद्धचित्तानामपि एवं स्नेहं विना कादाचित्-कत्वेन स्वर्लोकादीनां सौरविश्वानाञ्च अनुभूतिर्भवति. प्रलये च निवृत्तचित्तलभ्यस्य परब्रह्मस्वरूपस्यापि अनुभूतिर्जायते। असंप्रज्ञातसमाधावपि तदनुभवो भवति। तेष्वधिकारिविशेषाणां वैकुण्ठलोकस्य

সকল গ্রাহ্য হইতে পারে না। অদৃশ্য বিশ্বগত বস্তু-সকল ভৌতিক দেহের সাহায্য ব্যতিরেকেও কেবল মনোময় দেহেন্দ্রিয় দ্বারা গ্রাহ্য। দুর্বলচিত্ত ব্যক্তি-গণ পাঞ্চভৌতিক স্থূলদেহের সাহায্যে এই সৌরবিশ্ব-গত বহিরিন্দ্রিয়গোচর বস্তুসকলের অনুভব করিতে পারেন, এতদতিরিক্ত ব্রহ্মাণ্ড ও তন্মধ্যগত চতুর্দশ ভুবনাদির অনুভব করিতে পারেন না, কিন্তু শাস্ত্রা-চার্য্যের উপদেশে ও তত্তদ্‌যোগ্য সাধন বলে তাঁহা-দের চিত্ত সবল, বিশুদ্ধ, নিবৃত্ত ও অপ্রাকৃত অবস্থা লাভ করিলে ঐগুলিতে সাক্ষাৎ অনুভবতুল্য বিশ্বাস স্থাপন করিতে পারেন। পূর্বোল্লিখিতানুসারে ইহাই সিদ্ধ হইল যে, অপ্রাকৃতচিত্ত ব্যক্তিগণ যে প্রকার বৈকুণ্ঠলোক ও তদ্‌গত বস্তুসকলের অনুভব করিতে পারেন, স্বশক্তিবলে সেই প্রকার নিবৃত্ত-চিত্তের গোচর পরব্রহ্মস্বরূপমাত্রের, বিশুদ্ধচিত্তগোচর সত্যাদিলোকের, সবল চিত্তগোচর স্বর্লোকাদিরও অনুভব করিতে পারেন এবং দুর্বলচিত্তগোচর সৌর-বিশ্বেরও অনুভব করিতে পারেন, কিন্তু তাঁহারা স্বগ্রাহ্য বিষয় ব্যতীত অন্য সকলে কোনরূপ আসক্তি বা স্নেহ প্রকাশ করেন না, যেহেতু ঐ সকল বিষয় তাঁহাদের পক্ষে হেয় গণ্য হয়।

এইরূপ নিবৃত্তচিত্ত ব্যক্তিগণ যেরূপ পরব্রহ্ম-স্বরূপমাত্রের অনুভব করেন, সেই প্রকার স্বশক্তি-বলে কাদাচিৎকরূপে বিশুদ্ধচিত্ত গোচর সত্য-লোকাদির সবল চিত্তগোচর স্বর্লোকাদির এবং দুর্বল চিত্তগোচর সৌরবিশ্বেরও অনুভব করেন, কিন্তু তাহাতে স্নেহপ্রকাশ করেন না; স্বাধিকারের অতীত হওয়ায় অপ্রাকৃতচিত্তের গোচর বৈকুণ্ঠলোকের কদাচ অনুভব করিতে পারেন না। বিশুদ্ধচিত্ত ব্যক্তিগণেরও এই প্রকার স্নেহব্যতিরেকে কাদাচিৎ-করূপে স্বর্লোকাদির ও সৌর বিশ্বের অনুভূতি ঘটে, প্রলয়ে নিবৃত্তচিত্তের গোচর পরব্রহ্মস্বরূপেরও অনু-ভব হয়, অসংপ্রজ্ঞাতসমাধি কালেও তদনুভব হয়। তন্মধ্যগত অধিকারিবিশেষের, অপ্রাকৃতচিত্তের

अप्राकृतचित्तगोचरस्यापि तदनुभवे योग्यता जायते। केषाञ्चिन्न भवति। सबलचित्ता यथा स्वर्लोकादिकमनुभवन्ति तथैव सौरविश्वं, विशिष्टाधिकारिणः सत्यादि लोकमपि जानन्ति। अत्यन्तायोग्याः सौरविश्वमपि नानुभवितुं पारयन्ति। तत्तल्लोकात् पतिताः केवलं सौरविश्वम् अनुभवन्ति। दुर्बलचित्ता अनधिकारात् सबलचित्तग्राह्य-स्वर्लोकादीनामनुभवं न कुर्वन्ति, तेषामत्यन्तासम्भवः तत्तदुत्कृष्टचित्त-प्राप्यवस्त्वनुभवः।

अस्मदादीनां नेत्रगोचरीभूते आकाशमण्डले परमेशशक्ति-प्रकाशित-वैद्युतिक-महाशक्तिमण्डलानां केन्द्रस्थले दृष्टमेतत् सूर्यमण्डलम्। तत्तेजोमय-मण्डलं सर्वतः दृश्यमानं जलमृण्मयं मण्डलञ्च सौरविश्वस्य एकांशमात्रम्। अस्यैवाधिगमेन अनन्त-वारिमृण्मयमण्डलैः परिवीतानन्तसूर्यमण्डलज्ञानेन यस्य विश्वस्यानुभवः तत् सौरविश्वमुच्यते। एतानि असंख्यसूर्यमण्डलानि अदृश्यानन्तब्रह्माण्डानां केन्द्रवर्त्तीनि। सौरविश्वस्यैकांशस्थ वारिमृण्मयमण्डलमेवास्माकमध्युसिता पृथिवी। अस्याः सदेशस्थं जलमृत्तिकामयं मण्डलं चन्द्रमण्डलमुच्यते। विश्वस्य पृथिव्याः ज्योतिश्चक्रस्य ग्रहभ्रमणस्य च वर्णनं पुरा कृतम्, नालमेतेषां पुनरुल्लेखेन।

एतत्सौरविश्वमध्ये जलमृत्तिकामयेषु मण्डलेषु दुर्बलचित्ता जीवा नानादेहधारणपूर्वकं यथाकर्म-फलं परिभ्रमन्ति। यथा वयमाधारभूतेषु जलमृण्मयेषु मण्डलेषु मनुष्याकारेण भ्रमामः तथैव इतरेषु वारिमृत्तिकामयेषु मण्डले मानवादिजीवा विचरन्ति परमेश्वरस्य शक्त्यावेशावताराः शास्त्रप्रकाशका मह-

---

গোচর বৈকুণ্ঠলোকেরও হইয়া থাকে, অপর অধিকারিগণে তাহা হয় না। সবলচিত্ত ব্যক্তিগণ যে প্রকার স্বর্লোকাদির অনুভব করেন, সেইরূপ সৌরবিশ্বেরও অনুভব করেন. তন্মধ্যে অধিকারি-বিশেষ সত্যাদি লোকেরও অনুভূতি পান. অত্যন্ত অযোগ্যগণ সৌরবিশ্বেরও অনুভব করিতে পারেন না. তত্তল্লোক হইতে পতিত হইলে কেবল সৌরবিশ্বের অনুভব করেন। দুর্বলচিত্ত ব্যক্তিগণ স্বাধিকার বহির্ভূত হওয়ায় সবলচিত্তের গোচর স্বর্লোকাদিরই যখন অনুভব পান না, তখন তত্তুৎকৃষ্টচিত্তের গোচর বস্তুসকলের অনুভব ইহাদের পক্ষে অসম্ভব।

অস্মদাদির নেত্রগোচর এই আকাশমণ্ডলের মধ্যে পারমেশী শক্তি দ্বারা প্রকাশিত বৈদ্যুতিক মহাশক্তিমণ্ডলের কেন্দ্রস্থলে এই যে সূর্য্যমণ্ডল দৃষ্ট হইতেছে এবং এই তেজোময় মণ্ডলের সর্বতোদিকে যে সকল জল ও মৃত্তিকাময় মণ্ডলসকল দৃষ্টির বিষয় হইয়াছে, ইহাই সৌর বিশ্বের একাংশমাত্র। এই একাংশের অনুভব দ্বারা অনন্ত জল ও মৃত্তিকার মণ্ডল দ্বারা পরিবেষ্টিত অনন্তকোটি সূর্য্যমণ্ডলের অনুভব দ্বারা যে বিশ্বের বোধ হইয়া থাকে, তাহাকেই সৌরবিশ্ব বলা হয়। এই অনন্তকোটি সূর্যমণ্ডলই অদৃশ্য অনন্তকোটি ব্রহ্মাণ্ডের মধ্যবর্ত্তী কেন্দ্রস্থানীয়। এই সৌর বিশ্বের একাংশগত এক জলমৃত্তিকাময় মণ্ডল আমাদের অধিষ্ঠানভূতা পৃথিবী, এতন্নিকটবর্ত্তী জলমৃত্তিকাময় মণ্ডলই চন্দ্রমণ্ডল নামে খ্যাত। সৌর বিশ্বের ও অস্মদাধারভূতা পৃথিবীর বর্ণনা করা হইয়াছে। জ্যোতিশ্চক্রের এবং গ্রহগণের ভ্রমণপ্রকারও লিখিত হইয়াছে, আর তদ্বর্ণনের প্রয়োজন নাই। এই সৌর বিশ্বের মধ্যগত জলমৃত্তিকা মণ্ডল মধ্যেই দুর্বলচিত্ত ব্যক্তিগণ পঞ্চভূতময় নানাদেহ ধারণ করিয়া যথাকর্ম পরিভ্রমণ করেন। যেরূপ আমরা এই আধারভূত জলমৃত্তিকাময় মণ্ডল মধ্যে মনুষ্যরূপে বিচরণ করিতেছি, এই প্রকার অন্যান্য মণ্ডলগুলিতেও মনুষ্যাদি জীবগণ বিচরণ করে। শ্রীপরমেশ্বরের শক্ত্যাবেশাবতার শাস্ত্র-প্রকাশক মহামুনিগণ অদৃশ্য ব্রহ্মাণ্ডের মধ্যস্থ ভুবন

र्षयः अदृश्यब्रह्माण्डान्तर्गतभुवनानां तदन्तर्गतपृथिव्याश्च विविधवर्णनं प्रकाशयन्ति। ज्योतिश्चक्ररूपेण चतुर्दशभुवनान्तर्गतस्वर्लोकं वर्णयन्ति, दृश्यज्योतिश्चक्रस्य अस्मदाद्याधारभूतायाः पृथिव्याश्च नामापि न गृह्णन्ति ॥

अस्याः पृथिव्या एतस्य ज्योतिश्चक्रस्य च पुराणादौ वर्णनं चेत् कथं तत्तदत्र न दृश्यते? यदि केचिद्वदन्ति एतां पृथिवीमिदं ज्योतिश्चक्रमेव च लक्ष्मीकृत्य पुराणेषु वर्णनम्; अस्मदाधारभूतायाः क्षितेः इतराया असद्भावः. दृश्यमानात् ज्योतिश्चक्रान्नान्यदीदृक् किमपि, तत्रोच्यते—मैवम्। अस्मदाधारं भूमण्डलं यथा वयं पृथिवीं ब्रूमः, अन्येषामाधारभूता अपि तैः पृथिवीति आख्यायते, अतः पृथिव्या आनन्त्यम् तेषां लक्ष्या पृथिवी का? इति संशयः अतः दृश्यामिमां पृथिवीमुद्दिश्य शास्त्रेषु न किमपि वर्णितम्। यदि कश्चिद् वदति—अस्मत् पृथिव्यां प्रचलितानि शास्त्राणि इव इतरास्वपि प्रचलितानि शास्त्राणि तत्तन्मण्डलमुद्दिशन्ति. तर्हि कथं पुराणादिवर्णितानि पृथिवीमानादीनि अस्यां दृश्यपृथिव्यां न प्राप्तानि, पुनर्यदि इदं ज्योतिश्चक्रञ्चेत् पुराणादिषु वर्णित तदा तेषां सन्निवेशरीति कथम् अनेनैक्यं न प्राप्नोति। अतएव दृश्यं ज्योतिश्चक्रं दृश्यां पृथिवीं वाधिकृत्य पुराणादिषु न वर्णितम्, किन्तु अदृश्यं ज्योतिश्चक्रं अदृश्यां पथिवीमुद्दिश्य पुराणादिषु वर्णितम्। अतः पुराणादिप्रकाशकाअस्य दृश्यज्योतिश्चक्रस्य भूमण्डलस्य वा नाम नाददते।

वेदपुराणादि प्रकाशका दृश्य-भूवलयस्थमानवान् परमेश्वरस्य वहिरङ्गे स्थूलस्वरूपे चतुर्दशभुवनात्मके विराजि देहे अखण्डसमाधिमतः चिकीर्षति, दृश्यज्योतिश्चक्रस्यापि निरन्तरविस्मरणञ्च। किन्तु

সকলের বর্ণন পূর্বক তন্মধ্যগত পৃথিবীরও বর্ণন করেন। জ্যোতিশ্চক্ররূপে উক্ত চতুর্দশভুবনান্তর্গত স্বর্লোকের বর্ণন করেন। দৃশ্য জ্যোতিশ্চক্রের ও অস্মদাদির আধারভূতা পৃথিবীর নাম গ্রহণ করেন না। কেহ কেহ বলেন—এই পৃথিবীকে লক্ষ্য করিয়াই তাঁহারা পৃথিবীর ও এই দৃশ্য জ্যোতিশ্চক্রকে লক্ষ্য করিয়াই জ্যোতিশ্চক্রের বর্ণন করিয়াছেন; এই দৃশ্য পৃথিবী ও দৃশ্য জ্যোতিশ্চক্র ব্যতীত অদৃশ্য পৃথিবী বা জ্যোতিশ্চক্র কিছুই নাই। তাহা হইতেই পারে না। তাহাতে তাঁহারা কোন্ পৃথিবী বা জ্যোতিশ্চক্রকে লক্ষ্য করিয়া শাস্ত্রে বর্ণন করিয়াছেন? আমাদের আধার স্বরূপ ভূমণ্ডলকে আমরা যেরূপ পৃথিবী বলি, অন্যের আধারভূতা ভূমণ্ডলকেও সেইরূপ তাহারা পৃথিবী বলে। এই অবস্থায় অনন্ত পৃথিবী হয়। অতএব এই দৃশ্য পৃথিবীকে লক্ষ্য করিয়া তাঁহারা শাস্ত্র প্রণয়ন করেন নাই। যদি কেহ বলেন—আমাদের পৃথিবীতে প্রচলিত শাস্ত্রসমূহের লক্ষ্য এই দৃশ্য পৃথিবী, এইরূপ অন্যান্য পৃথিবীকে লক্ষ্য করিয়া তাহাতে পৃথক্ পৃথক্ শাস্ত্রকারের প্রণীত শাস্ত্র অবশ্যই আছে। যদি তাহাই হয়, তবে পুরাণাদিতে বর্ণিত পৃথিবীর মানাদি এই দৃশ্য পৃথিবীতে দৃষ্ট হয় না কেন? আবার এই দৃশ্য জ্যোতিশ্চক্রই যদি পুরাণাদি বর্ণিত, তবে পুরাণাদিতে বর্ণিত তৎসন্নিবেশ প্রকার দৃশ্য জ্যোতিশ্চক্রের সহিত সমান হয় না কেন? সুতরাং এই দৃশ্য পৃথিবী বা দৃশ্য জ্যোতিশ্চক্রকে লক্ষ্য করিয়া পুরাণাদি বর্ণিত হয় নাই, অদৃশ্য পৃথিবীও অদৃশ্য জ্যোতিশ্চক্রই পুরাণাদির লক্ষিত বিষয়। অতএব পুরাণাদি শাস্ত্রের প্রচারক মুনিগণ এই দৃশ্য জ্যোতিশ্চক্রের ও তন্মধ্যগত পৃথিবীর নামগ্রহণও করেন নাই। বেদ পুরাণাদি শাস্ত্রের প্রকাশকগণ এই দৃশ্য ভূমণ্ডলগত মনুষ্যসমূহকে পরমেশের বহিরঙ্গ স্থূলস্বরূপভূত চতুর্দশভুবনাত্মক বিরাটশরীরে অখণ্ড সমাধি পরায়ণ করাইতে এবং দৃশ্য জ্যোতিশ্চক্রাদির নিরন্তর বিস্মরণের ইচ্ছায়

वैदिकव्रत-यज्ञादीनां कालनिर्णायका विज्ञा इदं ज्योतिश्चक्रं प्रति अवश्यं लक्षयन्ति। तस्मात् कारणात् वेदादिनिष्ठा जना धर्मानुष्ठाने निजाधारां पृथिवीं अदृश्य ब्रह्माण्डस्थ-चतुर्दशभुवनगतपृथिव्या जम्बुद्वीपान्तर्गत भारतवर्षस्य अन्तर्भूतां पश्यन्ति। इदं ज्योतिश्चक्रमपि अदृश्य- ज्योतिश्चक्रस्यान्तर्गतं पश्यन्ति। यतः अदृश्य ज्योतिश्चक्रगता ग्रहा दृश्य-ज्योतिश्चक्रस्थानां ग्रहानामाश्रयरूपा। अतएव महोदयाः! शास्त्रवर्णितचरितानि अखण्डरूपेण अदृश्य-ब्रह्माण्डगतानि, अंशेन च दृश्यभुमण्डल वर्त्तीनि भवन्ति। इदमत्र तात्पर्यम्—पुराणादिषु अस्मदादीनाम् असम्भवानि सम्भवानि वा वर्णितानि चरितानि अविकलं अदृश्यब्रह्माण्डलोकेषु दृश्यन्ते, अंशेन तु दृश्य भूवलये, न अखण्डरूपेण।

पुराणादौ वर्णितम्—पृथिवी पञ्चविंशतिकोटि-योजन-विस्तारा जम्वादिसप्तद्वीपविभक्ता क्षारादि सप्तोदधिवेष्टिता च। ते ते द्वीपा जलधयश्च क्रमेण लक्षद्विलक्षादिरूपेण वर्धितपरिणाहाः। राजर्षिः प्रियव्रतो रथचक्रेण एतान् द्वीपान् एतान् समुद्रांश्च रचितवान्। सुरोदधिः मद्यमयः, तथा इक्षुसमुद्र इक्षुरसमयः, दुग्धसागरः दुग्धमयः, घृतोदधिः हविर्मयः, एवं नामानुसारी तत्तत्पदार्थमयः सर्वः समुद्रः। मेरुशैलस्योन्नतिर्लक्षयोजनानि। तस्य दृश्यभागः चतुरशीतिर्योजनानि। मर्यादापर्वता उत्सर्गे दशसहस्रं, विस्तारे च द्विसहस्रं योजनानि। मानसोत्तरगिरिः उत्सर्गे विस्तारे च दशसहस्रं योजनानि। अस्य उपरिभागे सौरं रथचक्रं परिभ्रमति। सूर्यरथः सप्ताश्वयोजितः श्रीमदरुण-परिचालितो भवति। तस्य नीडस्थलं षट्त्रिंशल्लक्ष-योजनदैर्घ्यं नवलक्ष योजन विस्तारञ्च। लोका-

---

ইহার নাম গ্রহণ করেন নাই। কিন্তু বৈদিক ব্রত ও যজ্ঞাদির কাল নির্ণায়ক বিজ্ঞগণ এই দৃশ্য জ্যোতিশ্চক্রাদির প্রতি অবশ্য লক্ষ্য করেন। উক্ত কারণে বেদপুরাণাদি শাস্ত্রে নিষ্ঠাপর ব্যক্তিগণ ধর্মানুষ্ঠান কালে নিজাধারভূতা পৃথিবীকে অদৃশ্য ব্রহ্মাণ্ডের চতুর্দশভুবন মধ্যস্থ পৃথিবীর অন্তর্গত জম্বুদ্বীপস্থ ভারতবর্ষের অন্তর্ভূতরূপে দর্শন করেন এবং দৃশ্য জ্যোতিশ্চক্রকে অদৃশ্য জ্যোতিশ্চক্রের অন্তর্ভূতরূপে দেখেন। কারণ অদৃশ্য জ্যোতিশ্চক্রস্থ গ্রহগণ দৃশ্য চক্রান্তর্গত গ্রহগণের আশ্রয়রূপ। অতএব আমাদের পুরাণাদিশাস্ত্রে যে সকল চরিত বর্ণিত আছে,তাহা পূর্ণরূপে অদৃশ্য ব্রহ্মাণ্ডগত ও আংশিকরূপে এই দৃশ্য মণ্ডলগত। অর্থাৎ পুরাণাদি শাস্ত্রে আমাদের পক্ষে অসম্ভব বা সম্ভব যে সকল বর্ণিত আছে, তাহা অবিকলরূপে অদৃশ্য ব্রহ্মাণ্ডস্থলোক সমূহে ঘটে এবং এই দৃশ্য ভুবনগুলিতে অবিকল রূপে ঐ সকল ব্যাপার জন্মে না, তবে যথাসম্ভব আংশিকরূপে ঘটে।

পুরাণাদিতে বর্ণিত আছে যে, পৃথিবী পঞ্চবিংশতি কোটি যোজন বিস্তৃতা, জম্বু প্রভৃতি সপ্তদ্বীপে বিভক্তা এবং লবণাদি সপ্তসমুদ্রে বেষ্টিতা। উক্ত দ্বীপ ও সমুদ্র সকল একলক্ষ দ্বিলক্ষাদিরূপে ক্রমে দ্বিগুণ হইয়া থাকে। প্রিয়ব্রত রাজার রথচক্রদ্বারাই এই সপ্তদ্বীপ ও সপ্তসমুদ্র রচিত হইয়াছে। সুরাসমুদ্র মদ্যময়, ইক্ষুরস-দুগ্ধ-ঘৃতাদি সমুদ্র তত্তদ্বস্তুময়। মেরুপর্বতের উচ্চতা একলক্ষ যোজন, দৃশ্যভাগ চতুরশীতি সহস্রযোজন; মর্যাদা পর্বত সমূহ উৎসেধে দশ সহস্র যোজন, বিস্তারে দ্বিসহস্র যোজন, মানসোত্তর পর্বত উৎসেধ ও বিস্তারে দশ সহস্র যোজন, লোকালোক পর্বত উৎসেধে পঞ্চাশলক্ষ যোজন ও বিস্তারে দশ লক্ষ যোজন। ইত্যাদি বর্ণন এই দৃশ্য ভূমণ্ডলে কিরূপে সম্ভব হইতে পারে?

বাণাসুরের ও হৈহয়ার্জুনের বাহু সহস্র সংখ্যক এবং রাবণের বাহু বিংশতি সংখ্যক ও মুণ্ড

लोकाचलः पञ्चाशल्लक्ष योजनोच्छ्रायः दशलक्ष-योजन-विस्तारः। एवं विधानि वर्णनीयानि दृश्येऽस्मिन् भूमण्डले कथं सम्भवेयुः।

बाणासुरस्य तथा हैहयार्जुनस्य बाहवः सहस्राण्यासन्, रावणस्य दशमुण्डानि विंशतिर्बाहवश्चासन्। श्रीरामचन्द्रः असंख्यकोटिभिर्वानरैर्ऋक्षैश्च परिवृतः रावणं युयुधे। भासमानशैलैः समुद्रोपरि सेतुं निर्माय लङ्कां प्राविशच्च, एतानि चरितानि च दृश्यभूमण्डले न सम्भवानि। श्रीकृष्ण-रासे केवलं गोप्य एव शतकोटिसंख्या आसन्। तासां पितृ-मातृ गृह-गो-वत्स-वृष परिजनादीनाम् अगण्यत्वं, तद्वते वन-गिरि-नदी-नगर-व्रजादि तत्स्थ-पशुविहगादि-जन्तवः असंख्याता आसन्। एतत् सर्वं दृश्य भूमण्डलस्थ-व्रजनामक-मण्डल-मध्ये कथं सम्भवेत्। एवं द्वारकावैभवप्राकट्यं दृश्य भूमण्डल गत द्वारकापुर्यामसम्भवमेव। अघवकपूतनातृणावर्तादीनां व्यापाराः अत्र दृश्यभूमण्डले असम्भवा भवन्ति। महाभारतीय-समरे कुरुक्षेत्रे असंख्य-नृपाणाम् असंख्या रथाश्वगजपदातिक समावेशा दृश्यभूमण्डलगत कुरुक्षेत्रे असम्भाविताः।

एतानि ऋते मर्त्यराजानः स्वर्लोके ब्रह्मलोके च गमनागमनं कुर्वन्ति, दैत्यादीनां मायया नानारूप-ग्रहणं विविधालौकिकव्यापारसाधनञ्चात्र दृश्यजगति कथं घटेत्। वेदपुराणादिषु वर्णितानि एतादृशा-गण्यचरितानि दृश्यभूमण्डले एकान्तासम्भावितानि, सम्भावितेषु सत्सु अवश्यमेव एतावन्तं कालं याव-त्तानि अघटिष्यन्। अतएव शास्त्रवर्णितचरितानि पूर्णरूपेणादृश्य ब्रह्माण्डे अंशेन च दृश्यभूमण्डले प्रकटितानि भवन्तीति नियमः। तदांशिकचरिता-विर्भावात् अद्यावधि तत्तच्चरिताधाराः दृश्यभूमण्डले-

---

দশ সংখ্যক ছিল। শ্রীরামচন্দ্র অগণ্য বানর ভল্লুক সঙ্গে লইয়া রাবণের সহিত যুদ্ধ করিয়াছিলেন, ভাসমান শৈলমালা দ্বারা সমুদ্র সেতু নির্মাণ করিয়া ছিলেন—ইত্যাদি চরিত সমূহ দৃশ্যমান ভূমণ্ডলে সম্ভব হয় না। শ্রীকৃষ্ণের রাস লীলায় কেবল গোপীগণ শতকোটি সংখ্যক ছিলেন, ইহাদের পিতামাতা, ভ্রাতা সুহৃদ ও গৃহাদি ছিল। তত্রস্থ গো, বৎস, বৃষভাদি ও গোপ-গোপীগণের সংখ্যা করিতে পারা যায় না। এতদ্ভিন্ন বনলতা-কুঞ্জ, নদী প্রভৃতি ও বন নগরাদি স্থিত অসংখ্য পশুপক্ষ্যাদিও ছিল। এই দৃশ্য ভূমণ্ডলস্থ ব্রজ মধ্যে তাহা কিরূপে সম্ভব হইতে পারে? অঘ, বক, পূতনা, তৃণাবর্তাদির ব্যাপার এই দৃশ্য ভূমণ্ডলে অসম্ভবই হইয়া উঠে। মহাভারতীয় যুদ্ধে কুরুক্ষেত্রে অগনিত রাজাদিগের অসংখ্য রথ অশ্ব হস্তি ও পদাতিক সৈন্যের সমাবেশ দৃশ্য বিশ্বে অসম্ভব।

এতদ্ভিন্ন মর্ত্যলোকের বহু রাজা ব্রহ্মলোকে ও স্বর্গে গমন করেন, দৈত্য ও দানবগণের মায়াদ্বারা নানারূপ ধারণ ও নানাবিধ অলৌকিক ব্যাপার সাধন শ্রবণ করা যায়, তাহা এই দৃশ্য ভূমণ্ডলে কি প্রকারে হইতে পারে। বেদ ও পুরাণাদি শাস্ত্রে এইপ্রকার অসংখ্য অলৌকিক চরিত বর্ণিত আছে, ঐগুলি এই দৃশ্য ভূমণ্ডলে ঘটিতে পারে না, অত্যন্ত অসম্ভব হয়, সম্ভব হইলে অবশ্য একাল পর্যন্ত ঘটিতে থাকিত। অতএব বেদ-পুরাণাদি শাস্ত্রে বর্ণিত চরিতাবলী পূর্ণরূপে অদৃশ্য ব্রহ্মাণ্ডে প্রকটিত হয় এবং এই দৃশ্য ভূমণ্ডল মধ্যে তাহা আংশিকরূপে যথাসম্ভব হয়। সেই আংশিক চরিতের আবির্ভাবহেতু বর্তমান কাল পর্যন্ত সেই সকল চরিতের আধারস্থল সমূহ এই দৃশ্য ভূমণ্ডল মধ্যে দৃষ্ট হইতেছে। এইরূপে সকল ভূমণ্ডলেই ঐরূপ আংশিকভাবে তত্তচ্চরিত ঘটিত হওয়ায় বেদ পুরাণাদিও প্রচলিত আছেন। শ্রীভগবানের ভক্ত-বাৎসল্য ও কৃপারোপণ গুণই সেই সেই

ऽस्मिन् विराजन्ते। इत्थं सर्वेषु भूमण्डलेषु तथै-वांशिक रूपेण तत्तच्चरितानि घटन्ते, ईदृशा वेदाद-योऽपि तत्र प्रचलिताः। श्रीभगवतो भक्तवात्सल्यं कृपारोपणञ्च तत्तद्व्यापार-तत्तच्छास्त्रादि प्रचारणे एक एव हेतुः।

अतः शास्त्रप्रकाशका महर्षयो गोत्रप्रवर्तकाश्च अदृश्य-दृश्यलोकवर्तिनः। ते ते अदृश्यब्रह्माण्डस्थ-लोकवर्तिनोऽपि श्रीभगवदादेशेन शक्तिं सञ्चारयन्ति अथवा स्वयमस्मिन् दृश्यजगति आविर्भवन्ति, तदा तत्तद्गुणसादृश्येन तत्तन्नामभिर्व्यक्ता भवन्ति। यथा यस्मिन् पुरुषे वेदव्यासगुणा दृश्यन्ते स एव वेदव्यास इत्याख्यायते, यत्र वाल्मीकेर्गुणा अव-लोक्यन्ते स एव वाल्मीकिनाम्ना कीर्त्यते। इत्थं मन्वादि-महर्षीणां प्रकाशितगुणैः तत्तन्नामभिः ख्यातिर्भवति। अदृश्य-ब्रह्माण्डस्थ-भूलोकवर्तिनां तत्तन्महर्षीणां शक्तिसञ्चारणेनापि दृश्यभूमण्डलेषु तत्तद्योग्यजन विशेषेषु तत्तद्गुणप्राकट्यं जायते। अदृश्य-दृश्य भूलोकेषु महामुनीनां सामान्याचाराः समा अपि महर्षि विशेषे विशेषाचारा अपि दृश्यन्ते तद्भेदाद्गोत्रभेदो जायते। पुरुषानुक्र-मेण महर्षिविशेषस्याचारानुसरणकारिणो जनाः तं महर्षिं तद्गोत्रमूलं स्वीकुर्वन्ति। अतः कुलाचा-रस्य प्रवर्तका मुनयो हि गोत्राणि वर्ण्यन्ते।

केचिद्वदन्ति—प्रख्यातमहर्षिवंशे जातानां तन्म-हर्षिं स्वगोत्रं वदन्ति, अतः आदिपुरुष एव गोत्रम्। मैवम्, एवं सति विवाहिता नारी स्वामी-गोत्रेण गोत्रवती नो भवेत्। उच्यते चेत् विवा-हान्ते पत्नी पत्या सहाभेदं प्राप्तवती, अतः स्वामि-पिता एव पत्नीपिता भवति, पत्युरादिपुरुषः पत्न्या अपि तथा। तर्हि पत्नी स्वामिगोत्रं लभते;

চরিত ও সেই সেই শাস্ত্র-প্রচারে হেতু।

অতএব শাস্ত্র প্রকাশক মহামুনিগণ এবং গোত্র প্রবর্তক মহর্ষিগণও অদৃশ্য লোকবর্তী ও দৃশ্য লোকবর্তী হন। তাঁহারা বিশেষ ব্রহ্মাণ্ডগত হইলেও শ্রীভগবদাদেশে শক্তি প্রদান দ্বারা অথবা স্বয়ং এই দৃশ্য ভূলোকে অবতীর্ণ হইয়া তত্তদ্গুণানুসারে তত্তন্নামে ব্যক্ত হন। যেমন যে মহাত্মনে শ্রীবেদব্যাসের গুণ দৃষ্ট হয়, তিনি ব্যাস নামে খ্যাত হন, যে মানবে শ্রীবাল্মীকির গুণ দেখা যায়, তিনি বাল্মীকি নামে প্রসিদ্ধ হন। এইরূপ মন্বাদি মহর্ষিগণের গুণ প্রকাশ দ্বারা তত্তন্নামের খ্যাতি হয়। অদৃশ্য ব্রহ্মাণ্ড গত ভূলোকস্থ তত্তন্মহামুনিগণের শক্তিসঞ্চার দ্বারা দৃশ্য ভূমণ্ডল সমূহে তত্তদ্যোগ্য ব্যক্তিবিশেষে তত্তদ্গুণের প্রাকট্য হয়। অদৃশ্য ও দৃশ্য ভূলোকে মহর্ষিগণের সাধারণ আচরণ সকল বিদ্যমান থাকিলেও মহর্ষিবিশেষে বিশেষ আচারও থাকে। তত্তদ্বিশেষ আচারভেদে গোত্রভেদ হয়। যে সকল ব্যক্তি পুরুষানুক্রমে যে যে মহর্ষি-বিশেষের আচারানুসরণ করিয়া আসিতেছেন, তাঁহারা সেইসকল মহর্ষিকে গোত্রপ্রবর্ত্তকরূপে স্বীকার করেন। অতএব কুলাচার প্রবর্ত্তক মহর্ষি-গণকে গোত্র বলা হয়।

কেহ কেহ বলেন—ঐ সকল মহর্ষির বংশে জাত ব্যক্তিগণ সেই মহর্ষিকে নিজ গোত্র বলেন, অতএব তাঁহাদের আদিপুরুষই গোত্র—এরূপ হইতে পারে না। বিধান এইরূপ হইলে বিবাহিত নারী স্বামিগোত্র দ্বারা গোত্রবতী হইতে পারে না। যদি বলা যায়—বিবাহের পর স্ত্রী স্বামীর সহিত একত্বলাভ করে, অতএব, ঐ স্বামীর পিতাই বিবাহিতা স্ত্রী-পিতা, স্বামীর আদি পুরুষই উহার আদি পুরুষ হয়। এই হেতু পত্নী স্বামীর গোত্র লাভ করে। অতএব বংশের আদি পুরুষকেই গোত্র বলা হয়, ইত্যাদি। তাহা বলিতে পারা যায় না। তাহাতে মাতামহাদির

अतएवादिपुरुष एव गोत्रमिति न संशयः—एवं वक्तुं न युक्तम्। तत्र मातामहादीनां श्राद्धलोपः सम्भवेत् अनर्हत्वात्। पुनर्द्रष्टव्यम्—अल्पसंख्यका एव महर्षयः गोत्रप्रवर्तकाः, आदिपुरुषाश्चेद् गोत्राणि तर्हि तद्व्यतिरिक्तानां महर्षीणां वंशा विलुप्ता एव, तदपि असम्भवम्। पुनश्च निभाल्यं, बहूनां व्यवहारा दृश्यन्ते—विस्मरणेन गोत्राभावापत्तौ आचार्यगोत्रेण कर्मकर्तुर्गोत्रं निर्दिश्यते। आदिपुरुषे गोत्रत्वेन स्वीकृते एष व्यवहारो न भवेदेव। पुनर्बहुत्र शूद्रस्य गोत्रकथने आचार्यगोत्रोच्चारणमेव प्रसिद्धमस्ति। अतः कुलाचारप्रवर्तक महर्षिरेव गोत्रं, नादिपुरुषः; गोत्राख्येण महर्षिणा प्रचारिता विशेषाचारा हि कुलाचाराः कथ्यन्ते।

यथा ब्रह्मावर्तागतानां शास्त्रीयाचारपराणां ब्राह्मणानां सारस्वत-कान्यकुब्ज-गौड़ोत्कल-मैथिल-कर्णाट-महाराष्ट्रान्ध्र-द्राविड़-गुर्जरादि देशेषु वासत्वात् तत्तद्देशीयविशेषाचारास्तेषां देशाचारा आख्यायन्ते। प्रोक्तदेशेषु आदिमाः पञ्च विन्ध्याचलोत्तरवर्तिनः, अन्तिमाः पञ्च च तद्दक्षिणवर्तिनः। एते अन्ये च देशा अदृश्यब्रह्माण्डान्तर्गत भूलोके जम्बुद्वीपे भारतवर्षे स्थिता अपि प्रागुक्त प्रकारेणाल्पश एव दृश्य-भूमण्डलगता भवन्ति।

केचन वदन्ति—एषा दृश्या पृथिव्येव पुराणादि वर्णिता सा। पुराणादिषु पृथिव्या यानि परिमाणानि वर्णितानि, तान्येव वास्तवानि। शास्त्रवर्णितानि चरितादीनि पूर्णरूपेण अस्यामेव पृथिव्यां घटन्ते, शास्त्रीयवचनानामेकमपि न व्यर्थम् इति। ईदृशानां जनानां विश्वासः सहस्रशो धन्यवादमर्हति। एते जनास्तु दृश्यभौतिक भूमण्डले

শ্রাদ্ধ লোপ পাইত। আরও দেখা উচিত যে, অল্পসংখ্যক মহর্ষিই গোত্ররূপে স্বীকৃত হন; যদি বংশের আদি পুরুষই গোত্ররূপে স্বীকৃত হন, তবে ইহাও স্বীকার্য্য যে অপর মহর্ষিগণের বংশ লুপ্ত হইয়াছে; কিন্তু তাহা অসম্ভব। আবার বহুস্থানে ব্যবহারও দেখা যায় যে, গোত্র বিস্মৃতি দ্বারা গোত্রাভাবস্থলে আচার্য্য-গোত্র দ্বারা কর্ম কর্তার গোত্র নির্দ্দিষ্ট হয়; আদি পুরুষকে গোত্র বলিলে ঐ প্রকার ব্যবহার চলিতে পারে না। বহুস্থলে শূদ্রের গোত্র বিষয়ে আচার্যগোত্রের উচ্চারণ ব্যবহার প্রসিদ্ধ আছে। অতএব কুলাচার প্রবর্তক ঋষিকেই গোত্র বলা যায়। আদিপুরুষকে বলা যায় না। উক্ত গোত্রাখ্য মহর্ষির প্রচারিত বিশেষ আচারই কুলাচার নামে প্রসিদ্ধ।

যেমন ব্রহ্মাবর্ত হইতে সমাগত শাস্ত্রাচার বিশিষ্ট ব্রাহ্মণগণের সারস্বত, কান্যকুব্জ, গৌড়, উৎকল, মৈথিল, কর্ণাট, মহারাষ্ট্র, অন্ধ্র, দ্রাবিড়, গুর্জর প্রভৃতি দেশে বাসস্থান হওয়ায় তত্তদ্দেশ বিশেষের বিশেষাচার সকল দেশাচার নামে খ্যাত। উল্লিখিত দশ প্রদেশের মধ্যে প্রথমোক্ত পঞ্চপ্রদেশ বিন্ধ্যাচলের উত্তরস্থ আর্যাবর্তীয় এবং অপর পঞ্চপ্রদেশ তদ্দক্ষিণস্থ দাক্ষিণাত্যীয়। এই সকল দেশ ও অন্যান্য স্থান অদৃশ্য ব্রহ্মাণ্ডগত ভূলোক, জম্বুদ্বীপ ও ভারতবর্ষ-স্থিত হইলেও অল্পপরিমাণে এই দৃশ্য ভূমণ্ডলগত আছে।

কোন কোন ব্যক্তি বলেন—এই দৃশ্য পৃথিবীই পুরাণাদিতে বর্ণিতা পৃথিবী। তাহা ইহা হইতে ভিন্না বা অদৃশ্যা নহে। পুরাণাদিতে পৃথিবীর যে মানাদি বর্ণিত আছে, তাহাই সত্য। পুরাণাদি বর্ণিত চরিতাদি এই দৃশ্য পৃথিবীতে পরিপূর্ণরূপে ঘটে, শাস্ত্রবাক্যের একটিও অক্ষর মিথ্যা হইতে পারে না। এইরূপ ব্যক্তিগণের বিশ্বাস ধন্যবাদার্হ। তাঁহারা এই পাঞ্চভৌতিক দৃশ্য ভূলোকে বাস করিয়াও সেই অদৃশ্য ব্রহ্মাণ্ডগত মনোমাত্র-

वसन्तोऽपि सर्वदा अदृश्य-ब्रह्माण्डगते मनोमात्र-वेद्ये भूलोके विचरन्ति। वेदादि प्रकाशका यदर्थं इदं दृश्यं भूमण्डलं नावर्णयन्, तल्लक्ष्यमेतैरेव सफलीकृतम्। एतादृशो विश्वासः आधिक्येन सर्वकालं विराजतामित्याशंसे। अपरे कथयन्ति—अत्र दृश्य-भूलोके घटितान् व्यापारान् अवलम्ब्यैव शास्त्रकर्तारोऽतिरञ्जितरूपेण विविधकल्पना आश्रितवन्तः। पृथिव्याः मानादीनि, घृत दधि दुग्ध समुद्र-प्रभृतयः अलौकिकानि वस्तूनि व्यापाराश्च शास्त्रकृद्भिः कल्पितानि एव। अतएव सुविज्ञा इतः सत्य-समुद्धरणे सयत्ना भवन्त्विति।

एषां समीपेऽस्माकं याच्ञेयम्—शास्त्रेभ्यो भवद्भिः यथासम्भवं सत्यमुद्धारे वाञ्छावद्भिर्भूयते तत् भूयेत। शास्त्रवर्णितव्यापारान् दृश्यभूमण्डलस्थान् स्वीकुर्वन्ति, अस्माभिरपि तदुच्यते। पुनश्चालौकिकवस्तु-व्यापारा ये भवद्भिरतिरञ्जिताः कल्पिता वा कथ्यन्ते तेऽधुना ध्येयत्वेन स्वीक्रियन्ताम्, अन्ततोऽवश्यं भवतां सङ्गिनो भविष्यन्ति। स्थूल-देहावसाने मनोमय-शरीरेण मनोमयवस्तुरूपेण ताननुभविष्यन्ति अत्रादृश्यानपि तानन्यत्र द्रक्ष्यन्ति। भवतामेव सुखाय मङ्गलाय च शास्त्रकृतः स्वयमनुभूय भवतोऽनुभावयितुमभिलषन्ति स्म। इदानीं यानि वस्तूनि ये व्यापाराश्च याथार्थ्येन गृह्यन्ते, तान्यपि मनोमयान्येव, पूर्वं ध्येयत्वेन स्वीकृत्याधुना सत्यरूपेण प्राप्नुवन्। इदानीं ध्येयत्वेन स्वीकार्याणि यथाकालं याथार्थ्येन द्रष्टव्यानि। एष एव विश्व-

---

গোচর ভূলোকে বর্তমান আছেন। বেদ পুরাণাদি শাস্ত্র প্রকাশকগণ যে উদ্দেশ্যে এই দৃশ্য ভূমণ্ডলের বর্ণন করেন নাই, সেই উদ্দেশ্য ইঁহারা সফল করিয়াছেন; আশা করি যেন এইরূপ বিশ্বাস অবিকলরূপে সর্বকাল বিদ্যমান থাকে। অপর কেহ কেহ বলেন—এই দৃশ্য ভূমণ্ডলে সংঘটিত ব্যাপারগুলি অবলম্বন করিয়া শাস্ত্রকারগণ অতিরঞ্জিত রূপে নানাবিধ কল্পনা করিয়াছেন। পৃথিবীর মানাদি ও ঘৃত, দধি, দুগ্ধময় সমুদ্রাদি অলৌকিক বস্তু ও অলৌকিক ব্যাপার সমূহ শাস্ত্রকারগণের কল্পিতমাত্র। অতএব শাস্ত্রকারগণের এই সকল বাক্য হইতে সত্যবস্তু ও সত্যব্যাপারের সমুদ্ধার করাই শ্রেয়স্কর। সুবিজ্ঞ ব্যক্তিগণ এই বিষয়ে যত্নপর হউন।

এই বক্তৃগণের নিকট প্রার্থনা এই যে, আপনারা আমাদের পুরাণাদি শাস্ত্রের বাক্যাবলী হইতে যথাসম্ভব সত্য-ব্যাপারের সমুদ্ধার করিতে ইচ্ছা করিয়াছেন, তাহাই করুন। সেই সকল ব্যাপারকে এই দৃশ্য ভূমণ্ডলস্থ বলিয়া স্বীকার করিতেছেন, ইহাতে আমাদের কথাও তাহাই। কিন্তু যে সকল অলৌকিক ব্যাপার বা বস্তুকে অতিরঞ্জিত বা কল্পিত বলিতেছেন তাহা আপাততঃ ধ্যেয়রূপে গ্রহণ করুন। অন্তিম কালে তাহাই আপনাদের সহচর হইবে। স্থূল দেহান্তে মনোময় দেহদ্বারা সেই সকল বস্তু বা ব্যাপারকে মনোময় রূপে অবশ্যই অনুভব করিবেন, ঐগুলি এস্থানে দেখিতে না পাইলেও অন্যত্র দেখিতে পাইবেন। আপনাদের মঙ্গলের জন্যই শাস্ত্রকারগণ স্বয়ং অনুভব করিয়া আপনাদিগকে অনুভব করাইতে ইচ্ছা করিয়াছেন। বর্তমানে যে সকল বস্তু বা ব্যাপারকে সত্য বলিয়া স্বীকার করিতেছেন, তাহাও মনোময়মাত্র। পূর্বে ধ্যেয়রূপে স্বীকার করাতেই বর্তমানে সত্যরূপে পাইয়াছেন। এখন যাহা ধ্যেয়রূপে গ্রহণ করিবেন, যথাকালে তাহা সত্যরূপে দেখিবেন। বিশ্বের স্বভাবই এইরূপ যে, যাহা ধ্যেয়রূপে গ্রহণ করা যায়, পরবর্তিকালে তাহাই সত্যরূপে পাওয়া যায়। এই বিশ্ব ধ্যানময়।

স্বভাবः, यद्ध्येयत्वेनाङ्गीक्रियते तदेव सत्यरूपेण लभ्यते। विश्वमिदं ध्यानमयमात्रं, नान्यत् किमपि। भो महोदयाः, दृश्य-भूमण्डलस्यास्य विषये प्राक् उक्तं किञ्चित्, इदानीमपि किञ्चिद्विवृतम्, अलमाधिक्येन, इतरे प्रत्यक्षव्यवहारात् ज्ञातव्याः। प्रोक्त-विषयाणां सूत्रेषु अविद्यमानत्वेऽपि सूत्रकृदभिप्रायेण सूत्र-सूचनक्रमेण च भाष्येऽस्मिन् विस्तार्यन्ते। सूत्रार्थ प्रातिकूल्येन न ग्राह्याः। आद्यन्तयोरेवं द्रष्टव्यम् ॥३०॥

नास्तिकः चित्तभेदैः प्राप्यानि स्थानानि वस्तूनि च श्रुतानि। देश भेदाकर्णनेन कालभेदाः स्मर्य्यन्ते। भवच्छास्त्रेषु वर्णितम्—द्वात्रिंशत् सहस्राधिक चतुर्लक्ष सौरवर्षैः कलियुगम्। अस्य द्वि-त्रि-चतुर्गुणैः वर्षैः क्रमेण द्वापर-त्रेता-सत्य-युगानां परिपूर्तिः। अनेन युगचतुष्टयेन एकं महायुगम्। तस्य सहस्रेण ब्रह्मदिवाभागः, एवम्भूता रात्रिश्च। ब्रह्मदिनं कल्प उच्यते। एषां समवायेन ब्रह्मणः शतवर्षं महाकल्पः कथ्यते। अन्ये विषयाः परतः वक्ष्यते। साम्प्रतं विविदिषा जाता—कथं युग-भेदाः? सत्ये प्रजास्तत्त्वज्ञा भवन्ति, कलौ तद्वि-परीताः, इतर-युगत्रये लोका धर्मिष्ठाः कलौ तु पापवन्तः, कृतादित्रये सदाचाराः चतुर्थे दुराचाराः; एवं स्वभावभेदाः कथम्? कालविशेषाद्वैषम्यं वा कथं जायते? परमेश्वरकृतश्चेदेतत् तद् वा कथम्? कादाचित्का लोकास्तत्त्वज्ञा धार्मिकाः सदाचाराश्च, अन्यकालीनाश्चातत्त्वज्ञा अधार्मिका असदाचाराश्च कुतः कृता? अपीदं तस्य कर्त्तव्यं तदा तस्य समदर्शिता कुतस्तिष्ठेत्? यदीदं कालकृतं तदा काले वा एतद्वैषम्यं कुत आगतम्? एवं युगभेदस्य तद्गतवैषम्यस्य कारणं विशेषेण ज्ञातु-मुत्सुका वयम्।

ধ্যান ব্যতীত ইহাতে আর কিছুই নাই। হে মহোদয়গণ, দৃশ্য ভূমণ্ডল বিষয়ে পূর্বে কিছু কথিত হইয়াছিল, এক্ষণেও কিঞ্চিৎ বলা হইল। অধিক বিস্তারের প্রয়োজন নাই। অন্যান্য বিষয় প্রত্যক্ষ ব্যবহার হইতে জানিতে পারিবেন। উক্ত বহু বিষয় সূত্রে না থাকিলেও সূত্রকারের অভিপ্রায়ানুসারে এবং সূত্রের সূচনামতে এই ভাষ্য বিবৃত হইতেছে। তাহা সূত্রার্থের বিরুদ্ধ-রূপে গ্রহণীয় হইতে পারে না। পূর্বে ও পরে সর্বত্র এইরূপ দ্রষ্টব্য ॥৩০॥

নাস্তিক—নানাবিধ চিত্তভেদে যে যে স্থান ও যে যে বস্তু লভ্য হয়, তাহা শ্রবণ করিলাম। দেশভেদ শ্রবণ করায় কালভেদেরও স্মরণ হইতেছে। আপনাদের শাস্ত্রে কথিত আছে—দ্বাত্রিংশৎ সহস্রাধিক চতুর্লক্ষ সৌরবর্ষে কলি-যুগের সমাপ্তি হয়। ইহার দ্বিগুণ, ত্রিগুণ ও চতুর্গুণে ক্রমে দ্বাপর, ত্রেতা ও সত্যযুগের পরিপূর্তি। এই যুগ চতুষ্টয়ে এক মহাযুগ, সহস্র মহাযুগে ব্রহ্মার এক দিবস, রাত্রিও ঐরূপ। ব্রহ্মার অহোরাত্রকে কল্প বলা হয়। এই প্রকারে শতবর্ষে এক মহাকল্প ব্রহ্মার আয়ুষ্কাল। এক্ষণে জানিতে চাই যে সত্যাদি যুগভেদ কেন হয়? সত্যাদি যুগে প্রজাগণ তত্ত্বজ্ঞ, কলিতে অতাত্ত্বিক, অন্যযুগে ধর্মিষ্ঠ কলিতে অধার্মিক, অন্যযুগে সদা-চারী, কলিতে অসদাচারী; এইরূপ স্বভাবভেদ কেন হয়? কালবিশেষে এই প্রকার বৈষম্যের কারণ কি? ইহা যদি পরমেশ্বরের কৃত হয়, তবে তৎকর্তৃক এইরূপ বৈষম্য কেন করা হয়? এক সময়ে প্রজাগণকে তত্ত্বজ্ঞ, ধার্মিক ও সদাচারী করিয়া অন্য সময়ে আবার তাহার বিপরীত করা কি পরমেশ্বরের যোগ্য কর্ম্ম? তাহাতে পরমে-শ্বরে সমদর্শিতা থাকে না। যদি কালকৃত হয়

सूत्रकारो युगभेदस्यतद्‌गतवैषम्यस्य च कारणं विवृणोति—

युगभेदः समाजात् ॥२१॥

समाजवैषम्यादेव युगभेदः तद्‌गतवैषम्यञ्च घटते। भो महोदयाः, परमेश्वरः कादाचित्कं कमपि जनं ज्ञानधर्मसदाचारैः युक्तं वियुक्तं वा कर्तुं नाभिलषति। कालिकगुणदोषैर्वा एवं वैषम्यं न सम्भवेत्। केवलं जनानां सामाजिकतारतम्यात् इत्थं युगभेदः तद्‌गतवैषम्यञ्च भवति।

श्रीभगवतः कल्किदेवस्याविर्भावेन, तत्शासनेन, तत्पादसरोरुहेषु भक्तियोग प्रभावेण, मन्वन्तरस्याद्यसर्गे स्वतःसिद्ध- भक्तियोगेन च कतिपये जना विवेक-वैराग्य-प्रीतियोगेषु परमानिपुणास्तिष्ठन्ति। तदा त्वात्माराम-शिरोमणीनां विषय-वासनाया गन्धमात्रं न तिष्ठति, तर्हि तदा पृथिव्यामासुरसिद्धान्ता नाविर्भवन्ति, अतोऽवैदिक-मार्गस्य म्लेच्छभावस्य च नामस्मृतिर्न भवेत्। तदा सकला लोकाः केवलं परब्रह्म-परमात्म-श्रीभगवत्परास्तिष्ठन्ति। ते केवलं ध्याननिष्ठा विद्यन्ते, अतो न तिष्ठति तदा क्रियायोगाविर्भावोऽपि। सर्वेषां विशुद्ध-सत्त्वाश्रितत्वात्तेषु वर्णभेदो न तिष्ठति; वासनाहीनत्वादाश्रमभेदोऽपि; सर्वे परमहंसा इत्याख्यायन्ते। सर्वेषां शास्त्रतत्त्वज्ञत्वात् तेषां उपदेशप्रदानादानाभ्यां न प्रयोजनम्, नारीजनाऽपि जन्मनः प्रभृतिः पुरुषवत्तत्त्वज्ञानिन्यो भवन्ति। अतएव तेषां पतिसकाशादुपदेशादानं नापेक्षणीयम्। तथापि स्वतःसिद्धस्वभावात् परस्परं तत्त্वविचारः प्रश्नोत्तरादिकञ्च चलति।

তাহাতে কালে এইরূপ বৈষম্য কোথা হইতে আসিল? এইরূপ যুগভেদ ও তদ্গত বৈষম্যের কারণ কি? ইহা বিশেষরূপে জানিতে আমার ঔৎসুক্য জন্মিয়াছে।

সূত্রকার যুগভেদ ও তদ্গত বৈষম্যের কারণ বর্ণন করিতেছেন—সমাজের বৈষম্যেই যুগভেদ ও তদ্গত বৈষম্য ঘটে। হে মহোদয়গণ, পরমেশ্বর কোন কালের কোন ব্যক্তিকে জ্ঞান, ধর্ম্ম, সদাচার দ্বারা যুক্ত বা বিহীন করিতে ইচ্ছা করেন না। কালের গুণ বা দোষেও ঐরূপ বৈষম্য হয় না। কেবল প্রজাগণের সমাজের তারতম্যেই এইরূপ যুগভেদ ও তদ্গত বৈষম্য ঘটে।

শ্রীভগবান্ কল্কিদেবের আবির্ভাব, তদীয় শাসন ও তচ্চরণসরোরুহে প্রজাগণের স্বতঃসিদ্ধ ভক্তিযোগের প্রভাবে, মন্বন্তরের প্রথম সৃষ্টিতে অল্পসংখ্যক প্রজা বিবেক, বৈরাগ্য ও প্রীতিযোগে অতীব নিপুণ হন। তাৎকালিক সেই আত্মারাম শিরোমণিগণের বিষয়-বাসনার গন্ধমাত্রও থাকে না; অতএব তৎকালে পৃথিবীতে আসুর-সিদ্ধান্তের আবির্ভাব হইতে পারে না। এইহেতু অবৈদিক মার্গের ও ম্লেচ্ছভাবের নাম স্মৃতিও থাকে না। তখন সকল প্রজাই একমাত্র পরব্রহ্ম পরমাত্ম ভগবৎপরায়ণ থাকেন। তাঁহাদের স্বভাব সমান হওয়ায় পরস্পরের কোন প্রকার স্বভাবগত ভেদ থাকে না। সকলেই ধ্যাননিষ্ঠ থাকায় ক্রিয়াযোগের আবির্ভাব নাই। সকলব্যক্তি শুদ্ধ-সত্ত্বগুণে প্রতিষ্ঠিত থাকেন বলিয়া তাঁহাদের মধ্যে বর্ণ ভেদ থাকে না এবং বাসনার বৈচিত্রীরাহিত্যে আশ্রম-ভেদও থাকে না। তাঁহারা সকলে 'পরমহংস' নামে খ্যাত হন। সকলেই সর্বশাস্ত্রজ্ঞ হওয়ায় উপদেশ প্রদান বা আদানের প্রয়োজন থাকে না। স্ত্রীগণ জন্মাবধি স্বতঃসিদ্ধভাবে পুরুষবৎ তত্ত্বজ্ঞানবতী হন, অতএব তাঁহাদের স্বামীর নিকট হইতেও উপদেশ আদানের অপেক্ষা থাকে না। অথচ স্বতঃসিদ্ধ-ভাবে পরস্পর তত্ত্ববিচার বিষয়ে প্রশ্নোত্তর প্রদান করেন।

तदा पृथिव्यां लोकानां स्वल्प-संख्यत्वात् सर्वत्र सुमिष्टफलमूलादीनां सद्भावात् देहपोषणाय कस्यचित् प्रयासो नापेक्ष्यः। प्रायशो नराणां यत्नं विनाल्पायासेन वा स्थाने स्थाने प्रसिद्ध-वृक्षवीरुधः फलपुष्पादिभिः समृद्धा विद्यन्ते। प्रायेण विख्यात-नद-नदीतीरेषु सर्वे वसन्ति। ततः सरोवर-कूपादीनामपि नापेक्षा। वैषयिक-सुखभोगस्पृहाया अनवस्थानात् तरुवल्कला वसन-कार्यं निर्वाहयन्ति। गिरिगुहासु काष्ठपर्णतृणादि-मयेषु तुच्छगृहेषु च वसन्ति। कोऽपि उत्तमालयं दिव्याङ्गराग-वस्त्रालङ्कारादिकं वा नापेक्षते। केवलेन तोय-मृदादिनाङ्गानि संस्कृत्य देवानामपि गात्रसौष्ठवं तिरस्करोति।

वेदाश्च केवलं प्रणवरूपेण अवतिष्ठन्ते। तदा एक एव नारायणः परमदेवः, तद्ध्यानमेव परमधर्मः। अनलः केवल-पचन-निर्वाहको लौकिकस्तिष्ठति। यज्ञ-संस्कारादीनामप्राकट्यात् वह्नेर्नानानाम व्यवहारो न विद्यते। श्रीगुरुदेवपादपद्मध्यानमात्रं परम-संस्कारतदा विराजते। यद्यपि सर्वेषां स्वतःसिद्धज्ञानत्वान्नोपदेशापेक्षा, तथापि सदाचार प्रवर्त्तनकृते श्रीगुरुदेवपादपद्माश्रयणं सर्वे कुर्वन्ति। तर्हि श्रीनारायण बुद्ध्या श्रीगुरुचरणं सेवन्ते। नार्योऽपि एकं पतिमेवाश्रित्य तत्सेवापरास्तिष्ठन्ति। अतएव मनुष्य समाजे परमहंसाख्य एक एव वर्ण आश्रमश्च सुविराजते। तत्र च सर्वे परब्रह्मनिष्ठाः परस्परमुपदेशकाश्च, अतो हेतोः केवल-ब्राह्मणरूपेण सुविराजन्ते। प्रशान्त-स्वभावत्वात् केनापि कस्यापि कोऽप्यपकारो नानुष्ठियते।

तदा च नृपाल प्रयोजनाभावादपि स्वराष्ट्रादेशान्मनवस्तत्पुत्राश्च राजसिंहासनमङ्गीकुर्वन्ति, तेन

তৎকালে পৃথিবীতে লোক সংখ্যার অল্পতা ও সর্বত্র সুমিষ্ট ফলমূলাদির সদ্ভাবে দেহরক্ষায় কাহাকেও পরিশ্রম করিতে হয় না। প্রায়ই মানবগণের বিনা যত্নে বা অল্পমাত্র চেষ্টায় স্থানে স্থানে বৃক্ষলতাদি ফলপুষ্পাদিতে পরিপূর্ণিত থাকে, তাঁহারা প্রায়ই সুপ্রসিদ্ধ স্বাদুতোয়া নদীতীরে বাস করেন, অতএব সরোবর বা কূপাদির অপেক্ষা করিতে হয় না। বৈষয়িক সুখভোগের লালসা না থাকায় অনায়াসলব্ধ বৃক্ষের বল্কল দ্বারাই বস্ত্রের কার্য নির্বাহ করেন। পর্ব্বতগুহামধ্যে বা কাষ্ঠপত্র-তৃণাদি-নির্মিত ক্ষুদ্র কুটীরে তাঁহারা বাস করেন, উত্তম প্রাসাদের বা দিব্যাঙ্গরাগ ও বস্ত্রালঙ্কারাদির কেহই অপেক্ষা করেন না। কেবল জল ও মৃত্তিকাদ্বারা দেহের সংস্কার করিয়াই দেবগণের সৌন্দর্য্যকেও তিরস্কার করেন।

বেদ সকল একমাত্র প্রণবরূপেই থাকেন, পরমদেব একমাত্র শ্রীনারায়ণ; তাঁহার ধ্যানই পরমধর্ম্ম বিবেচিত হয়। অগ্নি একমাত্র পাক কার্যের নির্বাহক লৌকিক রূপে থাকেন, যজ্ঞ সংস্কারাদির প্রকাশ না থাকায় অগ্নির নানা নাম ব্যবহার থাকে না। একমাত্র শ্রীগুরুদেবের পাদ-পদ্মাশ্রয়ণই পরমসংস্কাররূপে বিরাজ করেন। যদিও সকলেরই স্বতঃসিদ্ধ সর্বজ্ঞতা থাকায় উপদেশ গ্রহণ ও প্রদানের আবশ্যকতা থাকে না, তথাপি সদাচার প্রবর্তনার্থ শ্রীগুরুদেবের পাদপদ্মের আশ্রয় করিয়া থাকেন। অতএব সকলেই শ্রীনারায়ণ বুদ্ধিতে শ্রীগুরুদেবের সেবায় তৎপর থাকেন। দেহসম্বন্ধাদি কেবল গুরুশিষ্য সম্বন্ধে পর্যবসিত হয়; অতএব মনুষ্য সমাজে 'পরমহংস' নামে একমাত্র বর্ণ ও একমাত্র আশ্রম বিরাজ করে, তথাপি সকলেই পরব্রহ্মনিষ্ঠ বলিয়া পরস্পরের উপদেষ্টৃরূপে ব্রাহ্মণত্বে প্রতিষ্ঠিত থাকেন। সকলেরই প্রশান্ত স্বভাব থাকায় কেহ কাহারও কোন অপকার করেন না।

केवलं शोभाविस्तारो जायते। एतन्मात्रं क्षत्रियत्व-प्राकट्यं, वैश्यत्वस्य नामापि स्मृतौ पथारूढ़ं न भवति। गुरुसेवादर्शनेन शूद्रत्वस्मृतिर्भवति। परमेशाभिप्रेतस्य स्वल्पसंख्यकापत्य-समुत्पादनस्यावलोकनेन गृहस्था स्मर्यन्ते। श्रीगुरुसेवायास्तथा शास्त्रश्रवणस्य दर्शनेन ब्रह्मचारिणो मन्यन्ते। वनवासस्य आरण्यवस्तुसेवनस्य च दर्शने वानप्रस्थानां तथा निर्जनावस्थितेर्निरपेक्षभावस्य चोपलब्धौ यतिभावो मनस्यायाति। मानवसमाजस्येयं प्राथमिकावस्था निर्गुण-ब्रह्मोपासनाग्रया उच्यते। यद्यपि सर्व एव श्रीनारायणं ध्यायन्ति, क्वचिच्च श्रीनारायणस्वरूपबुद्ध्या निर्विशेषस्वरूपं अनुसन्दधति, तथापि नानावतार—लीलादीनामाधिक्ये नानुशीलनाभावात् क्रियायोगाविर्भाव रहितत्वात् तद्वत् प्रतीतिमात्रं जायते।

क्रमशो मानव-समाजे सत्यलोकादिवासिनां आविर्भावो भवति तत्प्रभावात् देवर्षिनारदस्य निरन्तरं शुभागमनवलाच्च नानावतारलीलादीनामनुशीलनं मानवेषु प्राकट्यं लभते, बाह्येन्द्रियाणाञ्च नैरर्थक्याशङ्कया श्रीभगवदर्चनरूपः क्रियायोगोऽपि प्रवर्तते। यद्यपि पूर्वावस्थायामपि सत्यादिवासिनां आविर्भावः, परमभागवत् श्रीनारदादीनां शुभविजयो भवति, तथापि सामाजिकानां अत्यन्तनिवृत्ति—परत्वात् समाजस्य तादृशी दशैव वलवती भवति। एतेन श्रीभगवदर्चनस्य क्रियायोगस्य गोपनीयतापि व्यक्ता। समाजस्य द्वितीयावस्थेयं सगुणब्रह्मोपासनप्रधाना उच्यते, यतोऽस्यामेव श्रीभगवन्नानावतार लीलानुशीलनं भगवदर्चन-

---

অতএব তৎকালে রাজার প্রয়োজন থাকে না, তথাপি সৃষ্টিকর্তার আদেশে মনু ও তৎপুত্রগণ রাজসিংহাসন স্বীকার করিয়া থাকেন, তাহা দ্বারা কেবল দেশের শোভা বিস্তারিত হয়। এইরূপ মাত্র ক্ষত্রিয়ত্বের প্রাকট্য থাকিলেও বৈশ্যত্বের নাম স্মরণেও থাকে না। গুরুসেবা দর্শনে শূদ্রত্বের স্মৃতি হয়। পরমেশাভিপ্রেত সৃষ্টিরক্ষার উদ্দেশ্যে অল্পসংখ্যক পুত্রকন্যাদির সমুৎপাদন দর্শনে গৃহস্থের স্মরণ হয়। আবার শ্রীগুরুসেবা ও শাস্ত্রসিদ্ধান্ত-শ্রবণ দর্শনে ব্রহ্মচারীর, বনবাস ও বন্যদ্রব্য সেবন দর্শনে বানপ্রস্থের এবং নির্জনবাস ও নিরপেক্ষতা দর্শনে যতি-ভাবের স্মরণ হয়। মনুষ্য সমাজের এই প্রথম অবস্থাকেই নির্গুণ-ব্রহ্মোপাসনা-প্রধান বলা হয়। যদিও সকল ব্যক্তিই শ্রীনারায়ণের ধ্যান-পরায়ণ থাকেন, কদাচিৎ শ্রীনারায়ণস্বরূপ বুদ্ধিতে তাঁহার নির্বিশেষ স্বরূপেরও অনুসন্ধান করেন, তথাপি নানাবতার লীলাদির আধিক্যের অনুশীলন না থাকায় তদ্বৎ প্রতীতি হইয়া থাকে।

ক্রমে মনুষ্য সমাজ মধ্যে সত্যলোকাদি-নিবাসিগণের আবির্ভাব হয়, তৎপ্রভাবে ও দেবর্ষি শ্রীনারদের নিরন্তর শুভাগমনে শ্রীভগবানের নানা অবতার ও লীলাদির অনুশীলন মনুষ্যসমাজে প্রাকট্য লাভ করেন এবং বহিরিন্দ্রিয় চক্ষুকর্ণাদির নিরর্থকতা আশঙ্কায় শ্রীভগবদর্চনরূপ ক্রিয়াযোগও প্রকটিত হন। যদিও পূর্বাবস্থাতেও সত্যলোকাদির নিবাসিগণের আবির্ভাব ও শ্রীনারদাদি পরম ভাগবতগণের শুভাগমন হয়, তথাপি সামাজিকগণের অত্যধিক নিবৃত্তিপরতায় সমাজের তাদৃশী অবস্থাই বলবতী থাকে। এতদ্দ্বারা শ্রীভগবদ্ অর্চনরূপ ক্রিয়াযোগের গোপনীয়তাও ব্যক্ত হইল। সমাজের এই দ্বিতীয়াবস্থাকে সগুণ ব্রহ্মোপাসনা প্রধানা বলা হয়, যেহেতু এই অবস্থাতেই শ্রীভগবানের নানাবতারের লীলানুশীলন ও শ্রীভগবদর্চনরূপ ক্রিয়াযোগের প্রাকট্য হয়।

সমাজের এই দ্বিতীয়াবস্থায় সামাজিকগণের পূর্বোক্তপ্রকার বিষয়ভোগ লালসা না থাকিলেও

रूपः क्रियायोगश्च प्रकटति।

तस्याञ्च सामाजिकानां प्राग्वर्णितवत् विषय-भोगलालसायां अविद्यमानायामपि श्रीभगवत्-सेवायै नानाविधमन्दिरादिनिर्माणं फलपुष्पप्रधानो-द्यानोपवन-वापी-कूपसरोवरादीनामाविष्करणं दिव्यवस्त्रालङ्कार-पात्र-पर्य्यङ्कपीठासनादीनां रचना-कौशलं प्रकाश्यते। केवलं श्रीभगवत्सेवनार्थं तत्त-द्वैभवं स्वीकुर्वन्ति, न तु स्वीयभोगवासना-प्रेरिताः किन्तु श्रीभगवद्दास्यानुरोधेन तत्सेवानन्तरं महा-प्रसादबुद्ध्या तत्तद्द्रव्याणि गृह्णन्ति। इतरे विषयाः प्रथमावस्थावत् ज्ञातव्या।

सत्यादिलोकनिवासिनां आविर्भावात् प्राग्वर्णि-तप्रकारेण आसुरभावबीजाश्रितानामपि बाहुल्यं-नाविर्भावो भवति। तेन मानवसमाजेऽपि तद्भाव-विस्तृतिः स्यात्। अतएव केचिन्निर्विशेषब्रह्मप्रधानाः केचित् शिवोपासिमुख्याः केचिद्गणपतिवरिवस्या-श्रेष्ठाः, केचित्सूर्य्यशुश्रूषापरायणाः, केचिच्च शक्ति-सेवा निष्ठा भवन्ति। आसुरैः दैवानां तुदनं च आरभेत। आसुरभावानां विषयभोगवासनापि उदेति, क्रमेण वंशवृद्धिर्जायते। अस्यामेव द्वितीयाव-स्थायां देवलोकवासिनां तत्तदुपासकानापि प्रकाशो भवति। प्रथमद्वितीयावस्थयोः श्रीवैकुण्ठनिवासि-नामपि आविर्भावो जायते। अत्र द्वितीयायां श्रीभगवदर्चनरूपस्य क्रियायोगस्य प्राकट्येऽपि ध्याननिष्ठत्वात् केवलमानसव्यापाराणामेवाधिक्यं प्रचलति, बहिरधिष्ठाने द्रव्यबाहुल्येन समर्चनं प्रायशो न भवति।

आसुरजनानां विषयभोगवासनोदयात् धन-वर्द्धनाकांक्षापि वर्द्धते, तेन वैश्यत्वं च प्राकट्यं लभते। अत्र भोग्यानां नानाविध-द्रव्यानां प्रयो-जनवशात् सेवायास्तद्योग्य-शिल्पानां च प्राकट्यं भवति। अतः शूद्रभावस्यापि प्रकाशो दृश्यते।

শ্রীভগবৎ সেবন মানসে নানাবিধ মন্দিরাদির নির্মাণ ফলপুষ্পপ্রধান উদ্যান, বাপী, কূপ, সরোবর প্রভৃতির আবিষ্করণ এবং দিব্য বসন, ভূষণ, পাত্র, পর্যঙ্ক, পীঠ, আসনাদির রচনা-কৌশল প্রকাশিত হয়। তাঁহারা কেবল শ্রীভগবৎসেবনোদ্দেশে উক্তরূপ বৈভব স্বীকার করেন, কোন ব্যক্তিই নিজ ভোগ বাসনায় প্রেরিত হইয়া কোন বৈভব স্বীকার করেন না। কিন্তু শ্রীভগবদ্দাস্যানুরোধে ভগবৎসেবান্তে মহা-প্রসাদ বুদ্ধিতে তত্তদ্দ্রব্য গ্রহণ করেন। অন্যান্য বিষয় সমূহ প্রথমাবস্থানুসারে জ্ঞাতব্য।

সত্যলোকাদি নিবাসিগণের আবির্ভাবে পূর্বোক্ত প্রকারে আসুরভাব-বীজাশ্রিতগণের বহুল ভাবে আবির্ভাব হয়, তদনুসারে মনুষ্য সমাজেও তদ্ভাবের বিস্তার ঘটে, অতএব কেহ কেহ নির্বিশেষ ব্রহ্ম প্রধান কেহ কেহ শিবোপাসন প্রধান, গণেশোপাসন প্রধান, সূর্যোপাসন প্রধান বা শক্তিসেবা-প্রধান হইয়া পড়েন। অদৈবভাবপ্রাপ্ত ব্যক্তিগণ কর্তৃক দৈব-ভাব ভাবিত ব্যক্তিগণের পীড়ন আরব্ধ হয়। অদৈব জনগণের মধ্যে বিষয়ভোগ বাসনার উদয় হয়, ক্রমে বংশ বৃদ্ধিও হইতে থাকে। এই দ্বিতীয়াবস্থাতে অন্যান্য দেবলোক নিবাসী তত্তৎ উপাসকগণেরও আবির্ভাব হয়। প্রথম ও দ্বিতীয় দুই অবস্থাতেই শ্রীবৈকুণ্ঠধামে বাস্তব্যগণেরও আবির্ভাব হয়। এই দ্বিতীয়াবস্থাতে শ্রীভগবদর্চনরূপ ক্রিয়াযোগের প্রাকট্য হইলেও ধ্যাননিষ্ঠতাহেতু কেবল মানস ব্যাপারেরই আধিক্য হয়, কিন্তু বহিরধিষ্ঠানে দ্রব্য-বাহুল্যদ্বারা সমর্চন প্রায়ই হয় না।

অদৈব ভাবপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে বিষয়ভোগ বাসনার উদয় হেতু ধনবৃদ্ধিরও বাসনা বাড়ে, তদ্-দ্বারা বৈশ্যভাবের প্রাকট্য ঘটে। তৎকালে বিষয় ভোগ বাসনার প্রাকট্যে ভোগোচিত বহু দ্রব্যের প্রয়োজন অনুভূত হয়. এই হেতু নানাবিধ সেবা-

आसुरैर्दैवानां पीड़नात् दैबसंरक्षकाः राजानः आसुराणां दैबपीड़कानाञ्च संहारे प्रवर्त्तन्ते तेन क्षात्रत्वं प्रकटितं भवति। पूर्वत एव उपदेशकानां सम्भवात् ब्राह्मणत्वमपि तिष्ठति।

एवं वर्णभावानामाविर्भावात् आश्रमभावानामपि आविष्कारो जायते। विषयभोगवाञ्छोदयात् गार्हस्थस्योदयः, तथा ब्रह्मचर्य्य-वानप्रस्थ-सन्न्यासानामपि आवश्यकता प्रकाशते। एवं वर्णाश्रमभावानामुदयेऽपि सः प्रकृतवर्णाश्रमो नोच्यते, सांख्य-योगादीनां प्रबाल्यात् स अनुकरणमात्रे पर्य्यवस्यति। अतः समाजस्यैषा तृतीयावस्था अनुकृतवर्णाश्रमा उच्यते। यदवधिनरसमाजः तदवस्थात्रयं न लङ्घयति, स कालएव सत्ययुगम्। प्रथमया सत्यस्य प्रथमपादः द्वितीयया द्वितीयतृतीयपादौ, तृतीयया च तुरीय-पादः प्रायो गच्छति।

दैवासुरभावौ प्राग्लिखितौ, पुनःस्मृतयेऽत्र किञ्चिल्लिख्यते। निखिलशक्त्याधारः श्रीभगवान् प्राधान्येन माधुर्य्यप्रकाशात् श्रीकृष्णरूपेण, ऐश्वर्य्य-विकाशात् नारायणवपूषा अप्राकृत-स्वधामनि सुराजमानः तत्र विविधां मूर्त्तिं प्रकटयति। स्वयं पूर्णानन्दमयोऽपि भक्तवात्सल्यवशः भक्तमनोरथ-परिपूर्त्तये सर्व्वत्र निरन्तरं निखिला लीला आविष्करोति। आविष्कृतानां सपरिकर-विग्रहाणां परमाणु-परममहन्मध्यमाकारत्वात् प्रेमहीनमुक्तानामननुभूतेः तस्यैव सगुणत्व-निर्गुणत्वे भवतः। स एव विषयाकृष्टानां संसृतिक्लेशनिपीड़ितानां शर्मणे यथाकालं यथादेशं ब्रह्माण्डानि सृजति अवति संहरतिच अतएव श्रीभगवान् एतेभ्यः सर्वेभ्यः भिन्नोऽपि

কার্য্যের ও তদুচিত শিল্প কৌশলের প্রাকট্য হয়। অতএব শূদ্র ভাবেরও প্রকাশ দেখা যায়। অদৈব জনগণ কর্তৃক দৈব মানবগণের পীড়ন হইতে আরব্ধ হওয়ায় দৈবভাব-সংরক্ষক রাজগণ শত্রুসংহারে প্রবৃত্ত হন, তখন ক্ষত্রিয়ভাবের প্রাকট্য ঘটে। পূর্ব হইতে উপদেশকগণের বিদ্যমানতায় সমাজে ব্রাহ্মণভাব প্রচলিত থাকেই।

ঐ প্রকারে বর্ণভাবগুলির প্রকাশে আশ্রমভাব সমূহও আবিষ্কৃত হয়। কথিত প্রকারে বিষয়ভোগ-বাসনার উদয়ে গৃহস্থাশ্রমের প্রাকট্য হয়। অতএব ব্রহ্মচর্য্য, বনবাস ও যতিভাবেরও প্রয়োজন হয়। ঐ প্রকারে বর্ণাশ্রমের উদয় হইলেও তাহাকে প্রকৃত বর্ণাশ্রম বলা হয় না, যেহেতু সাংখ্য যোগাদির প্রাবল্যে তাহা কেবল অনুকরণমাত্রে পর্য্যবসান লাভ করে। অতএব সমাজের এই তৃতীয়াবস্থাকে অনুকৃত বর্ণাশ্রমাবস্থা বলা হয়। প্রথমাবস্থা দ্বারা প্রায় সত্যযুগের প্রথম পাদ গত হয়, দ্বিতীয়াবস্থা দ্বারা দ্বিতীয়পাদ ও তৃতীয়পাদ গত হয় এবং তৃতীয়াবস্থা দ্বারা প্রায় চতুর্থ পাদ নির্গত হয়।

দৈব ও আসুর ভাব পূর্বেই লিখিত হইয়াছে। তাহা স্মরণ করাইবার জন্য পুনরায় কিঞ্চিৎ লিখিত হইতেছে। সর্বশক্ত্যাশ্রয় শ্রীভগবান্ প্রকটিত মাধুর্য্যপ্রাধান্যে শ্রীকৃষ্ণরূপে ও ঐশ্বর্য্যপ্রধান্যে শ্রীনারায়ণরূপে অপ্রাকৃত নিজধামে বিরাজিত থাকিয়া তন্মধ্যে নানামূর্তির প্রাকট্য করিতেছেন। স্বয়ং পূর্ণানন্দময় হইলেও ভক্তবাৎসল্যবশে ভক্তমনোরথ পরিপূরণার্থ সর্ব্বত্র সর্ব্বদা সর্ব্বলীলাবিষ্করণ করিতেছেন। আবিষ্কৃত সপরিকর শ্রীমূর্তি সকলের পরমাণুত্ব, পরমমহত্ত্ব ও মধ্যমাকারত্ব হওয়ায় এবং প্রেমহীন মুক্ত জীব কর্তৃক অননুভূত বলিয়া সেই সর্বাশ্রয় শ্রীভগবানের সগুণত্ব ও নির্গুণত্ব হয়। সেই সর্বাশ্রয় শ্রীভগবান্ বিষয়াকৃষ্ট সংসারদুঃখগ্রস্ত জীবগণের মঙ্গলের জন্য যথা-কালে যথাদেশে ব্রহ্মাণ্ডসকলের সৃষ্টি, পালন ও সংহার করেন। অতএব সেই শ্রীভগবান্ এতৎ সকল হইতে ভিন্ন হইলেও এই সকল বস্তু তদভিন্ন। এই হেতু ভক্তবাৎসল্য ও জীবের

सर्वाणि वस्तुनि तदभिन्नान्येव। तर्हि भक्तवात्सल्यं जीवकृपां च विना तस्य स्वीय प्रयोजनं किमपि नास्ति। स एव सर्वैश्वर्य्य प्रकटनेन भगवानिति ख्यातोऽपि अपरिच्छिन्नत्वात् परब्रह्मनाम्ना, परमस्वरूपत्वाच्च परमात्मनाम्ना, सर्वान्तर्यामित्वेन च महापुरुषाख्यानेन अभिहितो भवति।

ये जनाः एवं श्रीभगवत्तत्त्वज्ञानपूर्वकं श्रीविग्रहेषु प्रीतिं स्थापयन्ति, ते एव दैवभावयुजः कथ्यन्ते। चिन्मात्रे तत्स्वरूपे प्राधान्यं रक्षित्वा तच्छ्रीमूर्त्तौ अनादरयुक्ता एव आसुरभावाः, यतस्तस्य चिच्छक्तौ तेषामनादरः, आश्रयत्वात् यद्यपि स्वरूपमात्रस्य प्राधान्यं स्वीक्रियते, तथापि स्वरूपभूतायाः अपरिच्छिन्नचिच्छक्तेरननुभवादपूर्णताङ्गीकार्य्या, यथा परिच्छदपरिकराभावेन राजदेहस्यापूर्णता भवति। निर्गुणतावाचिकाः श्रुतयः तस्य गुणातीत-स्वरूपस्य बोधकमात्रं, नतु गुणराहित्य-प्रतिपादकाः। ये जना ब्रह्माण्डमालात्मकं चतुर्दशभुवनरूपं वा विराड्विग्रहम् उपासते, व्यष्टिदेहान्तर्यामिनं वा ध्यायन्ति, किन्तु भगवद्विग्रहे निरादराः, तेऽपि मायाशक्त्याश्रयात् चिच्छक्त्यवज्ञादोषेण आसुरभावा भवन्ति। पुत्रशापात् श्रीचतुर्मुख-मूर्त्तेरुपासनाराहित्यात् चतुर्दशभुवनात्मकस्य विराजः अपचित्या स्रष्टुर्ब्रह्मणः पूजा भवति। भृगुशापात् श्रीरुद्रोऽपि स्वीये आकारे न पूज्यते, लिङ्गरूपेण तु पूज्यते। ये रजःप्रेरकस्य स्रष्टुर्ब्रह्मणः अथवा तमोगुणचोदकस्य रुद्रस्य उपास्तिं विदधति, किन्तु सत्त्वप्रेरकस्य पालकस्य श्रीविष्णोः श्रीविग्रहं नाद्रियन्ते, तेषां भावा अप्यासुराः; यतः सत्त्वानादरात् शमेन विदूरसम्बन्धाः।

ये च त्रिगुणाभिमानिन्या दुर्गाया उपासनायां

প্রতি কৃপাপ্রকাশ ভিন্ন তাঁহার নিজের কোন প্রয়োজন নাই। সেই শ্রীভগবান্ সর্বৈশ্বর্য্য প্রকট করিয়া স্বয়ং-ভগবান্ নামে প্রখ্যাত হইলেও অপরিছিন্ন হওয়ায় পরব্রহ্ম নামে, পরম স্বরূপতা প্রযুক্ত পরমাত্মনামে এবং সর্বান্তর্যামিতা হেতু মহাপুরুষ নামেও প্রথিত হন।

যে সকল ব্যক্তি উক্তপ্রকার শ্রীভগবানের তত্ত্ব জানিয়া শ্রীভগবানের শ্রীবিগ্রহে প্রতি স্থাপন করিতে থাকেন, তাঁহারা দৈবভাবযুক্ত বলিয়া কথিত হন। যে সকল ব্যক্তি কেবল তাঁহার চিন্মাত্র স্বরূপের প্রাধান্য সংস্থাপন পূর্বক তদীয় শ্রীমূর্তিতে অনাদর করেন, সেই সকল ব্যক্তিকে আসুরভাব-যুক্ত বলা হয়, যেহেতু তদীয়া চিচ্ছক্তিতে তাঁহাদের অনাদর। আশ্রয়হেতু যদিও স্বরূপমাত্রের প্রাধান্য স্বীকার্য্য তথাপি স্বরূপভূতা চিচ্ছক্তির অননুভবে অপূর্ণতা স্বীকার করা হয়, যেমন পরিচ্ছদ ও পরিকরাদির অভাবে রাজ-শরীরের অপূর্ণতা হয়। নির্গুণতাবাচক শ্রুতিবাক্যসমূহ তাঁহার গুণাতীত স্বরূপের বোধক মাত্র, কিন্তু গুণরাহিত্যের প্রতিপাদক নহে।

ঐরূপ যে সকল ব্যক্তি ব্রহ্মাণ্ডমালাত্মক বিরাড্ বিগ্রহের অথবা চতুর্দশ-ভুবনাত্মক বিরাড্রূপের কিংবা ব্যষ্টিদেহান্তর্যামীর উপাসনা করেন, কিন্তু শ্রীভগবদ্বিগ্রহের অনাদর করেন, তাঁহারাও মায়াশক্ত্যাশ্রয়ে চিচ্ছক্তির অনাদর দোষে আসুরভাবযুক্ত। পুত্র শাপে শ্রীচতুর্মুখ মূর্তির উপাসনা রাহিত্যহেতু চতুর্দশ ভুবনাত্মক বিরাড্বিগ্রহের উপাসনা দ্বারা সৃষ্টিকর্তা শ্রীব্রহ্মারই উপাসনা হয়। ভৃগু শাপে শ্রীরুদ্রও নিজ মূর্তিতে পূজিত হন না, লিঙ্গরূপেই অর্চিত হন। যে সকল ব্যক্তি রজোগুণ প্রেরক সৃষ্টিকর্তা ব্রহ্মার অথবা তমোগুণপ্রেরক সংহার কর্তা রুদ্রের উপাসনা করেন, অথচ সত্ত্বগুণের প্রেরক পালন কর্তা শ্রীবিষ্ণুর শ্রীমূর্তিতে অনাদর করেন, তাঁহাদের ভাবও আসুর; যেহেতু সত্ত্বগুণের অনাদরে শান্তির সহিত বিদূর সম্বন্ধ হয়।

रताः, किन्तु गुणाश्रयस्य श्रीविष्णोःश्रीमूर्त्तौ निरादरा भवन्ति तेऽपि आसुरभावाक्रान्ताः, यतस्तेषां आश्रयावज्ञा भवति। एवं श्रीविष्णुविग्रहमनादृत्य यैस्तच्छक्त्यावतारः श्रीगणेशः श्रीसूर्य्यो वा उपास्यते, अथवा तद्विभूतिरिन्द्रादिदेवा आराध्यन्ते, आश्रयावाज्ञातस्तेषां भावोऽप्यासुरः। प्राप्तासुरभावा अत्यर्थं विषयासक्ताः दैवानां संहारे दुःखप्रदाने च प्रवृत्ता भवन्ति। एवम्भूतानासुरान् संहृत्य दैवानां रक्षणाय प्रागुक्तकारणान्तरैश्च श्रीभगवता विष्णुना यथासमयं यथोचितमवतीर्य्यते। आसुराणां श्रीभगवद्विग्रहे, तद्भक्ते तद्भक्तौ च अवज्ञा जायते, सा तस्य भृशमसहनीया। भक्तवत्सलस्य श्रीभगवतस्तदवश्य-कर्त्तव्यमेव। कृते आसुरसद्भावेऽपि वर्णाश्रमानुकृतावपि सांख्येन ध्यानेन परमेशबुद्ध्या तत्तद्भक्तियोगेन च सर्वेजनाः परमहंसा गण्यन्ते।

अथ मानवसमाजे देहात्मवादः, ममत्वञ्च दारापत्यगृहसम्पदादिषु, सुखदुःख-शोकमोहाद्याश्च उद्यन्ते। सत्यावसाने महर्लोकवासिन आविर्भूय वर्णाश्रमधर्मं प्रचारयन्ति, मन्वन्तराचार्य्या महर्षयोऽपि तैः सह मिलन्ति। महापुण्या इन्द्रादिदेवलोकवासिनः पुण्यफलभोगान्ते मानवसमाजस्यास्यां तुरीयावस्थायां जायन्ते। तदा राजभिः पूर्णाङ्गो वर्णाश्रमधर्मो यथाविधि संस्थाप्यते। क्रमेण विषयवासनाधिक्याल्लोक संख्याधिक्यं भवति। प्रजानां नैपुण्येऽपि विवेक-वैराग्य-प्रीतियोगेषु, विषयभोगवासनाप्राबल्यात् आसुरसिद्धान्ता वलवन्तो भवन्ति अतः क्रमेण वहुजनेषु आसुरत्वं वर्द्धते। अल्पजनेषु च अवैदिकम्लेच्छताया उदयो भवति, अतः

যে সকল ব্যক্তি ত্রিগুণাভিমানিনী শ্রীদুর্গার উপাসনাতে রত হন, অথচ ত্রিগুণাশ্রয় শ্রীবিষ্ণুর শ্রীমূর্তিতে অনাদর করেন, তাঁহাদের ভাবও আসুর, যেহেতু তাঁহাদের আশ্রয়াবজ্ঞা হয়। ঐ প্রকার শ্রীবিষ্ণুর শ্রীবিগ্রহে অনাদর করিয়া যে সকল ব্যক্তি শক্ত্যাবতার শ্রীগণেশের বা শ্রীসূর্য্যের অথবা তদ্বিভূতিরূপ ইন্দ্রাদি দেবগণের উপাসনা করেন, আশ্রয়ের অবজ্ঞাহেতু তাঁহাদের ভাবও আসুর। উক্ত প্রকারে অদৈবভাব প্রাপ্ত ব্যক্তিগণ অত্যন্ত বিষয়াসক্ত হইয়া দৈবভাব প্রাপ্ত ব্যক্তিগণের সংহারে বা দুঃখপ্রদানে প্রবৃত্ত হন। এবম্ভূত অদৈব জনগণের সংহারপূর্বক দৈবব্যক্তিগণের সংরক্ষণোদ্দেশে এবং পূর্বকথিত নানা কারণে শ্রীভগবান্ যথাসময়ে যথোচিতরূপে অবতরণ করেন। শ্রীভগবানের শ্রীমূর্তিতে, শ্রীভগবদ্ভক্তিতে ও শ্রীভগবদ্ভক্তে অদৈব জনগণের অবজ্ঞা হয়, তাহা ভগবান্ শ্রীবিষ্ণুর পক্ষে অতীব অসহনীয়। সুতরাং ভক্তবৎসল ভগবানের পক্ষে ইহাই অবশ্য কর্তব্য। সত্যযুগে আসুরভাব প্রাপ্ত ব্যক্তিগণের সদ্ভাব হইলেও বর্ণাশ্রমভাবের অনুকরণ থাকিলেও সাংখ্যযোগ, জ্ঞানযোগ ও পরমেশ্বর বুদ্ধিতে তত্তদ্ভক্তিযোগ প্রভাবে সকল ব্যক্তিই পরমহংসরূপে গণ্য হইয়া থাকে। ॥ ১ ॥

অতঃপর মনুষ্য সমাজে দেহাত্মবাদ ও স্ত্রী, পুত্র, গৃহ, সম্পত্তি প্রভৃতিতে মমতার ফলে সুখ, দুঃখ, শোক ও মোহাদির উদয় হয়। সত্যযুগের অবসানে মহর্লোকনিবাসিগণ অনাসক্তভাবে আবির্ভূত হইয়া বর্ণাশ্রম ধর্মের প্রচার করেন, মন্বন্তরাচার্য্য মহর্ষিগণও তৎসহ সম্মিলিত হন। অত্যন্ত পুণ্যবান্ ইন্দ্রাদি দেবলোকবাসিগণ পুণ্যভোগান্তে মনুষ্যসমাজের এই চতুর্থাবস্থায় জন্মগ্রহণ করেন। যথাবিধি পরিপূর্ণাঙ্গে তৎকালে প্রতিষ্ঠিত রাজগণ কর্তৃক বর্ণাশ্রম ধর্ম্ম সংস্থাপিত হয়। ক্রমে বিষয় বাসনার আধিক্যে লোকসংখ্যারও আধিক্য হয়। প্রজাগণ বিবেক, বৈরাগ্য ও প্রীতিযোগে নিপুণ থাকিলেও বিষয়ভোগ বাসনার প্রাবল্যের সহিত আসুর সিদ্ধান্তের প্রাবল্য হয়। অতএব ক্রমে বহু ব্যক্তির মধ্যে আসুর–

समाजे कर्मभेदात् भेदज्ञानमपि वृद्धिं गच्छति। देहात्मवाद-ममतादीनां प्रादुर्भावात् वर्णाश्रमभेदा अपि प्रावल्यं लभन्ते। त्रैगुण्याविर्भावात् गुणतारतम्यमाश्रित्य वर्णभेदः प्रतिष्ठीयते, वासनाभेदादाश्रमभेदाः संस्थाप्यन्ते।

एवमपि दशायामस्यां ब्राह्मणस्वभावानां जनानां बाहुल्यं जायते, वैदिककर्ममार्गा आविर्भवन्ति,मन्वादिस्मृतयः प्राचुर्य्येण प्रचार्य्यन्ते। पुराणानि तन्त्राणि च प्रचारितानि भवन्ति। समाजस्य चतुर्थ्यां पञ्चम्यां चावस्थायां वैदिकयज्ञानुष्ठानानामतीव प्राधान्यं भवति। लोका यथावर्णविधानं देहयात्रां वृत्तिं च सम्पादयन्ति, तदनुसरणेन च आश्रमधर्मान् निर्वाहयन्ति। स्थाने स्थाने ग्राम-नगर-राजधानीनां, कूपवापी सरोबराणां, उद्यानोपवनादीनाञ्चाविष्करणं भवति। नानाविधाट्टालिका गृहपरिच्छद-वसनालङ्कार-पर्य्यङ्क-पीठासनादीनि क्रमेण बहुशः निर्माप्यन्ते। तद्दशायां वेदाः सम्पूर्णाः विराजन्ते, बहुनामरूपयुतानां विभिन्नदेवानां उपासना-यजनादीनां प्रावल्यं भवति। कर्मविशेषेषु अग्निरपि विविधाख्या धरति। गर्भाधानादि संस्काराः सर्वाङ्ग-पूर्णाः प्राकट्यं यान्ति। नार्य्यः पातिव्रत्ये निरतास्तिष्ठन्ति। दैहिक—सम्बन्धाधिक्यं घटते। निषिद्धानुष्ठानात् राजशासनस्यावश्यकता उपतिष्ठते। स्वल्पातिक्रमादपि बहुदुःखकरप्राणदण्डोऽपि भवति। नृपाः केवलं धर्मरक्षणायैव शासनभारमादधते, राज्य-विस्तारेच्छागन्धोऽपि तेषां न विद्यते। न्यायाधिकरणे सुयुक्तविचार एव प्रवर्त्तते ; प्रजासु तु द्वेषः अपकाराश्च स्वल्पमात्रं जायते।

समाजस्य पञ्चमावस्थायां क्षत्रियस्वभावानां

ভাবের বৃদ্ধি লাভ করে, অল্পসংখ্যক ব্যক্তির মধ্যে অবৈদিক ম্লেচ্ছভাবেরও উদয় হয় ও সমাজে কর্মভেদহেতু ভেদজ্ঞানেরও বৃদ্ধি হয়। দেহাত্মবাদ ও মমতাদির প্রাদুর্ভাবে বর্ণাশ্রমভেদও প্রাবল্য লাভ করে। ত্রৈগুণ্যের আবির্ভাবে সত্ত্ব, রজ ও তমোগুণের তারতম্যে বর্ণভেদ সংস্থাপিত হয় ও বাসনার তারতম্যে আশ্রমভেদও গঠিত হয়।

তথাপি এই অবস্থাতে ব্রাহ্মণস্বভাব ব্যক্তিগণের আধিক্য হয় এবং এই অবস্থা হইতে বৈদিক কর্মমার্গের আবির্ভাব ও মন্বাদি প্রণীত স্মৃতি শাস্ত্রের অত্যন্ত প্রচার হয়, পুরাণ ও তন্ত্রসমূহ প্রচারিত হয় তথাপি সমাজের চতুর্থী ও পঞ্চমী অবস্থাতে বৈদিক যজ্ঞানুষ্ঠানেরই অত্যন্ত প্রাধান্য হয়। প্রজাগণ যথাবর্ণবিধানে দেহ যাত্রা নির্বাহ এবং বৃত্তি সম্পাদন করিয়া থাকেন, তদনুসারে আশ্রম ধর্ম্মেরও নির্বাহ করেন। স্থানে স্থানে গ্রাম, নগর, রাজধানী সকলের এবং কূপবাপী, সরোবর প্রভৃতির এবং উদ্যান, উপবনাদির আবিষ্করণ হয়। নানাবিধ অট্টালিকা, গৃহ, পরিচ্ছদ, বস্ত্র, অলঙ্কার, পর্যঙ্ক, পীঠ, আসন প্রভৃতিরও ক্রমে ক্রমে অধিকভাবে নির্মাণাদি হইতে থাকে। এই অবস্থাতে বেদসমূহ পরিপূর্ণরূপে সুবিরাজিত হন, নানা নামরূপ বিশিষ্ট বিভিন্ন দেবগণের উপাসনার ও যজনাদির প্রাবল্য হয়। অগ্নিও বিবিধ ধর্ম্মানুষ্ঠানে নানা নাম ধারণ করে। গর্ভাধানাদি সংস্কার সমূহের পূর্ণ প্রাকট্য হয়, স্ত্রীগণ পাতিব্রত্য ধর্মে অতীব নিষ্ঠাবতী থাকেন। দেহ সম্বন্ধের প্রবলতা ঘটে। নিষিদ্ধাচরণ হেতু রাজশাসনের প্রয়োজন অনুভূত হয় এবং অল্পমাত্র নিষিদ্ধানুষ্ঠানেও অতি দুঃখকর প্রাণদণ্ডও হইয়া থাকে। রাজগণ কেবল ধর্মসংস্থাপনোদ্দেশেই শাসনভার গ্রহণ করেন, রাজ্যবিস্তার কামনার গন্ধমাত্রও থাকে না। বিচারালয়ে অতীব ন্যায়বিচারই স্থান পায়, কিন্তু প্রজাগণের মধ্যে পরস্পরে দ্বেষ ও অপকারাদি অত্যল্পমাত্রই হইয়া থাকে।

वाहुल्यं भवति। नृपेषु समरलालसा भोगवासना च अतीव प्रवला भवति। तदपि धर्म्ममर्य्यादालङ्घने प्रायश प्रवृत्तिर्न घटते। परमासुरस्वभावानां मध्ये भोगावेशेन तल्लङ्घनमपि सम्भवति। अस्यामेव पञ्चम्यां दशायां पुरुषार्थत्रिकस्य धर्मार्थकामरूपस्य पूर्णाविर्भावो जायते। चतुर्थी यथा ब्राह्मणप्रधानवर्णा, पञ्चमीच तथा क्षत्रियाधिक वर्णा उच्यते। यावदेव एतदवस्थायुगलस्य नापयानं तावदेव त्रेतायुगं कथ्यते। अवस्थाभ्यां क्रमेण अस्य पूर्व्वपराधयो रनिवाहनम्।

समाजस्य षष्ठ्यामवस्थायां वैश्यस्वभावानां जनानां आधिक्यं दृश्यते, सा च वैश्याधिकवर्णा उच्यते। तथैव शूद्रस्वभावानामाधिक्यात् सप्तमी दशापि शूद्राधिकवर्णाकथ्यते। एताभ्यामवस्थाभ्यां पूर्वोत्तरार्द्धरूपेण द्वापराख्ययुग अतिक्रान्तं भवति।

अत्र क्रमशः धर्मानुष्ठानार्थार्जन-विषयभोगशक्तीनां ह्रासो जायते। आसुरराक्षसस्वभावानां वाहुल्यमत्र कारणम्। आसुरस्वभाव एव अतीवनिषिद्धभोजनादिदूषितो राक्षसभावत्वं प्राप्नोति। श्रीभगवति विष्णौ तद्भक्तौ तद्भक्तेषुच द्वेष एव आसुरभाव इति प्राग्‌वर्णितम्। आभ्यामेवासुरराक्षसभावाभ्यां भुवनस्य शान्त्या सह विदूर-सम्वन्धो भवति। कामक्रोधलोभादीनां प्रावल्यं जायते, शब्दादिविषयपञ्चकभोगे अत्याशक्तिर्भवति, अतएव क्रमेण धर्मानुष्ठानार्थोपार्जनविषयसम्भोगानां शक्तिः दुर्वला भवति।

पृथिव्यां लोकसंख्याया आधिक्यमपि सम्पद्यते। क्रमशः साधुशीलानां ह्रासत्वं असत्प्रकृतीनाञ्च भृशवाहुल्यं च भवति। समाजस्यास्यामवस्थायां आसुराणामतिवाहुल्यात् स्वयं धरित्री तद्भारवहने

সমাজের পঞ্চমী অবস্থাতে ক্ষত্রিয়স্বভাব ব্যক্তিগণের অত্যন্ত আধিক্য ঘটে, রাজগণমধ্যে যুদ্ধলালসা ও ভোগবাসনা অতীব প্রবল হয়, তাহাতে ভোগে প্রবৃত্তি অত্যধিক বৃদ্ধি পাইলেও ধর্মলঙ্ঘনে প্রায়ই প্রবৃত্তি হয় না, কিন্তু আসুর-প্রকৃতি বা রাক্ষস স্বভাব ব্যক্তিগণের মধ্যে ভোগাবেশে ধর্ম্মও লঙ্ঘিত হয়। এই পঞ্চমী অবস্থাতেই সমাজে ধর্ম্ম, অর্থ ও কামরূপ পুরুষার্থ ত্রয়ের পুনর্বার আবির্ভাব হয়। সমাজের চতুর্থী অবস্থাকে ব্রাহ্মণ-প্রধান বর্ণাশ্রম বলা যায়। পঞ্চমী অবস্থাকে ক্ষত্রিয়াধিক্য বর্ণাশ্রম বলা হয়। যে কাল পর্যন্ত এই অবস্থাদ্বয়ের লঙ্ঘন না হয়, সেই কালকে ত্রেতাযুগ বলা হয়। পুণ্যের ত্রিভাগ সঞ্চারে ত্রেতা নামে প্রসিদ্ধ। এই দুই অবস্থা দ্বারা ক্রমে এই যুগের পূর্ব্বার্দ্ধ ও পরার্দ্ধ অতীত হয়। ॥ ২ ॥

সমাজের ষষ্ঠী অবস্থাতে বৈশ্য স্বভাবগত ব্যক্তিগণের প্রাবল্য ঘটে, অতএব এই অবস্থাকে বৈশ্য প্রধান বর্ণাশ্রম বলা হয়। এই রূপে শূদ্রস্বভাব ব্যক্তিগণের আধিক্যে সপ্তমী অবস্থা শূদ্রাধিক বর্ণাশ্রম কথিত হয়। এই দুই অবস্থাদ্বারা পূর্ব্ব ও উত্তরার্ধ রূপে দ্বাপর যুগ নামক কাল বিগত হয়। এই অবস্থাদ্বয়ে ক্রমে ধর্ম্মানুষ্ঠান, অর্থোপার্জ্জন ও বিষয় ভোগ শক্তি হ্রাস ঘটে। আসুর ও রাক্ষস স্বভাব প্রাপ্ত ব্যক্তিগণের আধিক্যই এই বিষয়ে কারণ। আসুর-স্বভাবই অত্যন্ত নিষিদ্ধ ভোজনাদি দোষে দূষিত হইলে রাক্ষস-স্বভাব নাম ধারণ করে। শ্রী-ভগবান্ বিষ্ণুতে তদ্ভক্তিতে, এবং তদ্ভক্তে দ্বেষ ভাবকেই আসুরভাব বলে, ইহা পূর্ব্বে লিখিত হইয়াছে। এই আসুর ও রাক্ষসভাব দ্বারা শান্তির সহিত বিদূর সম্বন্ধ ঘটে; কাম, ক্রোধ, লোভাদির প্রাবল্য হয়, শব্দাদি পঞ্চ বিষয়ের ভোগে অত্যধিক আসক্তি ঘটে, অতএব ক্রমে ধর্ম্মানুষ্ঠান অর্থোপার্জ্জন ও বিষয় সম্ভোগ প্রভৃতি শক্তির দুর্ব্বলতা জন্মে।

ক্রমে পৃথিবীতে লোক সংখ্যার আধিক্য হয়,

असमर्था भवति। तदा श्रीभगवान् युगावतार-रूपेण अवतीर्णः सन् असुरान् संहरति। वैवस्वताख्य सप्तम मन्वन्तरस्याष्टाविंशमहायुगान्तर्गतद्वापरान्ते असुरैः स्वभक्तानां प्रवलं पीड़नं सन्दर्श्य असुरान् विनाश्य स्वभक्तावनार्थं स्वयंभगवान् श्रीकृष्णः अवतरति। समाजस्य पञ्चमावस्थां यावत् अवैदिकभाव-दूषितान् प्रति नृपालैः प्राणदण्डो विधीयते, तद्भयात् ते अनार्य्यदेशे प्रपलाय्य अतिरहसि वसन्ति, क्रमेण तेषां वंशवृद्धिं निशम्य आर्य्यदेशीया राजन्या दिग्विजय प्रसङ्गेन तान् संहरन्ति। वेदादिशास्त्रशासित-देशा एव आर्य्यभूमिरुच्यते। वैदिकाचारहीनाः अरण्य-गिरिप्रचुरा जलधिमध्यवर्त्तिनो देशाश्च अनार्य्यदेशा उदाह्रियन्ते, म्लेच्छविषया इत्यपरपर्य्यायोऽस्य।

षष्ठ्यां सप्तम्याञ्च दशायां वैदिकधर्मभावशैथिल्यात् वेदविरोधिनः प्रति राजन्यानां प्राणदण्ड-विधानं न चलति। किन्तु ते आर्य्यदेशात् निर्वासिता भवन्ति। ते चानार्य्यदेशे निवसन्ति। तदा आर्य्यनृपा दिग्विजयेऽपि पुनस्तान् न संहरन्ति, केवलं पराजित्य तेभ्यो सम्मानं संगृह्णन्ति। क्रमेणार्य्य देशेषु वंशवृद्ध्या लोकवाहुल्यं जायते। समाजस्यानयोः षष्ठीसप्तम्यो दशयोः प्रजानामर्च्चन-मार्गे अधिकतरा श्रद्धा उत्पद्यते, तर्हि नानास्थानेषु देवालयाः संस्थाप्यन्ते। देवार्चनादिनिर्वाहाय नगरग्राम-हट्टादीनि नियोज्यन्ते उद्यानोपवन-सरोवरप्रभृतयश्च प्राकट्यन्ते।

समाजस्य चतुर्थीतः सप्तमीमवस्थां यावत् ब्राह्मणा अतीव वृत्ति निरपेक्षाःसन्ति, स्ववृत्त्या यथा-

---

তন্মধ্যে ক্রমে সৎস্বভাব প্রাপ্ত ব্যক্তিগণের অল্পতা ও অসাধু ব্যক্তিগণের বাহুল্য হয়। সমাজের এই সপ্তমী অবস্থাতেই আসুর-স্বভাব ব্যক্তিগণের অত্যন্ত আধিক্য ঘটে, স্বয়ং সর্ব্বংসহা পৃথিবীও সেই ভার বহনে অসমর্থা হন, শ্রীভগবান্ যুগাবতাররূপে অবতরণ করিয়া অসুর সংহার করেন। বৈবস্বত নামক সপ্তম মন্বন্তরে অষ্টাবিংশ মহাযুগান্তর্বর্ত্তী দ্বাপরের শেষে অসুরগণ কর্তৃক স্বভক্তগণের অত্যন্ত প্রপীড়ন সন্দর্শন করিয়া অসুর সংহার পূর্ব্বক স্বভক্তসংরক্ষণ মানসে স্বয়ংভগবান্ শ্রীকৃষ্ণ অবতীর্ণ হন। সমাজের পঞ্চমী অবস্থা পর্য্যন্ত অবৈদিক ভাবপ্রাপ্তদূষিত ব্যক্তিগণের প্রতি রাজগণ কর্তৃক প্রাণদণ্ডের বিধান থাকে, সেই ভয়ে অবৈদিকভাবে দূষিত ব্যক্তিগণ অনার্য্য দেশে গমন পূর্ব্বক অতি সংগোপনে বাস করিতে থাকে, ক্রমে তাহাদের বংশবিস্তার শ্রবণ করিয়া আর্য্যদেশবাসী রাজন্যগণ দিগ্বিজয়ের ছলে তাহাদিগের সংহার করেন। বেদাদি শাস্ত্র দ্বারা শাসিত দেশকে আর্য্যদেশ বলা হয়। বৈদিকাচার বিহীন বনপর্ব্বতময়, অথবা সমুদ্র মধ্যবর্ত্তী দেশকে অনার্য্যদেশ আখ্যা দেওয়া হয়। ঐ সকল দেশই ম্লেচ্ছদেশ নামে খ্যাত।

সমাজের ষষ্ঠী ও সপ্তমী অবস্থাতে বৈদিকধর্ম্মভাবের শৈথিল্যে বৈদিকভাববিরোধি ব্যক্তিগণের প্রতি রাজন্যবর্গ কর্তৃক প্রাণদণ্ডের আদেশ হয় না, কিন্তু আর্য্যদেশ হইতে নির্বাসিত ও দূরীকৃত হইয়া থাকে। সেই সকল ব্যক্তি অনার্য্য দেশে বাস করিতে থাকে আর্য্যদেশীয় নৃপবর্গ দিগ্‌বিজয়ে যাত্রাকালে আর তাহাদের সংহার করে না, কেবল তাহাদিগকে পরাস্ত করিয়া তাহাদিগের নিকট হইতে সম্মান গ্রহণ করেন। ক্রমে অনার্য্য দেশে অবৈদিক ব্যক্তিগণের বংশ বৃদ্ধি হয় এবং লোকসংখ্যার আধিক্য হইয়া থাকে। সমাজের এই ষষ্ঠী এবং সপ্তমী অবস্থাতে প্রজাগণের অর্চন মার্গেই অধিক শ্রদ্ধা হয়, তদনুসারে স্থানে স্থানে দেবালয় সমূহ সংস্থাপিত হন। দেবার্চনাদি নির্বাহার্থ গ্রাম হট্টাদি নিয়োজিত করা হয় এবং উদ্যান, উপবন, সরোবরাদির প্রাকট্য

लाभेन देहयात्रां निर्वाहयन्ति। केवलं नृपाणां प्रजानाञ्च कल्याणनिरताः स्वधर्मानुष्ठानपूर्वकं सदुपदेशान् वितरन्ति। क्षत्रियादि वर्णाः तदुपदेशानुसारेण स्वस्वकर्त्तव्ये निरतास्तिष्ठन्ति। राजानः वर्णचतुष्टयव्रतीनां प्रजानां पालने तत्परा अपि ब्राह्मण-संरक्षणे अतिशयितव्यग्रा भवन्ति। वैश्या ब्राह्मणादीनां पोषणे, शूद्राश्च द्विजाति-सेवने सर्व्वतोभावेन उद्यच्छन्ति। वर्णाश्रमिका इतरे विषया अतःपरं व्यञ्जयिष्यन्ते।

समाजस्याष्टम्यां दशायां अन्त्यजानामाधिक्यं भवति। निकृष्ट सेवनवृत्तिका अन्त्यजा, अतोऽधिकनीचवृत्तयश्चान्तेवसायिनः उच्यन्ते। अतएव एषा अन्त्यजाधिका पाराशर्य्य वर्णाश्रमा प्रथिता। यतोऽस्यां दशायां देहयात्रायां स्ववृत्त्यासमर्था ब्राह्मणा इति विदित्वा पराशरादिमहर्षयः धर्म्यकृष्यादिकमुपदिशन्ति। दुःखदायककार्य्यान्तरविशेषाणां विनिमयेन सुखकरकर्मविशेषान् अनुमोदन्ते। अत्र अवैदिकभावदूषितानां आर्य्यभूमितो निर्वासनं नास्ति, केवलं काराबासः अर्थदण्डो वा विधीयते।

अत्र क्रमेणासुरसिद्धान्ता भौतिकत्वे पर्य्यवस्यन्ति, यत्र चिच्छक्त्याच्छादनं क्रियते तन्नामापि न स्मर्य्यते। अतएव भगवत्तामप्याच्छाद्य श्रीभगवतोऽपि समावरणं विधीयते। जीवमायाशक्त्याश्रयस्य परमेशभावस्य अस्वीकारात् पारमैश्वर्य्यं परमेश्वरश्च आव्रियते अनेनैव सिद्धान्ते प्रच्छन्नभावेन नास्तिक्यं प्रचरति। ततोमुक्तेषु जीवेषु पाषाणतुल्यत्वं ब्रह्मत्वञ्चारोप्यते।

समष्टिमुक्तजीवस्वरूपे मायोपाधिकतारूपं परमेश्वरत्वमारोप्यते। मायाशक्त्याः स्वातन्त्र्यं तथा

করা হয়।

সমাজের চতুর্থী হইতে সপ্তমী অবস্থা পর্য্যন্ত অবস্থাচতুষ্টয়ে ব্রাহ্মণগণ অত্যন্ত বৃত্তি নিরপেক্ষ থাকেন, স্ববৃত্তি দ্বারা যথালাভেই দেহযাত্রা নির্বাহিত করেন, কেবল রাজা ও প্রজাগণের মঙ্গলের জন্য নিরত থাকিয়া ধর্মানুষ্ঠান পূর্বক সদুপদেশ প্রদান করেন। ক্ষত্রিয়াদি বর্ণত্রয় সেই উপদেশানুসারে স্বকার্য্যে প্রবৃত্ত থাকেন। রাজগণ বর্ণ চতুষ্টয় যুক্ত প্রজাপালনে তৎপর থাকিলেও ব্রাহ্মণগণের সংরক্ষণে অত্যন্ত ব্যগ্র থাকেন। বৈশ্য ব্রাহ্মণ-ক্ষত্রিয়াদির পোষণে এবং শূদ্রগণ দ্বিজাতি সেবনে অত্যন্ত উদ্যত থাকেন। বর্ণাশ্রম সম্বন্ধীয় অন্যান্য বিষয় পরে জ্ঞাতব্য।॥ ৩॥

সমাজের অষ্টমী অবস্থাতে অন্ত্যজগণের আধিক্য হয়, নিকৃষ্ট সেবনবৃত্তিজীবী ব্যক্তিগণকে অন্ত্যজ বলা হয়, ততোধিক নীচ বৃত্তিজীবী ব্যক্তিগণ অন্ত্যেবসায়ী নামে খ্যাত হন। অতএব এই অবস্থাকে অন্ত্যজাধিক পরাশরোক্ত বর্ণাশ্রম বলা হয়। যে হেতু এই অবস্থাতে ব্রাহ্মণগণকে স্ববৃত্তি দ্বারা দেহযাত্রা বিষয়ে অসমর্থ দেখিয়া পরাশরাদি মহর্ষিগণ ধর্মীয় কৃষিকার্য্য দ্বারা দেহযাত্রানির্ব্বাহের অনুমতি দান করিয়া থাকেন, অন্যান্য দুঃখকর কার্য্যবিশেষের পরিবর্ত্তে সুখকর কার্য্যের উপদেশ প্রদান করেন। এই অবস্থাতে অবৈদিক ভাব দূষিত ব্যক্তিগণের আর্য্যদেশ হইতে নির্ব্বাসন হয় না, কেবল কারাগৃহবাস বা অর্থদণ্ডের বিধান হয়।

এই অবস্থাতে ক্রমে আসুরসিদ্ধান্ত ভৌতিক সিদ্ধান্তে পরিণত হয়। এই সিদ্ধান্তে চিচ্ছক্তির আচ্ছাদন করা হয়, তদীয় নাম স্মরণ করা হয় না। অতএব ভগবত্তার আচ্ছাদন পূর্বক শ্রীভগবানেরও আচ্ছাদন করা হয়। জীবশক্তি ও মায়া শক্তির আশ্রয়ভূত পরমেশ্বর-ভাবের স্বীকার করা হয় না অতএব পরমেশ্বরেরও আচ্ছাদন করা হয়। অতএব ঐ সিদ্ধান্ত দ্বারা সমাজে প্রচ্ছন্নভাবে নাস্তিকতার সঞ্চার হয়। এই হেতু মুক্ত জীবস্বরূপে পাষানতুল্যতার আরোপণ পূর্ব্বক তাহাতেই ব্রহ্মত্বের আরো-

क्वचिच्च एकमात्रस्य परब्रह्मणोऽस्तित्वमङ्गीकृत्य तस्मिन्नेव संसारित्वमारोप्यते। पुनः पारमेश्वर्य्या शक्त्या प्रसूते विश्वेऽस्मिन् अनस्तित्वं जीवस्य च सस्तृति भ्रमणेऽपि तथैवारोप्यते। ततश्च तेन सिद्धान्तेन मुमुक्षायां वातुलत्वमारोप्यते। तर्हि प्रणवस्य महावाक्यत्वमप्याच्छाद्यते। ईदृशेन सिद्धान्तेन समाजे श्रीविष्णौ तद्भक्तौ तद्भक्तेषु च महाऽनादरो भवति। सर्वे सद्‌गुणा विष्णुभक्तिमेवानुसरन्ति, समाजे विष्णुभक्तौ अनादरं विलोक्य तस्मात् सर्व्वेगुणाः तिरोभवन्ति।

यस्मिन्जने श्रीविष्णोस्तद्भक्तेस्तद्भक्तस्य चावज्ञा तत्र विवेको वैराग्यं योगो देवान्तरभजनं धर्मश्च कदापि न तिष्ठेयुः। अभीष्टदेवाः केवलं तत्तदुपासकानां विनाशमार्गं प्रदर्शयन्ति, तेन तेषां परपीड़ने प्रवृत्तिर्जायते, अर्थकामावेव परपुरुषार्थत्वेन प्रतीयेते। अत्र श्रीविष्णुभक्तिप्राधान्य-लोपाय कृत्रिमयो भागवतरामायणयोः प्राकट्यं भवति, वेदस्य च शिरश्छिद्यते, यथा देव-कर्म-ज्ञानकाण्डत्रयेण वेदा विभक्ता भवन्ति। देवताकाण्ड एव मन्त्रभागः, कर्मकाण्ड ब्राह्मणभागः, ज्ञानकाण्डश्च उपनिषद् उच्यन्ते। उपनिषद्भाग एव वेदस्य शिरोभागः। अस्यास्तित्वमपि नाङ्गीक्रियते। मन्त्र-ब्राह्मणभागयोः मध्यान्तयो या उपनिषदः सन्ति ताभिरुपनिषद् भागस्य परिपूर्णता स्वीक्रियते। एवम्भूतैरुपद्रवैः श्रीविष्णुभक्त्यनुशीलने लोकानां अप्रवृत्तिर्जायते, अतस्तदनुसरणेन क्रमेण विवेक-वैराग्य-योगानुशी-

---

পণ করা হয়।

মুক্তজীব-স্বরূপ-সমষ্টিতে মায়োপাধিকতা রূপ পরমেশ্বরতার আরোপ করা হয় এবং মায়াশক্তিতে স্বাতন্ত্র্যের আরোপণ করা হয়। কোন স্থলে একমাত্র পরব্রহ্মের অস্তিত্ব স্বীকার পূর্বক তাঁহাতেই সংসারিত্বের আরোপণ করা হয়। আর পারমেশ্বরী শক্তি হইতে প্রসূত এই বিশ্বে অনস্তিত্বের আরোপণ করা হয়। অতএব জীবের সংসার পরিভ্রমণেও অনস্তিত্বের আরোপণ করা হয়। এই হেতু উক্তরূপ সিদ্ধান্ত দ্বারা মুমুক্ষাতে বাতুলতার আরোপণ করা হয়। অবশেষে প্রণবের মহাবাক্যত্বের আচ্ছাদন করা হয়। ইত্যাদি সিদ্ধান্ত দ্বারা সমাজে শ্রীবিষ্ণুর শ্রীবিষ্ণুভক্তির ও শ্রীবিষ্ণুভক্তের অতিশয় অবজ্ঞা হইয়া থাকে। সকল সদ্‌গুণই শ্রীবিষ্ণুভক্তির অনুগমন করেন, সমাজে শ্রীবিষ্ণুভক্তির অবজ্ঞা দেখিয়া তাহা হইতে সকল গুণ অন্তর্হিত হন। যে ব্যক্তির নিকটে শ্রীবিষ্ণুর, শ্রীবিষ্ণুভক্তির শ্রীবিষ্ণুভক্তের অবজ্ঞা, সেই ব্যক্তির বিবেকও থাকিতে পারে না, যোগও থাকিতে পারে না, বৈরাগ্যও থাকিতে পারে না, অন্য দেবে ভক্তিও থাকিতে পারে না, ধর্মও থাকিতে পারে না। ইষ্টদেবগণ কেবল সেই উপাসকের সংহারের পথ প্রদর্শন করাইয়া দেন, তদনুসারে কেবল পর পীড়নেই তাহার প্রবৃত্তি হইয়া থাকে, অর্থ ও কামই তাহার পরম পুরুষার্থরূপে প্রতীয়মান হয়। এই অবস্থাতে শ্রীবিষ্ণুভক্তির প্রাধান্যের লোপ-করণ মানসে কৃত্রিম ভাগবতের ও কৃত্রিম রামায়ণের প্রাকট্য হয় এবং বেদের মস্তক ছেদন করা হয়। অর্থাৎ দেবতা কাণ্ড, কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ডরূপে বেদ সকল ত্রিকাণ্ডেই বিভক্ত হইয়া থাকেন। দেবতা কাণ্ডকে মন্ত্রভাগ বলে, কর্মকাণ্ডকে ব্রাহ্মণভাগ ও জ্ঞানকাণ্ডকে উপনিষদ ভাগ বলে। এই উপনিষদ ভাগই বেদের শিরোভাগ। এই বেদশিরোভাগের অস্তিত্ব স্বীকার করা হয় না। মন্ত্র ভাগের এবং ব্রাহ্মণ ভাগের মধ্যে ও শেষে যে সকল উপনিষদ্ বিদ্যমান আছেন, সেই সকল দ্বারা উপনিষদ্ ভাগের পরিপূর্ণতা স্বীকার করিয়া থাকেন। ইত্যাদি উপদ্রবে শ্রীবিষ্ণুভক্তির অনুশীলনে লোকের অপ্রবৃত্তি জন্মে। তদনুগমনে

लन धर्मानुष्ठानादिषु प्रजानां चिकीर्षाभावो भवति, केवलं अर्थकाम-सेवायां परपीड़ायाञ्च प्रयासो वर्द्धते।

समाजस्य नवम्यां दशायां अवैदिकभावदूषितान् प्रति कोऽपि दण्डो न विधीयते, स्वधर्म-परिहारः अधर्मानुशीलनं च न दण्ड्यते, राजानः केवलं परस्परपीड़नात् प्रजा रक्षन्ति। अत्र धर्मानुरागात्यन्त-ह्रासात् समाजेषु पैशाचिकानां पाशवानां वा सिद्धान्तानामाविर्भावो भवति। तेन आर्य्यणामार्य्यत्वं विनश्यति। समाज-नेतृणां भृशं अर्थलुब्धतायाः कामपरायणतायाश्च धर्मानुगगुणेषु आदरो न भवति। तथैव धर्मे सांख्ये, ज्ञाने, विज्ञाने, योगे, बैराग्ये, अधिक भावेन श्रीविष्णौ विष्णुभक्तौ विष्णुभक्तेषु अत्यन्तावज्ञा प्रचलति। केवलं जननेन्द्रिय विशेषस्य सर्वाधिकमाहात्म्यं संस्थाप्यते, कुत्रापि तत्र प्रथमव्यापारस्य कुत्रापि च वेशमात्रस्य गौरवं स्थाप्यते।

अत्राभिप्रायः—वर्णत्वज्ञापकेषु गुणकर्मसु दृष्टिः न पात्यते; गुणकर्माव्यभिचारेण चातुर्वर्ण्यं न स्थाप्यते केवलं तत्तद्वंशजातज्ञानात्तत्तद्वर्णाधिकारानधिकारौ प्रदीयेते। यस्य गुणस्य सद्भावमृते योऽधिकारो न परिचाल्येत, त विनापि सोऽधिकारोऽर्प्यते, पुनश्च येन गुणेन यादृशोऽधिकारः परिचाल्यः, तत्सद्भावेऽपि तदधिकारो न दीयते। एवं गुणकर्मप्राधान्याभावे दशायामस्यां वर्णभेदाः केवलं नाम्नैव ख्याता भेद इव पर्यवस्यन्ति। एतादृशवर्णभेदस्थापनेन तत्तद्गुणान् प्रत्यनादरो जायते, केवलं जननेन्द्रियस्यैव माहात्म्यं संरक्ष्यते। इदं नटानां नाट्येनापि

ক্রমে বিবেক, বৈরাগ্য, যোগানুশীলনে এবং ধর্মানুষ্ঠানেও প্রজাগণের অপ্রবৃত্তি হইয়া যায়, কেবল অর্থ কাম সেবনে ও পরপীড়নেই প্রবৃত্তির বৃদ্ধি হয়।

সমাজের নবমী অবস্থাতে অবৈদিক ভাবে দূষিত ব্যক্তিগণের প্রতি কোনও প্রকার দণ্ড বিধান হয় না, স্বধর্ম ত্যাগে ও অধর্মানুশীলনে কোন প্রকার দণ্ড প্রদান হয় না, রাজগণ কেবল পরস্পর প্রপীড়ন হইতে প্রজাগণকে রক্ষা করিয়া থাকেন। এই অবস্থাতে ধর্মানুরাগের অত্যন্ত হ্রাস হেতু সমাজ মধ্যে পৈশাচিক বা পাশবিক সিদ্ধান্তের আবির্ভাব হয়, এই সিদ্ধান্তের দ্বারাই আর্য্যগণের আর্য্যত্ব ধ্বংস হইয়া থাকে। সমাজ-নেতৃবৃন্দের অত্যন্ত অর্থপরতা এবং কামপরায়ণতা হেতু ধর্ম্মানুগত গুণ-গণের আদর হয় না, তদনুসারে ধর্ম্মের প্রতি অনাদর হয় সাংখ্যের প্রতি অনাদর হয়, জ্ঞান বিজ্ঞানের প্রতি অনাদর হয়, যোগের প্রতি অনাদর হয়, বৈরাগ্যের প্রতি অনাদর হয়, শ্রীবিষ্ণুতে, শ্রীবিষ্ণু ভক্তিতে ও শ্রীবিষ্ণুভক্ত সকলে অত্যন্ত অবজ্ঞা হইয়া থাকে। যে হেতু কেবল জননেন্দ্রিয় বিশেষের সর্বাধিক মাহাত্ম্য সংস্থাপিত হয়। অর্থাৎ বর্ণত্ব জ্ঞাপক গুণ কর্ম্মের প্রতি দৃক্‌পাত করা হয় না, গুণ ও কর্ম্মের অনুসারে চাতুর্বর্ণ্য সংস্থাপন হয়না, কেবল তত্তদ্ বংশ জাত জ্ঞানে সেই বর্ণের অধিকার বা অনধিকার প্রদান করা হয়। যে গুণের সদ্‌ভাব ব্যতিরেকে যে অধিকার পরিচালিত হইতে পারে না, সেই গুণ না থাকিলেও সেই অধিকার প্রদান করা হয়। যে গুণের দ্বারা যেরূপ অধিকার পরিচালিত হইবার উপযুক্ত সেই গুণের সদ্ভাবেও তদধিকার প্রদান করা হয় না।

উক্ত প্রকারে গুণ ও কর্ম্মের প্রাধান্য না থাকায় এই অবস্থায় বর্ণ ভেদ সকল কেবল নামমাত্র দ্বারা খ্যাত হইয়া বর্ণভেদেই পরিণত হইয়া থাকে। এইরূপ বর্ণভেদ স্থাপনে তত্তদ্ গুণের প্রতি অনাদর এবং কেবল জননেন্দ্রিয় বিশেষেরই মাহাত্ম্য সংস্থাপন করা হয়। এইরূপ বর্ণভেদ স্থাপনকে নটগণের নাট্যের সহিতও সাদৃশ্য করিতে পারা যায়

सादृश्यं न सङ्गच्छते। यतो नाट्य आश्रयभूतानामविकलमनुकरणं भवति। अत्र तु तदपि न।

एवं ज्येष्ठांशप्राधान्ये कुत्रचित नृपत्वादिपदोचितशक्तिपरिचालने अयोग्यजनेऽपि तत्तत्पदस्थानां प्रथमपुत्रः प्रथमपौत्रः प्रथमप्रपौत्रो बेति बुद्ध्या तत्पदोचित-शक्तिनेतृत्वस्य भारा अर्प्यन्ते। किन्तु तद्‌योग्यजनो नान्विष्यते। ईदृशेन व्यापारेणापि तदुचितगुणानामवज्ञा क्रियते, केवलं जननेन्द्रियस्य प्राथमिक-व्यापारमहिमा संस्थाप्यते।

तत्तद्‌गुणकर्मविहीनानां वर्णभेदानां स्थापनानुसारेण तादृशतत्तदाश्रमभेदा वर्णाश्रमातीतावस्थानान्यपि संस्थाप्यन्ते। एतेन तदुचितगुणानादरः, वेशमात्रस्यैव च गौरवं स्थिरीक्रियते। तादृशकृत्रिमवर्णाश्रमलक्षणाया धूर्त्ततायाः अनुरोधेन सांख्य-योग-ज्ञान-विज्ञान-वैराग्य-भगवद्‌भक्त्यादिषु भृशावज्ञा जायते, यतः कृत्रिम वर्णाश्रमानुरोधेन तत्तद्विशिष्टानां असम्मानः तत्तद्‌विहीनानां च सम्मानः क्रियते। एते विषया अतःपरं विस्तरेण विवरिष्यन्ते, अत्र तु संक्षेपेण वर्णिताः।

अतएवास्यामवस्थायां जगति जीवपूजापराः, जननेन्द्रियपूजापराः, वेशपूजापराश्चेति धूर्त्तगणत्रयस्याविर्भावो जायते। यत् प्रभावेण तदा देवतुल्यवैदिक-समाजः अन्धायते वर्णाश्रमभेदश्च चर्मासनायते। स्थलविशेषे नारीजननेन्द्रियमाहात्म्यं अत्याश्चर्य्यं गुरुत्वं लभते, यतो यत्प्रसादात् म्लेच्छजारजनितोऽपि श्रेष्ठातिश्रेष्ठो भवति; आचारेण म्लेच्छोऽपि जगद्‌गुर्वासनमधितिष्ठति। गुणदर्शने गुणप्राधान्यस्वीकृतौ च नैतादृशदोषावकाशः।

না। যে হেতু নাট্যে আশ্রয়ভূত ব্যক্তিগণের অবিকল অনুকরণ হইয়া থাকে, ইহাতে তাহাও হয় না।

এই জ্যেষ্ঠাংশ প্রাধান্যে কোন স্থলে রাজপদ প্রভৃতি পদোচিত শক্তির পরিচালনে অযোগ্য ব্যক্তিতেও রাজ প্রভৃতি পদস্থ ব্যক্তির প্রথম পুত্র বা প্রথম পৌত্র বা প্রথম প্রপৌত্র জ্ঞানে তৎ পদোচিত শক্তি পরিচালনের ভারার্পণ করা হয়, তদ্‌যোগ্য ব্যক্তির অন্বেষণ করা হয় না। এইরূপ ব্যাপার দ্বারা তদুচিত গুণের অনাদর করা হয়, কেবল জননেন্দ্রিয়ের প্রথম ব্যাপারেরই মাহাত্ম্য সংস্থাপন করা হয়।

তত্তদ্‌গুণকর্ম্মবিহীন বর্ণ ভেদ স্থাপনানুসারে তত্তদ্‌গুণকর্ম্মবিহীন আশ্রম ভেদ সকলও বর্ণাশ্রমাতীত অবস্থান সংস্থাপিত হয়। এতদ্ব্যাপার দ্বারা তদুচিত গুণের প্রতি অনাদর হয়, কেবল বেশমাত্রেরই মাহাত্ম্য সংস্থাপিত হইয়া থাকে। উক্ত প্রকার কৃত্রিম বর্ণাশ্রম সংস্থাপনরূপ ধূর্ত্ততার অনুরোধে সাংখ্য যোগ, জ্ঞান, বিজ্ঞান, বৈরাগ্য ও ভগবদ্‌ভক্তি প্রভৃতির প্রতি অত্যধিক অবজ্ঞা প্রদর্শিত হয়। যে হেতু কৃত্রিম বর্ণাশ্রমানুরোধে তত্তদ্‌বিশিষ্ট ব্যক্তিগণের অসম্মান এবং তত্তদ্‌বিহীন ব্যক্তিগণের সম্মান করা হইয়া থাকে। এই সকল বিষয় পরে বিস্তৃতরূপে বর্ণিত হইবে, অতএব এস্থলে সংক্ষেপে বর্ণিত হইল।

অতএব এই অবস্থাতে সমাজে জীবপূজাপর জননেন্দ্রিয় পূজাপর ও বেশ পূজাপর ভেদে ধূর্ত্তগণ ত্রয়ের আবির্ভাব হয়, যৎ প্রভাবে দৈব সমাজরূপ বৈদিক সমাজ অন্ধ সমাজে পরিণত হয় এবং বর্ণাশ্রম-ভেদ চর্ম্মাসন ভেদে পরিণত হয়। স্থল বিশেষে রমণী জননেন্দ্রিয়ের মাহাত্ম্য অত্যাশ্চর্য্যরূপে গুরু হইয়া থাকে। যে হেতু ম্লেচ্ছ-জার প্রসূতও যৎপ্রসাদে শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ হয় এবং ম্লেচ্ছাচার যুক্ত হইলেও জগদ্‌গুরুর আসনে অধিষ্ঠিত হইয়া থাকে। গুণ-দর্শনে ও গুণ-প্রাধান্য স্বীকারে এরূপ দোষের সম্ভাবনা হয় না।

উক্ত সিদ্ধান্ত প্রভাবেই ক্রমে ব্রাহ্মণগণের উপ-

तत्सिद्धान्तप्रभावेण क्रमशः ब्राह्मणानां शिक्षादानशक्तिः, राजन्यानां राजशक्तिः, क्षत्रियाणां रक्षणशक्तिः, वैश्यानां पोषणशक्तिः, निखिलार्य्याणां स्वधर्मानुशीलनशक्तिश्च नश्यति। अवैदिकसमाजस्था म्लेच्छाः प्रवलप्रतापशालिनो भूत्वा आर्य्याभिमानिभ्यः उपदिशन्ति, शासति, रक्षन्ति, पुष्णन्ति च। आर्य्याभिमानिनस्तु केवलं तत्सेवामेव परमपुरुषार्थत्वेन गृह्णन्ति। क्रमेण वैदिकाः स्व स्व वृत्तिं त्यजन्ति। अवैदिकानां सेवयापि दुःखं नापयाति, धनाभावात्ते मृततुल्या भवन्ति। अवसरेऽस्मिन् म्लेच्छदेशात् समागता कलिवृत्तयः आर्य्यभूमिषु राजासनमधिकृत्य आर्य्यम्मन्येभ्यः कञ्चिदाश्वासं प्रतिशृण्वन्ति।

कर्मयोगस्य अवैदिकत्वस्य चानाविर्भावात् समाजस्य तृतीयदशां यावत् वैदिका आर्य्याः सर्वेदेशेषु अवसन्। चतुर्थ्यां कर्मयोगाविर्भावात् तदाप्रभृति आर्य्या कर्मोपयोगिनि पवित्रदेशे वसन्ति। तत्प्रतिकूलदेशं त्यजन्ति। तदा अवैदिकभाव-दूषितानां प्रकाशो भवति। प्राणदण्डभयात् ते वैदिक—कर्मशून्येषु अपवित्रदेशेषु वसन्ति, क्रमेण तेषां वंशाः वृद्धिं लभन्ते। वैदिकराजन्याः दिग्विजयेन कियत्कालं यावत् तान् विनाशयन्ति, अनन्तरं तेषां सम्मान मात्रं संगृह्णन्ति, परमार्य्यभूमितस्तान् निर्वासयन्ति कियत्कालादनन्तरं तेषामार्य्यदेशाद्बहिष्करणमपि रहितं भवति, केवलं कतिचित्दिनानि दण्डो विधीयते, अनन्तरं तदपि वर्ज्यते। एवमार्य्याणां दौर्बल्यात् दिग्विजयोऽपि त्यज्यते। अतः क्रमेणावैदिकभावदुष्टानां प्राबल्यं वर्द्धते।

अष्टमीं दशां यावत् समाजे न्याययुद्धं प्रचलति। आर्य्या अन्यायसमरं नेच्छन्ति, किन्तु अन्याययो-

---

দেশ প্রদান শক্তির, ক্ষত্রিয় রাজগণের রক্ষণশক্তির এবং বৈশ্যগণের পোষণ শক্তির, সর্ববিধ আর্য্যগণের স্বধর্মানুশীলন শক্তির ধ্বংশ হইয়া যায়। অবৈদিক সমাজভুক্ত ম্লেচ্ছগণ প্রবল প্রতাপান্বিত হইয়া আর্যাভিমানিগণকে উপদেশ প্রদান করে, শাসন করে ও পোষণ করে। আর্যাভিমানিগণ কেবল তৎ সেবাকেই পরম পুরুষার্থরূপে স্বীকার করিয়া থাকেন। ক্রমে বৈদিক সমাজভুক্ত ব্যক্তিগণের নিজ নিজ বৃত্তির পরিত্যাগ হয়, সেবা দ্বারাও দুঃখ নিবারিত হয় না, ধনাভাবে তাহারা মৃততুল্য হন। এই অবসরে ম্লেচ্ছদেশ হইতে সমাগতা কলিবৃত্তি আর্য্যদেশে সিংহাসন স্থাপন করিয়া আর্যাভিমানিগণকে কিঞ্চিৎ আশ্বাস প্রদান করেন।

কর্ম্মযোগের এবং অবৈদিক ভাবের অনাবির্ভাব হেতু সমাজের তৃতীয়াবস্থা পর্য্যন্ত বেদানুগত আর্য্যগণ সর্ব দেশেই বাস করিতেন। চতুর্থী অবস্থাতে কর্মযোগের আবির্ভাব হয়, সেই অবস্থা হইতে আর্য্যগণ কর্মযোগোপযোগী পবিত্র দেশে বাস করেন, কর্মযোগানুপযুক্ত অপবিত্র দেশে বাস ত্যাগ করেন। সেই অবস্থাতে অবৈদিক ভাব দূষিত ব্যক্তিগণেরও আবির্ভাব হয়, প্রাণ দণ্ড ভয়ে তাহারা উক্ত বৈদিক কর্ম্মযোগ বিহীন অপবিত্র দেশে বাস করেন, ক্রমে তাহাদের বংশ বৃদ্ধি হয়। বৈদিক রাজন্যবৃন্দ দিগ্বিজয় কালে কিয়ৎকাল পর্য্যন্ত তাহাদের সংহার করেন, অতঃপর তাহাদের নিকট হইতে সম্মানমাত্র গ্রহণ করেন, কিন্তু আর্য্য দেশ হইতে সেই সকল ব্যক্তিকে নির্বাসিত করেন। কিয়ৎকাল পরে উক্ত ব্যক্তিগণের আর্য্যদেশ হইতে নির্বাসনও রহিত হয়, কিয়ৎকাল কেবল কারাদণ্ড বিধান করা হয়। উক্ত প্রকারে আর্য্যগণের দুর্বলতা হেতু দিগ্বিজয়ও রহিত হয়, অতএব ক্রমে অবৈদিক ভাবদুষ্ট ব্যক্তিগণের প্রাবল্য হয়।

অষ্টমী অবস্থা পর্য্যন্ত সমাজে ন্যায় যুদ্ধই প্রচলিত থাকে, আর্য্যগণ অন্যায় যুদ্ধ করিতে ইচ্ছা

द्भिः सह अनुचित-युद्धं शास्त्रविधानमेव। अत्र अनार्य्या अन्यायसमरेऽतीव सामर्थ्यवन्तो भवन्ति। तादृश युद्धविमुखान् आर्य्यान् पराजित्य तद्देशाना-क्रम्याधिकुर्वन्ति, अत्र शासनदण्डञ्च परिचाल-यन्ति। तेषां शासन प्रभावेण प्रागुक्तधूर्त्तगणत्रय-स्यार्य्यसमाजे प्रावल्येन यज्ञाध्ययनहीनाः म्लेच्छ-सेवका ब्राह्मणा इति आख्यायन्ते, तृणगुच्छदर्शने-ऽपि त्रुमीताः कान्दिशीका अपि क्षत्रियनाम धरन्ति, भिक्षाजीवनोऽपि वंश्या प्रख्यन्ते, सांख्यज्ञान-विज्ञान-वैराग्य-भगवद्भक्तिपरायणा शूद्रा इति अपोद्यन्ते।

तदा गृहस्थानां क्रियात्यागः, ब्रह्मचारिम्मन्यानां व्रतपरिहारः, वानप्रस्थख्यातिमापन्नानां ग्राम्य-सेवनं यतिनाम्ना विरक्तनाम्ना च प्रसिद्धानां इन्द्रियलो-लुपता स्वभावसिद्धं कार्य्यं भवति। पुरुषाः प्रायशः स्त्रैणा जायन्ते, नार्य्यः अति स्वाधीनाः पुरुषान् पर्य्युदस्य तेषां सर्व्वाधिकारान् परिचालयितुं प्रवर्त्तन्ते। न्यायाधिष्ठाने धनवतां जयः, निर्धनानां पराजयो भवति। राजन्याय-प्रार्थिनां धर्मः सम्मानः बलं स्वास्थ्यं निखिला सम्पत् नश्यति इव। ते चिररात्राय क्लेशान् भुञ्जते, रोगपीडिताश्च ते मृतप्राया भवन्ति, तथापि कलि-वृत्तीनां प्रभावेण समुचित-विचार-लाभे प्रायशो न शक्नुवन्ति।

क्रमेण समाजे सत्यं, शौचं, दया, क्षमा, धर्मः तिरोभवति। प्रजाः अल्पायुष्का हीनबलाः सुमन्द-मतयो स्मृतिशून्या भवन्ति। धनवन्तो हि सत्-कुलीनाः सदाचाराः सद्गुणशालिनः। बलिन एव धर्मव्यवस्थासु न्यायेषु च जिष्णवः। केवलया-भिरुच्या दाम्पत्यं स्थाप्यते। व्यवहारेषु कापट्य-

---

করেন না। কিন্তু অন্যায় যুদ্ধকারীর সহিত অন্যায় যুদ্ধ করিবার বিধান শাস্ত্রেও আছে। এই অবস্থাতে অনার্য্যগণ অন্যায় যুদ্ধে অতি সমর্থ হন, এবং অন্যায় যুদ্ধে অসমর্থ আর্য্যগণকে পরাস্ত করেন, আর্য্যদেশ আক্রমণ ও গ্রহণ পূর্ব্বক তাহাদের উপর শাসনদণ্ড পরিচালন করেন। তাহাদের শাসন প্রভাবে এবং আর্য্যসমাজে পূর্ব্বোক্ত ধূর্ত্তগণত্রয়ের প্রাবল্যে যোগ্যাধ্যয়ন রহিত ম্লেচ্ছসেবকও ব্রাহ্মণ নামে খ্যাত হন, তৃণগুচ্ছ দর্শনে অতি ভীত পলায়নপর ব্যক্তিও ক্ষত্রিয় নাম ধারণ করেন, ভিক্ষাজীবীগণও বৈশ্য নামে খ্যাত হন, সাংখ্য-জ্ঞান-বিজ্ঞান-বৈরাগ্য-ভগবদ্ভক্তি পরায়ণ ব্যক্তিরও শূদ্রাপবাদ হইয়া থাকে।

গৃহস্থের ক্রিয়া ত্যাগ, ব্রহ্মচারী নামে খ্যাত ব্যক্তির ব্রত ত্যাগ, বাণপ্রস্থ নামে প্রথিত জনের গ্রাম্যসেবা এবং যতি বা বিরক্ত নামে প্রসিদ্ধ ব্যক্তি-গণের ইন্দ্রিয় লালসা স্বভাবসিদ্ধ কার্য্য হয়। পুরুষ-গণ প্রায়ই স্ত্রী-বশীভূত হন, স্ত্রীগণ অতি স্বাধীন হন, পুরুষগণকে পর্য্যুদস্ত করিয়া সকল অধিকার পরিচালনে প্রবৃত্ত হন। রাজ বিচারালয়ে ধন-বানের জয় ও নির্ধনের প্রায়ই পরাজয় হইয়া থাকে। যে সকল ব্যক্তি রাজবিচার প্রার্থী হন, তাঁহাদের ধর্ম্মনষ্ট হয়, সম্মান নষ্ট হয়, বল নষ্ট হয়, স্বাস্থ্য নষ্ট হয়, সর্ব সম্পত্তি ধ্বংশ প্রায় হয়, তাঁহারা দীর্ঘকাল ক্লেশ ভোগ করেন এবং রোগগ্রস্ত হইয়া মৃত প্রায় হন, তথাপি কলিবৃত্তি জীবগণের প্রভাবে ন্যায় বিচার লাভ করিতে বহু ব্যক্তিই সমর্থ হন না।

ক্রমে সমাজে সত্য, শৌচ, দয়া, ক্ষমা, ধর্ম কিছুই থাকে না। প্রজাগণের আয়ু অল্প হয়, বল অল্প হয়, স্মরণ শক্তি অল্প হইয়া যায়। যাঁহার ধন থাকে তিনিই সংকুলজাত, তিনিই সদাচারী, তিনিই সদ্গুণ সম্পন্ন হন, যাঁহার বল থাকে তিনিই ধর্মব্যব-স্থাতে এবং ন্যায় ব্যবহারে জয়ী হন। কেবল অভিরুচি অনুসারে দাম্পত্য স্থাপন হয়, ব্যবহারে কাপট্যই প্রধান হইয়া থাকে। রতি বিষয়ে যিনি প্রধান তিনিই উত্তম পুরুষ বা উত্তমা স্ত্রীরূপে খ্যাতা হন। সূত্র মাত্র দর্শনে ব্রাহ্মণত্বের স্বীকার করা

मेव प्रभवति। रतौ निपुणतम एव उत्तमपुरुषः, नार्य्युत्तमा वा प्रथिता भवति। सूत्रमात्रावलोकनेन विप्रत्वं, लिङ्गमात्रेण च तत्तदाश्रमित्वं स्वीक्रियते। अवृत्तिक एव सर्वथा अन्याय-कृत् कोऽपि तत्पक्षं नाददाति।

द्रुतवाचाट एव परम पण्डितो विख्यायते, धनहीना एवासाधवो गण्यन्ते। दम्भी हि परम-साधुप्रसिद्धिं लभते। सुदूर जलाशयः तीर्थत्वेनाङ्गीक्रियते. उदरपूरणमेव स्वार्थः धाष्टर्यमेव सत्यं कुटुम्बपोषणं हि चातुर्य्यं सुष्ठु गृह्यते। यशसे धर्मोऽनुष्ठीयते। समाजस्य एतस्यामवस्थायां बली-एव राजा भवति। नृपा अतिलोलुपा निर्दया दस्यु-प्राया भवन्ति। प्रजावर्गा राजभिर्हृतदाराः मुष्ट-वित्ता सन्तो गिरिषु काननेषु वा गच्छन्ति, तत्र केवलं शाक-मूल-फल-मांस-मधु-पुष्प-बीजादिभिर्जीवनं वर्त्तयन्ति। स्वालयान्निर्वासिता जना अनावृष्टि-दुर्भिक्ष-करभारातिशय्यै निपीड़िता विनश्यन्ति ते च वास-वसन-धनाद्यभावात् शीत-वात्यातप-वृष्टि क्षुत्तृड्व्याध्यादिभिः, परस्परकलहेन भृशचिन्तया च सन्त्रस्ता जायन्ते। समाजस्यैषा नवमीदशा म्लेच्छप्रधाना नाममात्रवर्णाश्रमा कथ्यते।

दशमी च म्लेच्छप्राया विलुप्तवर्णाश्रमा उच्यते, यतस्तदा दोषबाहुल्यात् निखिला जनाः प्रायशो म्लेच्छतां प्राप्नुवन्ति, वर्णाश्रमाभिधानञ्च लुप्यते। तदा नराणां परमायुः स्वल्पं शरीरमपि ह्रस्वं भवति, वैदिकमार्गा विलुप्यन्ते पाषण्डपथाः प्रबलाः भवन्ति; नृपाला दस्युवृत्तिं गृह्णन्ति। मानुषाः चौर्य्य-मिथ्या-वृथा हिंसापराः स्वैरवृत्तिका

হয়। যাঁহার বৃত্তি নাই, তিনিই সর্ব্বপ্রকার অন্যায়-কারী. কোন ব্যক্তিই তাহার পক্ষাশ্রয়ী হন না।

যে ব্যক্তি অতি শীঘ্র যাহা তাহা বলিতে পারেন তিনিই পরম পণ্ডিত নামে খ্যাত হন। যাঁহার ধন থাকে না তিনিই অসাধুরূপে পরিগণিত হন, যিনি দম্ভ প্রকাশ করিতে পারেন, তিনিই সাধুরূপে খ্যাত হন। দূরবর্ত্তী জলাশয়কে তীর্থরূপে স্বীকার করা হয়, উদরপূরণকে স্বার্থরূপে স্বীকার করা হয়. কুটুম্ব পোষণকে চাতুর্য্যরূপে স্বীকার করা হয় এবং যশের উদ্দেশে ধর্মানুষ্ঠান করা হয়।

সমাজের এই অবস্থাতে যে ব্যক্তি বলবান হন, তিনিই রাজা হন। নৃপতি অতিশয় লোভ-যুক্ত নির্দয় এবং দস্যুপ্রায় হন। প্রজাগণ রাজগণ কর্ত্তৃক হৃতদার ও হৃতধন হইয়া পর্ব্বতে ও কাননে গমন করেন। সে স্থানে কেবল শাক, মূল. ফল, পুষ্প. বীজ, মাংস, মধু প্রভৃতি ভোজন করিয়া প্রাণ ধারণ করেন। যে সকল ব্যক্তি নির্বাসিত থাকেন, তাহারা অনাবৃষ্টি, দুর্ভিক্ষ এবং অতিশয় কর ভারে পীড়িত হইয়া বিনাশ প্রাপ্ত হন; গৃহ, বস্ত্র, ধনাদির অভাবে শীত বায়ু, আতপ, বৃষ্টি, হিম, ক্ষুধা, তৃষ্ণা. ব্যাধিদ্বারা এবং পরস্পর কলহে ও অতিশয় চিন্তাদ্বারা সন্তপ্ত হন। সমাজের এই নবমী অবস্থাকে ম্লেচ্ছাধিকা ও নামমাত্র বর্ণাশ্রমা বলা হয়।

দশমী অবস্থাকে ম্লেচ্ছপ্রায়া ও বিলুপ্তবর্ণাশ্রমা বলা হয়। যেহেতু এই অবস্থাতে দোষ সকলের আধিক্য হেতু প্রজাগণ প্রায়ই ম্লেচ্ছত্ব লাভ করেন এবং বর্ণাশ্রমের নামও বিলুপ্ত হইয়া যায়। এই অবস্থাতে মানবগণের পরমায়ু অতি অল্প মাত্র হয়, দেহও অতি ক্ষুদ্র হয়, বৈদিক মার্গ সকল বিলুপ্ত হন, পাষণ্ডপথগুলি অতি প্রাবল্য লাভ করে, নৃপগণ দস্যুবৃত্তি গ্রহণ করেন, মনুষ্য-বর্গ চৌর্য্য, মিথ্যা, বৃথা হিংসাতে রত হন। কোন প্রকার বৃত্তিতে দোষ দৃষ্টি থাকে না, স্ত্রীগণ মধ্যে বেশ্যাবৃত্তিই অতি প্রধান হয়। যজ্ঞ,

भवन्ति। कस्यापि कस्याञ्चित् वृत्तौ दोषदृष्टिर्न तिष्ठति। स्त्रीषु वेश्यावृत्तेः प्राधान्यं भवति। यज्ञाध्ययनदानादीनां नाममात्रमपि न विद्यते। अतः शूद्रवर्णं गार्हस्थमन्तरेण वर्णाश्रमान्तराणां नामापि न स्मर्य्यते। धेनवश्छागतुल्या, बन्धवो यौनप्राया, ओषध्यः श्यामाकप्रायाः, वृक्षाः शमीसदृक्षाः मेघास्तड़िद्बहुलाः, आलयश्च धर्मादिहीना भवन्ति।

अवस्थायामस्यां मानवा अतीव ह्रस्वदर्शिनो जायन्ते तेषां भागधेयमपि क्षुद्रं भवति। अतो वित्तहीना जायन्ते; तथापि अतिकामिनः, बहुभोजिनश्च भवन्ति। नार्य्यः स्वैरिण्यः असत्यश्च भवन्ति, जनपदा दस्यु बहुला, बेदाः पाषण्ड-दूषिता भवन्ति, राजानः प्रजाभक्षकाः; विप्रम्मन्याः शिश्नोदरपरायणाः, व्रत्याख्यया परिचिता जना व्रतशौचाचारहीना भवन्ति। गृहस्था भिक्षां जीवन्ति; तपस्वीति ख्याता नरा ग्रामबासाः, तथा सन्न्यासिप्रथिताश्च महार्थ-गृध्नवो भवन्ति। मानवा अधिकाहारेणापि ह्रस्वकाया वह्वपत्याश्च जायन्ते; ते त्रपाहीनाः, नित्यकटुभाषिणः, चौर्य्ये कापट्ये च अधिकसाहसवन्तो भवन्ति।

विपत् कालं विनापि निन्दित-वृत्तिं बहुमानयन्ति वणिजश्च कापट्येन कृत्रिमद्रव्यैः क्रयविक्रयादिव्यवहारान् प्रवर्त्तयन्ति। भृत्यास्त्यजन्ति प्रभु सर्व्वगुणोत्तमं द्रविणहीनमिति। प्रभवोऽपि कौलिकान् भृत्यान् विपन्नानालोक्य परिहरन्ति। दुग्धदोहा धेनुस्तथा हलकर्षणाक्षमान् वृषभान् त्यजन्ति। पितृ-भ्रात्रादीन् सुहृद्वर्गान् ज्ञातींश्च परिहृत्य सुरतनिमित्तकं सौहार्द्यं स्थापयन्ति। अतो वधू-

---

অধ্যয়ন, দানাদির নাম মাত্রও থাকে না, অতএব শূদ্রবর্ণ এবং গৃহস্থাশ্রম ভিন্ন অন্যবর্ণ ও অন্যাশ্রমের নামও স্মরণ হয় না। ধেনু সকল ছাগ প্রায় হয়, বন্ধুসকল যৌন প্রায় হয়, ওষধি সকল শ্যামাক প্রায় হয়, বৃক্ষসকল শমী প্রায় হয়, মেঘ সকল তড়িদ্বহুল হয়, গৃহ সকল ধর্মাদি রহিত হয়।

এই অবস্থাতে মনুষ্যগণ অতিক্ষুদ্রদর্শী হন, তাঁহাদের ভাগ্যও ক্ষুদ্র হয়, অতএব বিত্তহীন হন, তথাপি অতিশয় কামী হন, অতিশয় ভোজন করেন. স্ত্রীগণ স্বৈরিণী এবং অসতী হন। জনপদ সকল দস্যু প্রধান হয়। বেদসমূহ পাষণ্ডগণ কর্তৃক দূষিত হন, রাজগণ প্রজা ভক্ষক হন, ব্রাহ্মণাভিমানিগণ শিশ্নোদর পরায়ণ হন; ব্রহ্মচারি নামে খ্যাত ব্যক্তিগণ ব্রত ও শৌচত্যাগ করিয়া থাকেন, গৃহস্থসকল ভিক্ষাজীবী হন, তপস্বি নামে খ্যাত ব্যক্তিগণ গ্রামবাসী হন, সন্ন্যাসিনামে কথিত ব্যক্তিগণ অতিশয় অর্থলোলুপ হন। মনুষ্যগণ অধিক আহার করিয়াও হ্রস্বকায় হন, ইহাদের অপত্য বহুসংখ্যক হইয়া থাকে। ইহাদের লজ্জা থাকে না, সর্বদা কটুভাষ ব্যবহার করেন, চৌর্য্য এবং কাপট্য বিষয়ে অধিক সাহস হইয়া থাকে।

বিপত্তিকাল ব্যতিরেকেও নিন্দিত বৃত্তিকে উত্তম করিয়া মানেন. বণিক্‌সকল কপটভাবে কৃত্রিম দ্রব্যদ্বারা ক্রয়-বিক্রয়াদি ব্যবহার প্রবর্ত্তিত করেন। ভৃত্যগণ সর্ব্বগুণোত্তম প্রভুকে দ্রব্যহীন দেখিয়া ত্যাগ করেন, প্রভুগণও কুলপরম্পরাগত ভৃত্যকে বিপদ্‌গ্রস্ত দেখিয়া ত্যাগ করেন। দুগ্ধদান না করিলে গো-সকলকে ত্যাগ করেন, হল বহন করিতে না পারিলে বৃষভ সকলকে বিসর্জ্জন করেন। পিতৃ ভ্রাতৃ প্রভৃতি সুহৃদ্বর্গ ও জ্ঞাতিবর্গকে ত্যাগ করিয়া সুরত নিমিত্ত সৌহার্দ্দ্যস্থাপন করেন, অতএব ভার্যার ভ্রাতা ও ভগিনীগণের সহিত সকল প্রকার পরামর্শ করিয়া থাকেন। অত্যল্প অর্থলোভে অতি নীচ ব্যক্তির ও ক্ষুদ্র সেবা করেন।

बन्धुभिः सह सर्वान् परामर्शान् विदधति। स्वल्पार्थलोभात् सुनीचानपि सेवन्तेतमाम्। पुरुषाश्च नारीणामतिवशा भवन्ति। तमोजुषः यज्ञाध्ययनरहिता अवद्यवृत्तिका नीचसेवापरा अपि तापसवेषाः प्रतिग्रहं कुर्वन्ति। धर्मतत्त्वे सुभृशमज्ञा अपि धर्मोपदेष्टुरध्यासनं समारुह्य धर्मं व्याचक्षते।

वर्षणाभावात् पृथिवी अन्नविवर्जिता भवति। लोका दस्युभ्यो अतीव बिभ्यति, दुर्भिक्षः करदानेन चातिकर्शिताः सन्तः सर्वदा उद्वेगं बहन्ति; अन्न-पानीय-बसन-भूषण-स्नान-व्यवायादि-वर्जिताश्च पिशाचा इव भवन्ति। विंशत्यै वराटिकाभ्योऽपि सौहार्द्यं त्यक्त्वा परस्परं विवदन्ते, अतिप्रियं जीवनं मुञ्चन्ति; आत्मीयान् संहरन्ति। मनुष्या लघुमतयः शिश्नोदरपराः सन्तः वृद्धौ पितरौ सुतान् कुलीनभार्य्यामपि त्यजन्ति। समाजस्य दशम्यां दशायां एवंविधा व्यवहाराः प्रचलन्ति। एतन्मध्यगाः कतिचिद्व्यापारा नवम्यामपि घटन्ते।

अनयोर्नवमीदशम्योः अवैदिक पाषण्डमार्गा बहुलं प्रचार्य्यन्ते। तत्प्रावल्यतः स्वल्प वैदिकधर्मिणस्तिरस्क्रियन्ते, भृशं क्लिश्यन्ति च। वैदिकमार्गे श्रद्धावन्तो बहवः उपदेशकाभावाद् धर्मतत्त्वस्य सूक्ष्मतात्पर्य्यमविदित्वा स्वेच्छया वेदादि-शास्त्र-विरुद्धसिद्धान्तान् स्थापयन्ति। बहवोऽवैदिकमार्गेषु प्रविशन्ति। केचिद् भगवतः श्रीकृष्णस्य रासादि लीलानां तात्पर्य्यबोधेऽक्षमास्तत्राश्लीलतादोषमारोपयन्ति। केचिच्च श्रीभगवदवतारेषु मनुष्यबुद्ध्या तानवजानन्ति। केचित् श्रीभगवद्भक्तिमार्गस्य तत्त्वमवुद्ध्वा भक्तिं भक्तं चानाद्रियन्ते। अपरे स्वयं

পুরুষগণ স্ত্রীগণের অতি বশীভূত হন। তমোগুণশালী যজ্ঞাধ্যয়ন পরিবর্জিত নিন্দ্যবৃত্তিজীবী নীচসেবকগণও তপস্বীর বেশ ধারণ পূর্বক প্রতিগ্রহ করিয়া থাকেন। ধর্মবিষয়ে কিঞ্চিন্মাত্র জ্ঞান না থাকিলেও ধর্মোপদেশকের অধ্যাসনে সমারোহণ পূর্বক ধর্ম ব্যাখ্যা করিয়া থাকেন।

বৃষ্টির অভাবে পৃথিবী অন্নহীন হন, প্রজাসকল দস্যু চৌরাদি ভয়ে অতিশয় ভীত হন, দুর্ভিক্ষ ও কর প্রদান দ্বারা অতি কর্ষিত হন, অতএব সর্বদা উদ্‌বেগ যুক্ত চিত্তে বাস করেন। অন্ন, জল, বস্ত্র, শয্যা, ভূষণ, স্নান, ব্যবায় প্রভৃতি দ্বারা পরিবর্জিত হইয়া পিশাচ তুল্য হইয়া থাকেন। বিংশতি বরাটিকার জন্যও সৌহার্দ্য ত্যাগ পূর্বক পরস্পর বিবাদ করেন, অতিপ্রিয় প্রাণের বিসর্জন করেন এবং আত্মীয়গণের সংহার করেন। মনুষ্যগণ অতি ক্ষুদ্রবুদ্ধি হন, কেবল শিশ্নোদর পরায়ণ হইয়া বৃদ্ধ পিতা মাতা পুত্রগণকে এবং সংকুল জাতা পত্নীকে ত্যাগ করিয়া থাকেন। সমাজের দশমী অবস্থাতে এই প্রকার সমুদয় ব্যবহার প্রচলিত হইয়া থাকে।

এই নবমী ও দশমী অবস্থাতে অবৈদিক পাষণ্ড মার্গসকল অতিশয় প্রচারিত হয়, তৎ প্রাবল্যে অত্যল্প সংখ্যক বৈদিক ধর্মের পক্ষপাতী অতিশয় দুঃখিত হন এবং তাহাদের সমীপে তিরস্কৃত হইতে থাকেন। বৈদিক মার্গে স্নিগ্ধ ব্যক্তিবর্গের মধ্যে বহুজন উপদেষ্টার অভাবে প্রকৃত ধর্মতত্ত্ব জানিতে না পারিয়া নিজের ইচ্ছানুসারে বেদাদি শাস্ত্রের বিরোধী সিদ্ধান্ত সমূহ স্থাপন করেন, বহু ব্যক্তি অবৈদিক মার্গের অনুসরণ করেন। কোন কোন ব্যক্তি শ্রীভগবানের রাস লীলাদির তত্ত্ববোধ করিতে না পারিয়া তাহাতে অশ্লীলতা দোষের আরোপণ করেন। কেহ কেহ শ্রীভগবানের অবতারবৃন্দে মনুষ্যাদিবুদ্ধি স্থাপন করিয়া তাঁহাদের অবজ্ঞা করিয়া থাকেন। কোন কোন ব্যক্তি শ্রীভগবদ্‌ভক্তিমার্গের তত্ত্ব না জানিয়া শ্রীভগবদ্ভক্তির ও শ্রীভগবদ্ভক্তের অনাদর করেন, আবার কেহ কেহ শ্রীকৃষ্ণের অনুকরণে রাসাদি লীলার অনুকরণ করেন।

भगवन्तं कृष्णमनुकृत्य रासादिलीला विदधति।

इतरे ज्ञानमार्गतत्त्वमज्ञात्वा केवलं यथेच्छमाचरन्ति। केचित् केवलं स्त्रीसङ्गत्यागं साधुत्वपराकाष्ठां मन्यन्ते, केचिद्वा वासनात्यागसदेशमगत्वाऽपि कं कमपि वाह्यकरणव्यापारत्यागे परमसाधुतां प्रदर्शयन्ति। अतएव केचित् उत्तमपरिधेय-तैलताम्बूलादित्यागे साधुत्व श्रेष्ठतां स्थापयन्ति। केचिदन्येषां दोषानन्विष्य स्वेषां साधुत्वं प्रतिष्ठापयन्ति परं स्वदोषान् न निरीक्षन्ते। केचित् उपदेष्टरि आदर्शमानवत्वमारोपयन्ति, तदुपदेशातस्य अवश्य-पालनीयाः, नतुवा कुतस्तस्योपदेष्टत्वम्? एषां मतेन वशिष्टप्रभृति महर्षीणां भगवतः श्रीकृष्णस्य च सर्वत्याग-लक्षणस्य पारमहंस्यधर्मस्योपदेशे अनधिकारः, यतस्तेषां चरित्रे न दृश्यते तादृशः सर्वत्यागः।

भगवान् श्रीशङ्कराचार्योऽवदत्—भगवान् श्रीकृष्णो महाभोगी आसीत्, महर्षिः शुकः परमत्यागी च। राजर्षिः जनकः, श्रीभगवान् रामचन्द्रश्च राजानौ आस्ताम्, महर्षिः वशिष्ठश्च षट्कर्मनिरतः आसीत्। एते वहिर्दृष्ट्या पृथक्त्वेन प्रतीयमाना अपि अन्तर्दृष्ट्या एते पञ्च महाजनाः समतत्त्वज्ञा आसन्निति। श्रीकृष्णः स्वयं भगवान्, श्रीरामचन्द्रश्च श्रीभगवानिति साक्षात् परमेशत्वेऽपि तत्त्वज्ञानांशे एवमौच्यत।

इदमत्र तात्पर्य्यं—वैदिकसिद्धान्तानुसारेण उपदेष्टा वैद्य एव। नहि आदर्शपुमान्। अवैदिकराद्धान्तेन तन्न भवेत्। यथा कश्चित् सुवैद्यः सहस्रधा रोगिनां सहस्रशः रोगापनयनोपदेशं विदधति,

---

কেহ কেহ জ্ঞান মার্গের তত্ত্ববোধ করিতে না পারিয়া কেবল যথেচ্ছাচারী হইয়া পড়েন। কেহ কেহ কেবল স্ত্রীসঙ্গ ত্যাগকেই সাধুতার পরাকাষ্ঠারূপে স্বীকার করেন। কোন কোন ব্যক্তি বাসনা ত্যাগের নিকটে গমন না করিয়াই বাহ্যেন্দ্রিয় ব্যাপারের ত্যাগেই পরম সাধুতা প্রদর্শন করেন। অতএব কোন কোন ব্যক্তি উত্তম বস্ত্র, তৈল, তাম্বূলাদি ত্যাগেই পরম সাধুতা স্থাপন করেন। কেহ বা অন্য ব্যক্তিগণের দোষান্বেষণ করিয়াই নিজের সাধুত্ব স্থাপন করিয়া থাকেন, কিন্তু নিজের অসংখ্য দোষের প্রতিও দৃষ্টিপাত করেন না। কোন কোন ব্যক্তি উপদেষ্টাতে আদর্শ পুরুষত্বের স্থাপন করেন, তিনি যাহা উপদেশ করেন, তাহা তাঁহাকে অবশ্যই পালন করিতে হইবে, অন্যথায় তাঁহার উপদেষ্টৃত্ব থাকিতে পারে না।

ইহাদের সিদ্ধান্ত মতে বশিষ্ঠাদি মহর্ষিগণের এবং স্বয়ং শ্রীভগবান্ শ্রীকৃষ্ণেরও সর্বত্যাগরূপ পারমহংস্য ধর্মের উপদেশ প্রদান করিবার অধিকার নাই, কারণ তাঁহাদের সেরূপ সর্বত্যাগ দেখা যায় না।

ভগবান্ শ্রীশঙ্করাচার্য্য বলিয়াছেন—ভগবান্ শ্রীকৃষ্ণ পরম ভোগী ছিলেন, মহামুনি শুক পরম ত্যাগী ছিলেন, রাজর্ষি জনক ও শ্রীভগবান্ রামচন্দ্র রাজা ছিলেন, মহর্ষি বশিষ্ঠ ষট্‌কর্ম্ম নিরত ছিলেন। বহির্দৃষ্টিতে ভিন্ন ভিন্ন রূপে থাকিলেও অন্তর্দৃষ্টিতে এই পঞ্চ মহাপুরুষ সমভাবে তত্ত্বজ্ঞ ছিলেন ইতি। স্বয়ংভগবান্ শ্রীকৃষ্ণ ও শ্রীভগবান্ রামচন্দ্র সাক্ষাৎ পরমেশ্বর হইলেও তত্ত্বজ্ঞান-বিশিষ্টতাংশে এইরূপ বলা হইয়াছে।

উক্ত বিষয়ে তাৎপর্য্য এই যে, বৈদিক সিদ্ধান্তানুসারে উপদেষ্টা চিকিৎসকস্বরূপ, আদর্শপুরুষ স্থানীয় নহে। অবৈদিকসিদ্ধান্ত মতে তাহা না হইতে পারে চিকিৎসক যেমন সহস্র প্রকার রোগীকে সহস্র প্রকার চিকিৎসা সম্বন্ধীয় উপদেশ প্রদান করিয়া থাকেন, প্রত্যেক রোগীকে তত্তদ্রোগানুসারে কুপথ্য বর্জন করিতে বলেন, স্বয়ং সুস্থ শরীর হওয়ায় কোন প্রকার কুপথ্য বর্জনে বাধ্য নহেন, এই

প্রতিস্বং রোগতারতম্যেন কুপথ্য বর্জনায় উপদিশতি, কিন্তু স্বয়ং স্বস্থত্বাৎ কুপথ্য বর্জনে ন বাধ্যো ভবতি। অত্রাপি তাদৃশঃ সিদ্ধান্তঃ প্রভবতি।

অপিচ দ্রষ্টব্যান্তরং— যদি কশ্চিৎ চিকিৎসকঃ কস্যাপি কুপথ্যবর্জনমুপদিশ্য স্বয়ং তন্ন বর্জয়তি, তথাপি রোগিনঃ কুপথ্যবর্জনমতীব কর্ত্তব্যম্। অন্যথা রোগাক্রান্তেন ভাব্যম্। বৈদ্যো যৎ কুপথ্যং ন ত্যজতি, তস্য দায়িত্বং তস্য নিজস্যৈব। পরমত্র দ্রষ্টব্যম্—অত্যন্ত দুষ্কর্মিণোঽপি সকাশাৎ সদুপদেশো গ্রাহ্য এব। যদি কশ্চিৎ মদ্যপো বদতি—মদ্যপানং ন কর্ত্তব্যম্ তেনৈবাহং সর্ব্বস্বান্তঃ, অপি তদুপদেশো ন গ্রাহ্যঃ? অবশ্যমেব। এবং বেশ্যা-লম্পটাদপি তদাসক্তিপরিহারোপদেশঃ, তস্করাদপি চৌর্য্যত্যাগোপদেশঃ গ্রহণীয়ঃ।

পুনরত্র বিশেষ-দুস্তরসংসৃতিসিন্ধুতরণে সর্ব্বে জনা অসমর্থপ্রায়াঃ যথা শিষ্যাস্তথৈব উপদেষ্টারঃ, তেষু যস্য সামর্থ্যাধিক্যং স এব তত্র ক্ষমঃ, অন্যে ন। অতোঽত্র আদর্শপুরুষত্বং ন তিষ্ঠতি। যথা কশ্চিজ্জন একত্র জলে সন্তরণপ্রকারান্ শিক্ষয়তি, বহু-বালকাস্তচ্ছিষ্যাঃ, একদা কস্যাশ্চিৎ প্রবাহিণ্যাঃ প্রবল বন্যায়াং জাতায়াং সশিষ্যঃ শিক্ষকঃ পরপারে গন্তুমনাঃ তরণ্যাভাবাৎ হস্তাভ্যামেব তরণপ্রয়াসং কৃতবান্। নদীমধ্যস্থলে উপদেষ্টুঃ হস্তদৌর্ব্বল্যাৎ জলমগ্নোঽভবৎ, শিষ্যাস্তু তং রক্ষিতুং ন পারয়িত্বা ক্লেশেন সর্ব্বে তীরান্তরে উত্তেরুঃ। অত্রাদর্শ পুরুষানুগতৌ সর্ব্বেষাং প্রাণবিয়োজনং নিশ্চিতমেব। এবং

স্থলেও সেই প্রকার সিদ্ধান্ত।

এস্থলে আরও দ্রষ্টব্য এই যে, যদি কোন চিকিৎসক অন্য ব্যক্তিকে কুপথ্য বর্জন করিতে উপদেশ প্রদান করিয়া স্বয়ং কুপথ্য বর্জন না করেন, তথাপি উপদিষ্ট ব্যক্তির কুপথ্য বর্জন করা কর্ত্তব্য, অন্যথায় তাঁহাকে রোগে অভিভূত হইতে হয়, স্বয়ং চিকিৎসকের পক্ষে কুপথ্য বর্জন করা বা না করার দায়িত্ব তাঁহার নিজের উপর নির্ভর করে। আরও বিচার্য্য এই যে, অত্যন্ত দুষ্কর্মশীল ব্যক্তির নিকট হইতেও সদুপদেশ গ্রহণীয়। যদি কোন মদ্যপ ব্যক্তি বলে —'মদ্যপান কর্ত্তব্য নহে, আমি মদ্য পান করিয়াই সর্বস্বান্ত হইয়াছি' তাহার উপদেশ গ্রহণ করা কর্ত্তব্য নহে কি? নিশ্চয়ই আদরে গ্রহণীয় হইয়া থাকে। এইরূপ বেশ্যাসক্ত ব্যক্তির নিকট হইতেও তদাসক্তি ত্যাগের উপদেশ গ্রহণীয় এবং চোরের নিকট হইতেও চৌর্য্য পরিহারের উপদেশ গ্রাহ্য।

আরও এই স্থলে বিবেচনীয় এই যে, এই অতি দুস্তর সংসার সাগর উত্তরণ বিষয়ে সকল ব্যক্তিই প্রায় অসমর্থ। শিষ্যগণ যে প্রকার অসমর্থ উপদেষ্টাও তদ্রূপ। তন্মধ্যে যে ব্যক্তির সামর্থ্য অধিক, তিনিই সংসার সাগর উত্তরণে সাফল্য লাভ করিতে পারেন, অন্যের পক্ষে অসাধ্য। অতএব এই স্থলে আদর্শ পুরুষত্ব থাকে না। কোনও ব্যক্তি একস্থলে বালকগণকে সন্তরণ প্রণালী শিক্ষা দেন। বহু বালক তাঁহার নিকট হইতে সন্তরণ শিক্ষায় পারদর্শী হইলেন। এক দিবস এক নদীর প্রবল বন্যায় নদীর পর পারে গমন করিতে ইচ্ছা করিয়া নৌকার অভাবে উপদেষ্টা ও শিষ্যগণ সকলেই হস্ত সাহায্যে নদী সন্তরণের প্রয়াস করেন। কিন্তু নদীর মধ্যস্থলে উপদেষ্টার হস্তদ্বয় হঠাৎ দুর্বল হয়, তিনি জলমগ্ন হইয়া প্রাণত্যাগ করেন, শিষ্যগণ সকলেও অসামর্থ্য বশত: উপদেষ্টাকে কোন প্রকারে রক্ষা করিতে পারিলেন না; তবে তাঁহারা বহু ক্লেশে নদীর পর পারে গমন করিলেন। তথায় তাঁহারা সেই উপদেষ্টার আদর্শ অনুসরণ করিয়া থাকিলে সকলকেই প্রাণ হারাইতে হইত। এই সংসারসাগর সন্তরণ বিষয়েও ঐ প্রকার রীতি জানিতে হইবে। এস্থলে আদর্শ পুরুষত্ব গ্রাহ্য হইতে পারে না।

संसार सागरोत्तारे व्यापारोऽपि ईदृशः। अत्रादर्शपुरुषत्वं न ग्राह्यम्।

अत्र विचार्य्यम्-सुचिकित्सकस्य भेषजादिना रोगमुक्तो जनः यथा दानादिना तस्य सन्तोषं विधत्ते, वैद्यः कुपथ्यसेवीति न दानादितो वंच्यते तथैव सदुपदेष्टुर्वाग्भेषजेन यस्य संसार-व्याधेर्निवृत्तिर्जायते, तस्य पक्षे उपदेशकस्य निषिद्धाचरणं दृष्ट्वा तदवज्ञा न कर्त्तव्या। तयाऽकृतज्ञतापतेत्। निषिद्धाचारी उपदेष्टा स्वयं स्वकर्मफले दायवान्, तत्र शिष्यस्य न दर्शनप्रयोजनम्। तदुपदेशवाक्यानुगतं उपदेष्टुराचरणमेव ग्राह्यम्, अन्यत् परित्यक्तव्यम्।

यथा कश्चिद् योग्यो जनः आधिक्येन शङ्खविषं अहिफेनं वोपयुङ्क्ते, किन्तु अन्यान् तत्र निषेधति; अपरञ्च सः प्रत्यहं अतिथीन् सत्करोति. अन्यानपि तदुपदिशति। अत्र उपदेष्टुरुपदेशवाक्याननुगतत्वात् शङ्खविषाहिफेनादनं न युक्तम्, परम् उपदेशानुगामित्वादतिथिसत्कारोऽनुसर्त्तव्य एव। श्रेष्ठानामाचरणमनुसृत्य कनिष्ठा अपि व्यवहरन्ति। अतो लोकशिक्षणाय लोकामङ्गलजनकमाचरणं श्रेष्ठानां न कर्त्तव्यम्। श्रेष्ठान् प्रति शास्त्राण्यपि तथैवोपदिशन्ति, तेऽपि तदनुवर्त्तन्ते। क्वचित कस्मादपि कारणाद् श्रेष्ठश्चेदनुचिताचारं दर्शयति, तर्हि कनिष्ठानां न तदनुसार्य्यम। अतएवोपदेष्टुः उपदेशा एव ग्रहीतव्याः, उपदिष्टाननुगताचरणानि नानुसर्त्तव्यानि। तस्मादुपदेष्टा सर्वत्र

আরও এই স্থলে বিচার্য্য এই যে, যে প্রকার সুচিকিৎসক ঔষধ প্রদানাদি দ্বারা কোন রোগীর আরোগ্য সম্পাদন করিলে উক্ত রোগমুক্ত ব্যক্তি দানাদির দ্বারা উক্ত চিকিৎসকের সন্তোষ বিধান করিয়া থাকেন, ঐ চিকিৎসক যদি কুপথ্য ভোজী হন, তাহা হইলেও তাঁহাকে দানাদি হইতে বঞ্চিত করেন না, সেই প্রকার যে সদুপদেষ্টা কর্ত্তৃক তদুপদেশ বচন রূপ ঔষধ সেবনে সংসার রোগের নিবৃত্তি হয়, সেই উপদেষ্টার নিষিদ্ধাচরণ দর্শনেও তদবজ্ঞাদি কদাপি কর্ত্তব্য নহে, তাহা করিলে অকৃতজ্ঞতা দোষের ভাজন হইতে হয়। কুপথ্যভোজী চিকিৎসকবৎ নিষিদ্ধাচারী উপদেষ্টাও স্বকর্মের জন্য দায়ী থাকেন, শিষ্যের সে বিষয় দেখিবার প্রয়োজন নাই। উপদেষ্টার অসম্মান দ্বারা উপদেশবাক্য ফলপ্রসূ হয় না। উপদেষ্টার উপদেশ বাক্যেরই প্রয়োজন, তাঁহার আচরণের প্রয়োজন নাই। তবে উপদেষ্টার যে সকল আচরণ তদীয় উপদেশ বাক্যের অনুগত হয়, সেইগুলি গ্রাহ্য, কিন্তু উপদেশের অননুগত আচরণ গ্রাহ্য নহে।

যেমন কোন সমর্থ ব্যক্তি অত্যধিক পরিমাণে শঙ্খবিষ অথবা অহিফেন সেবন করেন, কিন্তু অন্য ব্যক্তিকে তদ্রূপ কার্য্য করিতে নিষেধ করেন; আবার সেই ব্যক্তি প্রত্যহ অতিথি সৎকার করেন এবং সেইরূপ কার্য্য করিতে অন্যকেও উপদেশ দেন। এস্থলে অত্যধিক শঙ্খবিষ বা অহিফেন ভক্ষণ উপদেষ্টার উপদেশ বাক্যের অননুগত হওয়ায় তাহার অনুষ্ঠান অন্য ব্যক্তির কর্ত্তব্য নহে, কিন্তু অতিথি সৎকার তাঁহার উপদেশ বাক্যের অনুগত বলিয়া তাহাই কর্ত্তব্য হয়। শ্রেষ্ঠ ব্যক্তি যে প্রকার আচরণ করেন, অবর ব্যক্তিগণও সেই প্রকার আচরণ করেন; অতএব লোকশিক্ষার্থ শ্রেষ্ঠ ব্যক্তির পক্ষে লোকের অমঙ্গলকর আচরণ কর্ত্তব্য নহে।

শাস্ত্রকারগণ শ্রেষ্ঠ ব্যক্তিগণের প্রতি এইরূপ উপদেশ প্রদান করেন, শ্রেষ্ঠ ব্যক্তিগণও তদনুবর্ত্তী হইয়া নিজ ব্যবহার পরিচালন করেন। কোন স্থলে কোন কারণে যদি শ্রেষ্ঠ ব্যক্তির অনুচিত আচরণ দেখা যায়, তবে কনিষ্ঠ ব্যক্তিগণের তাহার অনুষ্ঠান কর্ত্তব্য নহে। অতএব উপদেষ্টার উপদেশ বাক্যই

आदर्शपुरुषो नो भवेदेव। यस्योपदेशेन स्वीयं परममङ्गलं भवति, तदीयान्यथाचरणदर्शनेन तदवज्ञा न कार्य्या, तेन निजमङ्गलेन न भाव्यम्।

सदुपदेष्टुः दुर्लभतायां समाजस्य नवम्यां दशम्यां चावस्थायाम् उपदेशकावमानं तदधःपतन-मुख्य-कारण जायते। विशेषतस्तदा तत्त्वज्ञानानामातिशय्येनावज्ञा भवति, अतस्तत्त्वज्ञस्य तदुपदेष्टुश्च अनादरो भवेत्। तत्कारणं—नास्तिकतायां तत्त्वज्ञानेन न प्रयोजनम्, केषाञ्चित् तत्प्रयोजने उपस्थितेऽपि तैः प्रकृततत्त्वं न निश्चीयते। केचित् वदन्ति अस्माकमेव वाक्यं तथ्यम्, अपरे आहुः—अस्माकमेव, इतरे च कथयन्ति—अस्माकमेव सत्यम्। इत्यादि रूपेण तत्त्वज्ञाने संशयः तिष्ठति, न निश्चयः।

एवं तत्त्वज्ञम्मन्यानां प्रत्येकं स्वं स्वं पृथङ्मतं, तदनुसारेण च विभिन्न सिद्धान्ताः भवेयुः। अल्पज्ञोऽपि 'नास्ति मत्तुल्यस्तत्त्वज्ञानी अपरः कश्चिदिति' अभिमन्यते। तर्हि सर्वे एव उपदेष्टारो भवितुं संयतन्ते, न तु शिष्यतामिच्छन्ति। अतएव तत्त्वज्ञानेषु तत्त्वज्ञेषु संशयो जायते। अनयोरवस्थयोर्विषयभोगानां भृशप्रावल्यादत्यधिको धनादरो भवति। विश्वपूज्याभिमन्तारो बहवो धनलोभात् म्लेच्छानामुच्छिष्टभोजनं पादूकामार्जनं कुर्वन्ति। धनलोभात् किमपि कार्य्यमेषामगौरवं न वहति। अथ यदि पदमर्य्यादा, सुनामगौरवं वा लभ्यते तदा किमु वक्तव्यम्। अतएव समाजे धनवतां पदवीनामशालिनामत्यादरः सम्भवति। सर्वास्ववस्थासु

গ্রাহ্য, উপদেশ বাক্যের অনমুগত তদীয় আচরণ গ্রাহ্য হইতে পারে না; এই হেতু উপদেষ্টাও সর্বত্র আদর্শ পুরুষের স্থানীয় বিবেচিত হইতে পারেন না, এবং যাঁহার উপদেশ বাক্য দ্বারা নিজের পরম মঙ্গল হয়, তাঁহার অন্য প্রকার আচরণ দর্শনে তদসম্মান কর্ত্তব্য নহে, তাহাতে নিজের পরম মঙ্গল হইতে পারে না। যে কালে সদুপদেষ্টার দুর্লভতা দৃষ্ট হয়,--সমাজের নবমী এবং দশমী অবস্থাতে, উপদেষ্টার অসম্মানই সমাজের অধঃপতনের মুখ্য কারণ হয়। বিশেষতঃ এই অবস্থাদ্বয়ে তত্ত্বজ্ঞানের অতিশয় অনাদর হইয়া থাকে, অতএব তত্ত্বজ্ঞের ও তত্ত্বোপদেষ্টার অবজ্ঞা হয়। তাহার কারণ এই যে, নাস্তিকতায় তত্ত্বজ্ঞানের প্রয়োজন হয় না। কাহারও কাহারও তৎ প্রয়োজন হইলেও তাহাদের দ্বারা প্রকৃত তত্ত্বজ্ঞান কাহাকে বলা হয়, তাহার নিশ্চয় হইতে পারে না। কেহ কেহ বলেন—আমরা যাহা বলিতেছি, তাহাই সত্য; তদ্রূপ অপর ব্যক্তিগণ বলেন—আমরা যাহা বলিতেছি, তাহাই সত্য; এইরূপ অন্য সম্প্রদায়ও বলেন—আমরা যাহা বলিতেছি তাহাই সত্য। এইরূপে তত্ত্বজ্ঞান বিষয়ে সংশয় উপস্থিত হয় এবং কোন প্রকার মীমাংসায় উপস্থিত হওয়া যায় না।

উক্ত প্রকারে তত্ত্বজ্ঞাভিমানী ব্যক্তিগণের মধ্যে প্রত্যেক ব্যক্তির ভিন্ন ভিন্ন মত এবং তদনুসারে সিদ্ধান্তও ভিন্ন ভিন্ন হয়। অত্যল্প জ্ঞান অর্জ্জন করিয়াই আমার তুল্য তত্ত্বজ্ঞ আর কেহই নাই, এইরূপ অভিমান হয়। সুতরাং সকল ব্যক্তিই উপদেষ্টা হইতে ইচ্ছা করেন, কোন ব্যক্তির শিষ্য হইবার চেষ্টা হয় না, অতএব তত্ত্বজ্ঞান ও তত্ত্বজ্ঞ বিষয়ে সংশয় হয়। এই অবস্থাদ্বয়ে বিষয়-বাসনার অত্যধিক প্রাবল্য হেতু অতিশয়রূপে ধনাদরই প্রাবল্য হইয়া থাকে। বিশ্বপূজ্যাভিমানী বহু ব্যক্তিও ধনলাভের উদ্দেশে ম্লেচ্ছের উচ্ছিষ্ট ভোজন ও চর্ম্মপাদুকা মার্জ্জন করিয়া থাকেন। ধনলাভের আকাঙ্ক্ষায় ইহাদের নিকট কোনটীই অকার্য্যরূপে প্রতীয়মান হয় না। ইহার উপর যদি পদ-গৌরব ও নাম-গৌরব প্রভৃতির লাভ ঘটে, তবে আর বলিবার কি আছে? অতএব

बलस्य बलवतश्च प्राधान्यं वर्त्तत एव, अस्यामपि तत् आधिक्येन वरीवर्त्ति। यतः धर्मादिबाधे उपस्थिते तत्र सर्वस्वत्यागस्य प्राणपरिहारस्य च प्रतिज्ञा न तिष्ठति।

पूर्वावस्थासु ब्राह्मणा ज्ञापकाः समाजस्य यथार्थाधिपतयो विद्यन्ते, स्वीयाकरणीयत्वात् स्वधर्मनिष्ठा बलवन्तो जनास्तैः रक्षकत्वेन नियुज्यन्ते। तेषु प्रधानाश्च राजपदेऽभिषिच्यन्ते राजत्वमनिर्वाहेऽयोग्यस्य विनिमयेन अपरस्य नृपते निर्वाचनाधिकारो ज्ञापकसम्प्रदायस्यैव वर्त्तते। रक्षकाः पोषकाः सेवकाश्च ज्ञापकानां भृत्यवत् आज्ञानुवर्त्तिनो भवन्ति। किन्तु अत्रावस्थयोः पूर्वोक्तानां धूर्त्तानामर्थैकलोलुपतादोषाद् ज्ञापक-रक्षकादिसम्प्रदाया भज्यन्ते। यतस्तदा सर्वसम्प्रदायेषु निखिलचरित्राणां जनानां सद्भावो जायते। बलवत्तम एव राजपदं स्वीकरोति, क्रमेणावैदिका म्लेच्छा एव सम्राजः पदमलङ्कुर्वन्ति। स्वेच्छया तन्नियोगवशवर्त्तिनां वेच्छया राजकार्य्याणि निर्वाहितानि भवन्ति। क्वचित् कुत्रापि नियमः संस्थाप्यते, कुत्रापि तदपि न दृश्यते।

क्रमेण प्रजाः पीड्यन्ते, तत् प्राजनां असहनीयं भवति। प्रजाः राजकार्य्येषु हस्त-क्षेपणे उद्यच्छन्ति, राजद्रोहे प्रवर्त्तन्ते। अनन्तरं स्थलविशेषे प्रजाभिः राजाधिकार-परिचालने नियमाः संस्थाप्यन्ते. तदनुसारेणन राज्य-पालनं निर्वाह्यते। कुत्रापि वा जनाः तन्नियमान् संस्थाप्य स्वयं राजमन्त्रिणो

ধনিগণের, পদমর্য্যাদাশালী বা নাম-গৌরব বিশিষ্ট ব্যক্তিগণের অত্যধিক আদর হইয়া থাকে। বলের ও বলবানের আদর সর্ব্বাবস্থাতে থাকিলেও এই অবস্থাদ্বয়ে উহা অবশ্য অতিশয়রূপে প্রবল হয়, যেহেতু ধর্ম্মাদি বিষয়ে বাধা ঘটিলে সর্বস্বত্যাগের এবং প্রাণ বিসর্জ্জনের প্রতিজ্ঞা এই অবস্থাদ্বয়ে থাকে না।

পূর্বাবস্থাগুলিতে ব্রাহ্মণগণ অর্থাৎ জ্ঞাপকসম্প্রদায়ই সমাজের প্রকৃষ্ট অধ্যক্ষ থাকেন। নিজের কর্ত্তব্য না হওয়ায় স্বধর্ম্মনিষ্ঠ বলবান্ ব্যক্তিগণ, তাঁহাদিগ কর্তৃক রক্ষক সম্প্রদায়রূপে নিযুক্ত হন, এবং তন্মধ্যগত প্রধান ব্যক্তি রাজপদে অভিষিক্ত হন। কিন্তু রাজকার্য্য-নির্ব্বাহের সমুদায় নিয়ম জ্ঞাপক সম্প্রদায় কর্তৃক সংস্থাপিত হয়। কোন রাজা রাজকার্য্য নির্ব্বাহের অনুপযুক্ত হইলে তৎপরিবর্ত্তে অন্য নৃপতি নিযুক্ত করিবার অধিকার জ্ঞাপক সম্প্রদায়েরই বিদ্যমান থাকে। রক্ষক, পোষক ও সেবকসম্প্রদায় জ্ঞাপক সম্প্রদায়েরই ভৃত্যবৎ আজ্ঞানুবর্ত্তী থাকেন। কিন্তু এই অবস্থাদ্বয়ে পূর্ব্বোক্ত ধূর্ত্তগণের অর্থৈকমাত্রপরতা দোষে জ্ঞাপক ও রক্ষকাদি সম্প্রদায় সকলেই ভঙ্গ প্রাপ্ত হন, যেহেতু তৎকালে সকল সম্প্রদায় মধ্যে সর্ব্বপ্রকার স্বভাবযুক্ত ব্যক্তির সদ্ভাব হয়। যে ব্যক্তি অধিক বলবান, তিনিই রাজপদ গ্রহণ করেন। ক্রমে অবৈদিক ম্লেচ্ছগণই সম্রাট্ পদে নিবিষ্ট হন। নিজের ইচ্ছানুসারে অথবা তৎকর্তৃক নিযুক্ত ব্যক্তিগণের অভিপ্রায় মতে রাজকার্য্যের নির্বাহ হয়। কোন স্থলে কোন বিষয়ে কোন প্রকার নিয়ম সংস্থাপিত হয়, কোথাও বা তাহাও হয় না।

অতএব ক্রমে প্রজাপীড়ন উপস্থিত হয়, প্রজাগণের তাহা অসহ্য হইয়া উঠে, এবং প্রজাগণ রাজকার্য্যে হস্তক্ষেপ করিতে ইচ্ছা করেন, রাজদ্রোহে প্রবৃত্ত হন। পরে স্থান বিশেষে প্রজাগণ কর্তৃক রাজকার্য্য পরিচালনের নিয়ম সংস্থাপিত হয়, তদনুসারে রাজকার্য্য নির্ব্বাহিত হয়। কোন স্থানে প্রজাগণ উক্ত নিয়ম সংস্থাপনপূর্ব্বক নিজেরাই রাজমন্ত্রী, রাজপুরুষ, রাজকর্মচারীর স্থানীয় হন, রাজা কেবল তদনুবর্ত্তী থাকেন। কোন স্থলে প্রজাগণ

राजपुरुषा राजकर्मकरा भवन्ति। राजातः केवलं तदनुवर्तिनस्तिष्ठन्ति। कुत्रापि वा प्रजा निर्दिष्टराजवंशमपि न रक्षन्ति, स्वयं राजपदमधिकुर्वन्ति। क्रमेण विश्वे राजपद-मुख्यामात्यत्व-विशेष सदस्यत्वलाभाय प्रजासु कलह उत्पद्यते। परिणामे सर्व एव राजानो भवितुमिच्छन्ति, कोऽपि प्रजात्वं ग्रहीतुं नाभिलषति। सर्वएव प्रभवन्ति, न कोऽपि भृत्यति। तथा सर्वएव पूज्याः, न केचित् पूजका भवितुमिच्छन्ति।

पुरा प्रजानामभियोगस्य स्वल्पत्वात्, पारस्परिक द्वेषादीनाञ्च विरलत्वात् नृपतयः राजसंसत्सु उपविष्टा विदुषां विद्यालोचनां कवीनां कवित्वं, सुगायकानां गानं, भट्टानां भट्टतां, वादकानां वाद्यं, नर्तकीनर्तकानां नृत्यं, ऐतिह्यविदां, पुरावृत्तं, पुराणज्ञानां पुराणकथां, इतरविद्योपजीविनाञ्च तत्तद्विद्यां द्रष्टुं श्रोतुं अवलोकयितुञ्चावसरं अलभन्त। क्रमशः प्रजासु द्वेषभाववर्धनात् अभियोगप्राचुर्याच्च अधुना नृपाणां केवलं प्रजानां विवादभञ्जनचेष्टां राजकार्य्यं विना नावसरः तादृक्-श्रवणादिषु। पुत्र-शोकातुरस्यापि प्रमोदादिषु अवकाशोजायते नैतेषाम्। केवलं स्वमन्दिरे उपविष्टः दक्षिणगण्डनिहितहस्ततलः राज्य-चिन्तां कुर्वन्ति। का वा राजसभा प्रजावर्गास्तां नावगच्छन्ति। अस्मिन् मानुषे लोके अशान्तिरेव एतद्दुःखस्य हेतुः नास्तिकता अर्थैकलोलुपता च केवलमत्र शान्तिभङ्गस्य कारणं भवति।

अथ विशेषः कश्चित्—एकस्यां जनाधिक्यमन्यस्यां विलास वासनाबाहुल्यम्, इतरत्र विवाद

নির্দ্দিষ্ট রাজবংশকেও রক্ষা করেন না, স্বয়ং রাজপদ গ্রহণ করেন। ক্রমে এই বিশ্বমধ্যে রাজপদ, প্রধান মন্ত্রিপদ বা রাজপুরুষ বিশেষের পদলাভের জন্য প্রজাগণের মধ্যেও কলহ উপস্থিত হয়, অবশেষে সকলেই রাজা হইতে ইচ্ছা করেন, কেহই প্রজা থাকিতে চান না। ঐকালে ঐপ্রকারে সকলেই প্রভুত্বের প্রার্থী হন, ভৃত্য থাকিতে কেহই চান না। ঐরূপে সকলেই পূজ্য হইতে ইচ্ছা করেন, কেহই পূজক হইতে চান না।

পূর্বে প্রজাগণের আপত্তির অল্পতা ও পরস্পরের দ্বেষ ভাবের ন্যূনতা হেতু নৃপতিগণ রাজসভা মধ্যে উপবিষ্ট থাকিয়া বিদ্বদ্বৃন্দের বিদ্যালোচনা শ্রবণ করিতে, কবিগণের কবিত্ব শ্রবণ করিতে, গায়কগণের গীত আস্বাদন করিতে, নর্ত্তক নর্ত্তকীগণের নৃত্য দর্শন করিতে, ঐতিহাসিকগণের নিকট হইতে ঐতিহ্য শ্রবণ করিতে, পুরাণজ্ঞ ব্যক্তিগণের সমীপে পুরাণ শ্রবণ করিতে, ভট্টগণের প্রাকৃত কবিত্ব শ্রবণ করিতে, বাদকগণের বাদ্য শ্রবণ করিতে এবং অন্যান্য বিদ্যোপজীবিগণের তত্তদ্বিদ্যা কৌশল দর্শন করিতে অবসর লাভ করিতেন। ক্রমে প্রজাগণের মধ্যে পরস্পর বিদ্বেষ বৃদ্ধি পাওয়ায় তাহাদের আপত্তির আধিক্য হেতু এই সময়ে নৃপতিগণের কেবল প্রজাগণের বিবাদভঞ্জনাদিরূপ রাজকার্য্য-নির্বাহ ব্যতীত অন্যবিষয় শ্রবণাদিতে অবসর থাকে না। বরং পুত্রশোকাতুরের পক্ষে আমোদ প্রমোদ সম্ভব হয়, কিন্তু ইহাদের তাহাও হয় না। কেবল নির্জ্জন গৃহে উপবিষ্ট থাকিয়া দক্ষিণ গণ্ডে দক্ষিণ পাণিতল স্থাপন পূর্বক রাজকার্য্যের চিন্তায় নিমগ্ন থাকেন; রাজসভা কাহাকে বলে হয়, প্রজাগণ তাহা জানিতে পারেন না। এই মর্ত্ত্যলোকে শান্তির অভাবই এই দুঃখের একমাত্র কারণ হইয়া থাকে। নাস্তিকতা ও অর্থৈকপরতাই শান্তিভঙ্গের কারণ হয়।

আরও বিশেষ এই যে, একদিকে লোকসংখ্যার আধিক্য, অপর দিকে বিলাস বাসনার আধিক্য, অপরদিকে বিবাদলালসার আধিক্য এবং ভিন্ন দিকে

लालसा प्राचुर्य्यम् अपरस्याश्च यथेच्छाचारिता-भूयस्त्वम्—इत्यत्र शान्तिदेवी कुत्र कथं स्थातुमर्हति। लोकाधिक्यात् वासभूमेर्व्यवहार्यद्रव्याणामभावो जायते। विलासविवादयोर्बाहुल्याद् व्यर्थं धनक्षयो भवति। तर्हि पुनरधिकं द्रव्याभावः सञ्जायते। यथेच्छाचारितायाः पारमार्थिकवस्तूनामघटनं घटते यस्य वा एकत्र व्यवहार्य्यवस्त्वभावोऽन्यत्र पारमार्थिकोपादानाप्राप्तिस्तस्य शान्तिः कथं तिष्ठति।

पुरा प्रजामङ्गलाय नृपालाः स्वल्पराज्यावनं स्वीचक्रुः, स्वयं प्रजानां निखिलाभावोपद्रवादिकं श्रुत्वा तत्प्रतिविधानेऽयतन्त ; अतो राज्यविस्तारेहा नासीत्। केवलं वीरत्वव्यञ्जनाय, यशः प्रख्यापनाय, धर्मसंस्थापनार्थाय च इतरनृपालेभ्यः अधिराजसम्मानं गृहीतवान्। महावीर-प्रवराः सर्वान् भूपालान् वशीकृत्य तथैव महाराजाधिराजेश्वरः, चक्रवर्त्ती, सम्राड् वेति नाम्ना प्रख्याता भवन्ति स्म। अधुना राजानोऽर्थकामलालसया राज्यविस्तारमभिकाङ्क्षन्ति, सर्वे एव निखिल-धरित्र्या राजानो भवितुं लिप्सन्ते। प्रायशः समग्र राजकार्य्यं पर्य्यवेक्षणेऽसमर्था भवन्ति। भृत्यैः प्रजाः पाल्यन्ते, प्रजानां रोदनं राजसमीपे प्रवेशमपि न लभते। क्रमशः एकतः प्रजानां कापट्यं वर्धते, अन्यतो राजकर्त्तव्यवृद्धिश्च जायते, राजभृत्यानामपि वृद्धिर्भवति।

पुरा राजवंशीया एव मुख्यामात्यः प्रधान-कर्मकृतोऽवर्त्तन्त, स्वदेशीयाश्च सर्वं राजकार्य्यं निर्वाहितवन्तः। इदानीं राजनियमानां राजकर्मणाञ्च एवं जटिलता भवति यत् राजवंशीयैः

যথেচ্ছাচারিতার প্রাবল্য, ইহাতে শান্তিদেবীর স্থান কি প্রকারে সম্ভব? লোকসংখ্যার আধিক্য হেতু স্থানের ও ব্যবহার্য্য দ্রব্যের অভাব হয়, বিলাস ও বিবাদের বাহুল্য হওয়ায় নিরর্থক ধনক্ষয় ঘটে, অতএব ব্যবহার্য্য পদার্থের অধিকতর অভাব জন্মে। যথেচ্ছাচারিতাহেতু পারমার্থিক উপাদানের অভাব হয়। যাঁহার একদিকে ব্যবহারিক দ্রব্যের ও অপর দিকে পারমার্থিক বস্তুর অভাব, তাঁহার শান্তি কিরূপে সম্ভব?

পূর্বে প্রজাগণের মঙ্গল সাধনার্থে নৃপতিগণ অত্যল্প রাজ্যের পালন-ভার স্বীকার করিতেন, এবং স্বয়ং স্বাগ্রহে তাহাদিগের সমস্ত অভাব ও উপদ্রবাদি শ্রবণ করিয়া তাহার প্রতিবিধানে যত্নবান থাকিতেন, অতএব রাজ্যবিস্তারের ইচ্ছা করিতেন না কেবল বীরত্ব প্রকাশে স্বযশঃ প্রখ্যাপন মানসে এবং ধর্মসংস্থাপনেচ্ছায় অন্য নৃপতিগণ হইতে অধিক সম্মান গ্রহণ করিতেন এবং অতি বীর প্রবরগণ সকল নৃপালকে বশীভূত করিয়া উক্ত প্রকারে মহারাজাধিরাজেশ্বর চক্রবর্তী বা সম্রাট নামে খ্যাত হইতেন এই কালে নৃপতিগণ অর্থকাম লালসায় রাজ্যবিস্তারের ইচ্ছা করেন, সকলেরই সমগ্র পৃথিবীর আধিপত্য লাভের বাসনা হয়, স্বয়ং সমুদয় রাজকার্য্য দর্শনে অসমর্থ হন, ভৃত্যগণ দ্বারা প্রজাপালন নির্বাহ হয়, কিন্তু প্রজাগণের ক্রন্দন রাজকর্মচারীর সমীপে প্রবেশও করিতে পারে না। ক্রমে একদিকে প্রজাদিগের কাপট্য ভাবের বৃদ্ধি হয়, নিবেদন যোগ্য বিষয়েরও আধিক্য হয়, অন্যদিকে রাজকর্ত্তব্যেরও বৃদ্ধি হয়, রাজভৃত্যগণেরও বৃদ্ধি হইতে থাকে।

পূর্বে রাজবংশীয়গণই প্রধান মন্ত্রী এবং প্রধান কার্য্য নির্বাহক থাকিতেন এবং স্বদেশীয়গণই সমুদয় রাজকার্য্য নির্বাহ করিতেন। এক্ষণে রাজনিয়মাবলীর এবং রাজকার্য্যসমূহের এইরূপ জটিলতা হয় যে, রাজবংশীয়গণকে কেবল অতিথিরূপে এবং স্বদেশীয়গণকে কেবল দর্শকরূপে থাকিতে হয়। পূর্বে নিজ বলেই যুদ্ধাদি সম্পাদিত হইত, একালে মনুষ্যনাশক যন্ত্রবলেই যুদ্ধাদি হইয়া থাকে। পূর্বে শ্রেষ্ঠতা পরীক্ষার্থ ও ধর্মরক্ষার নিমিত্ত যুদ্ধ হইত,

केवलमतिथिरूपैः स्वदेशीयैश्च दर्शकरूपैः अवस्थीयते। पुरा स्वबलेनैव समरोऽभवत, अधुना केवलं नरनाशनयन्त्रबलेनैव जन्यं भवति। प्रागेव प्राधान्यपरीक्षार्थं धर्मरक्षायै च युद्धमघटत, अधुना तु राज्यविस्तारायैव अर्थकामावनाय च प्रधनं घटते। पुरा नृपालाः सम्राजः मित्राणि आसन्, अधूना तु ते भृत्याः प्रियकरग्राहका वा। पुरा राजसंसदादौ न्यायेन शास्त्रबिहितेन हेयोपादेयौ निर्नीतौ अभवताम्, इदानी लोकमतन्यूनाधिक्येन तद्भवति।

पुरा प्रजानां निष्कपटतायाः राजकार्य्यस्य ह्रस्वत्वात् नृपसदस्याः राजकार्य्याणि निर्वाह्य धर्मचिन्तासदाचारपालन-नानाविधप्रमोदादीनपि उपभुञ्जन्तेस्म, अस्मिन्काले तु शयनभोजने त्यक्त्वापि अहोरात्रं परिश्राम्य केवलं राजकर्त्तव्यं समापयितुं न पारयन्ति। पुरा राजसदसि विद्वांसः कवयोः भट्टा गायका वादका नर्त्तकाः परिहासविशारदाः ऐतिह्यविदः पुराणवेत्तारः इतरविद्योपजीविनः इत्यादि सर्वप्रकाराः लोकाः अवसन्, अधुना सभायां केवलं शिरकरचालकानां समवाये तस्याः परिपूर्णता दिशति। तदा राजगमनागमनाभ्यां भूखण्डं अकम्पत, अधुना तत् स्वयमेव राजा वेत्ति। तदा सम्राजः खण्डपालान्, भूपालाश्च प्रजावर्गान् बलिनः चिकीर्षन्ति। अधुना ते भीताः तान् दुर्वलान् विधातुं यतन्ते।

पुरा स्वभावाचारवैशिष्ट्येन वर्णभेदाः संस्थाप्यन्ते, अधुना तु जननेन्द्रियभेदेन अस्थिचर्मादिभेदेन वा ते प्रचलन्ति। पुरा नृपालत्वादिपदानि योग्येभ्यः समर्पितानि आसन् अधुना केवलम् प्रथम-तनये ज्येष्ठ-पौत्रे, ज्येष्ठ प्रपौत्रे, अयोग्येऽपि

একালে কেবল রাজ্যবিস্তারের জন্য ও অর্থ কাম রক্ষার জন্য যুদ্ধ হইয়া থাকে। পূর্বে নৃপতিগণ সম্রাটের মিত্ররূপেই থাকিতেন, একালে ভৃত্যরূপে বা করগ্রাহকরূপে থাকেন। পূর্বে রাজসভা প্রভৃতিতে ন্যায়শাস্ত্রানুসারে হেয় বা উপাদেয় বিষয়ের নির্বাচন হইত, এই কালে তাহা লোক সংখ্যার ন্যূনতা বা আধিক্য দ্বারা হইয়া থাকে।

পূর্বে প্রজাগণের নিষ্কপটতায় রাজকার্য্যের অল্পতা হেতু রাজকর্মচারিগণ অভিযোগাদি দর্শনান্তে ধর্মচিন্তা, সদাচার প্রতিপালন এবং নানাবিধ আমোদ প্রমোদের উপভোগ প্রভৃতিতে যথেষ্ট অবকাশ পাইতেন, একালে শয়ন, ভোজনাদি নিত্য ব্যবহার ত্যাগ করিয়াও দিবারাত্র অক্লান্ত পরিশ্রম দ্বারা কেবল রাজকার্য্যই নির্বাহ করিতে পারেন না। পূর্বে রাজসভাতে বিদ্বান্, কবি, ভট্ট, গায়ক, নর্ত্তক, পরিহাস রসিক, ঐতিহাসিক, পুরাণজ্ঞ, জ্যোতির্বিদ ও অন্যান্য বিদ্যোপজীবী প্রভৃতি সামাজিকগণ থাকিতেন, একালের সভাতে হস্ত ও মস্তক সঞ্চালক ব্যক্তিগণ থাকিলেই সভার পরিপূর্ণতা হয়। পূর্বে রাজার গমনাগমনে ভূখণ্ড কম্পমান হইত, একালে তাহা কেবল তিনিই অবগত থাকেন। পূর্বে সম্রাটগণ সামন্ত ভূপালগণকে এবং নৃপতিগণ প্রজাগণকে বলবান করিতে প্রয়াস করিতেন, এই সময়ে তাহারা অতি ভীত হইয়া তাহাদিগকে দুর্বল করিতে ইচ্ছা করেন।

পূর্বে স্বভাব ও আচার ভেদে বর্ণাশ্রম স্থাপিত হইত, একালে জননেন্দ্রিয় ভেদে বা অস্থি-চর্ম্মাদি ভেদে তাহা হইয়া থাকে। তৎকালে রাজপদাদি বিশিষ্টাধিষ্ঠান যোগ্য ব্যক্তিকে সমর্পিত হইত, একালে কেবল পদস্থ ব্যক্তির জ্যেষ্ঠপুত্রে, পৌত্রে বা প্রপৌত্রে তাহা সমর্পিত হইয়া থাকে। পূর্বে বাসনা ভেদে ও তত্ত্যাগ ভেদে আশ্রম ভেদ ও পারমহংস্যভাব সংস্থাপিত হইত, একালে কেবল বেশ মাত্রদ্বারা তাহা হইয়া থাকে। পূর্বে রাজ-

तानि समर्प्यन्ते। पुरा वासना वैलक्षण्यात् तत्त्या-गभेदाच्च आश्रमविशेषः पारमहंस्यभावश्च संस्थापितोऽभवत्, अधुना केवलं वेशमात्रभेदेन सः सः आरोप्यते। पूर्वं राजप्रासादात् दीनकुटीरं यावत् सकलानां गृहस्थानां परामर्श क्रमेण सर्वाणि कर्माणि निरवाह्यन्त, सर्वतोऽधिकयोग्यश्च अध्यक्षतामलभत, इदानी सर्वे स्वेच्छया कार्य्याणि निर्वाहयन्ति, अध्यक्षतामभिकाङ्क्षन्ति।

पुरा वैदिक समाजः राजानुगतः, नृपतयः ब्राह्मण-वशाः ब्राह्मणाश्च बेदादिशास्त्रानुगताः आसन्; अधुना समाजः मनुष्यगणानुगामी, मनुष्या अन्धपरम्परानुगृहीता भवन्ति। पुरा आध्यात्मिक सुख प्राधान्यात् तत्कामनया स्वयं राजराजेश्वरोऽपि भगवत्तत्त्वज्ञजनानां सन्दर्शनेन सिंहासनं परित्यज्य तत्पादग्रहणपूर्बकं प्रणति स्म, स्वीयभगवत्तत्त्व-बोपदेष्टुः शुभविजय-वार्त्ताश्रवणमात्रेण स्वयं बहुदूरमपि गत्वा श्रीभगवन्मूर्त्तिवत् महानन्देन महोत्सवेन स्वालये शुभप्रवेशं कारितवान्। अधुना वैषयिक-सुखप्राधान्यात् अति नीचसकाशेऽपि तादृशाः नराः पशुवत् हेया भवन्ति। इतरे विषयाः वर्णाश्रम वर्णनावसरे वक्ष्यन्ते।

समाजस्य अष्टमी-नवमी-दशमीच दशात्रयी कलियुगमुच्यते। यद्यपि सर्व्वावस्थासु सर्वविधजनानां निखिलव्यापाराणाञ्च सद्भावो विद्यते तथापि अतिबाहुल्याभिप्रायेण एते अवस्था धर्माःकथिताः। यस्मिन् ग्रामे शतसंख्यक लोकेषु नवतिर्जनाः साधवः तद्ग्रामस्थाः सर्वएव साधवो लोकैरुच्यन्ते, यत्र चासाधुबाहुल्यं तत्रस्था असाधवः कथ्यन्ते। अतएव अतिबाहुल्येन यदा समाजे मानवाः सन्तुष्टा दयाशीलाः सर्वसुहृदः शान्ताः, जितेन्द्रिया

গৃহ হইতে দরিদ্র গৃহ পর্য্যন্ত সর্বত্র গৃহস্থ উত্তম ব্যক্তিগণের পরামর্শ মতেই সর্ব্ব কার্য নির্ব্বাহিত হইত এবং যে ব্যক্তি সর্ব্বতোঽধিক যোগ্য হইতেন তিনিই অধ্যক্ষতা লাভ করিতেন. একালে সকলেই নিজ নিজ ইচ্ছানুসারে সকল কার্য্যনির্ব্বাহ করেন, সকলেই অধ্যক্ষতালাভে অগ্রসর হন।

পূর্ব্বে বৈদিক সমাজ রাজানুগত থাকিতেন, নৃপতিগণ ব্রাহ্মণানুসারী থাকিতেন, ব্রাহ্মণগণ বেদাদি শাস্ত্রের আনুগত্য করিতেন, এইকালে তথাকথিত মনুষ্য সমাজ গণানুগত হন মনুষ্যগণও অন্ধপরম্পরানুগত হইয়া থাকেন। পূর্ব্বে আধ্যাত্মিক সুখের প্রাধান্য থাকিত, অতএব আধ্যাত্মিক সুখ-কামনায় স্বয়ং সম্রাট্ও পরম ভাগবত ভগবত্তত্ত্বজ্ঞ মহাজনের সন্দর্শনে সিংহাসন ত্যাগ করিয়া তৎপদগ্রহণপূর্ব্বক প্রণামাদি করিতেন, এবং নিজের শ্রীভগবত্তত্ত্বোপদেষ্টার শুভাগমন বার্ত্তা শ্রবণমাত্রে স্বয়ং বহুদূর পর্য্যন্ত গমনপূর্ব্বক শ্রীভগবন্মূর্ত্তিবৎ মহানন্দে মহোৎসবাদিদ্বারা স্বালয়ে শুভ বিজয় করাইতেন, একালে বৈষয়িক সুখের প্রাধান্য হেতু অতি নীচের সমীপেও তাদৃশ ব্যক্তিগণ পশুবৎ হেয় হইয়া থাকেন। অন্যান্য বিষয় বর্ণাশ্রম ধর্ম্ম বর্ণনে প্রদর্শিত হইবে।

সমাজের অষ্টমী নবমী ও দশমী এই অবস্থাত্রয়কে কলিযুগ বলা হয়। যদ্যপি সর্ব্বাবস্থাতেই সকল প্রকার ব্যক্তির এবং সর্ব্ববিধ ব্যাপারের সমাবেশ লক্ষিত হয় তথাপি অতি বাহুল্যাভিপ্রায়ে উক্ত প্রকারে অবস্থার ধর্ম সমূহ কথিত হইল। যে গ্রামে শতসংখ্যক ব্যক্তির মধ্যে নবতি সংখ্যক ব্যক্তি সাধু, সেই গ্রামের সকল লোকই সাধুকথিত হন, আবার ঐরূপ অসাধু সংখ্যার আধিক্যে গ্রামস্থ সকল ব্যক্তির অসাধু আখ্যা হইয়া থাকে। অতএব বহুলভাবে যেকালে মনুষ্যগণ সন্তুষ্ট, দয়াশীল, সর্ব্ব সুহৃৎ, শান্ত, জিতেন্দ্রিয়, দ্বন্দ্বসহিষ্ণু, আত্মারাম, সমদর্শী এবং যোগাভ্যাসে রত হন,

द्वन्द्वसहिष्णवः आत्मारामाः समदर्शिनः योगाभ्यास-रताश्च भवन्ति, सः कालः सत्यमुच्यते। यदा च लोकाः वाहुल्येन क्रियानिष्ठाः, तपःपराः, नातिहिंस्राः, नातिलम्पटाः, धर्मार्थकाम परायणाः, भूशवेदज्ञा ब्राह्मणाधिकवर्णा भवन्ति सः कालः त्रेतायुगं कथ्यते। यदा यशस्विनः महाशीला, स्वाध्यायरताः धनवन्तः कुटुम्बिनः हृष्टाः क्षत्रियवैश्याधिकवर्णा लोका भवन्ति, सः कालः द्वापरयुगमुच्यते। यदा च मानवाः लुब्धा दुराचारा निर्दयाः शुष्कवैराः, दुर्भगाः, अतितृष्णालवः, शूद्रदासाधिका लोका भवन्ति, सः कालः कलियुगमुच्यते।

अथवा सत्त्वादिगुणानामाधिक्यभेदेन युगाणां नाम भवति। यदा मनोवुद्धीन्द्रियाणि सत्त्वगुणोद्भासितानि लोकानां तपोमयज्ञाने रुचिर्भवति, सः, कालः सत्ययुगम्। यदा च रजोवृत्त्या यशो-युक्त काम्यकर्मसु रतिर्जायते, स एव त्रेतायुगम्। यदा च रजस्तमोवृत्त्या काम्यकर्मस्वपि प्रीतिः लोभः, असन्तोषः मानः दम्भः मत्सरः प्राचुर्य्येण भवन्ति, स एव द्वापरयुगम्। यदा तमोवाहुल्यात् माया, अनृतं तन्द्रा, निन्द्रा, हिंसा, विवादः शोकः मोहः दैन्यं भयं राजन्ते, सः कालः कलियुगमुच्यते।

कृते नराः शान्ता निर्वैराः सुहृदः समा भवन्ति। अतः शमदम सम्वलितौपनिषद्-ज्ञानेन ध्यानेन च भगवन्तमुपासते। द्वितीये नरा धर्मिष्ठा ब्रह्मवादिनो भवन्ति, अतस्त्रय्या विद्यया सर्ब्बवेदमयं श्रीभगवन्तं यजन्ते। द्वापरे मनुजा जिज्ञासवो भवन्ति, अतो वेद-तन्त्र पुराणैः श्रीकृष्णमर्च्चयन्ति। कलौ भक्तिमन्तः सुवुद्धयो नानातन्त्रविधानेन सं-

---

সেই কালকে সত্যযুগ বলা হয়। যেকালে বহুল পরিমাণে মানবজাতি ক্রিয়ানিষ্ঠ ও তপঃপরায়ণ হন, অতিশয় হিংস্র বা লম্পট হন না, ধর্মার্থকামপর হন, অতিশয় বেদজ্ঞ ব্রাহ্মণাধিক বর্ণ হন, সেই কালকে ত্রেতা যুগ বলে। যে কালে মানবগণ বহু সংখ্যায় যশস্বী, মহাশীল, স্বাধ্যায়াধ্যয়নে রত, ধনবান্, কুটুম্বী, হৃষ্ট, ক্ষত্রিয়বৈশ্যাধিক বর্ণ হন, সেই কালকে দ্বাপর যুগ বলা হয়। যে কালে অধিকাংশ মনুষ্য লুব্ধ, দুরাচার, নির্দ্দয়, শুষ্কবৈর, দুর্ভাগ্য, অতিশয় তৃষ্ণালু এবং শূদ্রদাসাধিক হন, সেই কালকে কলিযুগ বলা হয়।

অথবা সত্ত্বাদিগুণত্রয়ের আধিক্যাল্পতা ভেদে সত্যাদি যুগের নাম হইয়া থাকে। যে কালে মানবগণের মন, বুদ্ধি ও ইন্দ্রিয় সকল সত্ত্বগুণে প্রবৃত্ত থাকে, তপোযুক্ত জ্ঞানে রুচি হয়, সেই কালকে সত্যযুগ বলা হয়। যে কালে যশোযুক্ত কাম্যকর্ম্মে রতি হয়, রজোবৃত্তিহেতু সেই কালকে ত্রেতাযুগ বলা হয়। যে কালে কাম্যকর্ম বিষয়েও প্রীতি হয়, এবং লোভ, অসন্তোষ, মান, দম্ভ ও মৎসর প্রভাব বিস্তার করে রজস্তমোবৃত্তিহেতু ঐ কালকে দ্বাপর যুগ বলা হয়। যে কালে মায়া, অনৃত, তন্দ্রা, নিদ্রা, হিংসা বিষাদ, শোক, মোহ, ভয়, দৈন্যাদি সসৈন্যে রাজত্ব করে, অত্যন্ত তামস প্রধান বলিয়া ঐ কালকে কলিযুগ বলা হয়।

সত্যযুগে মনুষ্যগণ শান্ত, নির্বৈর সুহৃৎ এবং সম হন, এই হেতু শম-দম সহিত উপনিষৎ প্রতিপাদিত জ্ঞান এবং ধ্যান দ্বারা শ্রীভগবানের উপাসনা করিয়া থাকেন। ত্রেতাযুগে লোকগণ ধর্মিষ্ঠ ও ব্রহ্মবাদী হন, অতএব ত্রয়ী বিদ্যাদ্বারা সর্ববেদময় রূপে শ্রীভগবানের যজন করিয়া থাকেন। দ্বাপরযুগে তাঁহারা জিজ্ঞাসু হন, অতএব বেদ, তন্ত্র এবং পুরাণদ্বারা শ্রীভগবানের অর্চন করিয়া থাকেন। কলিযুগে ভক্তি যুক্ত সুবুদ্ধি ব্যক্তিগণ নানা তন্ত্র বিধান দ্বারা সংকীর্ত্তন বহুল যজ্ঞে তদ্‌যুগোপাস্য শ্রীভগবানের যজন করেন।

গুণজ্ঞ সারভাগী আর্য্যগণ কলিযুগের প্রশংসা

कीर्त्तन-प्रायैर्यज्ञै स्तद्युगोपास्यं भगवन्तं यजन्ति। गुणज्ञा सारभागिनः आर्य्याः कलियुगं प्रशंसन्ति, यत्र केवलेन संकीर्त्तनेनैव सर्वस्वार्थो लभ्यते। यतः सत्यादियुगसम्भवा अपि कलौ सम्भूतिमिच्छन्ति। कलौ प्रजाः क्वचित् क्वचित् केऽपि नारायणपरायणा भवन्ति। सर्वदोषार्णवस्यापि कलेरेको महान् गुणोऽस्ति केवलेन कृष्णकीर्त्तनेन संसारबन्धो मुच्यते भगवद्धाम्नि च गम्यते। कृते ध्यानेन, त्रेतायां मखैः, द्वापरे परिचर्यया यल्लभ्यते, कलौ तद्धरिकीर्त्तनेन प्राप्यते। कलिप्रजाः दुर्वलाद्दुर्बलतरा दृष्ट्वा श्रीभगवान् एवं प्रसीदति। तथापि स्वल्पसंख्यकान् विना कलिमानवाः पाषण्डसिद्धान्तैर्विकृतमतयः केवलेन संकीर्त्तनेनापि समग्रविश्वपरमाचार्य्याखिलभूवन नाथ-पूज्यपादाम्वुजं श्रीभगवन्तं न यजन्ति।

अथ समाजस्य दशमीदशा कलियुगान्तिमावस्था वर्ण्यते। तदा नृपतयोऽधर्मानृतपराः फल्गुप्रदाः अति कोपनाश्च भवन्ति। स्त्री-बाल-गो-ब्राह्मणान् घ्नन्ति परस्त्रियं परधनं हरन्ति, अतः स्वल्पबला अल्पायुष्काश्च भवन्ति। तेषामुदये एवास्तमितावस्था जायते। संस्कार-क्रियावर्जिता रजस्तमोगुणावृता म्लेच्छराजन्याः प्रजारक्षणमविधाय भक्षणमेवाचरन्ति। नरपालानां यथाचारः स्वभावः भाषादयः, प्रजानामपि ते तथा भवन्ति। अनन्तरं ते राजभिः परस्परं च पीड़िताः क्षयं प्राप्नुवन्ति। क्रमेण वेदादिशास्त्रसिद्धान्ताः, तत्-कथिताचाराश्च अत्यन्त तिरस्कृता भवन्ति। अत एव सर्वे मानवा म्लेच्छाकारे परिणमन्ति। वेदादि-

---

করেন, যে যুগে কেবল সঙ্কীর্ত্তনদ্বারা সর্বস্বার্থ লাভ হয়। সেহেতু সত্যাদি যুগের প্রজাগণও কলিযুগে সম্ভবেচ্ছা করিয়া থাকেন। কলিযুগে প্রজাগণের মধ্যে ক্বচিৎ ক্বচিৎ কেহ কেহ নারায়ণ পরায়ণ হন। কলিযুগ দোষের সমুদ্র হইলেও ইহার এক মহান্ গুণ আছে, যেহেতু একমাত্র শ্রীকৃষ্ণের কীর্ত্তন হইতে সংসার বন্ধন মুক্ত হয় এবং শ্রীভগবদ্ধামে গমন সম্পন্ন হয়। সত্য-যুগে ধ্যান দ্বারা, ত্রেতায় যজ্ঞ সমূহ দ্বারা যজন করিয়া এবং দ্বাপর যুগে পরিচর্য্যাদ্বারা যাহা লাভ হয়, কলিতে কেবল হরি-কীর্ত্তনদ্বারা তাহাও পাওয়া যায়। কলিযুগের প্রজাগণকে দুর্ব্বল হইতে অতি দুর্বল দেখিয়া শ্রীভগবান্ এই প্রকার অনুগ্রহ প্রকাশ করিয়া থাকেন। তথাপি অত্যল্প সংখ্যক ব্যক্তি ভিন্ন কলিযুগের প্রজাগণ পাষণ্ড সিদ্ধান্তদ্বারা বিকৃত চিত্ত হইয়া. কেবল সঙ্কীর্ত্তন দ্বারাও অখিল বিশ্বের পরমাচার্য্য অখিলভুবনৈক-নাথ পূজ্যপদাম্বুজ শ্রীভগবানের যজন করেন না।

অতঃপর সমাজের দশমী অবস্থা বা কলি-যুগের শেষাবস্থা বর্ণিত হইতেছে। উক্ত প্রকারে নৃপতিগণ অধর্ম-অনৃতপর, ফল্গুপ্রদ এবং অতিশয় কোপন স্বভাব হন। স্ত্রীহত্যা, বালকবধ, গো বিনাশ ও যাজ্ঞিক ধ্বংস করেন, পরদার ও পরস্ব-হরণ করেন, অতএব অল্পবল ও ক্ষীণায়ুষ্ক হন। অতএব তাঁহাদের উদয়মাত্রে অস্তমিতাবস্থা হইয়া থাকে। সংস্কারবর্জিত, ক্রিয়াহীন, রজস্তমোগুণে আবৃত ম্লেচ্ছরূপী রাজন্যগণ প্রজা রক্ষণের পরি-বর্ত্তে তাহাদিগকে ভক্ষণই করিয়া থাকেন। নৃপতির যে প্রকার স্বভাব, যেরূপ আচার, যেমন ভাষা, প্রজাগণেরও সেই সমস্তই হয়। পরে তাঁহারা রাজগণ কর্ত্তৃক এবং পরস্পর পীড়িত হইয়া ক্ষয়প্রাপ্ত হন। ক্রমে বেদাদিশাস্ত্র, সিদ্ধান্ত ও তদুক্ত আচার সকল অত্যন্ত তিরস্কৃত হন। অত এব সকল ব্যক্তিই একমাত্র ম্লেচ্ছাকারে পরিণত হয়। বেদাদি শাস্ত্রের বিরোধী, তদুক্ত সর্বাচার-হীন, গো—খাদকগণকে ম্লেচ্ছ বলা হয়। উক্ত

शास्त्र विरुद्धवादिनः, तदुक्त सर्वाचार विहीनाः गोखादका एव म्लेच्छा उच्यन्ते। म्लेच्छाश्च बहुभिः सम्प्रदायैर्विभक्ताः। महर्षि विश्वामित्रेण अभिशप्तास्तत्पुत्रा म्लेच्छत्वं गताः, एवमन्यैश्च ऋषिभिः शप्ताः शिष्याः पुत्रादयो वा म्लेच्छत्वं प्राप्ताः। आर्य्य समाजं प्रति द्वेषं प्रकाश्य यथेच्छाचारं प्रकल्प्य तत्सम्प्रदायात् कलौ अपरस्य कस्यचित् म्लेच्छगणस्योद्भवोऽभवत्।

श्रीऋषभदेवस्य पारमहंस्यं धर्ममवलोक्य अर्हन्नामा नृपतिर्वैदिकाचारपरिहारेण तादृश मार्गं परिचालयति स्म। तन्मार्गस्था जना आर्हता जैना वा म्लेच्छेषु गणिताः। कलौ तदपभ्रंशेन पुनः सम्प्रदायान्तरं, भूयस्तदपभ्रंशेनान्यः कश्चिद्गणः सम्भूतः कलिप्रारम्भे श्रीभगवान् बुद्धरूपेणावतीर्णः असुरान् सम्मोहयति, तच्छिष्यानुशिष्या अपि म्लेच्छनाम्ना अभिहिता भवन्ति। इन्द्रादिदेवैरवज्ञातो देवाचार्यो बृहस्पतिर्नास्तिकशास्त्रं प्रणीतवान् तदनुगताः चार्वाकाः तच्छिष्यानुशिष्याश्च म्लेच्छान्तर्भूता एव। अपरे ये जनाः स्वातन्त्र्येण वेदविरुद्धवादिनः तद्विहिताचारहीना गोखादकाश्च, तेऽपि म्लेच्छा इति नाम धारयन्ति। पूर्वोक्तं धूर्तगणत्रयमपि न व्यक्तं म्लेच्छं, परं प्रच्छन्नम्लेच्छं भवति। यतस्ते गूढ़म् अवैदिकवादिनस्तदाचाररहिताश्च जायन्ते। यथार्थ-पतितेभ्योऽपि कपटाचारिण्योऽतिगर्हिताः। यतः पतितास्तु स्वयं नष्टाः, किन्तु कपटिनः स्वयं नष्टा, अन्यानपि नाशयन्ति। कपटिन एव धर्मध्वजिनः; एते निखिलात् दुर्वृत्तगणात् निकृष्टाः।

अत्र द्विजातिभेदकथनेनालम्। द्विजेभ्यः शूद्राः

ম্লেচ্ছগণ বহু সম্প্রদায়ে বিভক্ত। মহামুনি বিশ্বামিত্র কর্তৃক অভিশপ্ত তৎপুত্রগণ ম্লেচ্ছভাব প্রাপ্ত হন, এই প্রকার অন্যান্য মহর্ষিগণের অভিশাপগ্রস্ত শিষ্য ও পুত্রাদিগণ তদ্ভাব লাভ করিয়াছেন। আর্য্যগণের প্রতি দ্বেষভাব পোষণপূর্বক যথেচ্ছাচার কল্পনা করিয়া সেই সম্প্রদায় হইতে কলিযুগে অন্য এক ম্লেচ্ছ সম্প্রদায় উৎপত্তি লাভ করে।

শ্রীঋষভদেবের পারমহংস্য ধর্ম দর্শন করিয়া অর্হৎনামক রাজা বৈদিকাচার ত্যাগপূর্ব্বক তাদৃশ মার্গের পরিচালনা করেন, তন্মার্গাবলম্বিগণ আর্হত বা জৈন নামে খ্যাত হন। ইহারাও ম্লেচ্ছমধ্যে পরিগণিত হন। কলিযুগে তদপভ্রংশে অন্য এক ম্লেচ্ছসম্প্রদায়ের উৎপত্তি হয়, তদপভ্রংশে আরও এক সম্প্রদায়ের আবির্ভাব হয়। কলিযুগের প্রারম্ভে শ্রীভগবান্ বুদ্ধরূপে অবতীর্ণ হইয়া অসুরগণের সম্মোহন করিয়া থাকেন, তচ্ছিষ্যানুশিষ্যগণও ম্লেচ্ছনামে পরিচিত হন। ইন্দ্রাদি দেবগণ কর্তৃক অবজ্ঞাত হইয়া দেবাচার্য বৃহস্পতি নাস্তিক শাস্ত্রের প্রাকট্য করেন, তদনুগত চার্বাক প্রভৃতি ও তাহাদের শিষ্যানুশিষ্যগণ ম্লেচ্ছান্তর্ভুক্ত। অপর যে সকল ব্যক্তি স্বতন্ত্রভাবে বেদবিরুদ্ধ বাদী, বৈদিকাচারহীন এবং গোখাদক, তাঁহারাও ম্লেচ্ছনাম ধারণ করিয়া থাকেন। পূর্বোক্ত ধূর্তগণত্রয় ব্যক্তভাবে ম্লেচ্ছ না হইলেও প্রচ্ছন্ন ম্লেচ্ছ, যেহেতু তাঁহারা প্রচ্ছন্নভাবে বেদবিরুদ্ধবাদী এবং বৈদিকাচার ত্যাগী হন। প্রকৃত পতিত ব্যক্তি হইতে কপটাচারী অতিগর্হিত, কারণ পতিত ব্যক্তি কেবল একাকী নষ্ট হন, কিন্তু কপটাচারী স্বয়ং ত নষ্ট হইয়াছেন, পুনরায় অন্য ব্যক্তিগণকেও নষ্ট করেন। এই কপটাচারী ব্যক্তিগণকে ধর্মধ্বজী বলা হয়। ইহারাই সকলপ্রকার ব্যক্তি হইতে নিকৃষ্ট, ইহাদের অপেক্ষা অপর নিকৃষ্ট কেহই নাই।

এস্থলে দ্বিজাতিভেদ বলিবার প্রয়োজন নাই। দ্বিজ হইতে শূদ্র নিকৃষ্ট, তাহা হইতে অন্ত্যজ, তাহা হইতে অন্ত্যাবসায়ী, তাহা হইতে ম্লেচ্ছ,

निकृष्टाः, ततोऽन्त्यजाः, ततोऽन्त्यावासयिनः, ततो म्लेच्छाः, ततो नास्तिकाः ततोऽपि धर्मध्वजिनः। शूद्रस्य सदाचारोऽस्ति, अन्त्यजस्य नास्ति। अन्त्यावसायी ततोऽपि नीचकर्मी किन्तु वैदिक-मार्गानुगतः। म्लेच्छस्तदानुगत्यं नाङ्गीकरोति, तथापि कल्पितशास्त्र सम्मत्या परमेशं मानयति। नास्तिकाः त्रिविधाः, यथा—वेदनास्तिकाः, ईश्वर-नास्तिकाः, धर्मनास्तिकाः। म्लेच्छाः वेदनास्तिकाः, वेदं न मानयन्ति, परं ईश्वरं धर्मं चाङ्गीकुर्वन्ति। वौद्धाः धर्मं स्वीकुर्वन्ति, न वेदं नेश्वरं वा, अतो वौद्धा वेद-नास्तिकात् हीनाः। चार्वाकाः त्रयमेवास्वीकुर्वन्ति, अतो वौद्धादपि नीचाः। चार्वाकात् धर्मध्वजिनोऽतिनिकृष्टाः यथा पूर्वोक्त-प्रकारेण तेभ्योऽधिकमनिष्टं जायते। उत्तमलिङ्गिनोऽपि तद्विहिताकर्त्तारो धर्मध्वजिन उच्यन्ते। केवलं पूज्यता ख्यातिमर्जयितुं विहितानुष्ठानमृते वेषमात्रेण धर्मध्वजवत् प्रदर्शनकारिण एव ते इति तात्पर्य्यम्।

समाजस्य नवम्यामवस्थायां प्रोक्तम्लेच्छ-सम्प्रदायेभ्यः अपरः कश्चित् सत्यान्वेषी वर्ग उदेति। स वर्गः सर्वेषां निखिलसिद्धान्तानाकर्ण्य पश्चात् प्रकृतसत्यं समुद्धरति। सः वर्ग परिशेषे वैदिकार्य्यसिद्धान्तानेव सर्वमूलरूपेण प्रकृतसत्यमिति गृह्णाति। प्रोक्ताः म्लेच्छसम्प्रदायाः प्रति-कलियुगमेवाविर्भवन्ति। इत्यत्र न सन्देहः। यतो मूलाचार्य्या एषां परमेशशक्त्याविष्टा भवन्ति। तं विना कोऽपि सम्प्रदायः सुदीर्घस्थायी, बहु समादृतश्च न भवेत्।

अत्राशङ्का सम्भवति—नास्तिकसम्प्रदायाविर्भावे परमेश-शक्त्यावेशेन किं प्रयोजनम्? तत्रोत्तरं—

তাহা হইতে নাস্তিক, তাহা হইতে ধর্মধ্বজী নিকৃষ্ট হইয়া থাকে। যেহেতু শূদ্রেরও সদাচার আছে, অন্ত্যজের তাহা নাই, অন্ত্যাবসায়ী তাহা হইতে নিকৃষ্ট কর্মকারী, কিন্তু বৈদিকমার্গের অনুগত। ম্লেচ্ছ বেদানুগত্য স্বীকার করেন না, তথাপি কল্পিত শাস্ত্রানুসারে পরমেশ্বর স্বীকার করেন। নাস্তিক ত্রিবিধ—বেদনাস্তিক, ঈশ্বরনাস্তিক ও ধর্মনাস্তিক। ম্লেচ্ছ বেদনাস্তিক, বেদ মানে না, কিন্তু ঈশ্বর ও ধর্মস্বীকার করে, বৌদ্ধ ধর্মমাত্র স্বীকার করে, বেদ ও ঈশ্বর স্বীকার করে না, অতএব বৌদ্ধ বেদনাস্তিক হইতেও নিকৃষ্ট। চার্বাক বেদ, ঈশ্বর, বা ধর্ম কিছুই স্বীকার করে না, অতএব বৌদ্ধ অপেক্ষা চার্বাক নিকৃষ্ট। চার্বাক হইতেও ধর্মধ্বজী নিকৃষ্ট, যেহেতু তদ্দ্বারা পূর্বোক্ত প্রকারে অধিক অনিষ্ট ঘটিয়া থাকে। যে ব্যক্তি উত্তমের বেশ ধারণ করে, কিন্তু তদযোগ্য আচারাদি পালন করে না, তাহাকে ধর্মধ্বজী বলা হয়, অর্থাৎ যে ব্যক্তি কেবল পূজ্যতা-খ্যাতি লাভাশায় বিধিপূর্বক অনুষ্ঠান ব্যতিরেকে বেশমাত্র দ্বারা ধর্মকে ধ্বজবৎ প্রদর্শন করেন।

সমাজের নবমী অবস্থাতে উক্ত ম্লেচ্ছ-সম্প্রদায় সকল হইতে অন্য এক সত্যান্বেষী সম্প্রদায় আবির্ভূত হন, সেই সম্প্রদায় সকল ব্যক্তির নিখিল সিদ্ধান্ত শ্রবণ করিয়া তন্মধ্যে প্রকৃত সত্য কি, তাহা সমুদ্ধার করিয়া থাকেন। উক্ত সম্প্রদায় সর্বশেষে বৈদিক আর্য সিদ্ধান্তকেই সর্বমূল প্রকৃত সত্যরূপে স্বীকার করেন। উক্ত ম্লেচ্ছ সম্প্রদায় সমূহ প্রতিকলিযুগেই আবির্ভূত হন, এই বিষয়ে কোনরূপ সংশয় কর্তব্য নহে, যেহেতু ইহাদের পরমমুলাচার্য্যগণ শ্রীপরমেশ্বরের শক্ত্যাবিষ্ট হন, পরমেশ্বর-শক্তির আবেশ ব্যতিরেকে কোন সম্প্রদায়ই অতিদীর্ঘজীবী এবং বহুজন সমাদৃত হইতেই পারে না।

এস্থলে আশঙ্কা হইতে পারে,—নাস্তিক সম্প্রদায়ের আবির্ভাবে পরমেশ্বরের শক্ত্যাবেশে প্রয়োজন কি? উক্ত বিষয়ে উত্তর এই যে,—নাস্তিক

नास्तिकाः खलु वैदिकार्य्यरूप-सारोद्धारे कण्डनी-सूर्पादितुल्याः, अन्यथा असारमिश्रीभावेन सारभूतानां मालिन्यं सम्भवेत्। तत्तदधिकारे प्रवृत्तास्तदयोग्यात्, तथा सद्वेषाच्छन्न नास्तिकात् वेदोऽपि विभेति। अतएव सत्सम्प्रदायेषु असत्स्वभाव-प्रवेशनिवारणायैव परमेशो नास्तिकान् आविर्भावयति। नास्तिकानां मध्येऽपि तारतम्यं विद्यते, पूर्णनास्तिकेषु अर्द्धनास्तिकाविर्भावेन तेषां मङ्गलं क्रियते। तदा परमविज्ञाः पुनर्वर्णाश्रमधर्मस्य समुद्धारे यतन्ते, किन्तु सफला न भवन्ति।

यस्मिन्काले सत्कौलिन्यं, साधुसङ्गः, सदुपदेशः, महत्सेवनञ्चातिदुर्लभं तदा कथं सत्कर्मानुष्ठानं सम्भवेत्? यदा असतो जन्म, असत्सङ्गः असदुपदेशः असत्सेवनञ्चातिसुलभं अवश्यम्भवनीयम् अपरिहार्य्यञ्च, तदा सत्कर्माचरणं असत् कर्मपरिहारश्च कथं वा सम्भवेत्। यत्काले महापुरुष कृपाशा नास्ति, तत्समीपे अपराधः प्रतिक्षणं तदवज्ञा नित्यनैमित्तिकी, तत्काले मङ्गलाकाङ्क्षा कथं वा सम्भवेत्। यदा यथार्थ महापुरुषे पशुमतिः धूर्त्ते च महापुरुषबुद्धिस्तदा स्वश्रेयसं दुरापास्तम्। यदा शास्त्र-सिद्धान्तेषु अनादरः, सद्युक्तिषु जुगुप्सा, अन्धपरम्पराया महापूजा, तदा भविकाशा असम्भाविता। यदा जीवमहिमा श्रीभगवन्माहात्म्यं, जननेन्द्रियगौरवं अथवा अस्थिचर्मोत्कर्षः सद्गुणान् सदाचारान्, वेषमात्र माहिमा विवेक-वैराग्य-योग-भगवत्प्रीतिञ्च ग्रसति, तदा कुशलसम्भावनो कथम्। अतएव तदवस्थायां बहुश्रमेनापि पुनर्वर्णाश्रमधर्माः न संस्थाप्यन्ते।

সম্প্রদায় সকল বৈদিক আর্য্যগণরূপ সারোদ্ধার করিবার জন্য কণ্ডনী ও শূর্পাদি সদৃশ হন, অন্যথায় অসার-মিশ্রীভাব দ্বারা সারভূতগণের মালিন্যের সম্ভাবনা হয়। তত্তদধিকারে প্রবৃত্ত তদযোগ্য ও সদ্বেশাবৃত নাস্তিক—এই দুই প্রকার ব্যক্তিকে বেদও ভয় করেন। অতএব সৎসম্প্রদায় মধ্যে অসৎস্বভাবের প্রবেশনিবারণোদ্দেশে পরমেশ্বর নাস্তিক সম্প্রদায়েরও আবির্ভাব করেন। নাস্তিক সম্প্রদায় সমূহের মধ্যেও অবশ্য তারতম্য আছে পূর্ণ নাস্তিকের মধ্যে অর্দ্ধনাস্তিকের আবির্ভাব দ্বারা পূর্ণনাস্তিকের মঙ্গল করা হয়। উক্ত অবস্থাতে পরম বিজ্ঞ ব্যক্তিগণ পুনর্বার বর্ণাশ্রমধর্ম সমুদ্ধারের চেষ্টা করেন, কিন্তু কৃতকার্য হইতে পারেন না।

যে কালে সৎব্যক্তি হইতে জন্ম, সৎসঙ্গ, সদুপদেশ এবং মহৎসেবন অতিদুর্লভ; সেকালে সৎকর্মের অনুষ্ঠান কি প্রকারে হইতে পারে? যে কালে অসৎ ব্যক্তি হইতে জন্ম, অসৎসঙ্গ, অসদুপদেশ এবং অসৎসেবন অতিসুলভ, অবশ্যম্ভবনীয় এবং অপরিহার্য্য, সেকালে সৎকর্মের আচরণ ও অসৎকর্মের পরিহার কি প্রকারে হইতে পারে? যে কালে মহাপুরুষগণের অনুগ্রহের আশা নাই, মহাপুরুষ সমীপে অপরাধে ক্ষণে ক্ষণে তাঁহাদের অবজ্ঞা নিত্যনৈমিত্তিক হইতেছে, সে কালে মঙ্গলের আশা কি প্রকারে করা যাইতে পারে? যে কালে প্রকৃত মহাপুরুষে পশুবুদ্ধি এবং ধূর্ত্তে মহাপুরুষ বুদ্ধি সে কালে মঙ্গলের আশা কোথায়? যে কালে শাস্ত্রসিদ্ধান্তের অবজ্ঞা, সদ্যুক্তিতে ঘৃণা এবং অন্ধপারম্পর্য্যের মহাপূজা, সে কালে মঙ্গলের প্রতীক্ষা সুদূরপরাহত। যে কালে জীবমাহাত্ম্য, শ্রীভগবন্মহিমাকে গ্রাস করে, জননেন্দ্রিয়মাহাত্ম্য অথবা অস্থিচর্ম্মাদির গৌরব—সদ্গুণ ও সদাচারকে গ্রাস করে, বেশমাত্রের মাহাত্ম্য বিবেক, বৈরাগ্য, যোগ ও ভগবৎ-প্রীতিকে অভিভূত করে, সে কালে কিরূপে মঙ্গলের প্রত্যাশা থাকিতে পারে? অতএব উক্তাবস্থাতে বহু প্রযত্নেও পুনরায় বৈদিক বর্ণাশ্রমধর্মের প্রতিষ্ঠা করিতে কেহ পারে না।

तदा प्रागवत् स्वभावाचारशीलानां समवायैः पृथक् पृथक् ब्राह्मणक्षत्रियादि समाजेऽविद्यमानेऽपि स्थाने स्थाने अन्यस्वभावाचार विशिष्टानां मध्ये तत्तत् सद्भावंस्तिष्ठति,-अतएव तत्तत्स्वभावाचारशीलास्तत्तद्वर्णत्वेन स्वीक्रियन्ते। तदा वैदिकयज्ञानामसद्भावेऽपि व्यक्ति विशेषेषु तान्त्रिक-नाम-संकीर्त्तनादिमय यज्ञानां विद्यमानता तिष्ठति। तदनुसारेण तेषां द्विजत्वं स्वीक्रियते, किन्तु सर्वसम्मत्यभावात् तत्तद्वर्णस्वभावो न व्यज्यते। एतद्विषयकसिद्धान्तः अतःपरं प्रदर्श्यते। अत्र प्रयोजनाभावः।

समाजस्य नवम्यां दशम्यां चावस्थायां मानवा अतीवासदाचारस्वभावा इति तैः वैदिक-स्मार्त्त-सांख्य-ज्ञानविज्ञान-योगयज्ञानामनुष्ठानं न भवेत्, श्रीभगवदर्चनादिरपि यथाविधिर्न घटेत, अतएव केवलं श्रीभगवन्नामकीर्त्तनमययज्ञ एव सर्वमङ्गलदाता। अतः शास्त्रे कथितं कलौ श्रीहरिनामसंकीर्त्तनमन्तरेण नास्ति कापि जीवसद्गतिः, तथापि भाग्यहीनानां श्रीहरिनामसंकीर्त्तनादौ मतिर्न भवेत्।

समाजस्य दशम्यामवस्थायां मानुषाणाम् एवमवनतिं दृष्ट्वा श्रीभगवान् शक्त्यावेशेनावतीर्णो भवति। साधूनां त्राणाय, दुष्कृतां विनाशाय धर्मसंस्थापनाय च स्वयं श्रीभगवान् प्रतिकल्पम् अवतरति। यदा यदा धर्मग्लानिः अधर्माभ्युदयश्च, तदा तदा सोऽंशानवतारयति। कस्मिंश्चित् परमभागवते महापुरुषे श्रीभगवच्छक्तेः आवेशो भवेत्; तस्मिन् सर्वशास्त्रीयज्ञानानि उद्भयन्ति, अलौकिकबलस्य अप्राकृतसम्पत्तेश्च प्रकाशः सञ्जायते। तेन श्रीभगवान्

এই অবস্থাতে পূর্ববৎ সমান স্বভাবাচারবিশিষ্ট ব্যক্তিগণ দ্বারা পৃথক্ পৃথক্ ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি সমাজ না থাকিলেও স্থানে স্থানে অন্য স্বভাবাচারবিশিষ্ট ব্যক্তিগণমধ্যে তত্তৎস্বভাবাচারশীল ব্যক্তির সদ্ভাব থাকে। অতএব তত্তৎস্বভাবাচারবিশিষ্ট ব্যক্তিও তত্তদ্বর্ণরূপে স্বীকৃত হন। একালে বৈদিক কর্মময় যজ্ঞের সদ্ভাব না থাকিলেও তান্ত্রিক নামসংকীর্ত্তনাদিময় যজ্ঞের সদ্ভাব ব্যক্তিবিশেষে থাকে, তদনুসারে দ্বিজত্ব স্বীকার হইয়া থাকে, কিন্তু সর্বসম্মতির অভাবে তত্তদ্বর্ণভাব ব্যক্ত হয় না। এই বিষয়ক সিদ্ধান্ত পরে প্রদর্শিত হইবে, এস্থানে তৎপ্রদর্শনের প্রয়োজন নাই। সমাজের নবমী ও দশমী অবস্থাতে মনুষ্য সমাজ অতিশয় অসৎ স্বভাব ও অসদাচার হওয়ায় তাহাদের কর্তৃক বৈদিক, স্মার্ত, সাংখ্য জ্ঞানবিজ্ঞানময় এবং যোগময় যজ্ঞের অনুষ্ঠান হইতে পারে না, যথাবিধি শ্রীভগবদর্চনাও সম্ভব হয় না, অতএব কেবল শ্রীভগবন্নাম-সংকীর্ত্তনময় যজ্ঞই সর্বমঙ্গল প্রদ। এইহেতু শাস্ত্রে কথিত আছে—কলিযুগে শ্রীহরিনাম ব্যতিরেকে আর কোন প্রকারে জীবের সদ্গতি নাই, তথাপি ভাগ্যহীন ব্যক্তিগণের শ্রীহরিনাম সংকীর্ত্তনাদিতে মতি হয় না।

সমাজের দশমী অবস্থাতে উক্ত প্রকারে মনুষ্যগণের অবনতি দেখিয়া শ্রীভগবান্ শক্ত্যাবেশ দ্বারা অবতীর্ণ হন। সাধুগণের পরিত্রাণ, দুষ্কর্মকারিগণের বিনাশ এবং ধর্মসংস্থাপনের উদ্দেশ্যে স্বয়ং শ্রীভগবান্ যুগে যুগে অবতীর্ণ হইয়া থাকেন। যে যে কালে ধর্মের গ্লানি এবং অধর্মের অভ্যুত্থান হয়, সেই সেই কালেই ভগবদংশ অবতীর্ণ হন। কোন পরম ভাগবত মহাপুরুষে শ্রীভগবানের শক্ত্যাবেশ হয়, সেই ব্যক্তিতে সর্বশাস্ত্রীয় জ্ঞানের উদয় হয়; লোকাতীত বল ও সম্পত্তির আবির্ভাব হয়। তদ্দ্বারা শ্রীভগবান্ উপনিষৎ প্রতিপাদিত তত্ত্বজ্ঞানের উপদেশ প্রদান করেন। যে সকল ব্যক্তি তৎপাদপদ্মসেবাপরায়ণ হন, তাঁহারাই তদুপদেশ গ্রহণে সমর্থ হন, অন্য ব্যক্তিগণ তদুপ-

सर्वत्रौपनिषदज्ञानस्य उपदेशं वितरति। तत्पाद-राजीवैकान्त-शरणा एव तदुपदेशादाने समर्था भवन्ति, नान्ये। प्रत्युत स्वीयदुर्दैववशात् अर्थ-काम-विरोधिज्ञानेन ते श्रीभगवन्तं संहर्त्तुमेवा-क्रमन्ति। श्रीभगवानपि स्वभक्तवर्गवेष्टितो महा-संहारे प्रवर्त्तते, स्वभक्तमृते एकोऽपि नावशिष्यते। अयं म्लेच्छसंहारकः श्रीभगवान् कल्किनाम्नाभि-धीयते। यदा पृथिवी स्वाहा-स्वधा-वषट्रहिता श्रीहरिवार्त्तावर्जिता च भवति, तदैव कल्केरवतारः।

अत्र तर्कावसरो यथा—श्रीभगवान् कथमेवं मानुषान् संहरति, विज्ञाः कदापि नरान्न घ्नन्ति, शिक्षणादिना तेषामुन्नतिः कर्त्तव्या। तत्पक्षादा-क्रान्तःसन् एवं करोतीति न वक्तव्यम्, यतो जनानां चित्तनैर्मल्य-सम्पादने योग्यता-सम्प्रदाने च तस्य शक्तिरस्ति इति।

अत्रोत्तरं—यत्र कश्चिदपरमाक्रामति तत्राक्रान्तो जनः आक्रमणकारिणं कथमुपदिशेत्! तन्न। स्वय-मुद्यमी भगवान् नोपदिशेत्, तस्मिन् कृते विश्वे-ऽस्मिन् अन्यायवान् न तिष्ठेत्। कर्त्तव्या-कर्त्तव्ययो ज्ञातव्याज्ञातव्ययोर्विचारः न्याय उच्यते। तदनुकूलाचरण-शीलो हि न्यायवान्। तद्विपरी-तो जनोऽन्याय-कृत्। अत्र श्रीभगवान् पालकः राजस्थानीयः। दुष्टशासनं राज धर्मः, तद्विना साधुरक्षा न भवति, सद्रक्षणमेव विश्वपालनम्। असतां संहाराद्दृते सतां रक्षण न सम्पद्यते। असतां जनानां अल्पायासेनोत्तमत्वप्रापणमसम्भम्। (यद्देहाध्यासादेव तेषां दुष्टत्वचरमावस्था तद्देह-पातनमेव तेषां प्रकृतो दण्डः।) अतः कल्यन्ते पुनः

দেশ গ্রহণে সমর্থ হন না। প্রত্যুত স্বকীয় দুর্দৈব-বশে অর্থকাম-বিরোধিজ্ঞানে শ্রীভগবানের সংহারা-ভিপ্রায়ে আক্রমণ করেন। শ্রীভগবানও স্বভক্ত পরিবেষ্টিত হইয়া মহাসংহারে প্রবৃত্ত হন, স্বভক্ত ব্যতিরেকে অন্য একজনও অবশিষ্ট থাকে না। এই ম্লেচ্ছসংহারক শ্রীভগবান্ কল্কি নামে খ্যাত হন। যে কালে এই পৃথিবী স্বাহা, স্বধা, বষট্ ইত্যাদি বাক্য রহিতা এবং শ্রীহরিকথা পরিবর্জিতা হন, তৎকালেই শ্রীকল্কিদেবের আবির্ভাব হয়।

এস্থলে তর্ক হইতে পারে—শ্রীভগবান্ এই প্রকারে মনুষ্য সংহার করেন কেন? বিজ্ঞব্যক্তিগণ কদাপি মনুষ্যহত্যা করেন না, শিক্ষাপ্রদান ও উপদেশ প্রভৃতি দ্বারা তাহাদিগকে উন্নত করা কর্তব্য হয়। সেই পক্ষ হইতে আক্রমণ হেতু ভগবান্ এইরূপ করেন, ইহাও বলা যায় না। যেহেতু ভগবানের লোকের চিত্ত নির্মল করিবার এবং যোগ্যতা সম্প্রদান করিবার শক্তি আছে। ইতি। ইহার উত্তর—

যে স্থলে একব্যক্তি অন্যব্যক্তিকে আক্রমণ করে, সে স্থলে আক্রান্তব্যক্তি আক্রমণকারীর প্রতি কি প্রকারে উপদেশ বা শিক্ষা প্রদান করিতে পারেন? তাহা কদাপি হইতে পারে না, তাহা হইলে এই বিশ্বে অন্যায়কারী ব্যক্তি থাকিতে পারিত না। কর্তব্যাকর্তব্য ও জ্ঞাতব্য অজ্ঞাতব্য বিচারকেই 'ন্যায়' বলা যায়। ন্যায়পূর্বক যে ব্যক্তি কার্য্য করে তাহাকে ন্যায়কারী বলা হয়। তদ্বিরুদ্ধ আচরণ-শীলকে অন্যায়কারী বলা হয়। এস্থলে ভগবান্ পালক হওয়ায় রাজস্থানীয়। রাজকর্তব্য দুষ্টশাসন, দুষ্টশাসন ব্যতীত সদ্ব্যক্তির রক্ষা হয় না, সদ্ব্যক্তির রক্ষাকেই বিশ্বরক্ষা বলা যায়। অসদ্ব্যক্তির সংহার না করিলে সদ্ব্যক্তির রক্ষা হয় না, অসদ্ব্যক্তিকে অল্পা-য়াসে উত্তম করিতে পারা যায় না। অতএব কলি-যুগের শেষে পুনর্বার সত্যযুগের প্রচারার্থ দুষ্টবিনাশ রূপ শাসনের প্রয়োজন হইয়া থাকে। পূর্বে অসৎ-সংহারই অসৎশাসনরূপে পরিগণিত হইত, যেহেতু

कृतयुग-प्रकाशनार्थं दुष्टसंहार-शासनेन प्रयोजनम्। पुरा असत्संहार एव तेषां शासनं पर्य्यगण्यत, यतोऽसद्बीजादसत उत्पत्तिः, क्रमेण असद्बाहुल्येन सतां मालिन्यं पीड़नं विनाशो भवन्ति।

यदा-प्रभृतिरसतां संहारस्य परिवर्त्तेन लघुदण्डः प्रयुज्यते तदा प्रभृति तेषां बृद्धिरारब्धा। क्रमेण कलियुगान्ते प्रायेण सर्व्वे जना असद्रूपेण परिणंस्यन्ते। एषां संहारं विना पुनः सत्समाजाविर्भावोऽसम्भव एव। असद्भ्यः सज्जनानां नोद्भवः सम्भवेत्। केवलया श्रीहरिभक्त्या विनासत्स्वभावं सत्स्वभावे परिणमय्य असाधुं साधुं कारयितुमन्येषां शक्तिर्नास्ति। श्रीहरिभक्ता एव तत्त्वज्ञानिनो भवन्ति, अतः सत्स्वभावं प्रतिलभ्य साधवो जायन्ते। तैः पुनः सत्समाज-प्रतिष्ठा सम्भवेत्। अभक्ताः कदापि तत्त्वज्ञानं न लभन्ते केवलया अर्थकामपरतया तेषां परपीड़नलक्षणस्यासत्स्वभावस्य परिहारो न भवेत्, तर्हि ते श्रीभगवद्भक्तसंहारे प्रवृत्ता भवन्ति, अतस्तेषां संहरणं प्रयोजनीयं भवति। अतएव श्रीभगवान् अपि स्वभक्तसंरक्षणायाभक्तलक्षण दुष्टानां संहारे प्रवर्त्तते।

अथ कल्किरूप-प्रकटकारी श्रीभगवान् परमनिर्मलचित्तैः शिष्टस्वभक्तैः स्वतत्त्वज्ञैः पुनः प्राग्लिखितवत् सत्ययुगं प्रकटयति। श्रीभगवद्भक्ति-प्रभावेण तेषां जनानां चित्तम् अतीव निर्मलं जायते, श्रीभगवत्तत्त्वज्ञानं तेषां चित्तेषु प्राकट्यं लभते। ये जनाः श्रीभगवद्विग्रहस्य परम सौन्दर्यं भक्तिभरेण नेत्राभ्यां अनुभवन्ति, गात्रेण च तदीयं परमपवित्रं सुगन्धवायुं स्पृशन्ति, तेषां तादृशसद्गुणलाभे कः

অসৎব্যক্তিরূপ বীজ হইতে অসদ্ব্যক্তিগণের উৎপত্তি হয়, ক্রমে অসতের বাহুল্যে সদ্ব্যক্তিগণের মালিন্য, পীড়ন এবং বিনাশ সাধন হয়।

যেকাল হইতে অসৎসংহার না হইয়া তাহাদের প্রতি লঘুদণ্ডের প্রয়োগ হইয়াছে, সেইকাল হইতেই অসৎবৃদ্ধির আরম্ভ হইয়াছে ক্রমে কলিযুগের অন্তে সকলব্যক্তিই অসদ্রূপে পরিণত হন। এই সকল অসদ্ব্যক্তির সংহার না হইলে আর সৎসমাজের আবির্ভাবের সম্ভাবনা নাই, অসদ্ব্যক্তি হইতে সদ্ব্যক্তির উৎপত্তি হইতে পারে না। একমাত্র শ্রীহরিভক্তিব্যতীত অসৎস্বভাবকে সংস্বভাবে পরিণত করিতে, অসৎকে সৎ করিতে অন্যের শক্তি নাই। ভগবদ্ভক্তগণই তত্ত্বজ্ঞানাদি লাভ করিতে পারেন এবং সেইসকল ব্যক্তিই সংস্বভাব লাভান্তে সদ্ব্যক্তিরূপে পরিগণিত হন। তাঁহাদিগের দ্বারা পুনর্বার সৎসমাজের প্রতিষ্ঠার সম্ভাবনা হয়। যাঁহারা ভগবানের ভক্ত হন না, তাঁহারা তত্ত্বজ্ঞানদিলাভে অযোগ্য হন, তাঁহাদের কেবল অর্থকামপরতা হেতু পরপীড়নরূপ অসৎস্বভাবের পরিত্যাগ হয় না, এই হেতু তাঁহারা ভগবদ্ভক্ত-সংহারে প্রবৃত্ত হন, অতএব তাঁহাদিগের সংহারের প্রয়োজন হয়। এইজন্যই শ্রীভগবান্‌ও স্বভক্তসংরক্ষণপূর্বক অভক্তরূপ দুষ্ট-সংহারে প্রবৃত্ত হন।

অতঃপর কল্কিরূপ-প্রাকট্যকারী শ্রীভগবান্ পরমনির্মল চিত্ত অবশিষ্ট স্বভক্ত ও স্বতত্ত্বজ্ঞ ব্যক্তিগণদ্বারা পুনর্বার পূর্বলিখিতানুসারে সত্যযুগের প্রচার করেন। শ্রীভগবদ্ভক্তিপ্রভাবে সেই অবশিষ্ট ব্যক্তিসকলের চিত্ত অতি নির্মল হয়, শ্রীভগবৎতত্ত্বজ্ঞানও তাহাদের চিত্তমধ্যে প্রাকট্যলাভ করে। যে সকলব্যক্তি শ্রীভগবানের শ্রীমূর্ত্তির পরম সৌন্দর্য ভক্তিভরে নেত্রদ্বারা অনুভব করেন ও অঙ্গদ্বারা তদীয় পরম পবিত্র সুগন্ধবায়ু স্পর্শ করেন, তাঁহাদের উক্তপ্রকার সদ্‌গুণলাভে কি সংশয় আছে? শ্রীভগবৎধ্যানাদির প্রভাবে তাহাদের পুত্রপৌত্রাদিগণও

संशयो विद्यते ? श्रीभगवद्ध्यानादिना तेषां पुत्र-पौत्रादयोऽपि श्रीभगवत्तत्त्वज्ञाः तद्भक्ताश्च भवेयुः। ततः सत्ययुगे लोकाल्पत्वात् परम-सुखाविर्भावो भवति। कलौ तु लोकसंख्याधिक्यात् केवलं कलहादीनां वृद्धिर्जायते, परमसुखं समाजात् अन्तर्धीयते। यत्र यतीनां सुखवासो भवेत्, तत्र ततोऽधिकानां कथं सुखवासः सम्भवेत्। अतः कलियुगान्ते लोकसंहारं विना पुनः सुखसंवासो न सम्भवेत्, लोकनाश एव कलियुगान्ते कर्त्तव्यं कर्म।

अत्र संशयः—पृथिव्यामस्यां धर्मः एकधा बहुधा वा, धर्मभेदेन मानवसमाजस्य ऐकध्यं बहुधात्वं वा। यद्येवं तदा कल्यन्ते सत्यारम्भे कस्य धर्मस्य प्रचारः, कस्य वा अप्रचारो भवेत्? यदि धर्मस्य एकता, तर्हि सः कः? कथं वा बहुधर्माणां नामोल्लेखः?

तत्रोत्तरं धर्म एक एव, न बहुः, स एव वेदादि-शास्त्रप्रसिद्धत्वात् वैदिकनाम्ना कीर्त्यते। कलियुगान्तात् सत्यारम्भे केवल-वैदिक-धर्मस्य संस्थापनं भवेत्। तदा पूर्णार्द्धाल्पांशनास्तिकानामपि असद्भावः। तदा सर्व एव वैदिक-धर्मं सर्वांशेन स्वीकुर्वन्ति, तदकरणे न किमपि कारणम्। ये जनाः अर्थकामपरायणत्वात् दूषिता भवन्ति, त एव श्रीकल्किदेवेन निहन्यन्ते। अतःपरं क्रमेण समाजे अर्थकामपरताया हेतो नास्तिकता उदयते। आदौ अल्पा, तस्या अपि अर्धा, तस्या अपि पुनः पूर्णा नास्तिकता जायते। पूर्णनास्तिकाः स्वरूपेण तिष्ठन्ति, अल्पनास्तिकाः अर्धनास्तिकाश्च विभिन्नं धर्मं कल्प-

---

স্থবিষ্ঠ শ্রীভগবৎতত্ত্বজ্ঞ এবং তদ্ভক্তিপরায়ণ হন। উক্ত কারণে সত্যযুগে অল্পসংখ্যক লোক থাকায় পরমসুখের আবির্ভাব হয়। কলিযুগে লোকসংখ্যার আধিক্য হেতু কেবল কলহাদির বৃদ্ধি হইয়া থাকে, পরমসুখ সমাজ হইতে অন্তর্হিত হয়। যে স্থানে যত সংখ্যক লোকের সুখে বাস করা সম্ভব হয়, সে স্থানে ততোঽধিক লোকের বাসে কি প্রকারে সুখ হইতে পারে? অতএব কলিযুগের শেষে লোক-সংহার না হইলে পুনর্বার সুখবাসের সম্ভাবনা হয় না, অতএব লোকসংহারই কলির শেষে কর্তব্য কর্ম।

এ স্থলে এইরূপ সংশয় হইতে পারে যে, এই পৃথিবী মধ্যে ধর্ম একপ্রকার, কি বহুপ্রকার? ধর্মভেদে মনুষ্যসমাজ একপ্রকার কি বহুপ্রকার? পৃথিবীস্থ বহুব্যক্তির মতে ধর্ম বহুপ্রকার, আবার ধর্মভেদে মনুষ্যসমাজও বহুপ্রকার হইতে বাধ্য। যদি এইরূপ হয়, তবে কলিযুগের শেষে সত্যযুগের প্রারম্ভে কোন্ ধর্ম্মের প্রচার হয়, কোন্ ধর্মেরই বা প্রচার হয় না? যদি ধর্ম এক হয়, তবে সে কি ধর্ম? বহু ধর্মেরই বা নামোল্লেখ কেন হয়? ইতি।

ধর্ম্ম কদাপি অনেক হইতে পারে না; ধর্ম এক-মাত্র, তাহা বেদাদি শাস্ত্র প্রসিদ্ধ বলিয়া বৈদিক ধর্ম নামেই পরিচিত হয়। কলিযুগের শেষে এবং সত্য-যুগের প্রারম্ভে এই একমাত্র বৈদিক ধর্ম সংস্থাপিত হইয়া থাকে। তৎকালে পূর্ণনাস্তিক বা অর্দ্ধনাস্তিক থাকে না। এমন কি অল্পাংশ নাস্তিকও থাকে না। সেইকালে সকলব্যক্তিই বৈদিকধর্মের সর্বাংশের স্বীকার করেন, তাহা স্বীকার না করিবার কোনও কারণই থাকে না। অর্থকামপরায়ণতাদ্বারা যে সকল ব্যক্তি দূষিত হন, তাঁহারাই শ্রীকল্কিদেব কর্ত্তৃক নিহত হন। অতঃপর ক্রমে সমাজে অর্থকামপরতা হইতে নাস্তিকতার উদয় হয়, অল্প নাস্তিকতা হইতে অর্দ্ধনাস্তিকতা ও তাহা হইতে পূর্ণনাস্তিকতার জন্ম হয়। পূর্ণনাস্তিকগণ নাস্তিকরূপেই থাকেন। অল্প নাস্তিক ও অর্দ্ধনাস্তিক ব্যক্তিগণ ভিন্ন ভিন্ন ধর্মের

यन्ति, तदपि म्लेच्छसम्प्रदायभेद वर्णने कथितम्।

वेदादिशास्त्रे अधिकारभेदात् कर्म ज्ञान-भक्तय इति मार्गत्रयं कथितम्। ये जना आत्यन्तिक पशु-भावाक्रान्ताः, त्रिषु कमपि मार्गं नानुसरन्ति ते नास्तिका उच्यन्ते। ये तु आसुरभावाः भगवद्भक्ति-मवजानन्ति, तेष्वादौ अल्पशः नास्तिक्यं सञ्चरति, परस्मिन्काले देवान्तरादरोऽपि तेभ्योऽन्तर्धानं गच्छति। ततो वैदिक-कर्ममार्गे अनास्थया स्वेच्छा-कल्पित कर्म मार्गः सृज्यते, अतःपरं सोऽपि रूपान्तरं धरति, एवं अन्यधर्माः प्रचार्य्यन्ते। केचित् परमेशमस्वीकृत्य वैराग्यमात्र-प्राधान्येन आचार-समष्टिं कल्पयन्ति, एवं स्वचित्तदौर्बल्यात् वैदिक-सिद्धान्तानामुपादेयतामनुभवितुमसमर्थाः तदंश-बिशेषान् परिहरन्ति, अथवा प्रकारान्तरं कल्पयन्ति, केचित् अर्थकामपराः धर्मनाममात्रेण स्वार्थं साधयन्ति, केचिद्वा अपूर्व पाण्डित्येन बिकृतार्थं कल्पयन्ति। एवमादिजना अर्द्धनास्तिका भवन्तः म्लेच्छत्वे परिणम्यन्ते। इत्थं एकस्मादेव धर्मात् नानाविधानां धर्मानां कल्पना भवति, तदनुरोधाच्च एकमात्रो मनुष्य-समाजः नानाकारः सन् बहुषु समाजेषु विभक्तो भवति। अतएव पृथिव्यां धर्मः एक एव, मानब-समाजोऽपि एक एव। कल्यबसाने सत्यप्रारम्भे स एकमात्रो धर्मः प्रतिष्ठीयते, मानब-समाजोऽपि एकत्वे पर्य्यबसति।

अत्र संशयः—सत्ये सर्वे जना एव श्रीभगवत्तत्त्वज्ञाः, श्रीहरिपरायणाश्चाभवन्, तदावश्यकाभावान्न वर्णाश्रमभेदः। त्रेतायां द्वापरे च वर्णाश्रम-धर्माः सुबिराजन्ते। कलौ स धर्मः प्रायो बिलुप्यते, सर्व्वे

কল্পনা করেন, এই বিষয় ম্লেচ্ছ সম্প্রদায়ের ভেদবর্ণন প্রসঙ্গে উক্ত হইয়াছে।

বেদাদি শাস্ত্রে অধিকারানুসারে জ্ঞানমার্গ, কর্ম্মমার্গ এবং ভক্তিমার্গভেদে মার্গত্রয় কথিত হয়। যে সকল ব্যক্তি অতিশয় পশুভাবাক্রান্ত হইয়া উক্ত মার্গত্রয়ের মধ্যে একতমের অনুগত না হন তাঁহারাই পূর্ণনাস্তিক নামে অভিহিত হন। যে সকল ব্যক্তি অসুরভাববশতঃ শ্রীভগবদ্‌ভক্তির অবজ্ঞা করেন, সেই সকল ব্যক্তিতে অগ্রে অল্প পরিমাণে নাস্তিকতা সঞ্চারিত হয়, পরে অন্যদেবে ভক্তিও তাঁহাদিগ হইতে ক্রমে অন্তর্হিত হন। অতঃপর বৈদিককর্ম মার্গের প্রতি অবজ্ঞা হয়, তদনন্তর স্বেচ্ছাকল্পিত কর্ম্মমার্গের সৃষ্টি করা হয়, ক্রমে তাহাও রূপান্তর ধারণ করে। এই প্রকারে অন্য ধর্ম সকলের প্রচার হয়। কোন কোন ব্যক্তি পরমেশ্বরের অস্বীকারপূর্ব্বক বৈরাগ্যমাত্রের প্রাধান্য দিয়া আচার সমষ্টির ক না করেন, এই প্রকারে স্বচিত্তের দুর্বলতা হেতু বৈদিক সিদ্ধান্তের উপাদেয়তা অনুভব করিতে না পারিয়া তদংশ বিশেষের পরিত্যাগ করেন, অথবা প্রকারান্তর কল্পনা করেন। কেহ কেহ অর্থকাম পরায়ণ হইয়া ধর্ম্মের নামমাত্র গ্রহণপূর্বক স্বার্থসাধন করেন; অপর কেহ কেহ অপূর্ব পাণ্ডিত্যবলে বিকৃতার্থ কল্পনা করিয়া থাকেন। এই শ্রেণীস্থ ব্যক্তিগণ অর্ধনাস্তিক নাম ধারণ করেন এবং ইহারাই ম্লেচ্ছে পরিণত হন। এই প্রকারে একই ধর্ম হইতে অনেকবিধ ধর্মের কল্পনা হয়, এবং তদনুরোধে একমাত্র মনুষ্যসমাজ নানাকারে বিবিধসমাজে পরিণতি প্রাপ্ত হয়। অতএব পৃথিবীতে ধর্ম একমাত্র এবং মনুষ্যসমাজও একমাত্র। কলির অন্তে ও সত্যের প্রারম্ভে সেই একমাত্র বৈদিক ধর্ম্মেরই সংস্থাপন হয় এবং মনুষ্যসমাজও একমাত্র সমাজে পরিণত হয়।

এস্থলে সংশয় হইতে পারে—সত্যযুগে সকল ব্যক্তিই ত শ্রীভগবৎতত্ত্বজ্ঞ এবং তৎপরায়ণ হন, সে

प्रायशः म्लेच्छत्वे अवनम्यन्ते। म्लेच्छसमाजात् पुनर्वैदिक समाजस्य प्रादुर्भावः कुतः सम्भवति! म्लेच्छानां प्रायश्चित्तं नास्ति, यतस्तथा न दृश्यते, तर्हि केनोपायेन म्लेच्छाः पुनरार्य्य-समाजे ग्रहण-योग्या भवन्तीति ?

अत्रोत्तरं —बाढ़म्। वेदादि-शास्त्रोक्त कर्मणा सर्वविधदुष्कर्म्मिणां न प्रायश्चित्तं सम्भवेत्। केवलं साधारणदुष्कर्मनिर्हारो भवेदेव। न विशिष्टानाम्। तेन कर्ममार्गेण अन्त्यजम्लेच्छादिभावस्य परिवर्त्तनेन सत्स्वभावो न लभ्यते। स्वल्पशः अन्त्यजसंसर्गस्य प्रायश्चित्तं भवेत्, न तु बहुशः सङ्गस्य। बहुशः संसर्गेण तत्साम्यतां याति; न प्रायश्चित्तम्। सांख्य-योग ज्ञान-वैराग्य-विज्ञानैरपि म्लेच्छत्व ध्वंस-पूर्व्वकं साधुत्वं न लभ्यते। यतो अग्रे चित्त-नैर्मल्यं विना सांख्यादीनां अनुशीलनं न सम्भवेत्। वैदिक कर्मयोगेऽनधिकारात् चित्तं न शुद्धति, तदभावाच्च सांख्ययोगादिभिः फलं न प्राप्यते। अतो ज्ञानमार्गेणापि म्लेच्छत्वानपगमे सत्-स्वभावो न प्राप्यते।

केवलेन भक्तिमार्गेण तत्सम्भवेत्। तन्मार्गान्तर्गतपूजनादौ अनधिकारात् तेनापि सहसा फलोदयो न भवेत्। परं तदन्तर्गत श्रीनामरूप गुणलीलादीनां श्रवण कीर्त्तनस्मरणादिभिस्तत् सम्भवेत्। सत्सङ्ग सद्गुर्वनुग्रहश्च तदुपदेश-प्राप्तौ कारणम् अथवा तज्जात-भूरिभाग्योदयात् परमानुग्रहेणावतीर्णस्य श्रीभगवद्रूपस्य सन्दर्शनं भवति, तदा सुसत्वरं म्लेच्छत्व-ध्वंसः सत्स्वभावलाभश्च सङ्घटते। अतएव यस्मिन्काले परमानुग्रहेण श्रीकल्किदेवोऽवतरति,

---

কালে অনাবশ্যকতাবশতঃ প্রায়ই বর্ণাশ্রমভেদ থাকে না। ত্রেতায় ও দ্বাপরে পূর্ণরূপে বর্ণাশ্রম ধর্ম বিরাজিত হয়, কলিতে তাহা বিলুপ্ত প্রায় হয়, সকল ব্যক্তিই প্রায় ম্লেচ্ছে পরিণত হয়। এই ম্লেচ্ছসমাজ হইতে পুনরায় বৈদিকসমাজ কিরূপে আবির্ভাব লাভ করিতে পারে? ম্লেচ্ছের প্রায়শ্চিত্ত নাই, যেহেতু তাহা দেখা যায় না। তবে কিরূপ প্রায়শ্চিত্ত দ্বারা এই সকল ম্লেচ্ছ পুনর্বার আর্যসমাজ ভুক্ত হইবার যোগ্য হন? ইত্যাদি। ইহার উত্তরে—

বেদাদি শাস্ত্রোক্ত কর্মমার্গদ্বারা সর্ববিধ দুষ্কর্মকারীর প্রায়শ্চিত্ত হইতে পারে না, তদ্দ্বারা কেবল সাধারণ দুষ্কর্মের প্রায়শ্চিত্ত হইয়া থাকে, বিশিষ্ট দুষ্কর্মের প্রায়শ্চিত্ত হয় না। উক্ত কর্মমার্গদ্বারা অন্ত্যজ ম্লেচ্ছাদির স্বভাবের পরিবর্তন পূর্বক সৎস্বভাব লাভ হয় না। অতএব অল্পসংখ্যকবার অন্ত্যজাদির সংসর্গদোষের প্রায়শ্চিত্ত হইয়া থাকে, বহুবার তত্তৎসংসর্গে তৎসাম্য হয়, আর প্রায়শ্চিত্ত হয় না।

সাংখ্য-যোগ, জ্ঞান, বৈরাগ্য ও বিজ্ঞান দ্বারা ম্লেচ্ছের ম্লেচ্ছত্ব ধ্বংসপূর্বক সৎস্বভাব লাভ হয় না, যেহেতু অগ্রে চিত্তের নির্মলতা না হইলে সাংখ্য-যোগাদির অনুশীলন হইতে পারে না। কর্মযোগে অনধিকার বশতঃ চিত্তশুদ্ধি হইতে পারে না। চিত্তশুদ্ধির অভাবে সাংখ্যযোগাদি দ্বারা ফল হয় না। এই হেতু জ্ঞানমার্গ দ্বারাও ম্লেচ্ছের ম্লেচ্ছত্ব নাশ হয় না, সৎস্বভাব লাভও হয় না।

কেবল ভক্তিমার্গই ম্লেচ্ছত্ব ধ্বংস করিয়া সৎস্বভাব পাওয়াইতে পারে। তদন্তর্গত পূজা পরিচর্যাদিতে অনধিকার হেতু তদ্দ্বারাও সহসা ফললাভের সম্ভাবনা হয় না। উক্ত ভক্তিমার্গান্তর্গত শ্রীভগবানের নাম, রূপ, গুণ, লীলাদির শ্রবণ কীর্তন, স্মরণাদি দ্বারাই তাহা হইয়া থাকে। সৎসঙ্গ ও সদ্গুরুর অনুগ্রহই তদুপদেশলাভে কারণ হইয়া থাকে। অথবা তজ্জনিত বহুভাগ্যের উদয়ে যদি পরমানুগ্রহ দ্বারা অবতীর্ণ শ্রীভগবদ্রূপের সন্দর্শন লাভ হয়, তবে অতি শীঘ্রই ম্লেচ্ছেরও ম্লেচ্ছত্বের

तच्छ्रीमूर्त्तेर्दर्शनतः तदङ्गसौरभान्वित-पवित्र वातस्य नासारन्ध्रेण ग्रहणतश्च अतिसत्वरं म्लेच्छत्वनाशो जनानां सत् स्वभावाधिगमश्च भवेत्। हे महोदयाः, मनुज समाज गत-सदसत् स्वभाववैषम्या-देव सत्यादियुगानि प्रवर्त्तन्ते। यदा मानव समाजः सत् स्वभावान्वितो भवति तदा सत्ययुगम्। क्रमेणासत् स्वभाव मिश्रणात् त्रेताद्वापरे युगे। समाजस्य जनाः यदा असत् स्वभावाः सः काल एव कलियुगम्। अतएव परमेश्वरेच्छया, काल स्वभावेन वा न युगभेदः॥ ३१॥

नास्तिकः—समाजस्य सदसद्‌गुणैः युगभेदो यदि भवति, तथापि परमेशे कालविशेषे वा वैषम्य-दोष आरोप्यते; यतः कदाचित् समाजे सद्‌गुण-निष्ठा; अन्यदा च असद्‌गुणपरता कथं भवेत्? तर्हि परमेशे कालविशेषे वा वैषम्यमवश्यमस्ति।

सूत्रकारस्तमाक्षेपं समादधत् सूत्रयति—

जन्मकालात्॥ ३२॥

गणविशेषाणां जन्मकालात् समाजस्य तथैव सद्‌गुणनिष्ठता असद्‌गुणनिष्ठता च भवति। अत-एव परमेशे कालविशेषे वा न कश्चिद्वैषम्य दोषः। भोः महोदयाः, पार्थिवमानवसमाजस्य मङ्गलाय सदुपदेशप्रदानार्थं श्रीवैकुण्ठधामवासिनः ब्रह्मादि-लोकचतुष्टयनिवस्तारश्च अनासक्तभावेन स्वेच्छया वपुर्धरन्तः पृथिव्यां जायन्ते। ये पुण्यात्मानः स्व-कृतपुण्यफलभोगाय स्वर्गादौ वसन्ति, तेऽपि स्वपुण्य-क्षये पृथिव्यां जायन्ते। ये पापात्मानः निरन्तरं पापमनुतिष्ठन्ति, ते स्वकृतपापफलभोगार्थं निरये यान्ति, स्वकृतपापक्षये पुनः पापात्मरूपिणः धरण्यां

ধ্বংস হয় এবং সৎস্বভাবেরও লাভ হইয়া থাকে।

অতএব যে কালে পরমানুগ্রহপূর্ব্বক শ্রীকল্কিদেব অবতীর্ণ হন, তাঁহার শ্রীমূর্ত্তির সন্দর্শনমাত্রে এবং নাসিকারন্ধ্র দ্বারা তদঙ্গসৌরভ পবিত্রবায়ুর গ্রহণ-মাত্রে সুদীর্ঘকালব্যাপী দুঃস্বভাবদূষিত ম্লেচ্ছগণের ম্লেচ্ছত্ব ধ্বংসপূর্ব্বক পরম সৎস্বভাব লাভ হইয়া থাকে। হে মহোদয়গণ, অতএব মনুষ্যসমাজগত সদসৎস্বভাববৈষম্য হেতু সত্যাদিযুগভেদ হইয়া থাকে। যে কালে মনুষ্যসমাজ সৎস্বভাবে পরিণত হয়, সেইকালের নাম সত্যযুগ, পরে অসৎস্বভাব মিশ্রিত হইলে ত্রেতাযুগ ও দ্বাপরযুগ হয়। আবার যে কালে সমাজস্থ ব্যক্তিগণের অসৎস্বভাব হয়, সেইকালের নাম কলিযুগ। অতএব পরমেশ্বরের ইচ্ছাদ্বারা বা কালস্বভাবে যুগভেদ হয় না॥ ৩১॥

নাস্তিক—যদিও সমাজের সাদ্‌গুণ্য ও অসাদ্‌-গুণ্য দ্বারা যুগভেদ হইতেছে, তথাপি পরমেশ্বরে বা কালবিশেষে বৈষম্য দোষের আরোপণ হইতেছে; কারণ একসময়ে সমাজের সদ্‌গুণ-নিষ্ঠতা এবং অন্যসময়ে অসদ্‌গুণে নিষ্ঠা কেন হয়? অতএব পরমেশ্বরে বা কালবিশেষে বৈষম্যদোষ অবশ্যই আছে।

সূত্রকার—এতদাক্ষেপের সমাধান করিতেছেন।—গণবিশেষের জন্মকালহেতু সমাজের উক্তরূপ সদ্‌গুণনিষ্ঠতা ও অসদ্‌গুণনিষ্ঠতা হইয়া থাকে, অতএব পরমেশ্বরে বা কালবিশেষে কোনপ্রকার বৈষম্যদোষ হয় না। হে মহোদয়গণ, পৃথিবীস্থ মনুষ্যসমাজের মঙ্গলের জন্য সদুপদেশ প্রদানমানসে শ্রীবৈকুণ্ঠধাম নিবাসিগণ ও ব্রহ্মাদি লোকচতুষ্টয়ের নিবাসিগণ অনাসক্তভাবে ইচ্ছামাত্রে দেহধারণপূর্ব্বক পৃথিবীতে জন্মগ্রহণ করিয়া থাকেন। যে সকল পুণ্যাত্মা স্বকৃত পুণ্যফল ভোগের জন্য স্বর্গাদি লোকে বাস করেন, তাঁহারাও স্বকৃত পুণ্যক্ষয়ে পৃথিবীতে জন্ম পরিগ্রহ করেন। যে সকল পাপাত্মা নিরন্তর পাপকর্ম্মের অনুষ্ঠান করে, তাহারা স্বকৃত পাপফল ভোগের জন্য নরকে গমন করে। স্বকৃত পাপক্ষয়ে পুনর্বার পাপাত্মারূপে পৃথিবীতে তাহাদের জন্মলাভ

जन्म प्राप्नुवन्ति। ये जनाश्च समाने पुण्यपापे आचरन्ति, नाधिकं पापं पुण्यं वा, ते देहान्ते पुनः पृथिव्यां देहमवलम्बन्ते, स्वर्गे वा नरके न गच्छन्ति।

अतएव यदा भगवदादेशात् उपदेष्टुकामा वैकुण्ठधामानो लीलातनुमाविर्भावयन्ति, अथवा ब्रह्म- सत्य- तपो-जनलोक-वासिनोऽनासक्तभावेन जन्म लभन्ते, तदा प्रायशो ध्यानादीनां बहुलप्रचारो जायते, वैराग्यस्यातिप्राधान्यं सम्पद्यते, विषय-भोगस्पृहा प्रायेण न तिष्ठति, सांख्ययोगज्ञानविज्ञानादिकं भूरि प्रचारितमनुष्ठितञ्च भवति। तत्काले यज्ञादिपुण्यस्याप्रचरद्रूपत्वात् सकामानां विषयिणां न जन्मावकाशः विशुद्धश्रीभगवद्ध्यानानुशीलने सांख्य योग-ज्ञान-वैराग्य-विज्ञानानां निर्मलानुशीलने च यज्ञादिनिष्ठानां नाधिकारः सम्भवेत्, अतस्तेषां नोद्भवः। अतः अल्पपुण्यानां पापपरायणानां वा एतत्काले जन्म कथं भवेत्। तदा तेषां जन्माधिकारो नास्ति। श्रीबैकुण्ठवासिनां तथा श्रीब्रह्मादिलोकस्थानां जनानां आबिर्भावकालः सत्ययुगमुच्यते। तर्हि तदा सर्वे एव परमहंसा भवन्ति।

यदा च स्वर्गभोगान्ते भूरिपुण्यवन्तो जायन्ते, तदा यज्ञादिपुण्यकर्म्मणां अधिकप्रचारो भवति। यज्ञमार्गोपदेशार्थं महर्लोकवासिन अनासक्त्या, निष्कामकर्म्मिणो महर्षयश्च तदा प्राकट्यं लभन्ते। तदा श्रीभगवद्ध्यानस्य सांख्य-योग-वैराग्य ज्ञान विज्ञानानां बिशुद्धप्रचाराभावात् प्रायशः वैकुण्ठ-बासिन. ब्रह्मादिलोकस्थाश्च न जायन्ते। ईदृशे काले स्वल्पपुण्यानां पापवताञ्च जन्माधिकारो न भवति।

ঘটিয়া থাকে। যে সকল ব্যক্তি সমভাবেই পুণ্য-পাপের আচরণ করেন, অর্থাৎ অধিকপুণ্য বা অধিক পাপ করেন না, তাঁহারা দেহান্তে পুনরায় পৃথিবীতে দেহধারণ করেন, স্বর্গেও গমন করেন না, নরকেও পতিত হন না।

অতএব যে কালে উপদেশপ্রদানের উদ্দেশ্যে শ্রীভগবদাদেশে শ্রীবৈকুণ্ঠধামবাসীগণ পৃথিবীতে লীলা শরীরের আবির্ভাব করেন, অথবা ব্রহ্মলোকনিবাসিগণ, তপোলোকবাসিগণ, এবং জনলোকবাসিগণ অনাসক্তভাবে জন্মগ্রহণ করেন, সেইকালে প্রায়ই ধ্যানাদির অধিক প্রচার হয়, বৈরাগ্যের অতিশয় প্রাধান্য থাকে, বিষয়ভোগ লালসা প্রায়ই থাকে না, সাংখ্যযোগ, জ্ঞান ও বিজ্ঞান অতিশয়ভাবে প্রচারিত ও অনুষ্ঠিত হয়। এরূপ সময়ে যজ্ঞাদি পুণ্যের প্রচার না থাকায় সকাম বিষয়পরায়ণগণের জন্মের সময় হয় না। বিশুদ্ধ শ্রীভগবদ্ধ্যানের অনুশীলনে এবং সাংখ্য, যোগ, জ্ঞান, বৈরাগ্য ও বিজ্ঞানের বিশুদ্ধ অনুশীলনে যজ্ঞাদিনিষ্ঠ ব্যক্তিগণের অধিকার হয় না, অতএব এই সময়ে তাঁহারা জন্মগ্রহণ করেন না। এই হেতু যে সকল ব্যক্তি অল্পপুণ্যবান এবং যে সকল ব্যক্তি পাপাচারী তাহাদের জন্ম এই-রূপ সময়ে কি প্রকারে সম্ভব হইতে পারে? ইহা-দের এরূপকালে জন্মলাভের অধিকার নাই। শ্রী-বৈকুণ্ঠধামবাসিগণের এবং ব্রহ্মাদিলোকবাসিগণের জন্মসময়কে সত্যযুগ বলা হয়, সুতরাং এই সময়ে সকল ব্যক্তিই পরমহংস ধর্ম্মপরায়ণ হইয়া থাকেন।

যে সময়ে স্বর্গভোগান্তে অধিকসংখ্যক পুণ্যাত্মাগণ জন্ম প্রাপ্ত হন, সে সময়ে যজ্ঞাদি পুণ্যকর্মের অতিশয় প্রচার হয়, যজ্ঞানুষ্ঠানমার্গের উপদেশ-প্রদানমানসে মহর্লোকবাসিগণ অনাসক্তভাবে জন্ম-গ্রহণ করেন, কর্ম্মমার্গাবলম্বী নিষ্কাম মহর্ষিগণও জন্ম-গ্রহণ করিয়া থাকেন, সেকালে শ্রীভগবদ্ধ্যানে এবং সাংখ্য, যোগ, জ্ঞান, বিজ্ঞানের বিশুদ্ধভাবে প্রচার না থাকায় শ্রীবৈকুণ্ঠবাসিগণ ও ব্রহ্মলোকাদিবাসিগণ প্রায়ই পৃথিবীতে জন্মগ্রহণ করেন না। এইরূপ সময়ে অল্পপুণ্যবান্ ব্যক্তিগণের জন্মগ্রহণ করিবার

स कालः त्रेतायुगमुच्यते। अस्मिन्काले यज्ञादीनां विशेषप्रचारात् ब्राह्मणक्षत्रियस्वभावानां प्राचुर्य्यं भवति, निष्कामकर्म्मिणाञ्चाल्पत्वं जायते। सकामकर्म्मिणामाधिक्यं विषयभोगप्राधान्यं च भवति।

यदा स्वर्गभोगानन्तरं स्वल्पपुण्यानां जन्म तदा-यज्ञाद्यनुष्ठानह्रासः विषयभोगलालसावृद्धिश्च भवति। अतएव तदानीं बैकुण्ठवासिनां ब्रह्मादिलोकस्थानां अतिपुण्यवताञ्च जन्म न दृश्यते। पुण्यमिश्रपापात्मनामधुना प्रादुर्भावो जायते, वैश्यशूद्रस्वभावानामाधिक्यं भवति, भूरिपापात्मनां जन्माधिकारो न भवति। अतएव एष कालो द्वापरयुगमुच्यते।

यदा पापात्मानो निरयभोगान्ते पृथिव्यां जायन्ते, मखादिकं प्रायेण रहितं भवति, लोकानां विषयप्रवणता अर्थोपार्जनलालसा च सातिशयं प्रबलतमा जायते, अतो वैराग्याभावात् सांख्य-योग-ज्ञान विज्ञानादिकं सुदूरं पलायते, श्रीभगवद्भक्तौ तद्भक्ते च विशेषेणानादरः प्रकटति, अतः श्रीभगवत्यप्यवज्ञा सञ्जायते। तदा स्वल्पपुण्या अपि प्रादुर्भवितुं नेच्छन्ति, का कथा भूरिपुण्यवताम्, बैकुण्ठवासिनां ब्रह्मादिलोकस्थानाञ्च। तदा वर्णाश्रमधर्मा विलुप्तप्रायाः, अन्त्यज-म्लेच्छादिभावानाम् अतिशयेनाधिक्यं भवति मानवाश्च निरन्तरकलह-कामक्रोधलोभादिपरिव्याप्ताः क्षणमपि सुखं न पश्यन्ति। अतएव कालोऽसौ कलियुगाख्यया प्रसिद्धः। तदा मानवाः निखिलसत्कर्माणि परिहृत्य असत्कर्म्मसु सज्जन्ते, तेषां जन्मकालत्वात् तत्तज्जनानां संसर्गेण तत्तद्युगान्तर्वर्त्तिनः तत्तद्भावाक्रान्ता भवेयुः।

অধিকার হয় না, এই সময়কেই ত্রেতাযুগ বলা হয়। এইকালে যজ্ঞাদির বিশেষ প্রচারহেতু ব্রাহ্মণগণ ও ক্ষত্রিয়ের স্বভাবপ্রাপ্ত ব্যক্তিগণের আধিক্য হয়, কিন্তু এই কালে নিষ্কাম কর্ম্মকারিগণের অতিশয় অল্পত্ব হয়। সকাম কর্ম্মী সকলের আধিক্য হইয়া থাকে, অতএব বিষয়ভোগের প্রাধান্য হয় এই কারণে এই কালের নাম ত্রেতাযুগ।

যে কালে স্বর্গভোগান্তে স্বল্পপুণ্য ব্যক্তিগণ জন্মলাভ করেন, যে কালে যজ্ঞাদি অনুষ্ঠানেরও অল্পত্ব হয়, বিষয়ভোগ লালসার আধিক্য হয়। অতএব এইসময়ে শ্রীবৈকুণ্ঠধামনিবাসিগণের এবং ব্রহ্মলোকাদির নিবাসিগণের জন্ম হয় না, অধিক পুণ্যাত্মাগণেরও জন্ম হয় না পুণ্যমিশ্রিত পাপাত্মা ব্যক্তিগণেরও এই সময়ে জন্ম হইয়া থাকে। ঐ সময়ে বৈশ্য ও শূদ্রের স্বভাব প্রাপ্ত ব্যক্তিগণের আধিক্য হয়, অধিক পাপাচারগণের জন্ম পাইবার অধিকার হয় না। এই হেতু এইকালের নাম দ্বাপরযুগ হইয়া থাকে।

যে কালে অধিক সংখ্যায় পাপাত্মাব্যক্তিগণ নরকভোগান্তে পৃথিবীতে জন্মগ্রহণ করেন, সেকালে যাগযজ্ঞাদি প্রায়ই রহিত হয়। সে কালে বিষয়ভোগবাসনা এবং অর্থোপার্জনলালসা অতিশয় প্রবলা হয়। অতএব বৈরাগ্যের অভাবে সাংখ্য, যোগ, জ্ঞান ও বিজ্ঞান দূরে পলায়ন করে। শ্রীভগবদ্ভক্তিতে শ্রীভগবদ্ভক্তে বিশেষ অবজ্ঞা হয়, অতএব শ্রীভগবানেও অবজ্ঞা হইয়া থাকে। এই কালে স্বল্পপুণ্যবানগণও জন্মগ্রহণের ইচ্ছা করেন না, অধিক পুণ্যানুষ্ঠাতৃগণের ত কথাই নাই। শ্রীবৈকুণ্ঠপুরুষগণের অথবা ব্রহ্মলোকাদিতে বাসিগণের পৃথিবীতে আসিবার প্রসঙ্গই সুদূরপরাহত। এই হেতু এরূপকালে বর্ণাশ্রমধর্ম বিলুপ্তপ্রায় হয়। অন্ত্যজ ও ম্লেচ্ছাদির ভাবপ্রাপ্ত ব্যক্তিসকলের অতিশয় আধিক্য হইয়া থাকে। মনুষ্যগণ নিরন্তর কলহ এবং কাম, ক্রোধ, লোভাদি দ্বারা পরিব্যাপ্ত থাকিয়া ক্ষণকালের জন্যও সুখলাভ করিতে পারে না। অতএব এই কালকে কলিযুগ বলা হয়।

क्रमेण वैगुण्यात् पूर्वपूर्वचतुर्युगीयलोकाः परपर चतुर्युगीयनिम्नवर्त्तियुगेषु उत्पद्यन्ते। एवं सद्गुणाधिक्येन पूर्वयुगादौ जायन्ते च। स्वभावस्थास्ते तु स्वस्वयुगेषु जायन्ते। सत्सङ्गात् सद्गुणलाभः असत्सङ्गाच्च तद्वैपरीत्यमिति परमेशे कालविशेषे वा न वैषम्यदोषारोपप्रसङ्गः। परमेशोऽत्र विधाता। भागवतपरमहंसानां प्राकट्यार्थं चतुर्गुणं, तथा भूरिपुण्यवतामर्थे त्रिगुणं, स्वल्पपुण्यानां कृते द्विगुणं, पापात्मनाञ्च हेतोः एकगुणं समयं निर्दिष्टवान्। किन्तु परमेशः कमपि स्वेच्छया सत्स्वभावे, असत्कर्मसु वा न नियोजितः। उत्तमानां व्यवहारार्थमधिकमधमानां चाल्पकालं प्रदत्तवान्। तत्तत्संसर्गादिगुणदोषान् तत्तत्कालजाताः तत्तत्स्वभावं लभ्यन्ते। तेन परमेशे कालविशेषे वा कथं वैषम्यदोषापत्तिः? मानवाः संसर्गजगुणदोषैः सदसत्स्वभावं प्राप्नुवन्ति, तर्हि परमेश्वरे कालविशेषे वा वैषम्यदोषाणामारोपो न सम्भवेत्।

अत्र संशयः—एवं युगस्वभाववैषम्यं कुत्र भवति, अदृश्ये, दृश्ये, तदुभयविधे वा विश्वे? तत्रोत्तरम्—एवं विधयुगवैषम्यं दृश्यादृश्योभयविश्वे एव घटते। उभयत्रास्य तुल्यं प्रयोजनं सयुक्तिकं सम्भवञ्च। तादृशं परिवर्त्तनं विना युगान्तरता न सम्भवेत्, तत्तद्युगगतकार्याणि यथावच्च न भवेत्। सर्वविधजनानां जननादिव्यवहारस्य सुव्यवस्थापि न भवेत्। तां व्यवस्थां विनापि विश्वे धर्मार्थकाममोक्षाख्यस्य पुरुषार्थचतुष्टयस्य न लाभसम्भावना; तथा निखिलाधिकारिणां स्वभावाचाररक्षणं तत्फलभोगश्च न सम्भवेत्। अतएव उभयविधविश्वे

এই কালে মনুষ্যগণ সর্ববিধ সৎকর্ম ত্যাগপূর্বক নানাবিধ অসৎকর্মে নিরত হয়।

অতএব উক্ত ব্যক্তিগণের জন্মকালহেতু তত্তদ্‌ব্যক্তিগণের সংসর্গে সেই সেই যুগগত ব্যক্তিগণ তত্তদ্ভাবাক্রান্ত হন। ক্রমে বৈগুণ্যদোষে পূর্ব পূর্ব চতুর্যুগীয় ব্যক্তিগণ পর পর চতুর্যুগের পরাংশে জন্মগ্রহণ করেন, ঐ রূপে সদ্‌গুণের আধিক্যে যুগপূর্বাংশে জন্মলাভ করেন। স্বভাবস্থ থাকিলে নিজ নিজ যুগে জন্মগ্রহণ করেন সংসংসর্গগুণে সদ্‌গুণলাভ দ্বারা ও অসৎসঙ্গদোষে অসদ্দোষলাভদ্বারা মানবের নিজকৃতবৈষম্য পরমেশ্বরে বা কালবিশেষে আরোপণ যোগ্য নহে। অবশ্য পরমেশ্বরই বিধানকর্ত্তা। ভাগবত পরমহংসগণের জন্ম হইবার জন্য চতুর্গুণ সময় প্রদান করিয়াছেন, অধিক পুণ্যবান্ জনগণের জন্মার্থ ত্রিগুণ সময় প্রদত্ত হইয়াছে। অল্পপুণ্য ব্যক্তিগণের জন্ম হইবার দ্বিগুণকাল ও পাপাত্মা ব্যক্তিগণের জন্মের জন্য একগুণ কাল নির্দেশ করিয়াছেন, কিন্তু পরমেশ্বর কোন ব্যক্তিকে স্বেচ্ছায় সৎ বা অসৎ কর্মে নিযুক্ত করেন না, উত্তম ব্যক্তিগণের ব্যবহারার্থ অধিককাল এবং অধম ব্যক্তিগণের জন্য অল্পকাল প্রদান করিয়াছেন। তত্তৎসংসর্গাদির গুণদোষে তত্তৎকালজাত ব্যক্তিগণ তত্তৎস্বভাব লাভ করিতেছেন। ইহাতে পরমেশ্বরে বা কালবিশেষে বৈষম্যদোষ কিপ্রকারে হয়? মনুষ্যগণ সংসর্গাদিজনিত গুণদোষেই সদসৎস্বভাব লাভ করিয়া থাকেন, এই হেতু পরমেশ্বরে বা কালবিশেষে বৈষম্যদোষের আরোপ হইতে পারে না।

এ স্থলে সংশয় হইতে পারে—উক্তপ্রকারে চতুর্যুগগত স্বভাববৈষম্য অদৃশ্য বিশ্বে অথবা দৃশ্য বিশ্বে কিংবা উভয় বিধ বিশ্বে ঘটে? তাহাতে উত্তর এই যে—এই যুগবৈষম্য ব্যাপার অদৃশ্য ও দৃশ্য উভয় বিশ্বেই হইয়া থাকে। যেহেতু উভয়বিশ্বেই উহার সমান প্রয়োজন, যুক্তিসঙ্গত ও সম্ভব হইতেছে। উক্ত প্রকার পরিবর্ত্তন ব্যতিরেকে যুগের বিপর্য্যয় হইতেই পারে না, এবং যুগানুবর্ত্তী কার্য্যসমূহও হয় না। তাহাতে কলিযুগের শেষে

एवं घटते। किन्तु केवलं योग्यतातारतम्यं भवति।

अतः पुनः संशयः—दृश्यादृश्यविश्वयोः परिमाण लोकसंख्या शक्तिप्रभृतीनां न साम्यम्। अतः युगपरिवृत्तिकालस्य न्यूनाधिकं तारतम्यं सम्भवेत्। अतएवोभयविश्वे युगपरिवर्त्तकालादिः समान उत न्यूनाधिकं वैषम्यमधिगच्छतीति।

अत्रोत्तरम्—दृश्यादृश्यविश्वयोः कालज्ञापकज्योतिश्चक्रं न समम्, पृथगेव। यतो दृश्यसौरविश्वस्य ज्योतिश्चक्रं दृश्यम्। अस्मद्व्यवहार्य्यविषयाधारभूतेयं पृथिवी तज्ज्योतिश्चक्रान्तर्गता, धरणीयमपि ज्योतिष्कविशेषः। अदृश्यविश्वस्य ज्योतिश्चक्रम् अदृश्यम्। यतोऽदृश्यविश्व-गतायाः पृथिव्याः अदृश्यरूपं ज्योतिश्चक्रं भिन्नमेव। अत एव दृश्यादृश्ययोः विश्वयोर्युगपरिवर्त्तनकालस्य न्यूनाधिकं तारतम्यं जायते। अतिविस्तृतायां पञ्चविंशति कोटियोजनमितायां पृथिव्यां यथा युगपरिवृत्तिकालो निर्णीतः, तस्मादल्पकालेनैव पञ्चसहस्रयोजनायां दृश्यं पृथिव्यामस्यां युगपरिवर्त्तनं भवति। केषाञ्चित् विज्ञानामभिमत्या कालोऽसौ षष्ठ्यंशः अदृश्यविश्वगतयुगपरिवृत्तिकालस्य। किन्तु अदृश्यविश्वे युगपरिवृत्तौ दृश्यविश्वे पूर्णं परिवर्त्तनं जायते। तदा दृश्या पृथिवीयं वारिनिमग्ना रूपान्तरं दधाति, कैश्चिद्विज्ञैरेवमनुमन्यते। प्रागुक्तकारणात् 'ज्योतिसिद्धान्त'शास्त्रोक्तग्रहभगणसंख्यापि अदृश्यविश्वगता भवति। दृश्यायां पृथिव्यामस्यां कस्माच्चिन्निर्दिष्टकालात्

পুনর্বার সত্যযুগসঞ্চারের সম্ভবও হয় না। সর্ববিধ ব্যক্তির জন্মাদি ব্যবহারের সুব্যবস্থা হয় না। ঐ প্রকার ব্যবস্থা ব্যতীত এই বিশ্বে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ পুরুষার্থচতুষ্টয় লাভেরও সম্ভাবনা হয় না। সর্ববিধ অধিকারীর স্বভাবাচাররক্ষা এবং ফলভোগও হয় না। অতএব উভয়বিধ বিশ্বেই উক্তরূপ ঘটনা হইয়া থাকে, কিন্তু কেবল যোগ্যতার তারতম্য হয়

এইস্থলে পুনর্বার সংশয় হইতে পারে—দৃশ্য ও অদৃশ্য, এই উভয়বিধ বিশ্বের পরিমাণ, লোকসংখ্যা এবং শক্তি প্রভৃতির সাম্য নাই। এই হেতু যুগপরিবর্ত্তন কালের ও ন্যূনাধিক ভাবে তারতম্যের সম্ভাবনা হইতেছে। অতএব এই উভয়বিধ বিশ্বে যুগপরিবর্ত্তন কালাদি সমান হয় অথবা ন্যূনাধিকভাবে বৈষম্য প্রাপ্ত হইয়া থাকে? এই বিষয়ে উক্ত হইতেছে—দৃশ্য এবং অদৃশ্য এই উভয়বিধ বিশ্বের কালজ্ঞাপক জ্যোতিশ্চক্র এক নহে, পৃথক্। যেহেতু দৃশ্য সৌর-বিশ্বের জ্যোতিশ্চক্র দৃশ্য এবং অস্মদ্ ব্যবহার্য্য বিষয়সমূহের আধারভূত এই পৃথিবী উক্ত জ্যোতিশ্চক্রান্তর্গত ; কারণ এই পৃথিবীও জ্যোতিষ্কবিশেষ। অদৃশ্য বিশ্বের জ্যোতিশ্চক্র অদৃশ্য ; অদৃশ্য বিশ্বগতা পৃথিবী হইতে অদৃশ্যরূপ জ্যোতিশ্চক্র ভিন্ন। অতএব দৃশ্য ও অদৃশ্য, এই উভয় বিধ বিশ্বের যুগপরিবর্ত্তনকালেরও ন্যূনাধিকভাবে তারতম্য হইয়া থাকে। অতিবিস্তৃতা পঞ্চবিংশতি কোটি যোজন পরিমিতা অদৃশ্য পৃথিবীতে যে প্রকার যুগপরিবর্ত্তনের কাল নির্ণীত হইয়াছে তাহা হইতে অত্যল্প কালেই পঞ্চসহস্র যোজন পরিমিতা এই দৃশ্য পৃথিবীতে অবান্তর যুগ পরিবর্ত্তন হয়।

কোন কোন বিজ্ঞগণের মতে এই পরিবর্ত্তনকাল অদৃশ্য বিশ্বগত যুগপরিবৃত্তিকালের ষষ্টিভাগের এক ভাগ মাত্র, কিন্তু অদৃশ্য বিশ্বে যুগপরিবর্ত্তনে দৃশ্য বিশ্বে পূর্ণ পরিবর্ত্তন হয়। এই পূর্ণ পরিবর্ত্তনকালে এই দৃশ্য পৃথিবী জলমগ্ন হইয়া রূপান্তর ধারণ করে। পূর্ব্বোক্তকারণে জ্যোতিঃসিদ্ধান্তশাস্ত্রে কথিত গ্রহনক্ষত্রগণের সংখ্যাও অদৃশ্যবিশ্বগতা। এই দৃশ্য পৃথিবীতে কোন এক নির্দিষ্টকাল হইতে পরিগণিত গ্রহসাধনই ফলপ্রদ হয়। যে প্রকার গণনানুসারে

परिगणितं ग्रहसाधनं फलं प्रसूते ।

यादृश्या गणनया ग्रहा नेत्रगोचरा भवन्ति, तादृश्येव गणना ग्राह्या, नान्या । किन्तु कलिधूर्त्ताः प्रत्यक्षसिद्धान् रविचन्द्रादिग्रहानपि अन्यथा कर्त्तुमिच्छन्ति । अप्रत्यक्षविषयस्यान्यथासम्पादनं एषां पक्षे किमाश्चर्य्यकरं भवेत् ? ३२ ॥

नास्तिकः—सदसद्संसर्गाणां गुणदोषाभ्यां समाजस्थलोकानां सदसत्स्वभावाचारा भवन्ति, तद्भेदेनापि युगभेदो जायते । परमेशे कालविशेषे वा न वैषम्यदोषः । इति स्वीकृतम् । किन्तु आकाशमार्गस्थग्रहैः पृथिवीस्थमानवानां शुभाशुभसंघटनं नास्माकं अङ्गीकार्य्यम् । रव्यादिग्रहाः पृथिव्या बहुदूरस्था. तेभ्यः अतिदूरवर्त्तिनां नराणां शुभाशुभं कथं घटते ? तत् कदापि न सम्भवति । जन्मनि ग्रहा यत्रावतिष्ठन्ते तदनुसरणेन तदा जन्मकाले एव किमपि फलं सम्भवितुमर्हति, कथं वा जन्मकालानुयायि कालान्तरफलं, तदत्यन्तमसम्भवं मन्ये । तेन यावज्जीवनफलं वा कथमवगम्यते, तत्रापि विश्वासो न भवति । उद्वाहकालीनसम्बन्धानुसारेण कन्यावरयोर्यावज्जीवन शुभाशुभफलं कथं वा सम्भवेत्, यात्राकालीनग्रहस्थितिवशात् प्रवासिनः पुनर्गृहप्रत्यागमनान्तरं शुभाशुभफलं वा कथं संगच्छेत ? एतान्यविश्वास्यानि ।

सूत्रकारः आक्षेपान्-समादधाति—

आरम्भक्रियासम्बन्धाद्ग्रहणं फलप्रेरणं च सूचनमपि ॥ ३३ ॥

प्रारब्धकालेन परतः क्रियाकाले च ग्रहाणां

ग्रहসকল নেত্রগোচর হন, সেই প্রকার গণনাই গ্রাহ্য, তদিতর গণনা গ্রহণ করা যাইতে পারে না। কিন্তু কলিযুগের ধূর্ত্তগণ প্রত্যক্ষসিদ্ধ রবিচন্দ্রাদি গ্রহগণকেও অন্যথা করিতে ইচ্ছা করে, অথচ অপ্রত্যক্ষ বিষয়ের অন্যথাসম্পাদন ইহাদের পক্ষে একটুকুও আশ্চর্য্যের বিষয় নহে। ৩২ ॥

নাস্তিক—স্বীকার করিলাম সদসৎ সংসর্গাদির গুণদোষে সমাজস্থ ব্যক্তিগণের সদসৎস্বভাব গঠিত হয়, তদ্ভেদহেতু যুগভেদ হইয়া থাকে, পরমেশ্বরে বা কালবিশেষে বৈষম্যদোষ নাই। কিন্তু আকাশস্থ গ্রহগণদ্বারা যে পৃথিবীস্থ মনুষ্যগণের শুভাশুভ ফল দৃষ্ট হয়, তাহা আমরা স্বীকার করি না। সূর্য্যচন্দ্রাদি গ্রহগণ পৃথিবীস্থ লোকসকল হইতে বহুদূরে অবস্থিত। তাহাদের দ্বারা অতিদূরস্থ মনুষ্যগণের শুভাশুভ ফলভোগ কিপ্রকারে হইতে পারে ? তাহা কদাপি সম্ভব নহে। জন্মকালে গ্রহগণ যে স্থানে থাকেন, তদনুসারে সেই জন্মকালেই না হয় কোনপ্রকার ফল দর্শাইতে পারেন, কিন্তু জন্মকালের অবস্থানানুসারে গ্রহগণ অন্যকালে ফলপ্রদান করেন, কি প্রকারে ? তাহা অত্যন্ত অসম্ভব। বিশেষতঃ তদ্দ্বারা সমগ্র জীবনের শুভাশুভ ফল জানা যায়, কি প্রকারে ? তাহাতেও বিশ্বাস হয় না। বিবাহকালের সম্বন্ধ লইয়া দম্পতির সমগ্র জীবনব্যাপী শুভাশুভ ফল কি প্রকারে হয় ? গমণকালের সম্বন্ধ লইয়া বিদেশস্থ ব্যক্তির পুনর্গৃহপ্রত্যাগমন পর্য্যন্ত সময়ের শুভাশুভ নির্দেশ কি প্রকারে সম্ভব হইতে পারে ? অতএব এই সকল বিষয় বিশ্বাসযোগ্য নহে।

সূত্রকার উক্ত আক্ষেপ সমূহের সমাধান করিতেছেন।

আরম্ভ কালের ও পরবর্ত্তিক্রিয়াকালের সহিত গ্রহগণের সম্বন্ধ থাকায় গ্রহগণকর্তৃকমনুষ্যাদির শক্তিবিশেষের গ্রহণ হইয়া থাকে। তদনুসারে শুভাশুভ ফলসকলের প্রেরণ ও সূচন হয়। হে মহোদয়গণ, আপনারা নেত্রদ্বারা প্রত্যক্ষ করিতেছেন—চন্দ্র ও সূর্য্যের আকর্ষণ বলে সমুদ্রজলের উল্লাস ও হ্রাস

सम्बन्धवशात् तेन ग्रहैः मानवादीनां शक्तिग्रहो भवति। ततः शुभाशुभफलस्य प्रेरणं सूचनं च भवेत्। भो महोदयाः, भवन्तः प्रत्यक्षं पश्यन्ति यत् चन्द्रसूर्य्ययोराकर्षणविकर्षणाभ्यां सुविस्तृतोदधिवारिणोऽपि उल्लासह्रासौ जायेते। समुद्रजलराशेः यस्यांशस्योपरिभागे अधोदेशे वा चन्द्रः सूर्यो वा विद्यते तदंश उल्लसति, अपरांशो ह्रसति। अमावस्यायां पौर्णमास्यां वा चन्द्र-सूर्य्यौ समसूत्रौ भवेताम्। अतः सागरवारिणोऽधिकतरोल्लासो जायते। अष्टम्यान्तु चन्द्रसूर्य्ययोर्विषमसूत्रेऽवस्थानादुभयोराकर्षणं न समस्थानजम्, पृथक् दिग्वर्त्तिः, अतः सिन्धुजलवृद्धिर्नाधिका भवति। पक्षान्ते तु उभयोः समसूत्रपाते स्थितेः एकस्यामेव दिशि आकर्षणं सम्भवति। अपर तिथिषु एवं उभयोराकर्षणतारतम्यात् जलवृद्धेर्न्यूनाधिक्यं भवति।

अत्रेदं विचार्य्यं यत्—यदि चन्द्रसूर्य्ययोराकर्षणेन बहुविपुलजलधेः समाकर्षणं सम्भवेत्, तदा मानवादीनां देहस्थाल्परसस्य समाकर्षणं कथमसम्भाव्यम्। मानुषादीनां दैहिकरसाकर्षणात् तद्देहस्थ शुभाशुभप्रदशक्तीनां समाकर्षणं भवेत्। शुभाकर्षणात् अशुभवर्द्धनं तथा अशुभाकर्षणात् शुभशक्तिवृद्धिर्भवेत्। स्वल्पाकर्षणेन शुभाशुभशक्तिनां तात्कालिकवृद्धि र्भवति। यथा चन्द्र सूर्य्ययोस्तथा मङ्गलबुधबृहस्पति-शुक्रशनैश्चराणां पञ्चानां ग्रहाणामाकर्षणेन जीवशक्तिविशेषाणां ह्रासवृद्धी जायेते। रविचन्द्रमार्गयोः सन्धिद्वयं राहुकेत्वाभिधानञ्च तथैवाकर्षणशक्तिमत्। अपरास्तारकाः पातस्थानानि च बहुदूरवर्त्तितया न मानवादिदेहस्थशक्तिं तादृगाकर्षन्ति, शक्तिग्रहमपि न कुर्वन्ति, अतस्तेषां न ग्रहत्वम्। ये ज्योतिष्का आकर्षणेन वस्तुविशेषं शक्तिविशेषं ग्रहीतुं शक्नुवन्ति, ते तल्लक्षणाक्रान्ततया पातस्थानान्यपि

হইয়া থাকে। সমুদ্রজলের যে অংশের উপরিভাগে বা অধোভাগে চন্দ্র ও সূর্য্য বিদ্যমান থাকেন, সেই অংশ উল্লাসপ্রাপ্ত হয়, অন্যাংশ হ্রাস পায়। অমাবস্যা ও পূর্ণিমাতে চন্দ্র ও সূর্য্য সমসূত্রপাতে থাকেন, অতএব সমুদ্রের জলেরও অধিক উল্লাস হইয়া থাকে। অষ্টমীতে চন্দ্র ও সূর্য্য বিষমসূত্রে থাকেন, এই-হেতু উভয়ের আকর্ষণ একদিকে না হইয়া ভিন্ন ভিন্ন দিকে হয়, অতএব সিন্ধুজলের বৃদ্ধি অধিক হইতে পারে না। পক্ষান্ত কালে উভয়ের আকর্ষণ এক দিকেই হইয়া থাকে, যেহেতু চন্দ্র ও সূর্য্য সমসূত্রে অবস্থান করেন। অন্যান্য তিথিতে ঐ প্রকার উভয়ের আকর্ষণ তারতম্যে জলবৃদ্ধিরও তারতম্য হয়।

এ স্থলে বিচার্য্য এই যে, যদি চন্দ্র সূর্য্যের আকর্ষণে অতিবিস্তৃত জলনিধির সমাকর্ষণ হইতে পারিল, তবে মনুষ্যাদির দেহগত-অত্যল্পরসের সমাকর্ষণ হইবার অসম্ভব কি? মনুষ্যাদির দেহগত রসের আকর্ষণে তদ্দেহস্থ শুভাশুভ ফলপ্রদ শক্তিবর্গেরও আকর্ষণ হইয়া থাকে। শুভপ্রদ শক্তির আকর্ষণে অশুভপ্রদ শক্তির বৃদ্ধি হয় এবং অশুভপ্রদ শক্তির আকর্ষণে শুভপ্রদশক্তির বৃদ্ধি হইয়া থাকে। অত্যাল্পাকর্ষণে শুভপ্রদ বা অশুভপ্রদ শক্তির তাৎকালিক বৃদ্ধি হয়। যে প্রকার চন্দ্র সূর্য্যের আকর্ষণে মানবাদির শক্তিবিশেষের হ্রাসবৃদ্ধি হয়, সেই প্রকার মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি এই পঞ্চ তারাগ্রহের আকর্ষণেও শক্তিবিশেষের বৃদ্ধি বা হ্রাস হয়। রবি ও চন্দ্রের অয়নমার্গদ্বয়ের যেখানে সংযোগ হয়, সেই মার্গসন্ধিযুক্ত স্থানদ্বয়েরও উক্তপ্রকার আকর্ষণশক্তি। এই দুই স্থানে রাহু ও কেতুর অধিষ্ঠান। অন্যান্য তারকাসকল ও পাতস্থানসকল বহুদূরবর্ত্তী বলিয়া তাহাদের আকর্ষণদ্বারা মনুষ্যাদির দেহস্থিত শক্তিসমূহের আকর্ষণ হইতে পারে না। সুতরাং মনুষ্যাদির দেহগত শক্তির

ग्रहा उच्यन्ते। गर्भात् देहनिष्क्रान्तौ ग्रहावस्थानानुसारेण देहानां योग्यता अयोग्यता वा भवति। तद्देहो यावत्तिष्ठति, तावत्कालं तद्योग्यतायोग्यतादिकं देहगतं तिष्ठति। अतएव जातकालानुसारेणाजीवनं शुभाशुभफलं ज्ञायते। अथ ग्रहाणां गोचरफलमपि जातकालानुगत्या सम्भवेत्। एवं गृहात् प्रथमगमणे, स्त्रीपुरुषयोर्देहैकीकरणारम्भे, इतरकर्माद्युद्यमे ग्रहाणां यथावस्थानं जायते, तत्तत्समाप्तिकालं यावत् प्रथमावस्थित्यनुगत्या तत्तत्फलं भवति।

भो महोदयवृन्दाः! भवद्भिः स्वयमेवानुभूयते—कस्मिंश्चिदहनि भवद्भिर्यत् किमपि कर्मसंकल्प्य उपवेशनमात्रेणैव अनन्यचित्तैर्वाञ्छितसमाधाने रतैः स्थीयते, तद्दिने तत्कालेनैव तत्कार्य्यमवश्यं सुष्ठु निर्वाह्यते, किन्तु उपविश्यैव तन्न सम्पाद्यान्यत्र चित्तार्पणेन, अथवा विलम्बनेन तद्वाञ्छितं कार्य्यं कदापि सुशोभनं न सम्पाद्यते। फलतः कार्य्यारम्भे चित्तेऽचञ्चले समाप्तावपि तथैव तत्तिष्ठेत्, किन्तु आरम्भे चित्ते उद्विग्ने सति कार्य्यसमाधानं यावत् तदपि व्यग्रं स्यात्। कर्मोद्योगे चित्ते हृष्टे सर्वकालं सुसन्तुष्टं, शोकादिना दह्यमाने सति समाप्तिं यावत् शोचितं तिष्ठेत्। सुस्थिरहर्षमयचित्तेन कार्य्यं अवश्यमेव सुसम्पादितं भवति, उद्वेगशोकादिव्याप्तचित्तेन तु कदापि किमपि न सुसिध्यति।

ग्रहैः शक्तीनामाकर्षणात् तेषामवस्थित्यनुसारेण चित्ते स्थैर्य्य हर्ष-विषाद-भय-शोकोद्वेगादीनामुदयो भवति। ग्रहाणां तात्कालिकमवस्थानं

গ্রহণ করিতে না পারায় তাহাদের গ্রহত্ব নাই। যে সকল জ্যোতিষ্ক আকর্ষণ দ্বারা বস্তুবিশেষের বা শক্তিবিশেষের গ্রহণ করিতে পারে, সেই সকল জ্যোতিষ্ককে এবং উক্ত লক্ষণযুক্ত হওয়ায় পাতস্থানদ্বয়কেও গ্রহ বলা হইয়া থাকে।

গর্ভ হইতে দেহের বহির্গমণকালে উক্ত গ্রহগণ যেরূপ অবস্থাতে থাকেন, দেহের যোগ্যতা ও অযোগ্যতা তদনুরূপ হয়। ঐ দেহ যতকাল বিদ্যমান থাকে, ততকাল সেই যোগ্যতা বা অযোগ্যতা তদ্দেহগতাই থাকে। অতএব জন্মকালানুসারেই আজীবনের শুভাশুভ ফলের জ্ঞান হয়। এতদ্ভিন্ন গ্রহগণ যেরূপ অবস্থাতে থাকেন, তদনুসারেও ফল প্রদান করেন, এই ফল জন্মকালের আনুগত্যেই হইয়া থাকে। এইরূপ গৃহ হইতে প্রথম গমণকালে গ্রহগণের যেরূপ অবস্থান হয়, স্ত্রী পুরুষ শরীরদ্বয়ের একী-করণারম্ভকালেও তাহাদের যেরূপ অবস্থান হয়, অন্যান্য কর্মারম্ভকালে যেরূপ অবস্থান হয়, এই সকলের সমাপ্তিকাল পর্য্যন্ত সেই প্রকার অবস্থিতির আনুগত্যেই ফল হইয়া থাকে।

হে মহোদয়গণ, আপনারা স্বয়ং অনুভব করিয়া দেখিতে পারেন—আপনারা যে দিবসে যে কোন কার্য্য করিবার সংকল্প করিয়া উপবিষ্ট হইবেন এবং উপবেশনমাত্রেই অন্য কোন বিষয়ে চিত্তসমর্পণ না করিয়া এবং কালবিলম্ব না করিয়া সেই বাঞ্ছিত কার্য্যের সমাধানে রত হইলে সেই দিবসে সেই সময়ে সেই কার্য্য অবশ্যই উত্তমরূপে সম্পন্ন হইবে। যদি উপবেশনমাত্রে সেই কার্য্য না করিয়া অন্যবিষয়ে মনঃসংযোগ করেন, অথবা কার্য্যে বিলম্ব করেন, তবে সেই বিষয়ে সেই সময়ে আপনাদের বাঞ্ছিত কার্য্য উত্তমরূপে নির্বাহিত হইবে না। ফল কথা এই যে—স্থির চিত্তে যে কার্য্য করিতে আরম্ভ করা যায়, কার্য্য সমাপ্তি পর্যন্ত অবশ্যস্থিরভাবেই থাকে। উদ্বেগযুক্ত চিত্তে যে কার্য্য করা যায়, সেই কার্য্যের সমাপ্তি পর্য্যন্ত চিত্ত সেইভাবেই থাকে। হর্ষযুক্ত চিত্তে যে কার্য্য আরম্ভ হয়, কার্য্যসমাপ্তি পর্য্যন্ত চিত্ত হর্ষযুক্তই থাকে। শোকভাবাবিষ্ট হইয়া

सर्वेषां पक्षे तुल्यमपि तेषां जन्मकालीनावस्थानानुरोधेन फलतारतम्यं जायते। अतएव ग्रहाणां सदृशावस्थानं कस्यचिन्मनसि हर्षं, कस्यचित शोकं, इतरस्य च भयं जनयति। ये ये ग्रहा यादृशावस्थानात् यद्यत् फलं प्रेरयन्ति, ते ते तादृशास्थित्या तत्तत् फलानां सूचका अपि भवन्ति, अत्र कः संशयः। अतिप्राचीनकालात् प्राक्तनविज्ञवराः परीक्ष्य एतानि निर्णीतवन्तः, ग्रहफलानि प्रत्यक्षमनुभूय शास्त्राणि च प्रकटितवन्तः, तथैव शुभाशुभफलं सूचितं ज्ञेयञ्च भवति। अतएव ज्योतिःशास्त्रं प्रत्यक्षफलज्ञापकमेव। प्रत्यक्षसिद्धेषु विषयेषु भवतां सन्देहे न न प्रयोजनम्, तत्र अनधिकारश्च।

अत्र कश्चित् सन्देहः सम्भवेत्। सूर्य्यस्तेजोमयमण्डलम्, चन्द्रः तारकाश्च जलमृत्तिकामयमण्डलानि, पातस्थानानि तु तत्तच्छक्तिमात्रस्वरूपाणि। यदि तेषामाकर्षणेन मानवादीनां कुशलाकुशललब्धिः, तर्हि अत्र तत्तदभिधेयदेवानां कल्पना कथम्? दृश्य जड़रूपाणां ग्रहाणां आकर्षणादिना चेत् शुभाशुभफलं तदा शुभप्राप्तये अशुभनाशाय च कथं देवानामुपास्तिः? अतस्तत्तद्देवानां कल्पनया तत्तत् पूजया च नालमिति।

उच्यते प्रागुक्तमेतत्, दृश्यादृश्यविश्वानि परमेशेच्छामात्रेणैव संसृष्टानि, प्रतिपालितानि, संहृतानि च भवन्ति। तर्हि तानि परमेशात् न भिन्नानि, तत् स्वरूपाण्येव। परमेश्वरः स्वेच्छारूपया मायाशक्त्या विश्वं सृष्ट्वा परमात्मरूपेण तत्र प्रविश्य विश्वगतकार्य्याणि निर्वाहयति। तच्छक्त्या जीवाश्च तदानुगत्येन स्थावरजङ्गमादिदेहेषु प्रविश्य देहयात्रां

যে কার্য্য আরম্ভ করা যায়, কার্য্যসমাপ্তি পর্য্যন্ত চিত্ত শোকযুক্তই থাকে। স্থির এবং হৃষ্টচিত্তে কার্য্য করিলে অবশ্য কার্য্য উত্তমরূপে সম্পাদিত হয়। উদ্বেগ-শোকাদিব্যাপ্তচিত্তে আরব্ধকার্য্য কদাপি সুষ্ঠু সম্পাদিত হইতে পারে না।

গ্রহগণকর্তৃক শক্তিসমূহের আকর্ষণহেতু তাহাদের অবস্থানানুসারে চিত্তমধ্যেও স্থৈর্য্য, হর্ষ, বিষাদ, ভয়, শোক, উদ্বেগ প্রভৃতির উদয় হয়। উক্ত গ্রহগণের অবস্থান সকলের পক্ষে সমান হইলেও জন্মকালের অবস্থিতির আনুগত্যে ফলের তারতম্য হইয়া থাকে। অতএব গ্রহসকলের একপ্রকার অবস্থান একব্যক্তির পক্ষে হর্ষপ্রদ, অন্যব্যক্তির পক্ষে শোকপ্রদ, আবার কাহারও পক্ষে ভয়জনক ইত্যাদি রূপে ভেদযুক্ত হয়। যে সকল গ্রহ যে প্রকার অবস্থিতি অনুসারে যে প্রকার ফলের প্রেরক হন, তদবস্থ হইয়া সেইফলের সূচকও হন, এই বিষয়ে আর সংশয় কি আছে? বহুকালপূর্ব্ব হইতে প্রাচীন বিজ্ঞ ব্যক্তিগণ পরীক্ষাপূর্ব্বক নির্ণয় করিয়াছেন, গ্রহগণের যেরূপ অবস্থান দ্বারা যে প্রকার ফল হইয়া থাকে, তাহা প্রত্যক্ষানুভব করিয়াই শাস্ত্রসকলের প্রাকট্য করিয়াছেন, তদনুসারে শুভাশুভফল সূচিত ও জ্ঞেয় হয়। অতএব জ্যোতিঃশাস্ত্র প্রত্যক্ষ ফলজ্ঞাপক। প্রত্যক্ষসিদ্ধ বিষয়ে আপনাদের আপত্তি করিবার প্রয়োজন এবং অধিকার নাই।

এ স্থলে সংশয় হইতে পারে—সূর্য্য তেজোময় মণ্ডলস্বরূপ, চন্দ্র ও তারকাসকল জলমৃত্তিকাময় মণ্ডলস্বরূপ, পাতস্থান প্রভৃতি শক্তিমাত্রস্বরূপ। যদি তাহাদের আকর্ষণ দ্বারা মনুষ্যাদির শুভাশুভ ফল প্রাপ্তি হয়, তবে এ স্থলে তত্তন্নামক দেবগণের কল্পনা করা হয় কেন? দৃশ্য জড়বস্তুরূপ গ্রহগণের আকর্ষণাদি দ্বারা যদি শুভাশুভ ফল লাভ হয়, তবে শুভফল প্রাপ্তির জন্য এবং অশুভ নিরাস উদ্দেশ্যে সেই সেই দেবতার পূজা করা হয় কেন? অতএব তত্তদ্ দেবতাকল্পনায় বা তত্তৎপূজাদিতে প্রয়োজন নাই।

তাহাতে উক্ত হইতেছে যে—পূর্ব্বেই বলা হই-

निर्वाहयन्ति। अनासक्तत्वात् परमात्मा नित्यमुक्तः, जीवास्तु देहादिषु आसक्तिवशात् संसृतिदुःखमनुभवन्ति। तेषां पुण्यवन्तो जीवाः परमेशानुग्रहेण राजभृत्यवत् देवपदानि लभन्ते। ते देवाः परमेशप्रदत्तशक्तिप्रभावेण तच्छक्त्यंशविशेषं परिचालयन्ति। अतएव प्रत्येककालांशस्य, प्रतिदेशांशस्य, प्रत्येकवस्तुनश्चाभिमानिनो भूत्वा तत्तच्छक्तिपरिचालकरूपेण देवा विद्यन्ते। यस्मात् ग्रहात् यादृशीशक्तिः सञ्चरन्ति सा तदभिमानिना देवेनैव सञ्चार्य्यते। तत्तद्ग्रहाभिमानिनां देवानां पूजया पुण्यं लभ्यते यतस्तत्तत् पूजनादिना परमेश एव पूज्यते। अतएव तत्तद्ग्रहपूजनादिपुण्यबलेन तत्तद्ग्रहसूचितस्याशुभफलस्याप्राप्तिः शुभफलानाञ्चाधिक्यं भवति। परमेशपूजादिनापि तत्तत् फललब्धिर्नासम्भाव्या। अतएव पूर्वोक्तेषु ग्रहेषु तत्तदभिमानिनो देवा वर्त्तन्ते तेनैव तत्तच्छक्तेः प्रेषणं भवेत्, तत्तत् पूजनादिना अशुभविनाशः शुभवृद्धिश्च जायते।

पुनः संशयः—शास्त्रेषु श्रूयते जीवाः स्वकृतकर्मफलभुजः, स्वकृतपुण्येन सुखं प्राप्नोति, तर्हि ग्रहाः कथं सुखदुःखहेतवो भवन्ति? तत्र स्वकृतकर्मणः प्राधान्यं न तिष्ठेत्। अन्यत्र श्रुतम् यमनामा देवो हि सुखदुःखप्रदः, अपरत्र कुत्रापि श्रूयते च अद्भुतव्यापाराः आकस्मिकघटनाश्च सुखदुःखविसर्ज्जकाः। कुत्रापि च श्रूयते काल एव सुखं दुःखं वा दिशति। कुत्रापि च परमेश-प्राधान्यमाकर्ण्यते, परमेशाभिलाषं विना मानवस्य सुख-दुःखादिकं किमपि न घटेत। एतेषां मध्ये किं सत्यं मिथ्या वा निर्णेतुं न शक्यते। इति

য়াছে যে দৃশ্যাদৃশ্য সমুদয় বিশ্ব পরমেশ্বরের ইচ্ছা মাত্র দ্বারা সৃষ্ট, প্রতিপালিত ও সংহৃত হয়। অতএব দৃশ্যাদৃশ্য বিশ্ব পরমেশ্বরের ইচ্ছামাত্র হওয়ায় পরমেশ্বর হইতে ভিন্ন নহে, তৎস্বরূপমাত্র। পরমেশ্বর স্বেচ্ছারূপা মায়াশক্তির দ্বারা বিশ্বের সৃষ্টি করিয়া তাহাতে পরমাত্মরূপে প্রবিষ্ট হইয়া বিশ্বগত সকল কার্য্যের নির্বাহ করেন। তাঁহার শক্তিরূপ জীবসকল তদানুগত্যে স্থাবরজঙ্গম শরীরগুলিতে প্রবিষ্ট থাকিয়া তত্তদ্দেহযাত্রা নির্বাহিত করেন। অনাসক্তিহেতু পরমাত্মা নিত্যমুক্ত থাকেন। জীবগণ দেহাদিতে আসক্তিবশতঃ সংসার দুঃখের অনুভব করেন। তন্মধ্যগত পুণ্যবান্ জীবগণ পরমেশানুগ্রহে রাজভৃত্যবৎ দেবগণের পদলাভ করেন। সেই সকল দেবতা পরমেশ্বরের প্রদত্ত শক্তির বলে পরমেশশক্ত্যংশ বিশেষের পরিচালন করেন। অতএব প্রত্যেক দেশাংশের, প্রত্যেক কালাংশের প্রত্যেক বস্তুর অভিমানী হইয়া তত্তচ্ছক্তির পরিচালকরূপে দেবগণ বিদ্যমান আছেন। এই হেতু গ্রহ সকলের মধ্যেও তত্তদভিমানী ও তত্তচ্ছক্তিপ্রেরক দেবতা সকল বিদ্যমান থাকেন। যে গ্রহ হইতে যেরূপ শক্তির সঞ্চার হয়, তাহা তদভিমানী দেব বিশেষ কর্তৃকই হইয়া থাকে। সেই সকল গ্রহাভিমানী দেবগণের পূজাদি দ্বারা পুণ্যলাভও হয়, যেহেতু তত্তৎপূজনাদি দ্বারা পরমেশ্বরেরই পূজনাদি হইয়া থাকে। অতএব তত্তদ্গ্রহের পূজনাদি পুণ্যের বলে তত্তদ্গ্রহসূচিত অশুভফলের প্রত্যাহার হইয়া শুভফলের আধিক্য হয়। পরমেশ্বরের পূজাদি দ্বারা উক্তরূপ ফললাভ অসম্ভব নহে। অতএব পূর্বোক্ত গ্রহগণের মধ্যে তত্তদভিমানী দেবগণ বিদ্যমান আছেন, তদ্দ্বারাই তত্তচ্ছক্তির প্রেরণ হয়, তত্তৎপূজনাদি দ্বারা অশুভের বিনাশ ও শুভের বৃদ্ধি হয়।

এ স্থলে পুনর্বার সংশয় হইতে পারে—শাস্ত্রে শ্রবণ করা যায়—জীবগণ স্বকৃত কর্মের ফলভোগ করিয়া থাকেন। নিজকৃত পাপকর্মহেতু দুঃখভোগ এবং স্বকৃত পুণ্য কর্ম দ্বারা সুখভোগ করেন, তথাপি গ্রহগণ কি প্রকারে সুখ দুঃখের প্রদানে হেতু হই-

अतएवोच्यते—देहाभिमानवतां जीवानां स्वकृतकर्मैव सुखदुःखयोः कारणम्। तत्र कर्त्तव्यानुष्ठानेन सुखं, अकर्त्तव्यसम्पादनेन दुःखञ्च। कीदृशं कर्म कर्त्तव्यमकर्त्तव्यं वा अनभिज्ञानामज्ञातव्यमेव, अतिविज्ञगोचरम्। अतएव सुविज्ञास्ते अज्ञानां मङ्गलाय शास्त्राणि प्रकटय्य कर्त्तव्याकर्त्तव्यानि निर्णीतवन्तः। अतः पुण्यसंज्ञकेन शास्त्रविहितकर्मणा सुखं, पापाख्येन शास्त्रनिषिद्धेन कर्मणा दुःखं भवति। शास्त्रप्रतिपाद्यस्य विहितनिषिद्धकर्मणः श्रवणादौ अयोग्यत्वात् मानुषेभ्योऽन्येषां जीवानां पापपुण्यसम्बन्धो न घटते। एतेनैव मानवदेहेन कृतकर्मणः फलं देहान्त-संयोगेन भुज्यते मात्रम्।

पुण्यपापात्मकं कर्म द्विविधं प्रारब्धम् अप्रारब्धञ्च। येन कर्मणा देहारम्भः स्वर्गनिरयादिफलभोगो वा भवति, तदेव प्रारब्धं कर्म। पापपुण्यात्मकानि यानि बहुजन्मनां सञ्चितानि, न तु तेषां भोगकालो निर्णीतः, तान्येवाप्रारब्धकर्माणि। परमेशादेशेन यमनामा देवो धर्मराजासनमधिष्ठितः। स एवं पुण्यपापानां भोगकालान् निश्चिनोति समधिकपुण्यवन्तो देहान्ते दूतैः ससम्मान यमलोकं नीता धर्मराज विचारेण तदादेशात स्वर्गादिभोगं लभन्ते। महापापिनस्तु तैः सताड़नं नीता नरकयातनादिकं प्राप्नुवन्ति। पुण्यनिष्ठाः

লেন? গ্রহগণ যদি সুখ দুঃখের কারণ হন, তাহাতে স্বকৃত কর্মের প্রাধান্য থাকে না। অন্যত্র শ্রবণ করা যায়—যম-নামক দেবতা সুখদুঃখ প্রদাতা, অন্য কোথাও শ্রবণ করা যায়—অদ্ভুত ব্যাপার সকল অথবা আকস্মিক ঘটনাসমূহ সুখ দুঃখ প্রদান করে। কোন স্থানে শ্রুত হয়—কালই সুখ দুঃখ দাতা। কোনও স্থানে পরমেশ্বরের প্রাধান্য শ্রবণ করা যায়, পরমেশের ইচ্ছা ব্যতীত মনুষ্যাদি সকলের সুখ বা দুঃখ কিছুই হয় না, এই সকল বাক্যের মধ্যে কোনটী সত্য বা কোনটী মিথ্যা, তাহা স্থির করিতে পারা যায় না।

ইহাতে কথিত হইতেছে—দেহাভিমানী জীবগণের নিজকৃত কর্মই সুখ দুঃখের কারণ। তন্মধ্যে কর্ত্তব্যের অনুষ্ঠানে সুখ ও অকর্ত্তব্যের করণে দুঃখ হয়। কোনটী কর্ত্তব্য এবং কোনটী অকর্ত্তব্য কর্ম্ম তাহা অনভিজ্ঞ ব্যক্তির পক্ষে জানিবার উপায় নাই। অতিবিজ্ঞেরই গোচর হয়, অতএব সেই অতিবিজ্ঞব্যক্তিগণ অজ্ঞলোকগণের মঙ্গলের জন্য শাস্ত্রের প্রাকট্য করিয়া কর্ত্তব্যাকর্ত্তব্যের নির্ণয় করিয়াছেন। এই হেতু পুণ্যসংজ্ঞক শাস্ত্রবিহিত কর্মদ্বারা সুখ ও পাপাখ্য শাস্ত্রনিষিদ্ধ কর্মদ্বারা দুঃখ উপস্থিত হয়, শাস্ত্রপ্রতিপাদিত বিহিত ও নিষিদ্ধ কর্মসকলের শ্রবণাদি বিষয়ে অযোগ্যতাহেতু মনুষ্যেতর জীবের পাপপুণ্য সম্বন্ধ হয় না। এই মনুষ্যদেহে যে কর্ম কৃত হয়, অন্যদেহ দ্বারা সেই সেই কর্মেরই ফল ভুক্ত হয়। প্রারব্ধ ও অপ্রারব্ধ রূপে উক্ত পুণ্যপাপাত্মক কর্ম দ্বিবিধ। যে পুণ্যপাপরূপ কর্মদ্বারা দেহারম্ভ কিংবা স্বর্গনরকাদির ভোগারম্ভ হয়, তাহাকে প্রারব্ধ কর্ম বলা হয়। যে পুণ্যপাপাত্মক কর্ম বহুজন্ম ধরিয়া সঞ্চিত হইয়া আসিতেছে, কিন্তু তাহার ভোগকাল এখনও আসে নাই; সেই কর্মকে অপ্রারব্ধ বলা হয়।

পরমেশ্বরের আদেশে যমনামক দেবতাবিশেষ ধর্মরাজাসনে অধিষ্ঠিত আছেন, তিনিই পূর্বোক্ত পুণ্য-পাপরূপ কর্মসকলের ভোগকাল নির্ণয় করেন। মনুষ্য দেহত্যাগান্তে অধিক পুণ্যকর্মনিষ্ঠগণ দূতদানদ্বারা সসম্মানে যমলোকে নীত হন, এবং ধর্মরাজের বিচারানুসারে তদাদেশে স্বর্গাদির ভোগ লাভ করেন। অধিক পাপিষ্ঠগণ দূতদ্বারা সশাসনে তল্লোকে নীত হন, এবং নরকাদি ভোগলাভ

स्वर्गभोगानन्तर सत्कुले जन्म प्राप्य पुनः पुण्यानुष्ठानेन सुखभोगेन च प्रारब्धपुण्यं क्षिण्वन्ति, पापात्मानस्तु नरकभोगानन्तरं विविधस्थावरदेहान् कृमिकीट पशुविहगादिशरीराणि धृत्वा, अथ असत्कुले जाता पापानि अनुष्ठाय दुःखभोगेन प्रारब्धपापानि नाशयन्ति। तुल्यपुण्यपापाः सहजेन तल्लोकं प्रापिताः स्वर्गनिरयभोगमन्तरेण तदादेशेन मर्त्त्यलोके जायन्ते तेषां पुण्यपापानुसारेण सुखदुःखभोगयोग्यकाले जन्म भवति। ते जन्मनैव ग्रहाणामधिकारग्रस्ता भवन्ति, तत् प्रेरिताश्च प्राक्तनपुण्यपापफलं सुखदुःखादि भुञ्जते। अत एव मनुष्यादि जीवा निजनिर्मितपुण्यपापानां फलं सुखदुःखादिकं समश्नन्ति। यमराजः जीवकृतपुण्यपापानां विचारं विदधाति। वर्त्तमानदेहे कीदृशो भोगो योग्यः। अनन्तरभोगार्थं कियत् पुण्यपापमवशिष्येत् इत्यादिकं परामृशति। पुण्येन स्वर्गं पापेन च नरकं विदधाति। राजसहायकतुल्या ग्रहास्तद्देहेषु भोग्यानि प्रारब्धपुण्यपापानुसृतानि सुखदुःखफलानि यथास्वाधिकारं प्रहिण्वन्ति। यथा भूपालः प्रजाकृतगुणदोषादीन् विचार्य्य पुरस्कारं दण्डं वा विदधाति। अमात्यादयः सहकारिणस्तत् प्रेरयन्ति, अत्रापि तद्वत्। यथा च प्रजानां पुरस्कारो दण्डो वा राजविहितोऽपि तत्सहकारिभिः प्रेरितोऽपि स्वकृतफलमेव, तथैवात्र जीवानां सुखदुःखभोगो यमदेवेन विहितोऽपि ग्रहैः प्रेषितोऽपि तेषां स्वकृतकर्म्मणां फलमेव।

यत्र यदा येषां वस्तूनां यः स्वभावो विख्यातः यदि कुत्रापि कदापि तत्तद्वस्तूनां तद्विपरीतभावो

করেন পুণ্যবান ব্যক্তিগণ স্বর্গভোগান্তে সৎকুলে জন্ম পাইয়া পুনঃ পুণ্যানুষ্ঠান ও সুখভোগদ্বারা প্রারব্ধ পুণ্যের ক্ষয় করেন, পাপাত্মাগণ নরকভোগান্তে নানাবিধ স্থাবর, কৃমি-কীট, পশু, পক্ষী প্রভৃতির দেহ ধারণের পরে অসৎকুলে জন্ম পাইয়া পাপকার্য্যের অনুষ্ঠান ও দুঃখভোগদ্বারা প্রারব্ধ পাপের ক্ষয় করেন। সমপুণ্যপাপ ব্যক্তিগণ সাধারণভাবে তল্লোকে নীত হন এবং স্বর্গ ও নরক ভোগ ব্যতিরেকে তদাদেশে মনুষ্যলোকে জন্মগ্রহণ করেন।

উক্ত ব্যক্তিগণের পুণ্য-পাপানুসারেই তদুচিত সুখ-দুঃখ ভোগের উপযুক্ত কালেই জন্মলাভ হয়। জন্ম মাত্রেই গ্রহগণের অধিকারগত হন এবং তৎপ্রেরিতরূপে স্বকৃত পূর্ব্ব পুণ্য-পাপের ফলরূপ সুখ ও দুঃখের ভোগ করিয়া থাকেন। রাজস্থানীয় যমদেব তৎকৃত পুণ্য-পাপের বিচার করেন, বর্ত্তমান শরীরে কিরূপ পুণ্য-পাপের ভোগ উপযুক্ত এবং পরে ভোগের জন্য কিরূপ পুণ্য-পাপ থাকিতে পারে, তাহার পরামর্শ করেন, পুণ্যানুসারে স্বর্গভোগাদির বিধান এবং পাপানুসারে নরক যন্ত্রণাদির বিধান করেন। রাজসহকারিস্থানীয় গ্রহগণ জন্মানন্তর তত্তদ্দেহে ভোগের যোগ্য প্রারব্ধ পুণ্যপাপানুগত সুখ দুঃখরূপ ফল সকলের স্বাধিকারানুসারে প্রেরণ করিয়া থাকেন। যেমন রাজা প্রজাগণকৃত গুণদোষের বিচার করিয়া পুরস্কার বা দণ্ডের বিধান করেন, রাজসহকারিগণ তাহা প্রেরণ করেন, এস্থানেও ব্যাপারটি সেইরূপ হইয়া থাকে যে প্রকার প্রজাগণের পুরস্কার বা দণ্ড রাজকর্ত্তৃক বিহিত হইলেও, রাজসহকারিগণকর্ত্তৃক প্রেরিত হইলেও, স্বকৃত কর্মের ফলানুরূপ হয়, সেই প্রকার এস্থলেও জীবগণের সুখ বা দুঃখ যমদেব কর্ত্তৃক বিহিত হইলেও গ্রহগণকর্ত্তৃক প্রেরিত হইলেও স্বকৃত কর্মের ফলানুরূপ হইয়া থাকে।

যে দেশে, যে কালে যে সকল বস্তুর যেরূপ স্বভাবাদি সুপ্রসিদ্ধ আছে, যদি কোন দেশে, কোন কালে, কোন বস্তুর তদ্বিপরীতভাব দেখা যায়, তাহাকে অদ্ভুত ব্যাপার বলা হয়। এইরূপ অদ্ভুত

लक्ष्यते, सोऽद्भुतव्यापार उच्यते। एवमद्भुतव्यापारैरासन्नसुखदुःखं ज्ञायते। अवयवविशेषस्पन्दनं पशुखगादीनां भावक्रियाशब्दादीनि अपि तादृशसुखदुःखज्ञापकानि शुभाशुभसूचकानि वा एते आकस्मिकव्यापाराः। परमेशविधानेन तत्तद्देशकालवस्त्वभिमानिभिर्देवैः कृपया सावधानतार्थं तत्तद्व्यापारा विधीयन्ते। ते व्यापाराः प्राग्विहितपुण्यपापजनितस्य सुखदुःखफलस्य सूचका, न तु सुखदुःखप्रदाः। एते प्रागलिखित-प्रकारेण प्रत्यक्षफलसूचका, न भवतामापत्तिस्थानानि। ज्योतिश्चक्रं तद्गतग्रहाश्च कालज्ञापकाः, अतस्तत्प्रेरिते सुखदुःखे कालप्रेषिते इति कथ्यते। प्रागनुष्ठितानि कर्माण्येव दैवम्। अतो दैवकृतमपि स्वकृतकर्मफलमेव। पूर्वकृतकर्मणां संस्कारः स्वभाव उच्यते, तर्हि स्वभावविहितनाम्ना ख्यातान्यपि स्वकृतकर्मफलानि। परमेश्वरः सर्वाश्रयः, अतएव स हि पुण्यपापाख्यकर्मविधाता, तदनुसारेण सुखदुःखयोर्विधाता, यमदेवस्य ग्रहाणाञ्च प्रतिष्ठाता। स एव देवैः सुखदुःख शुभाशुभसूचकः, तस्मात् तत्प्राधान्यमेव स्वीक्रियते। जीवानुष्ठितकर्मफलं विना स्वयं परमेशः स्वेच्छया कस्यापि सुखदुःखादिकं न विदधाति। 'तत्प्रेरणेन जीवानां शुभाशुभकर्मसु प्रवृत्तिर्जायते।' स्वभावमीश्वरं प्रकल्प्य एतादृशी उक्तिर्भवति। कैश्चित् कर्म, कैश्चिद्दैवमन्यैश्च स्वभाव ईश्वरः स्वीक्रियते, एवं कालादावपि ईश्वरत्वं आरोप्यते। तत्तद्बुद्धिः स्वकपोलकल्पनाप्रसूतैव। तत्तत् कल्पनामतेन शास्त्रेष्वपि क्वचित् तत्तत्प्राधान्यं श्रूयते। कर्म-दैव-ग्रह-काल-स्वभावा

ব্যাপার সকলদ্বারা আসন্ন সুখ-দুঃখের সূচনা হয়। অঙ্গ বিশেষের স্পন্দন, পশুপক্ষিপ্রভৃতির ভাব, ক্রিয়া, শব্দাদির দ্বারাও ঐরূপ সুখ-দুঃখ সূচনা বা শুভাশুভ জ্ঞান হইয়া থাকে। এই সকলকে আকস্মিক ব্যাপার বলা হয়। পরমেশ্বরের বিধান-মতে তত্তদ্দেশকালবস্তুর অভিমানী দেবগণ কর্তৃক কৃপাদ্বারা সাবধান করিবার জন্য উক্তব্যাপার সকল বিহিত হয়। এই সকল ব্যাপার পূর্ব্বকৃত পুণ্য-পাপজনিত সুখ-দুঃখরূপ ফলের সূচক মাত্র, কিন্তু স্বয়ং সুখ-দুঃখপ্রদ নহে। এই সকল ব্যাপার পূর্ব্বলিখিতানুসারে প্রত্যক্ষ ফলের সূচক হওয়ায় আপনাদিগের আপত্তি স্থান হইতে পারে না।

জ্যোতিশ্চক্র এবং তদবস্থিত গ্রহগণই কালের জ্ঞাপক হন, এবং তৎ প্রেরিত সুখ-দুঃখাদি কাল-প্রেরিত নামে খ্যাত হয়। পূর্ব্বকৃত কর্ম্মই দৈব নাম ধারণ করে। অতএব দৈবকৃতরূপে যাহা খ্যাত হয়, তাহাও স্বকৃত কর্ম্মের ফল। পূর্ব্বকৃত কর্ম্মসকলের যে সংস্কার, তাহাকে স্বভাব বলা হয়, এই হেতু স্বভাবকৃত বলিয়া প্রসিদ্ধ ব্যাপারও স্বকৃত কর্ম্মফল মাত্র। পরমেশ্বর সর্ব্বাশ্রয়, অতএব তিনিই পুণ্য পাপাখ্য কর্ম্মের বিধান কর্ত্তা, তিনিই পুণ্য-পাপানুসারে সুখ-দুঃখের বিধাতা, তিনিই যমদেবের ও গ্রহগণের প্রতিষ্ঠাতা, তিনিই দেব-গণদ্বারা সুখ-দুঃখ ও শুভাশুভের সূচক, এইহেতু তাঁহারই প্রাধান্য স্বীকৃত হইয়া থাকে। স্বকৃত কর্ম্মফল ব্যতিরেকে স্বয়ং পরমেশ্বর ইচ্ছানুসারে কোন ব্যক্তির সুখ বা দুঃখের বিধান করেন না।

'পরমেশ্বরের প্রেরণমতে শুভাশুভকর্ম্মে প্রবৃত্তি হইয়া থাকে।' —এইরূপ উক্তি, স্বভাবকে ঈশ্বর কল্পনাপূর্ব্বকই হইয়া থাকে।

কোন কোন ব্যক্তি কর্ম্মকে ঈশ্বররূপে স্বীকার করেন, কেহ কেহ স্বভাবকে ঈশ্বররূপে স্বীকার করেন, এইপ্রকারে দৈব, কাল প্রভৃতিতেও ঈশ্বরত্ব স্থাপন করিয়া থাকেন। এই সকল ব্যাপারে ঈশ্বর-বুদ্ধি স্বকল্পনা প্রসূতা! সেই কল্পনানুসারে শাস্ত্র সমূহেও স্থান বিশেষে তত্তৎ প্রাধান্য শ্রবণ

दिगतानां शक्तीनां सर्वासामाश्रय एकः परमेश्वर एव। अत्रस्तत्तत् कल्पना अपि प्रकारान्तरेण यथार्थव्यञ्जिका भवन्ति। परमेश्वरः साक्षात् शुभाशुभं न प्रेरयति, तथा सति परमेश्वरे वैषम्यापत्तिः स्यात्। अतो जीवानां स्वकृतानि तत् सुखदुःखजनकानि। भो महोदयाः प्रागुक्तहेतो ग्रहा मनुष्यादीनां शक्तिं समाकृष्य सुखदुःखादिफलं प्रेरयन्ति, सूचयन्ति च ॥ ३३ ॥

नास्तिकः — बहवो विषयाः श्रुता अपि नास्माकं मनः प्रसादः पाञ्चभौतिकाद् देहादन्तःकरणं भिन्नं, तत्प्रेरकत्वात् तदाश्रयश्च। एवमाश्रयत्वादन्तःकरणाज्जीवो भिन्नः, जीवाच्च परमेशः। आश्रितत्वात् परमाज्जीवोऽभिन्नः, जीवादन्तःकरण तस्मादपि देहोऽभिन्नः। व्यष्ट्या एवं सत्यपि समष्टि-दृष्ट्या परमेशान्तःकरणलक्षण-मायाशक्त्या अंशत्वात् जीवान्तःकरणमभिन्नम्। शक्तित्वाच्च जीवादिवत् मायाख्यं परमेशान्तःकरणमपि परब्रह्माख्य-परमेशस्वरूपा त्वभिन्नम्। तल्लक्षणवेदादिशास्त्रसिद्धान्तेषु विश्वस्तानामप्यस्माकं मनः प्रसादं नाधिगच्छति। अस्मासु बहुजना नानाविधैः कुतर्कैः चित्स्वरूपस्य जड़गुणत्वं स्थापयित्वा भूतपञ्चकस्य प्राधान्यं नित्यत्वं च प्रदर्श्य चित् स्वरूपस्यानित्यत्वं प्रतिष्ठापयन्ति। तैः कुतर्कैः सांख्ययोग-वैराग्य-ज्ञान-विज्ञानादिषु अस्माकं विश्वासः चलति। विशेषेण भगवतः पारमैश्वर्य्येऽपि सन्दिहाना जाता वयम्।

श्रीभगवान् चिच्छक्त्या अनन्तानि वैकुण्ठधामानि प्रकटय्य तत्राश्रयरूपः सन् बहुमूर्त्तिकः सुविराजते। धामविशेषेषु प्रतिमूर्त्तयोग्यपार्षदा

করা যায়। কর্ম্মগতা, দৈবগতা, গ্রহগতা, কালগতা, স্বভাবগতা ইত্যাদি সকল শক্তির পরমেশ্বরই আশ্রয় হন, অতএব তত্তৎকল্পনাও প্রকারান্তরে যথাতথ্যব্যক্তকারিণী। সাক্ষাদ্ভাবে পরমেশ্বর শুভাশুভকর্ম্মে প্রেরক হন না, তাহা হইলে পরমেশ্বরে বৈষম্যদোষের আরোপণ হয়। অতএব জীবগণের স্বকৃতকর্ম্মই সমস্ত সুখদুঃখ ভোগের হেতু। হে মহোদয়গণ, পূর্ব্বোক্ত কারণে গ্রহগণ মনুষ্যাদি সকলের শক্তি সমাকর্ষণপূর্ব্বক সুখদুঃখাদি ফলপ্রেরণ এবং তৎসূচনও করিয়া থাকেন॥৩৩॥

নাস্তিক—আমরা বহু বিষয় শ্রবণ করিলাম, তথাপি আমাদের মনের প্রসন্নতা হইতেছে না। পাঞ্চভৌতিক দেহ হইতে অন্তঃকরণ ভিন্ন এবং তৎপ্রেরক হওয়ায় তদাশ্রয়। এই প্রকার আশ্রয় হওয়ায় অন্তঃকরণ হইতে জীব ভিন্ন এবং জীব হইতে পরমেশ্বর ভিন্ন হন। আশ্রিত হওয়ায় পরমেশ্বর হইতে জীবসকল অভিন্ন, জীব হইতে অন্তঃকরণ ও অন্তঃকরণ হইতে দেহ অভিন্ন হয়। ব্যষ্টিরূপে এইরূপ হইলেও সমষ্টির দৃষ্টিতে পরমেশ্বরান্তঃকরণরূপা মায়াশক্তি হইতে অংশ হওয়ায় জীবান্তঃকরণ অভিন্ন, এবং কার্য্যহেতু জীবদেহসকল অভিন্ন। আবার শক্তি হেতু জীবাদিবৎ মায়াখ্য পরমেশ্বরান্তঃকরণও পরব্রহ্মাখ্য পরমেশ্বরস্বরূপ হইতে ভিন্ন হন না, উক্তরূপ বেদাদি শাস্ত্রসিদ্ধান্তে আমাদের বিশ্বাস হইলেও মনের প্রসন্নতা হইতেছে না। আমাদের মধ্য হইতে বহু ব্যক্তি নানাবিধ কুতর্ক দ্বারা চিৎস্বরূপের জড়গুণত্ব স্থাপনপূর্ব্বক পঞ্চভূতের প্রাধান্য এবং নিত্যত্ব স্থাপন করিয়া চিৎস্বরূপের অনিত্যতা প্রতিষ্ঠিত করিতেছেন। সেই কুতর্কদ্বারা আমাদের সাংখ্যযোগ, বৈরাগ্য, জ্ঞান, বিজ্ঞান প্রভৃতিতে শ্রদ্ধা পরিত্যক্ত হইবার সম্ভাবনা হইতেছে, বিশেষত; শ্রীভগবানের পারমৈশ্বর্য্যে আমাদেরও সংশয় উপস্থিত হইতেছে।

শ্রীভগবান্ চিচ্ছক্তি দ্বারা অনন্ত বৈকুণ্ঠধামের প্রাকট্য করিতেছেন, সেই সকল বৈকুণ্ঠে আশ্রয়রূপে শ্রীভগবান্ বহুমূর্ত্তি প্রকট করিয়া সুবিরাজিত।

अपि शोभन्ते। स्वस्वनित्यधामसु स्वस्वपरिकरैर्विविधलीलाप्राकट्यञ्च चलति। एवं मायाशक्त्या श्रीभगवान् परमेशरूपः अनन्तकोटिब्रह्माण्डानां सर्गस्थाननिरोधान् विदधाति। प्रतिब्रह्माण्डं चतुर्दशभुवनानि व्यञ्जितानि। तेषु च यथाधिकारं सिद्ध-देव-भूत मानव-दैतेय-नागा वसन्ति। तत्र जीवा निजकर्मभिः स्वर्गनरकादिभोगान् मानवादिविविधदेहधारणं जन्ममृत्युप्रवाहलक्षणं संसृतिक्लेशान् अनुभवन्ति। दुर्बलचित्तैर्दृश्ये सौरविश्वे नानानानातनुमद्भिः तद्दुःखे निपत्यते।

ज्ञेयं ध्येयं दृश्यमिति विश्वं त्रिविधम्। तत्र ज्ञेयविश्वमप्राकृतं देशकाल-वस्तुभिरपरिच्छिन्नं केवलास्ति-ज्ञानात्मकं परब्रह्मस्वरूपभूतम् आनन्दघनवैचित्रम्। ध्येयविश्वं प्राकृतमपि मनोमयं मानसगोचरमात्रम्। प्राकृतं दृश्यविश्वमिदं जड़पञ्चभूतमयम्। ज्ञेयानि परव्योमाख्यवैकुण्ठधामानि श्रीभगवतोऽप्राकृतज्ञानमयविग्रहलक्षणानि, यथा-श्रीभगवान् तमप्राकृतं विश्वं ज्ञेयश्रीविग्रहत्वेन अनुभवति। एवं ध्येयब्रह्माण्डानि परमेशलक्षण-भगवतः प्राकृतध्यानमयः विग्रहः एव, यथा सः तं ध्येयश्रीविग्रहरूपमनुभवति। इदं च दृश्यं सौरजगत् तस्य प्राकृतदृश्यमयं विग्रहमेवानुभवति। भवतां वेदादिशास्त्र प्रतिपादित सिद्धान्ता एवमेव। अत्रास्माकं संशयः—सौरविश्वमिदं परमेशेन सृष्टं पालितं संहृतञ्च भवेदेव, यतोऽत्र जीवविशेषाणां शक्तिर्न दृश्यते। किन्तु ध्येयज्ञेयविश्वानि अदृश्यानि। अतएव ज्ञेयविश्वस्य नित्यप्राकट्ये परमेशकर्तृत्वं कथं स्वीक्रियते, तत्राविश्वासः, अतो न स्वीकार्य्यम्

প্রত্যেক মূর্ত্তির ধামবিশেষে তদুচিত পার্ষদ প্রভৃতি পরিকরবর্গও বিরাজমান থাকেন নিজ নিজ নিত্যধামে নিজ নিজ পরিকর সকলের সহিত নানা লীলার প্রাকট্য হইতেছে। এইরূপ মায়াশক্তির দ্বারা শ্রীভগবান্ পরমেশ্বররূপে অনন্তকোটী ব্রহ্মাণ্ডের সৃষ্টি, সংরক্ষণ ও সংহরণ করিতেছেন। প্রত্যেক ব্রহ্মাণ্ড মধ্যে চতুর্দ্দশ ভুবন ব্যক্ত হইয়া আছে, সেই সকলের মধ্যে যথাধিকারে সিদ্ধগণ, দেবগণ, ভূতাদিগণ, মনুষ্যগণ, অসুরগণ ও নাগগণ বাস করেন। এই সকল ব্রহ্মাণ্ডে জীবগণ স্বকর্মানুসারে স্বর্গনরকাদিভোগ, মনুষ্যাদি নানা দেহধারণ এবং জন্ম-মৃত্যু প্রবাহরূপ সংসার দুঃখের অনুভব করিয়া থাকেন। দুর্বলচিত্ত ব্যক্তিগণ দৃশ্য সৌর বিশ্বমধ্যে উক্তরূপ নানা দেহ ধারণপূর্ব্বক জন্মমৃত্যুপ্রবাহরূপ সংসার দুঃখে নিপতিত হন। উক্ত প্রকারে জ্ঞেয়, ধ্যেয় ও দৃশ্যভেদে বিশ্ব তিন প্রকার। তন্মধ্যে জ্ঞেয় বিশ্ব অপ্রাকৃত, যেহেতু তাহা দেশ, কাল ও বস্তুলক্ষণদ্বারা অপরিচ্ছিন্ন কেবল অস্তিজ্ঞানাত্মক পরব্রহ্মস্বরূপভূত আনন্দঘন-বৈচিত্র্যরূপ হন। ধ্যেয় বিশ্ব প্রাকৃত হইলেও মনোময় ও মনোগোচরমাত্র। এই প্রাকৃত দৃশ্য বিশ্ব জড় পঞ্চভূতাত্মক।

জ্ঞেয় পরব্যোমাখ্য বৈকুণ্ঠধামসমূহ শ্রীভগবানের অপ্রাকৃত জ্ঞানময় বিগ্রহস্বরূপ, যেহেতু শ্রীভগবান্ এই অপ্রাকৃত বিশ্বকে জ্ঞেয় শ্রীবিগ্রহরূপে অনুভব করিতেছেন। ঐ প্রকারে ধ্যেয় ব্রহ্মাণ্ডসকল পরমেশ্বররূপ ভগবানের প্রাকৃত ধ্যানময় বিগ্রহস্বরূপ, যেহেতু শ্রীভগবান্ এই ধ্যেয় প্রাকৃত বিশ্বকে ধ্যেয় শ্রীবিগ্রহরূপে অনুভব করিতেছেন। এই দৃশ্য সৌর বিশ্ব তদীয় প্রাকৃত দৃশ্যময় বিগ্রহ স্বরূপ, যেহেতু শ্রীভগবান্ এই প্রাকৃত দৃশ্য বিশ্বকে দৃশ্যময় বিগ্রহরূপে অনুভব করিয়া থাকেন। আপনাদের বেদাদি শাস্ত্রের প্রতিপাদ্য সিদ্ধান্ত এইরূপ।

এস্থলে আমাদের সংশয় সমুপস্থিত হইয়েছে—এই সৌর বিশ্ব পরমেশ্বর কর্তৃক সৃষ্ট, পালিত ও

तद्देवादौ जीवविशेषकल्पितं, तदनुसरणेन च अन्यैर्जीवैरनुकल्पितम्। तन्न भगवत्प्रकटितमिति प्रतिभाति। तर्हि ज्ञेयध्येयविश्वानि न श्रीभगवद्विग्रहा, यतस्तानि जीवविशेषकल्पितानि। तत्कल्पनायां मानव-लक्षणजीवानां नासामर्थ्यं, अतोऽत्र भगवत् प्रकटितत्वकल्पनया न प्रयोजनम्। तेन भगवत्ता पारमैश्वर्य्यञ्चासिद्धं भवति।

सूत्रकारस्तदापत्तिं समादधाति—

समष्ट्यापि सिद्धं पारमैश्वर्य्यं वनादिवत् ॥३४॥

यथा वृक्षसमष्ट्यादिभिर्वनादि सिध्यति, तथैव जीवैश्वर्य्यैः श्रीभगवतः पारमैश्वर्य्यं सिध्येत्। भो महोदयाः, रामो हरिं पृच्छतिस्म, वनं किं, न जाने, वनं दिदृक्षुरहं, त्वं मां प्रदर्शय। रामं वनं दर्शयितुं हरिस्तं वने नीत्वाब्रवीत्—पश्य वनं प्रविष्टावावाम्। रामः प्रोवाच—कुत्र वनम्? पश्यामि अत्र कश्चित् शालतरुः, अथ कश्चिद्धवः, तन्निकटे कश्चित् खदिरवृक्षः, अतः द्वौ कन्दुकौ, ततः पुनः पञ्च शालाः, एवं बहवो नानावृक्षा विराजन्ते। अत्रारण्यं कुत्र? वनं दिदृक्षुं मां कथं बहुवृक्षान् दर्शयसि? वनं दर्शय। हरिरुवाच यत्र बहवो वृक्षाः तत्स्थानं वनमुच्यते। प्रत्येकं वृक्षाः, समष्ट्या तु वनमिति। यथा एकैका शिला प्रस्तरं, बहूनां समवायेन उच्चस्थानं पर्वतः इति तथैव एकत्रावस्थितः वृक्षसमुह एव वनम्।

अतः भो महोदयाः, यद्यपि भवद्भिः प्राग्दर्शितसिद्धान्तानुसरणेन परमेश्वरस्य पारमैश्वर्य्यं जीवैश्वर्य्यमिति स्वीक्रियते, तथापि तरुसमवायो यथा-

---

সংহৃত হইতে পারে, যেহেতু দৃশ্য সৌর বিশ্বের সৃজন, পালন ও সংহারে জীববিশেষের শক্তি দেখা যায় না। কিন্তু ধ্যানময় ও জ্ঞানময় বিশ্ব অদৃশ্য; অতএব ধ্যানময় বিশ্বের সৃষ্টি, পালন ও সংহার বিষয়ে এবং জ্ঞানময় বিশ্বের নিত্য প্রাকট্য বিষয়ে পরমেশ্বর শ্রীভগবানের কর্তৃত্ব কি প্রকারে স্বীকার করা যায়? তাহাতে বিশ্বাস হইতেছে না, অতএব স্বীকার করিতেও পারিতেছি না। তাহা জীববিশেষকর্ত্তৃক প্রথম কল্পিত এবং তদনুকরণে অন্য জীবগণ কর্ত্তৃক অনুকল্পিত হইয়া আসিতেছে। তাহা শ্রীভগবৎ প্রকটিত নহে, এইরূপ বোধ হইতেছে। উক্ত ধ্যানময় ও জ্ঞানময় বিশ্বের কল্পনাবিষয়ে মনুষ্যরূপ জীবগণের অসামর্থ্য নাই, অতএব এই বিষয়ে শ্রীভগবৎ প্রকটিতত্ব কল্পনার প্রয়োজন নাই। উক্ত কারণে ভগবত্তা এবং পারমৈশ্বর্য্যও অসিদ্ধ হইতেছে।

সূত্রকার উক্ত সংশয়রূপ আপত্তির সমাধান করিতেছেন—

যে প্রকার বৃক্ষসমষ্টি প্রভৃতি দ্বারা বনাদি সিদ্ধ হয়, সেই প্রকার জীবসকলের ঐশ্বর্য্য দ্বারাও শ্রীভগবানের পারমৈশ্বর্য্য সিদ্ধ হইতে পারে। হে মহোদয়গণ, রামনামক কোন ব্যক্তি হরিনামক অপর ব্যক্তিকে প্রশ্ন করিলেন—'বন কাহাকে বলে' আমার জানা নাই। আমি বন দেখিতে ইচ্ছা করি, আমাকে বন দেখাও' হরি রামকে তজ্জন্য বনে লইয়া গেলেন। বনে প্রবেশপূর্ব্বক হরি বলিলেন—'রাম' এই দেখ বনে প্রবেশ করিলাম'। রাম বলিলেন—'বন কোথায়? এখানে'ত বন নাই, দেখিতেছি, এখানে একটি শালবৃক্ষ, ইহার পর একটি ধব বৃক্ষ ইহার নিকটে একটি খদির বৃক্ষ, তাহার সমীপে দুইটি কন্দুক বৃক্ষ, তাহার পরে পুনরায় পাঁচটী শাল বৃক্ষ; এই প্রকারে নানা নামে প্রসিদ্ধ বৃক্ষসকল বিদ্যমান। এস্থানে বন কোথায়? আমি বন দেখিতে ইচ্ছা করিতেছি, অথচ তুমি আমাকে নানাপ্রকার বৃক্ষ দেখাইতেছ। আমাকে বন দেখাও।' হরি বলিলেন—এই

रण्यमुच्यते, शिलासमष्टिश्च यथा शैलः, तथैव जीवानामैश्वर्य्यसमष्ट्यापि श्रीभगवत् पारमैश्वर्य्यं सिध्येत् परमेश्वरः परमात्मत्वात् निखिलजीवानां सर्वशक्तीनाञ्च परमस्वरूपम्। अतएव सर्वे जीवाः निखिलाः शक्तयस्तत् कार्य्याणि विश्वानि वस्तूनि च तस्मादेव परमस्वरूपादभिन्नम्। अतो जीवादिसर्वाणि तदंशस्थानीयान्येव, भगवानपि सर्वसमष्टिस्थानीयानि वनस्य वृक्षसमष्टित्वात् तत्र कस्मिंश्चित् तरौ यदि काकस्तिष्ठति, अन्यस्मिन् वकौ, अपरत्र गृध्रः, इतरेषु च विभिन्ना विहगाः, वानरादि पशवः वसन्ति, तर्हि ते सर्वे वने एव सन्तीति वाच्यम्। तद्वृक्षाणां कुसुमफलादीन्यपि तत्र सन्तीत्यपि स्वीकार्य्यम्। यथा च गिरेः यस्यां कस्यामपि शिलायां कस्यचित् विहंगस्य पशोर्वावस्थानं भवतु, यः कश्चिद्व्यापारोऽपि संघटताम्, तत्सर्वं पर्वते भवतीति स्वीकर्त्तव्यम्, तथैव प्रोक्तत्रिविधेषु विश्वेषु जीवानुष्ठितव्यापाराः सर्वे परमेश्वरेणैव कृताः, तत्र विद्यमानानि सर्वाणि वस्तून्यपि परमेश्वरे तिष्ठन्तीति अवश्यं स्वीकार्य्यम्।

महोदयाः, भवत् प्रतीत्यनुसारेण यदि शास्त्रप्रतिपादितपरमेशेन ध्येयानि ब्रह्माण्डानि, ज्ञेयानि परव्योमाख्य-वैकुण्ठधामानि च जीवध्येयज्ञेयान्यपि स्वीक्रियेरन् तथापि उक्तजीवानां ध्येयानि ज्ञेयानि च तत्समष्ट्यभिमानिना परमेशेन ध्येयानि ज्ञेयानि च। अनन्त कालादेव वेदादिनिष्ठा अगण्यजीवा यथोक्तविधानेन अनन्त कोटिब्रह्माण्डानां तद्गतवस्तूनाञ्च ध्यानं विदधानाः आसते. एवं परव्योमाख्यस्य वैकुण्ठधाम्नां ज्ञानमपि कुर्वन्ति। तद-

---

সকল বৃক্ষকেই বন বলা হয়, যেস্থানে বহুসংখ্যক বৃক্ষ থাকে, তাহাকেই বন বলা হয়। এক একটীকে বৃক্ষ বলা হয় এবং বৃক্ষসকলের সমষ্টিময় স্থানকে বন বলা হয়।' যেপ্রকার এক একটি শিলাকে প্রস্তর বা শিলা বলা হয়, সেই শিলার সমষ্টিকে অর্থাৎ সেই সকল শিলা অত্যুচ্চরূপে একস্থানে অবস্থান করিলে তাহাকে পর্ব্বত বলা হয়, সেই প্রকার বহু বৃক্ষ এক স্থানে অবস্থান করিলে তাহাকেই বন বলা হয়।

অতএব হে মহোদয়গণ, যদ্যপি আপনারা পূর্বপ্রদর্শিত সিদ্ধান্তানুসারে শ্রীভগবানের পারমৈশ্বর্য্যকে জীবগণের ঐশ্বর্য্যরূপে স্বীকার করেন, তথাপি বৃক্ষ-সমষ্টিকে যে প্রকার বন বলা হয়, শিলা সমষ্টিকে যে প্রকার পর্বত বলা হয়, সেই প্রকার জীবগণের ঐশ্বর্য্যসমষ্টিদ্বারা শ্রীভগবানের পারমৈশ্বর্য্য সিদ্ধ হইতে পারে। শ্রীভগবান্ পরমাত্মা হওয়ায় সর্বজীবের ও সর্বশক্তির পরম স্বরূপ হইতেছেন, অতএব সর্বজীব, সর্বশক্তি এবং তত্তৎ কার্য্যরূপ সকল বস্তু সেই পরম স্বরূপ হইতে ভিন্ন নয়। এই হেতু সর্ব্বজীব, সর্ব্বশক্তি, সর্ব্বকার্য্য সেই পরমস্বরূপের অংশ স্থানীয়। এই হেতু শ্রীভগবান সর্বসমষ্টি স্থানীয়, যে প্রকার বনের বৃক্ষসমষ্টিত্বহেতু কোন বৃক্ষে যদি কাক বসিয়া থাকে, কোন বৃক্ষে একটি গৃধ্র বসিয়া থাকে, কোন বৃক্ষে যদি দুইটি বক বসিয়া থাকে, এই প্রকার অন্যান্য বৃক্ষসকলে যদি অন্যান্য পক্ষিগণ এবং বানর প্রভৃতি পশুগণ বাস করে তবে সেই কাক, বক, বানর প্রভৃতি প্রাণিগণ বনের মধ্যেই আছে, এইরূপ স্বীকার্য্য হয়। ঐ বৃক্ষ সকলের পুষ্পফল প্রভৃতিও সেই বন মধ্যে আছে; এইরূপ স্বীকার করা হয়। যে প্রকার পর্ব্বতের যে কোন শিলাতে যে কোন পশুর বা পক্ষীর অবস্থান হউক এবং যে কোন ব্যাপার ঘটিতে থাকুক, তাহা পর্বতে হইতেছে এইরূপ স্বীকার করা হয়। সেই প্রকার উক্ত ত্রিবিধ বিশ্বমধ্যে জীবগণ কর্তৃক যে কোন ব্যাপার

भ्यन्तरे प्रकटित श्रीभगवन्मूर्त्तीनां तद्भक्तानां इतर-विषयाणाञ्चास्तित्वज्ञानरूपं आनन्दघनवैचित्र्यरूपेणानुभवन्ति। तदनुसारेण तत्तत्समष्ट्यभिमानी परमात्मा परमेश्वरः श्रीभगवानपि अनादिकालात् अनन्तकोटि ब्रह्माण्डानि ध्यायति. अस्तिज्ञानात्मकानन्दघनवैचित्र्यपरव्योमाख्यवैकुण्ठधामानि अनुभवन्नस्ति। अस्मात् हेतोः बृक्षशिलादिसमष्टीनां वन-पर्वतादीनां दृष्टान्तेन जीवानां ध्येयब्रह्माण्डानि ज्ञेयवैकुण्ठधामानि च श्रीभगवद्ध्येयज्ञेयरूपेण सिध्यन्ति।

भो महोदयाः, भवतां संशय-विश्वासानुसारेण जीवानां ध्येयज्ञेयवस्तूनि श्रीभगवतोऽपि तादृशानीति प्रतिपादितम्। किन्तु यायार्थ्येनैपं न भवेत्। वस्तुतः श्रीभगवद्ध्येयज्ञेयवस्तूनाम एकांश एव जीवानां ध्येयो ज्ञेयश्च। श्रीभगवान् परमेश्वररूपेण अनन्तकोटिब्रह्माण्डानां सृष्टिपालन-संहारध्याने यादृशीमचिन्त्यशक्तिं प्रकाशयति, सा जीवविशेषानामपि चिन्तन-शक्तिगोचरा न भवति। परिच्छिन्नत्वात जीवचित्तं सर्वव्यापकं भवितुं नार्हति, अतएब युगपत् अनन्तकोटिब्रह्माण्डध्यानं जीवानां पक्षे असम्भवम्। यथा असम्भाव्यत्वात् सौरविश्वस्य सृष्टिपालनसंहारान् जीवानां पक्षे अयोग्यान् स्वीकार्य्य परमेशपक्षे गृहीतवन्तः. तथैव ध्येयज्ञेयविश्वानां विषये स्वीकर्त्तव्यम्। परमेशस्य कालशक्तिप्रभावात् यथाकालं सृष्टिसंहारसमारम्भो जायते, जीवस्य तच्छक्तिर्नास्ति, अतो जीवपक्षे सोऽसम्भव एव। असंख्यातानां जीवदेहानां उत्पत्तिः अस्तित्वं, वृद्धिः, परिणामः, अपक्षयः, विनाशश्च

অনুষ্ঠিত হয়, তাহা পরমেশ্বর কর্ত্তৃক হইতেছে এবং যে কোন বস্তু বিদ্যমান আছে, তাহাতে পরমেশ্বরেরই বিদ্যমানতা আছে এইরূপ অবশ্য স্বীকার করিতে পারা যায়।

অতএব হে মহোদয়গণ, আপনাদের বিশ্বাস মতে যদি শাস্ত্র প্রতিপাদিত শ্রীভগবৎ কর্ত্তৃক ধ্যেয় ব্রহ্মাণ্ডগণ এবং জ্ঞেয় পরব্যোমাখ্য বৈকুণ্ঠ ধামসমূহ জীবগণের ধ্যেয় ও জ্ঞেয় রূপে স্বীকৃত হয়, তথাপি উক্ত জীবগণ কর্ত্তৃক ধ্যেয় ও জ্ঞেয় বস্তুসকল তৎ সমষ্ট্যভিমানী শ্রীভগবৎ কর্ত্তৃক ধ্যেয় ও জ্ঞেয় হইতেছে। অনন্তকাল হইতে বেদাদি শাস্ত্রনিষ্ঠ অনন্ত জীবগণ যথোক্ত প্রকারে অনন্তকোটি ব্রহ্মাণ্ডের এবং তদ্গত বস্তুসকলের ধ্যান করিয়া আসিতেছেন। এই প্রকারে পরব্যোমাখ্য বৈকুণ্ঠধাম সম্বন্ধীয় জ্ঞানও করিয়া আসিতেছেন। তদভ্যন্তরে প্রকটিত শ্রীভগবন্মূর্ত্তি সকলের তদ্ভক্তগণের এবং অন্যান্য বস্তুসমূহেরও অস্তিত্ব জ্ঞানাত্মক আনন্দঘন বৈচিত্র্যরূপে অনুভব করিয়া আসিতেছেন। তদনুসারে তৎসমষ্ট্যভিমানী পরমাত্মা, পরমেশ্বর শ্রীভগবানও অনন্তকাল হইতে অনন্তকোটী ব্রহ্মাণ্ডের ধ্যান এবং অস্তিজ্ঞানাত্মক আনন্দঘনবৈচিত্র্য পরব্যোমাখ্য বৈকুণ্ঠধাম সকলের অনুভব করিয়া আসিতেছেন। এইহেতু বৃক্ষশিলাদির সমষ্টি বন-পর্ব্বতাদির দৃষ্টান্তানুসারে জীবগণের ধ্যেয় ব্রহ্মাণ্ডসমূহও শ্রীভগবদ্ধ্যেয় ও জ্ঞেয়রূপে সিদ্ধ হইতেছে।

হে মহোদয়গণ, আপনাদিগের আশঙ্কা ও বিশ্বাসের অনুসারে জীবগণের ধ্যেয় ও জ্ঞেয় বস্তুসকলেরও শ্রীভগবদ্ধেয়ত্বের এবং তজ্জ্ঞেয়ত্বের প্রতিপাদন করা হইল। কিন্তু প্রকৃত পক্ষে এইরূপ হইতে পারে না, শ্রীভগবানের ধ্যেয় ও জ্ঞেয় বস্তুসকলের একাংশই জীবগণের ধ্যেয় ও জ্ঞেয় হইতেছে। শ্রীভগবান্ পরমেশ্বররূপে অনন্তকোটী ব্রহ্মাণ্ডের সৃষ্টি-পালন-সংহারের ধ্যান কালে যে প্রকার অচিন্ত্য শক্তির প্রকাশ করেন, তাহা জীব বিশেষের চিন্তনশক্তির গোচরও হইতে পারে

भवति, एषां ध्यानं जीवानामसम्भवम्, अतः परमेशध्यानमेव स्वीकर्त्तव्यम्। एवमेव असंख्यजीवानां स्थावरजङ्गमात्मकासंख्यदेहधारणं सुखदुःख स्वर्गनरकादिभोगः अतलादिभूविवरवासः, महर्लोकाद्यधिगमः, संसृतिरूपं परिभ्रमणं मुक्तिलाभश्च इत्यादीनां ध्यानं जीवेषु अतीवासम्भवम्। विशेषतः संसारिणो जीवाः प्रलये प्रकृतौ विलीनास्तिष्ठन्ति तदा जीवा सुषुप्ता इव तत्र वसन्ति, किन्तु अनन्त कल्पीयस्वकृतकर्माणि न विनश्यन्ति, तत्तत्कर्मणा पुनः संसारे परिभ्रमन्ति। तत्र प्रलये जीवकर्माणि परमेशविदितानि तिष्ठन्ति, न तु जीवज्ञातानि। अतएव परमेशध्यानमृते अत्र जीवध्यानं न सम्भवेत् प्रलयावसाने प्राक्कल्पानुसृतकर्मणा जीवशरीराणि सृज्यन्ते। पूर्वकल्पानुगतजीवसमष्टीनां कर्मपुञ्जाभिज्ञस्य परमेशस्य ध्यानं विना जीवविशेषध्यानेन कथं तादृशसृष्टिव्यापारः सिध्येत्? तन्न सिद्धेदेव। सर्गादनन्तरं प्रत्येकं स्थावरजङ्गमात्मकजीवशरीरे अन्तर्यामिरूपेण प्रविश्य परमेशः जीवान् चालयति एतादृशं ध्यानं जीवविशेषे न सम्भवेत्। तदनन्तरञ्च परमेशः यथावसरं नानारूपेणावतीर्णः सन् विश्वं पालयति, तदपि जीवविशेषध्यानेन कथं सम्भवेत्। युग मन्वन्तर-कल्पादिव्यवस्था परमेश्वरध्यानं विना जीवध्यानेन न फलति। कल्पान्ते विश्वसंहृतिरपि जीवध्यानेन न सिध्येत। एवं बहु-

---

না। জীবের চিত্ত পরিচ্ছিন্ন বলিয়া সর্ব্বব্যাপক হইতে পারে না। অতএব এককালে অনন্তকোটি ব্রহ্মাণ্ডের ধ্যান জীবের পক্ষে অসম্ভব, —যে প্রকার অসম্ভাবনা প্রযুক্ত সৌর বিশ্বের সৃষ্টি, পালন ও সংহার জীবের পক্ষে অনুপযুক্তরূপে গ্রহণপূর্বক পরমেশ্বরের পক্ষে স্বীকার করিয়াছেন, সেই প্রকার এই ধ্যেয়, জ্ঞেয় বিশ্বের বিষয়েও স্বীকার করিতে হইবে। পরমেশ্বরের কালশক্তি প্রভাবে নির্দিষ্টকালে সৃষ্টিসংহার সমারম্ভ হইতেছে, জীবের সেই প্রকার শক্তি নাই অতএব জীবের পক্ষে তাহা অসম্ভব অনন্তকোটিসংখ্যক জীবশরীরের উৎপত্তি, তদনন্তর অস্তিত্ব, বৃদ্ধি, পরিণাম, অপক্ষয়, বিনাশ, এই সকলের ধ্যান জীববিশেষের পক্ষে অতিশয় অসম্ভব, অতএব পরমেশ্বরকৃত ধ্যান স্বীকার করিতেই হইবে। এই প্রকার অনন্তকোটি জীবের নানাবিধ স্থাবর-জঙ্গম দেহ ধারণ, সেই সেই দেহে সুখ-দুঃখ, স্বর্গ-নরক অতলাদি লোক, মহরাদিভুবনের ভোগ, সংসাররূপ পরিভ্রমণ, মুক্তিলাভ ইত্যাদি সকলের ধ্যান জীবের পক্ষে একান্ত অসম্ভব। বিশেষতঃ সংসারী জীবগণ প্রলয়কালে প্রকৃতিতে বিলয় প্রাপ্ত হয়। সেকালে উক্ত জীবগণ সুষুপ্তবৎ অবস্থান করে, কিন্তু অনন্ত কল্পগত তাহাদের কর্ম্মসকল বিনষ্ট হয় না। সেই কর্ম্মানুসারে পুনর্বার সংসারে পরিভ্রমণ করেন। সেই প্রলয়কালে জীবগণের কর্মাবলী পরমেশ্বরের বিদিত থাকে, জীবগণের বিদিত থাকে না। অতএব পরমেশ্বরের ধ্যান ভিন্ন এরূপ স্থলে জীববিশেষের ধ্যান অসম্ভব। প্রলয়ান্তে পূর্ব-পূর্ব কল্পানুগত কর্মানুসারে জীবদেহ সকলের সৃষ্টি হয়। পূর্ব্ববর্ত্তী কল্পানুগত জীবসমষ্টির কর্ম্মপুঞ্জাভিজ্ঞ শ্রীপরমেশ্বরের ধ্যান ব্যতিরেকে জীববিশেষের ধ্যান দ্বারা উক্ত প্রকার সৃষ্টি-ব্যাপার কি প্রকারে সিদ্ধ হইতে পারে? তাহা কদাপি হইতে পারে না। সৃষ্টির পরে প্রত্যেক স্থাবরজঙ্গমাত্মক জীবশরীরে পরমেশ্বর অন্তর্যামিরূপে প্রবিষ্ট হইয়া জীবশক্তি সমূহের প্রেরণ করেন, এরূপ ধ্যানও জীববিশেষের হইতে পারে না। তদনন্তর পরমেশ্বর যথাবসরে নানারূপে অবতীর্ণ হইয়া বিশ্বের প্রতিপালন করেন, তাহা জীববিশেষের ধ্যানমাত্র দ্বারা কিরূপে সম্ভব হইতে

व्यापाराः परमेशध्यानं विना केवलेन जीवविशेष-ध्यानेन न सम्पद्येरन्।

श्रीभगवतः पारमैश्वर्य्यं कियन्मात्रमेव कथितम्। अथ तद्भगवत्ता किञ्चिदुच्यते। श्रीभगवतः स्वकीयभगवत्तानुभवोऽपरिच्छिन्नः। केवलमस्तित्वज्ञानमात्रेण स्वरूपानन्दघनवैचित्र्यरूपेण अनुभूतत्वात् सर्वत्र सर्वदा निखिलवस्तूनामनुभवो भवति। तर्हि एकदेशे एककाले अपि निखिलवस्तूनामनुभूतिर्घटते। तथा सत्यपि सर्ववस्तूनि परमाणु-परममहन्मध्यमाकारैश्चानुभूयन्ते। तथापि भगवतो भक्तवात्सल्यात् लीलाशक्ति प्राकट्येन श्रीवैकुण्ठधाम्नां तत्तत्स्वामिनां तत्तत्परिकराणाञ्चानुभवो भवति। इदं चिच्छक्तिवैभवं प्रागविवृतम्, अत्र वर्णनेनालम्।

श्रीभगवत्प्रीत्या तच्छ्रीमूर्त्तिनिष्ठभक्तानां तच्छ्रीमूर्त्तेस्तथा तद्धामपरिकरादीनामनुभूतिर्जायते। समष्टिदृष्ट्या सं-सर्वधामपरिकर मूर्त्त्यनुभवः सिध्येत् किन्तु एकेन भक्तेन एकदेशे समकालं सर्ववस्तूनामनुभवो न सम्पद्येत, श्रीभगवता तु सिध्येदेव। अतएव ज्ञेयं विश्वमपि भगवतो-ज्ञानशक्त्याविर्भावं विना कस्यचित् भक्तजीवविशेषस्य ज्ञानमात्रेण तत्-समष्ट्या च न संसिध्येत्। अत्र संशयः सौरविश्वं दृश्यमेव, नास्यान्यथात्वं सम्पाद्यते। अस्य सर्गपालनविनाशार्थं परमेश्वरः स्वीकृतः। एतस्मादतीतं ध्येयविश्वं ज्ञेयविश्वं वा अदृश्यम् अतस्तत्स्वीकारेणालम्। तर्हि ध्येयस्य सृष्टिपालन संहारसिद्धान्तेन, तथा ज्ञेयस्याविर्भावसिद्धान्तेन न प्रयोजनम्।

अत्रोत्तरम्—एतद्विषयकं सर्वं प्राक् विस्तृतमेव कथितम्। तथापि सुखबोधार्थं किञ्चिदुच्यते। सौर-

---

পারে? যুগ, মন্বন্তর কল্পাদিব্যবস্থা পরমেশ্বরের ধ্যান ব্যতিরেকে জীববিশেষের ধ্যান দ্বারা সিদ্ধ হইতে পারে না। কল্পান্তে বিশ্বসংহারও কেবল জীব ধ্যানদ্বারা সিদ্ধ হইতে পারে না। এইরূপ বহু ব্যাপার পরমেশধ্যান ব্যতীত কেবল জীব-বিশেষের ধ্যান দ্বারা সম্পাদিত হইতে পারে না।

শ্রীভগবানের পারমৈশ্বর্য্য বিষয় কিঞ্চিৎ কথিত হইল, অতঃপর ভগবত্তাসম্বন্ধে সংক্ষেপে কিঞ্চিৎ কথিত হইতেছে।

শ্রীভগবানের স্বকীয় ভগবত্তানুভব অপরিচ্ছিন্ন, কেবল অস্তিজ্ঞানমাত্রে স্বরূপানন্দঘনবৈচিত্র্যরূপে অনুভূত হওয়ায় সর্ব্বদেশে সর্ব্বকালে সর্ব্ববস্তুর অনুভূতি ঘটে, এইহেতু একদেশে ও এককালে সর্ববস্তুর অনুভব হয়। এইরূপ হইলেও সর্ব্ববস্তু পরমাণুপরমমহন্মধ্যমাকারেও অনুভূত হয়। সর্ব-বস্তু এবম্বিধভাবে অনুভূত হইলেও শ্রীভগবানের ভক্তবাৎসল্যগুণে লীলা-শক্তির প্রাকট্যে শ্রীবৈকুণ্ঠ-ধামসমূহের ও তত্তৎপতি এবং তত্তৎপরিকর সমূহেরও অনুভব হয়। এই চিচ্ছক্তিবৈভব পূর্বে বিস্তৃতরূপে বর্ণিত হইয়াছে। এস্থলে পুনরায় বর্ণনের প্রয়োজন নাই।

শ্রীভগবৎপ্রীতিদ্বারা শ্রীভগবানের শ্রীমূর্ত্তি-বিশেষে একনিষ্ঠ ভক্তকর্তৃত্ব তাঁহার শ্রীমূর্ত্তির ও তদ্ধাম-পরিকরাদির অনুভব হয়। সমষ্টিদৃষ্টিদ্বারা সর্বধামাবিভূর্ত সপরিকর সর্বমূর্ত্তির অনুভবসিদ্ধ হইতে পারে; কিন্তু এক ভক্ত জীব কর্তৃক একদেশে এককালে সর্ব্ববস্তুর অনুভব সিদ্ধ হইতে পারে না, তাহা কেবল শ্রীভগবান কর্তৃক হইয়া থাকে। অতএব জ্ঞেয় বিশ্বও শ্রীভগবানের জ্ঞানশক্তির আবির্ভাব ব্যতিরেকে কেবল ভক্ত জীববিশেষের জ্ঞানমাত্রদ্বারা এবং তৎসমষ্টিদ্বারা সিদ্ধ হইতে পারে না।

এ'স্থলে সংশয় হইতে পারে—সৌরবিশ্ব দৃশ্য, অতএব ইহার অন্যথা করা যায় না, এই বিশ্বের সৃষ্টি, পালন ও সংহারের সিদ্ধির জন্য পরমেশ্বর স্বীকার করা হইয়াছে। এতদ্ব্যতীত ধ্যেয় বিশ্ব

विश्वे स्थावरजङ्गमदेहिनां जीवानां देहेषु विनष्टेष्वपि तेषामन्तःकरणानि स्वरूपाणि चाविनष्टानि सन्ति। अत्रापि सुसिद्धान्तः सुविस्तारं दर्शितः। सान्तःकरणानां जीवानामस्तित्वे तेषां स्थानानि अवस्थाश्च अवश्यबर्णनीयानि। अत्र सौरविश्वे कीदृशैः कर्मभिः कीदृशाः स्वभावा लभ्यन्ते देहान्ते च कीदृशी गतिर्जायते इत्यवश्यवर्णितव्यम्। अतएव ध्येयज्ञेयविश्वयोर्वर्णनेन प्रयोजनम्। अतः ध्येयस्य सृष्टिपालनसंहारसिद्धान्तस्य, ज्ञेयस्य चाविर्भावसिद्धान्तस्य प्रयोजनमस्ति। निषिद्धकर्मानुष्ठातारः शासनरूपं निरयं भुञ्जते। ध्येयविश्वस्य वर्णनमृते तत् कथं ज्ञायते। एवं विहिताचरणपराः पुरस्काररूपं स्वर्गं भुञ्जते। तान्येबातीवकामक्रोधादिसहकृतानि कर्मकर्त्तॄणां अतलादिलोकलाभः। बिहितानि तान्यपि निष्कामकृतानि सांख्ययोगविबेकादिसहितानि महर्लोकं प्रापयन्ति।

ये जनाः सांख्ययोगप्रधानं ध्यानज्ञान योगमनुशीलयन्ति ते जनलोके वसन्ति; ध्यानयोगमुख्यसांख्यज्ञानानुशीलकास्तपोलोके वसन्ति, सांख्यध्यानज्ञानयोगप्रधाना जनाः सत्यलोके निवसन्ति। ज्ञानसन्नयासपूर्वकपरब्रह्मनिष्ठा ब्रह्मसायुज्यमोक्षं लभन्ते ध्येयविश्वस्य वर्णनं विना तेषां तादृगवस्थितिज्ञानं न सम्भवेत्। ये तु एतस्य प्राकृतविश्वस्य अनुशीलनं परित्यज्य अपरिच्छिन्नास्तित्वज्ञानात्मकं श्रीभगवत्स्वरूपानन्द-घनवैचित्र्यं श्रीविग्रहविशेषमनुशीलयन्ति ते भगवत् प्रीतिनिष्ठा यथाधिकारं श्रीवैकुण्ठधाम्नि

এবং জ্ঞেয়বিশ্ব দৃশ্য নহে, এই হেতু তাহাদের স্বীকারের প্রয়োজন নাই। অতএব ধ্যেয় বিশ্বের সৃষ্টি, পালন, সংহার সিদ্ধান্তে এবং জ্ঞেয়বিশ্বের আবির্ভাব সিদ্ধান্তেরও প্রয়োজন নাই। ইহার উত্তরে বলা হইতেছে— পূর্বে এতদ্বিষয়ে বিস্তারিত বলা হইয়াছে, তথাপি সুখবোধের জন্য কিঞ্চিৎ বলা হইবে, এই সৌর বিশ্বে যে সকল স্থাবর ও জঙ্গম দেহধারী জীবসমূহ আছে, তাহাদের দেহসকল বিনষ্ট হইলেও উহাদের অন্তঃকরণ ও স্বরূপ বিনষ্ট হয় না, এতদ্বিষয়ে সুসিদ্ধান্ত বিস্তৃতরূপে প্রদর্শিত হইয়াছে। যদি অন্তঃকরণের সহিত জীবসমূহ বিদ্যমান থাকিল তবে কোন্ স্থানে কিরূপ অবস্থায় থাকে, তাহার বর্ণনের প্রয়োজন হইতেছে, এই সৌরবিশ্বে কিপ্রকার কর্মদ্বারা কোন্ প্রকার স্বভাব লাভপূর্বক দেহান্তে কিরূপভাবে থাকিতে হয়, তদ্বর্ণনেরও প্রয়োজন। এই হেতু ধ্যেয় বিশ্বের সৃষ্টি-পালন সিদ্ধান্তের এবং জ্ঞেয়-বিশ্বের আবির্ভাব সিদ্ধান্তেরও প্রয়োজন হয়।

যে সকল ব্যক্তি নিষিদ্ধ বা অকর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠান করেন, তাহাদের দণ্ডরূপ নরকভোগ হয়, ধ্যেয় বিশ্বের বর্ণন ব্যতিরেকে তাহা কি প্রকারে জানা যাইবে? এইরূপে যে সকল ব্যক্তি বিহিত বা কর্ত্তব্য কর্ম্মের আচরণ করেন, পুরস্কাররূপ তাঁহাদের স্বর্গভোগ হয়। সেই সকল বিহিত কর্ম অতিশয় কাম-ক্রোধাদি সহকৃত হইলে কর্ম্মকর্ত্তার অতলাদি লোক লাভ হয়; আবার নিষ্কমাভাবে সাংখ্য, যোগ বিবেকাদির সহিত কৃত হইলে তৎকর্ত্তার মহর্লোকাদিতে বাস হয়। যে সকল ব্যক্তি সাংখ্যযোগানুশীলন-প্রাধান্যে ধ্যান-জ্ঞান যোগের অনুশীলন করেন তাঁহারা জনলোকে বাস করেন। যে সকল ব্যক্তি ধ্যানযোগানুশীলন প্রাধান্যে সাংখ্যের ও জ্ঞানযোগের অনুশীলন করেন, তাঁহারা তপোলোকে বাস করেন, যে সকল ব্যক্তি সাংখ্যযোগ, ধ্যানযোগের সহিত জ্ঞানযোগ প্রধান হন, তাঁহারা সত্যলোকে বাস করেন। যে সকল জীব জ্ঞানসন্ন্যাসপূর্বক পরব্রহ্মমাত্রনিষ্ঠ হন, সেই সকল জীব ব্রহ্ম-সাযুজ্যরূপ মুক্তিলাভ করেন। ধ্যেয়বিশ্বের বর্ণন ব্যতিরেকে উক্ত ব্যক্তিগণের উক্তরূপ

निवसन्ति। अप्राकृत ज्ञेयविश्वस्य वर्णनमन्तरेण तेषामवस्थितिज्ञानं न भवेत्। अतएव ध्येयज्ञेय-विश्वस्वीकारेऽपि तद्वर्णनप्रयोजनम्। देहावसाने सान्तःकरण-जीवास्तित्व स्वीकारे ध्येयज्ञेयविश्वानि अवश्य स्वीकार्य्याणि। ध्येयज्ञेयविश्वानि परमेशस्य श्रीभगवतो ध्येयानि ज्ञेयानि च। यावत्तथा-प्रत्ययो न जायेत तावत् प्राक्सिद्धान्तानुसारेण जीवानां ध्येयज्ञेयसमष्टौ यथार्थध्येयज्ञेयविश्वारोपणं क्रियेत। किन्तु शरीरान्ते जीवान्तःकरणस्य तत्स्वरूपस्य चावश्यविद्यमानत्वात् ध्येयज्ञेयविश्वानि अवश्यस्वीकार्य्याणि। भवद्गणेषु केषाञ्चित् कुतर्केण चेद्भवतां चित्तमप्रसन्नमपि च चित्स्वरूपस्य जड़गुणत्वाशङ्का न दूरीभूता, पञ्चभूतप्राधान्यं निव्तताशङ्का च न परित्यक्ता, तस्मान् चित्स्वरूपस्यानित्यतासंशयो भवतां मनसि प्रविशति, सुतरां तद्विषये किञ्चिदुच्यते।

प्राक्प्रदर्शितं देहास्वातन्त्र्यात् स्वप्ने मनोरथे चान्तः-करणस्वातन्त्र्याद्देहादन्तः-करणं भिन्नम्। देहादन्तःकरणस्याभिन्नत्वे देहगुणमात्रत्वे देहोऽन्तःकरणसाहाय्यं विना स्वाधीनः कार्य्यं सम्पादयितुं शक्नुयात् अन्तःकरणमपि स्वप्ने मनोरथे च देहमनपेक्ष्य स्वातन्त्र्येण विचरितुं न समर्थमासीत् यदि अन्तःकरणस्य साहाय्यमन्तरेण देहः कार्य्यसाधने अक्षमोऽभवत्, अन्तःकरणमपि देहसाहाय्यं विना कर्मक्षमं जातम्, तर्हि अन्तःकरणं देहगुणमात्रमिति कथं सम्भवेत्। तथा सति भ्रम-वैचित्र्ययोरुदयो न भवेत्, यतस्तदुदये देहविकृति र्न दृश्यते। अपि च शोकभय-भावादिभिः देहत्यागो

অবস্থিতির জ্ঞান হইতে পারে না। যে সকল ব্যক্তি এই প্রাকৃত বিশ্বের অনুশীলন ত্যাগপূর্ব্বক অপরিচ্ছিন্ন অস্তিজ্ঞানাত্মক শ্রীভগবৎস্বরূপানন্দঘন-বৈচিত্র্য শ্রীমূর্ত্তিবিশেষের অনুশীলন করেন সেই সকল শ্রীভগবৎপ্রীতিনিষ্ঠ ব্যক্তিগণ যথাধিকারে শ্রীবৈকুণ্ঠধামে বাস করিয়া থাকেন। অপ্রাকৃত জ্ঞেয় বিশ্বের বর্ণন ব্যতিরেকে এই ভগবদ্ভক্তগণের অবস্থিতির জ্ঞান হইতে পারে না। অতএব ধ্যেয় ও জ্ঞেয় বিশ্বের স্বীকারের ও তদ্বর্ণনের অবশ্য প্রয়োজন আছে। দেহান্তে অন্তঃকরণের সহিত জীবের অস্তিত্ব স্বীকার করিলে অবশ্যই ধ্যেয় জ্ঞেয় বিশ্বের স্বীকার করিতে হইবে। অতএব উক্ত ধ্যেয় ও জ্ঞেয় বিশ্ব শ্রীভগবান্ পরমেশ্বরেই ধ্যেয় ও জ্ঞেয়।

যে কাল পর্য্যন্ত তাদৃশ জ্ঞান না জন্মায় সেই কাল পর্য্যন্ত পূর্ব্বোক্ত সিদ্ধান্তানুসারে জীব সকলের ধ্যেয় আরোপণ করিতে পারেন। কিন্তু দেহান্তে জীবান্তঃকরণের ও জীবস্বরূপের অবশ্য বিদ্যমানতা হওয়ায় ধ্যেয় জ্ঞেয় বিশ্বের জ্ঞেয় সমষ্টিতে যথার্থ ধ্যেয় জ্ঞেয় বিশ্বের অস্তিত্ব অবশ্য স্বীকার্য্য; কিন্তু আপনাদের গণমধ্যবর্ত্তী ব্যক্তিবিশেষের কুতর্কানুসারে যদি আপনাদের মনের প্রসন্নতা না হইয়া থাকে, যদি চিৎস্বরূপের জড়গুণত্বাশঙ্কা দূরীভূত না হয়, সেই হেতু যদি চিৎস্বরূপের অনিত্যত্বাশঙ্কাও আপনাদের চিত্তে প্রবেশ করে, তাহাতে সে বিষয়েও কিছু বলা হইতেছে, পূর্বে প্রদর্শিত হইয়াছে—দেহের স্বাতন্ত্র্য না থাকায় অন্তঃকরণ দেহ হইতে ভিন্ন, যদি দেহ হইতে অন্তঃকরণ ভিন্ন না হইত, দেহেরই গুণমাত্র হইত তবে অন্তঃকরণের সাহায্য ব্যতীত দেহ স্বাধীনভাবে কার্য্য করিতে পারিত এবং অন্তঃকরণও স্বপ্নকালে ও মনোরথকালে দেহের অপেক্ষা না করিয়া স্বতন্ত্রভাবে বিচরণ করিতে পারিত না। যদি অন্তঃকরণের সাহায্য ব্যতিরেকে দেহ কার্য্যসাধনে অক্ষম হইল এবং অন্তঃকরণ দেহের সাহায্য ব্যতিরেকেও কার্য্যক্ষম হইল, তবে অন্তঃকরণ

न युज्यते। यतः शोकादिना देहत्याजनकाले कारणान्तरैः रोगादिभिर्वा देहो नाकर्मण्यो जातः। अथ यदि अन्तःकरणं न देहगुणः एव, तदान्तःकरणात् पृथक् तदाश्रयश्च चिन्मात्ररूपो जीवः कथं देहगुणमात्रो भवेत्, तन्न। जीवस्यान्तःकरणाद्भिन्नत्वं तदाश्रयत्वञ्च प्राक् प्रदर्शितम्। यतः सुषुप्तौ मोहे समाधौ च अन्तःकरणलयेऽपि जीवो विद्यते। अन्तःकरणञ्च जीवाधीनम्। अधीश्वरः अधीनादवश्यं पृथक् तदाश्रयश्च। अन्तःकरणाद्भिन्नस्य आश्रयभूतस्य जीवस्य असत्तायां नानाभाववशेन अन्तःकरणस्य नानात्वं न सम्भवेत्। जीवमाश्रित्यैवान्तःकरणं विलीनं नानाविधं च भवति। जीवो यथा अन्तःकरणरूपशक्तिसाहाय्येन जाग्रदवस्थानं परित्यज्य मनोमयशरीरेण स्वप्नावस्थां प्राप्नोति, पुनः स्वप्नावस्थागतमनोमयदेहं त्यक्त्वा स्मरणमात्रेण जाग्रदवस्थागतभौतिकदेहं गृहीत्वा प्राग्वत् वहिर्विषयान् भुङ्क्ते, तथैव एकं भौतिकदेहं परिहाय अपरं तादृशं गृह्णाति। सान्तःकरणस्य जीवस्य जड़भौतिकदेह गुणमात्रत्वे तथैव देहत्यागग्रहणे न कदाचन सम्भवेताम्। यथा स्वप्ने विविधसुखदुःखभोगाः समजायन्त, तथैव मनोमयदेहेन स्वर्गनिरयभोगाः अपि। सशक्तिकजीवे देहगुणमात्रे स्वाप्निकसुखदुःखभोगाः, तद्दृष्टान्तसिद्धाः स्वर्गनिरयभोगाश्च न भवेयुः। यतः प्राग्देहस्थपुण्यपापानि सशक्तिकजीवस्य सहगमनं कुर्वन्ति, ततः स्वर्गनरकभोगेऽपि आपत्तिर्न भवेत्। शिशूनां गोवत्सादीनां प्रथम-

---

দেহের গুণমাত্র কি প্রকারে হইতে পারে। অন্তঃকরণ দেহের গুণমাত্র হইলে ভ্রমের ও বৈচিত্র্যের উদয় হইতে পারিত না, যেহেতু তদুদয়কালে দেহের কোন প্রকার বিকৃতি দেখিতে পাওয়া যায় না, এবং অন্তঃকরণ দেহের গুণমাত্র হইলে শোক, ভয় ভাব প্রভৃতিদ্বারা দেহত্যাগ হইতে পারে না। যেহেতু শোকাদিদ্বারা দেহত্যাগকালে অন্য কারণে বা রোগাদিদ্বারা দেহ অকর্মণ্য হয় নাই। যদি অন্ত;করণ দেহের গুণ না হইতে পারিল, তবে অন্ত;করণ হইতে ভিন্ন ও তদাশ্রয় চিন্মাত্ররূপ জীব কি প্রকারে দেহের গুণমাত্র হইতে পারে? তাহা কদাচ সম্ভব নহে। জীব যে 'অন্তঃকরণ হইতে ভিন্ন ও তদাশ্রয়।' তাহা প্রদর্শিত হইয়াছে। যেহেতু সুষুপ্তিকালে, মোহে এবং সমাধিতে অন্তঃকরণের লয় হইলেও জীব বিদ্যমান থাকে, এবং অন্তঃকরণ জীবের অধীন, অধীন হইতে অধীশ্বর অবশ্য ভিন্নও আশ্রয়, অন্তঃকরণ হইতে ভিন্ন ও আশ্রয়ভূত জীব না থাকিলে অন্তঃকরণ নানাভাববশে নানাবিধ হইতে পারিত না। জীবকে আশ্রয় করিয়াই অন্তঃকরণ বিলয়প্রাপ্ত ও নানাবিধ হয়। জীব যে প্রকার অন্তঃকরণরূপ শক্তির সাহায্যে জাগ্রদবস্থার পরিত্যাগপূর্বক মনোময় দেহদ্বারা স্বপ্নাবস্থা লাভ করে এবং স্বপ্নাবস্থাগত মনোময় দেহের ত্যাগপূর্বক পুনর্ব্বার স্মরণমাত্রদ্বারা জাগ্রদবস্থাগত ভৌতিক দেহ গ্রহণপূর্বক পূর্ব্ববৎ বহিঃস্থিত বিষয় সকলের ভোগ করে, সেই প্রকার এক ভৌতিক দেহ ত্যাগপূর্ব্বক অন্য ভৌতিক দেহেরও গ্রহণ করিয়া থাকে। অন্তঃকরণের সহিত জীব জড়-ভৌতিক দেহের গুণমাত্র লইলে উক্ত প্রকার দেহের ত্যাগ ও গ্রহণ কদাপি হইতে পারে না। যে প্রকার স্বপ্নে নানাপ্রকার সুখ ও দুখের ভোগ হয়, সেই প্রকার মনোময় দেহদ্বারা স্বর্গ ও নরকের ভোগ হয়। সশক্তিক জীব দেহের গুণমাত্র হইলে, স্বপ্নগত সুখ-দুঃখ ভোগও হইতে পারে না, এবং তদ্দৃষ্টান্তে সিদ্ধ স্বর্গ নরকভোগও হইতে পারে না. যেহেতু পূর্ব্বদেহগত পুণ্য ও পাপ সশক্তিক জীবের সহগমন করে, সেই হেতু স্বর্গ-নরক ভোগেও আপত্তি

प्रबृत्त्या तत्तारतम्येन च पूर्वजन्मसद्भावः पुण्यपापसहगमनञ्च सिध्यति। राजकुमारस्य जन्मन एव सम्पत्तिलाभः सुखभोगः, सर्वजनसमादरश्च दृश्यते, दरिद्रतनयस्य तु तद्विपरीतं भवति। तस्मादपि पापपुण्यानां सहगन्तृत्वं सिध्यति। छात्रेषु एकेनैवाध्यापकेन तुल्यस्नेहायासेन अध्यापितेष्वपि फले तारतम्यं दृश्यते, एतन्निमित्तेनापि प्रागजन्मीयपापपुण्यानां सहगमनं सिध्येत्। एवं प्राग्भवीयपुण्यादिसहगमनसिद्धेः एकदेहत्यागान्तरं देहान्तरलाभः सिध्यति। गोवत्सादीनां स्तन्यपानादौ स्वतःप्रबृत्तिर्दृश्यते, अतोऽपि पूर्वदेहान्ते पुनर्देहान्तरलाभः सिध्यति। सशक्तिकजीवे दैहिकगुणमात्रे तु तथैव प्राग्भवीयपुण्यपापसहगामित्वं देहान्तरप्राप्तिश्च न सिध्यति। शुक्र शोणिते च कोऽपि मुखपादादिभेदो न विद्यते, डिम्बस्थरसेऽपि स नास्ति, किन्तु तत्तज्जातार्भकदेहे स भेदो जायते। अतएव प्राग्भवीयकर्माणि संस्कार-विशेषे परिणमन्ति, जीवस्वभाववैलक्षण्यमेव देहविशेषलाभे कारणं भवति, अतो जातदेहे मुखपादादिभेदो भवति। मातृपितृदेहस्था मुखपादादिभेदाः शोणितशुक्रगताबालदेहेषु प्रकाश्यन्ते इत्याशङ्कायामपि शतपदमशकादिसमुत्पत्तौ तादृशः सिद्धान्तो न सम्भवेत्। उदुम्बरान्तर्गतकीटदेहे न काप्याशङ्का इति किं वक्तव्यम्। अतएव प्राक्तनः कर्मानुगतस्वभाव एव देहावयवप्राकट्ये हेतुः। पेशस्कारिणावरुद्धः कीटविशेषः तद्देहेनैव क्रोधभय-योगेन पेशस्कारिरूपं धारयति। यदि भावविशेषप्रभावेण एकेनैव देहेन रूपान्तरधारणं सम्भवेत्, तदा प्राग्भवीय स्वभावेन परज-

---

হইতে পারে না, বালকগণের ও গোবৎস প্রভৃতির প্রথম প্রবৃত্তিদ্বারা এবং তৎতারতম্যদ্বারা পূর্বজন্মের সদ্ভাব ও পুণ্য-পাপের সহগমন সিদ্ধ হয়। রাজপুত্রের জন্মমাত্রে সম্পত্তিলাভ, সুখভোগ এবং সর্বজনকর্তৃক সমাদর দেখা যায়, দরিদ্র পুত্রের তদ্বিপরীত হয়, এই হেতুও পুণ্য-পাপের সহগমন সিদ্ধ হয়। এক অধ্যাপক ছাত্রগণকে সমান স্নেহে ও যত্নে অধ্যাপন করেন, ছাত্রগণ সমান যত্নে অধ্যয়ন করে কিন্তু ফললাভে তারতম্য দেখা যায় এই কারণেও পূর্ব্বজন্মকৃত পুণ্যপাপের সহগমন হইয়া থাকে। উক্ত প্রকারে পূর্ব্বজন্মকৃত পুণ্যপাপের সহগমন সিদ্ধ হওয়ায় একদেহ ত্যাগের পর দেহান্তরলাভ সিদ্ধ হয়। গোবৎস প্রভৃতির স্তন্যপানাদি বিষয়ে স্বতঃপ্রবৃত্তি দেখা যায়, এই কারণেও পূর্বদেহের ত্যাগান্তে পুনরায় দেহান্তর সিদ্ধ হয়। সশক্তিক জীব, দেহের গুণমাত্র হইলে উক্ত প্রকারে পূর্বজন্মকৃত পুণ্যপাপের সহগমনও সিদ্ধ হয় না, একদেহের ত্যাগের পরে দেহান্তরলাভও সিদ্ধ হয় না, শুক্র ও শোণিতে কোন প্রকার মুখপদাদি ভেদ নাই, ডিম্বমধ্যগত রসেও তাহা নাই, কিন্তু তাহা হইতে জাত বালকের শরীরে মুখপাদাদি ভেদ হয়। জীবের স্বভাববিশেষই দেহবিশেষলাভে হেতু। পিতৃমাতৃদেহগত মুখপাদাদিভেদ শুক্রশোণিতগত হইয়া বালকদেহস্থ হয়, এইরূপ আশঙ্কা হইলেও শতপদ মশকাদির সমুৎপত্তিতে সেরূপ সিদ্ধান্ত হইতে পারে না। উড়ুম্বরাদি ফলের মধ্যস্থিত কীট শরীরে কোন প্রকার আশঙ্কাই হইতে পারে না, অতএব পূর্ব্বকর্মানুগত স্বভাবই দেহাবয়ব প্রাকট্যে হেতু। পেশস্কারী কর্তৃক অবরুদ্ধ কীট বিশেষ সেই দেহেই ক্রোধভয়যোগে পেশস্কারীর রূপ ধারণ করে। যদি ভাববিশেষ বলে একই দেহে অন্যরূপ আকৃতি ধারণ করিতে পারিল, তবে পূর্বজন্মগত স্বভাব দ্বারা পরজন্মসম্বন্ধীয় রূপান্তর ধারণে সংশয় হইতে পারে কি? অতএব পূর্ব্বজন্মকৃত কর্ম্মানুগত স্বভাবই পরজন্ম সম্বন্ধীয় রূপ ধারণে এবং তদবয়ব

नमीयरूपान्तरग्रहणे कः संशयः। अतएव प्राग्भवस्वभाव एव वर्त्तमान जन्मनि रूपधारणे तत्तदवयवप्राकट्ये च कारणम्। तर्हि सशक्तिको जीवो न पाञ्चभौतिकदेहगुणविशेषः। यदि देहाश्रयो सशक्तिको जीवो न तद्देहगुणमात्रः भवेत्, तदा सर्बाश्रयं सर्वव्यापकं परब्रह्माख्यं चैतन्यं कथं जड़विश्वस्यास्य गुणमात्रं भवेत्? तन्न भवेदेव। अंशांशिनोः सादृश्यात् स्वप्नमनोरथगतजीवानां दृष्टान्तेन जीवा अस्वतन्त्राः परमेशव्याप्याः तदधीनवृत्तिकाश्च स्वेच्छया जीवा सुखं भोक्तुं दुःखं च परिहर्त्तुं न शक्नुवन्ति। प्रतिक्षणं समुपस्थितं व्यापारप्रवाहमपि रोद्धुं जीवा न समर्थाः। अतो जीवविशेषः तत्समवायो वा विश्वस्य सृष्टिपालनध्वंसकृन्न भवेदेव। अतः सर्वाश्रयः परमेश्वरः स्वशक्तिभिः दृश्यादृश्यबिश्वानां सृष्टिस्थितिसंहारं विदधाति, एतदवश्यस्वीकार्य्यम्। विविधतनुमन्तो जीवा येनोपायेन सुखं लब्धुं दुःखं च परिहर्तुं शक्नुवन्ति, तत्तदुपायाः स्वतःसिद्धाः दृश्यन्ते, परमेशस्यासद्भावे एवं व्यापारा न भवेयुः। स्वप्नमनोरथानुभविजनानां स्वभाववैसादृश्यादर्शन परमेशः अनन्तशक्तीनाम् अनन्तजीवानाञ्चाश्रयः। तत् विश्वास्यास्य सृष्टिपालनसहारास्तेनैव क्रियन्ते। तदसद्भावात् ते न सिध्यन्ति। सृष्ट्यादिविधायिन्यः शक्तयः चिन्मयस्य परमेशस्य गुणाः। अतएव परमेशस्यानस्तित्वे ताः शक्तयः स्वातन्त्र्यण विश्वसृष्ट्यादिकं कर्त्तुं न पारयन्ति। अत्र यानि वस्तूनि अनुभूतानि, तानि चिन्मयसुखप्राप्ते दुःखपरिहारे च पर्य्याप्तानि, तर्हि विश्वसृष्ट्यादिशक्तय चिन्मयस्य परमेशस्याधीनाः।

প্রাকট্যে কারণ। এই হেতু সশক্তিক জীব পঞ্চভূতাত্মক শরীরের গুণবিশেষ হইতে পারে না। যদি দেহমাত্রের আশ্রয় সশক্তিক জীব, সেই দেহের গুণমাত্র না হইল, তবে সর্ব্বাশ্রয়, সর্বব্যাপক, পরব্রহ্মাখ্য চৈতন্য কি প্রকারে এই জড় বিশ্বের গুণমাত্র হইতে পারে? তাহা কদাপি হইতে পারে না। অংশ ও অংশীর সাদৃশ্যে স্বপ্নমনোরথগত জনসমূহের দৃষ্টান্তানুসারে জীবসকল অস্বতন্ত্র পরমেশ্বরব্যাপ্য এবং পরমেশ্বরাধীনবৃত্তিক। জীবগণ নিজের ইচ্ছায় সুখলাভ করিতে পারে না, দুঃখের পরিত্যাগও করিতে পারে না। ক্ষণে ক্ষণে যে সকল ঘটনা-প্রবাহ সমুপস্থিত হইতেছে, তাহাকে রুদ্ধ করিবার সামর্থ্য জীবগণের নাই। জীববিশেষ বা জীবসমষ্টি এই বিশ্বের সৃষ্টি, পালন ও সংহারের কর্ত্তা হইতে পারে না। এই হেতু সর্ব্বাশ্রয় পরমেশ্বর স্বশক্তি সমূহ দ্বারা দৃশ্যাদৃশ্য বিশ্বের সৃষ্টি, পালন ও সংহার করিতেছেন, অবশ্যই ইহা স্বীকার করিতে হইবে।

নানাবিধ শরীরধারী জীবগণ যে উপায়ে সুখলাভ করিতে পারে, এবং যে উপায়ে দুঃখ হইতে উত্তীর্ণ হইতে পারে, সেই সকল উপায় স্বতঃসিদ্ধরূপে দেখা যাইতেছে, পরমেশ্বরের অসদ্ভাবে এরূপ ব্যাপার সিদ্ধ হইতে পারে না। স্বপ্নমনোরথগত জনসমূহের স্বভাব বৈসাদৃশ্যের দৃষ্টান্তানুসারে পরমেশ্বর অনন্ত শক্তির ও অনন্ত জীবের আশ্রয়। অতএব এই বিশ্বের সৃষ্টি, পালন ও সংহার তদ্দ্বারাই হইতেছে, তদসদ্ভাবে বিশ্বের সৃষ্ট্যাদি সিদ্ধ হইতে পারে না। বিশ্বের সৃষ্টি, পালন ও সংহার কারিণী শক্তি সকল চিৎস্বরূপ পরমেশ্বরের গুণ, অতএব পরমেশ্বরের অসদ্ভাবে সেই শক্তি সকল স্বতন্ত্রভাবে সৃষ্টি, পালন ও সংহার করিতে পারে না।

এই বিশ্বে যে সকল বস্তু অনুভূত হইতেছে, ঐগুলি চিৎস্বরূপের সুখাপ্তি ও দুঃখ নিবারণে, উপযুক্ত, অতএব বিশ্বের সৃষ্ট্যাদিকারিণী শক্তিসমূহ চিৎস্বরূপ পরমেশ্বরের অধীন। একমাত্র

केवलात् चित्स्वरूपादन्यत् सर्वं विश्वगतं वस्तु शक्तिर्वा वैकारिकं, तन्न स्वतान्त्रम्। विश्वगताः स्थावरजङ्गमदेहाः अन्ये दृश्यमानपदार्थाः ये दृश्यन्ते, तेषां एकस्मिन्नपि दृष्टिनिक्षेपे सति सर्वत्रैव शोभादिगुणा अवलोक्यन्ते। कमपि विचारशक्तिशालिनमतिनिपुणं जनमन्तरेण एवं सर्गकौशलं केवलानां जड़ानां स्वतःसिद्धगुणैः न सिध्येत्। विश्वावयवेषु सर्वत्र केवलं शोभादिकं न दृश्यते, अपि तु प्रतिवस्तु अतिविस्मयजनिकाः क्रिया अपि निर्वाह्यन्ते, ता अपि अतीवनिपुणं विचारशालिनं विना जड़गुणैः न सुसम्पद्यन्ते। अपरञ्च पश्य, विश्वे घटमाना व्यापाराः सुनियमिता एव। अत्र विचार्य्यतां—अत्र असति विचारशालिनि सुनिपुणे जने केवलजड़ानां गुणैः इत्थं नियन्तृत्वं कथं सम्भवेत्? तत् कदापि न। एते सिद्धान्ताः पुरा विस्तरेण प्रदर्शिताः भवच्चित्तप्रसादाय भूय इह सूचिताः।

भो महोदयाः, प्राक् सिद्धान्तानुसारेण चित्स्वरूपो जीवः कदापि जड़देहस्य न गुण एव। चित्परमाणवो जीवा यदि न जड़गुणाः, तदा अपरिच्छिन्नचिद्घनः परमात्मा कथं जड़गुणो भवेत्, तदपि न। परमेशसद्भावं विनापि विश्वस्य सृष्ट्यादिकं शक्तिपरिचालनं च न सिध्येत्। तथापि यदि भवतां जीवेषु जड़गुणमात्रत्वाशङ्का भवेत् तर्हि जीवानां परमेशशक्तित्वात् परमेशस्वातन्त्र्येण जीवस्वातन्त्र्यं कियत्कालं स्वीक्रियताम्। जीवस्वातन्त्र्ये प्रत्ययश्चेन् न परमेशसद्भावे तद। पूर्वकथितसिद्धान्तेन जीवस्वातन्त्र्येण तत्समष्टिलक्षण-

---

চিৎস্বরূপ ব্যতিরেকে এই বিশ্বস্থ শক্তিগুলি ও বস্তুসমূহ বিকারবিশিষ্ট হইতেছে, বিকারগ্রস্ত বস্তু স্বতন্ত্র হইতে পারে না। এই বিশ্বে যে সকল স্থাবর-জঙ্গমাত্মক শরীর বিদ্যমান এবং অন্যান্য যে সকল বস্তু দৃশ্য হইতেছে, তন্মধ্যস্থ যে কোন পদার্থে দৃষ্টিনিক্ষেপ করা যায়, সর্ব্বত্রই সেই সেই পদার্থে শোভাদি গুণ দেখা যায়, কোন বিচার শক্তিশালী নিপুণ ব্যক্তির কৃতি ব্যতীত এই প্রকার সৃষ্টি কৌশল কেবল জড়-বস্তু সকলের স্বতঃসিদ্ধগুণে কদাচ হইতে পারে না। এই বিশ্বের অবয়ববিশেষে কেবল যে শোভাদি দৃষ্ট হয়, তাহা নহে, প্রতিপদার্থে অতিশয় আশ্চর্য্যজনক ক্রিয়াসমূহও নির্ব্বাহিত হইতেছে। ইহাও অতি নিপুণ বিচারক ব্যক্তি ব্যতিরেকে জড়বস্তু সকলের স্বতঃসিদ্ধগুণে সুসম্পন্ন হইতে পারে না।

আরও দেখুন, এই বিশ্বে যে সকল ব্যাপার ঘটিতেছে, তাহা কোন প্রকার নিয়মে শৃঙ্খলিত হইয়া সম্পাদিত হইতেছে, এই স্থলে বিচার করিয়া দেখুন ইহার মধ্যে বিচারপরায়ণ পরম-নিপুণ ব্যক্তি না থাকিলে কেবল জড়বস্তু সকলের স্বতঃসিদ্ধগুণে এই প্রকার সুনিয়ম স্থাপিত হইতে পারে কি? কখনই হইতে পারে না। এই সকল সিদ্ধান্ত পূর্ব্বে বিস্তৃতরূপে প্রদর্শিত হইয়াছে, আপনাদের চিত্তপ্রসাদহেতু পুনর্বার এস্থলে সূচিত হইল।

হে মহোদয়গণ, পূর্ব্বোক্ত সিদ্ধান্তানুসারে চিৎস্বরূপ জীব জড়দেহের গুণমাত্র হইতে পারে না। চিৎপরমাণু জীব যদি জড়বস্তুর গুণমাত্র না হইল, তবে অপরিচ্ছিন্ন চিদ্ঘনস্বরূপ পরমাত্মা কি প্রকারে জড়ের গুণমাত্র হইতে পারেন, তাহা কদাপি সম্ভব নহে, এবং পরমেশ্বরের সদ্ভাব ব্যতিরেকে বিশ্বের সৃষ্টি, পালন, সংহার ও শক্তিবর্গের পরিচালন সিদ্ধ হইতে পারে না। তথাপি যদি আপনাদের

तदाश्रयस्य परमेशस्य सद्भावोऽङ्गीक्रियताम्। पुनर्यदि, जीवस्वातन्त्र्ये परमेशनिरङ्कुशत्वे चोभयत्र सन्दिग्धाः, तदा कलिप्रसिद्धविज्ञानानुसरणेन एतस्यैव आस्तिकदर्शनस्य साहाय्येन स्वस्वस्वातन्त्र्यसंस्थापने चेष्टन्ताम्। तत्कृते स्वदेहेन्द्रियान्तःकरणेभ्य आत्मानः भिन्ना दृश्यन्ताम्। कल्पितभगवत्त्वपरमेशत्वयोरनुभवपूर्वकं पूर्वोक्तं वक्ष्यमाणञ्च अनुसृत्य विवेक वैराग्य योग-प्रीत्यादिकमनुशीलयन्ताम्। तेनावश्यं निःसंशयं स्वैरिता प्राप्स्यन्ते। अत्र संशयश्चेत् तर्हि अधिकं किञ्चिदुच्यते।

देहेन्द्रियान्तःकरणेभ्यो जीवस्य, पृथक्त्वं भवद्भिर्न दृश्येत, परमात्मनः सर्वव्यापकत्वं सर्वत्रस्थायित्वं च नावलोक्येत, तदचिन्त्यशक्तिलक्षणा परमेश्वरता भगवत्ता च न निभाल्येत। प्रोक्तवक्ष्यमाणैरुपायैश्च भवतां स्वैरितालब्धौ अपि संशयो भवेत पञ्चभूतात्मकस्य देहस्य गुणा एव भवन्तो भवितुं पारयन्ति, किन्तु भवतां सुखदुःखाद्यनुभूतिरवश्यं दृष्टम्। तथापि सुखप्राप्तेः दुःखनिवृत्तेश्च लिप्सापि कुर्वन्ति। अतएव येनोपायेन सुखाप्तिदुःखपरिहारौ भवेताम्, स भवद्भिरवश्यकर्त्तव्यः। तर्हि विवेक-वैराग्य-योग प्रीत्यादीनाम् अनुशीलनम् अवश्यकार्य्यम्। तेनैव सुखाप्तिः दुःखनिरासश्च इत्यत्र नास्ति संशयगन्धोऽपि। यदा भवतां सर्वदुःखनिवृत्तिपूर्विका परमानन्दाप्तिर्भविता, तदैव स्वस्वातन्त्र्यं

জীবসমূহে জড়বস্তুর গুণমাত্রত্বাশঙ্কা হয়, তবে পরমেশ্বরের শক্তি হওয়ায় কিয়ৎকাল পরমেশ্বরের স্বাতন্ত্র্য দ্বারা জীবগণের স্বাতন্ত্র্য স্বীকার করুন। যদি জীবসমূহের স্বাতন্ত্র্যে বিশ্বাস হয় এবং পরমেশের সদ্ভাবে বিশ্বাস না হয়, তবে কিয়ৎকাল পূর্বকথিত সিদ্ধান্তের অনুসারে জীবসমূহের স্বাতন্ত্র্য দ্বারা তৎসমষ্টিরূপে তদাশ্রয় পরমেশ্বরের সদ্ভাব স্বীকার করুন। আর যদি জীবের ও পরমেশ্বরের, উভয়ের স্বাতন্ত্র্যে আপনাদের সংশয় উপস্থিত হয়, তবে কলিযুগের সুপ্রসিদ্ধ বিজ্ঞানানুসারে এই আস্তিক্যদর্শনের সাহায্যে নিজনিজের স্বাতন্ত্র্য সংস্থাপন বিষয়ে চেষ্টা করুন। তদর্থে নিজের দেহ ইন্দ্রিয় ও অন্তঃকরণ হইতে আপনাকে ভিন্নরূপে দেখুন। কল্পিত ভগবত্তার ও পরমেশ্বরত্বের অনুভবপূর্বক পূর্বোক্ত ও বক্ষ্যমান প্রথানুসারে বিবেক, বৈরাগ্য, যোগ, প্রীতি প্রভৃতির অনুশীলন করুন। তাহা হইলে অবশ্যই স্বাতন্ত্র্যলাভ করিবেন, ইহাতে সংশয় নাই। এই স্বাতন্ত্র্যলাভ বিষয়েও যদি আপনাদের সংশয় জন্মে, তবে আরও কিঞ্চিৎ বলা হইতেছে, দেহেন্দ্রিয়ান্তঃকরণ হইতে যে জীব ভিন্ন তাহা আপনারা না দেখিতে পারেন, পরমাত্মা যে সর্বব্যাপকরূপে সর্ব্বত্র আছেন, তাহা আপনারা না দেখিতে পারেন, তদীয় অচিন্ত্যশক্তিরূপ পরমেশ্বরতাকে এবং ভগবত্তাকে না দেখিতে পারেন। উক্ত ও বক্ষ্যমাণ উপায়ে আপনাদের স্বাতন্ত্র্যলাভ হইবে কিনা, সে বিষয়েও সংশয় হইতে পারে, আপনারা পঞ্চভূতাত্মক শরীরের গুণমাত্রও হইতে পারেন, কিন্তু আপনাদের যে সুখ ও দুঃখের অনুভূতি হইতেছে, তাহা অবশ্য আপনারা দেখিতেছেন আরও আপনারা সুখপ্রাপ্তি ও দুঃখ পরিহারের ইচ্ছাও করিয়া থাকেন, অতএব আপনাদের যে প্রকার উপায়দ্বারা সুখ প্রাপ্তি ও দুঃখনিবৃত্তি হইতে পারে, তাহা অবশ্য আপনারা করিতে বাধ্য, এই হেতু আপনাদের বিবেক, বৈরাগ্য, যোগ, প্রীতি প্রভৃতির অনুশীলন কর্ত্তব্য। উহাদ্বারা যে আপনাদের সুখপ্রাপ্তি ও দুঃখনিবৃত্তি হইবে, সে বিষয়ে সংশয়ের গন্ধমাত্রও থাকিতে পারেনা, যে কালে আপনাদের সর্বদুঃখনিবৃত্তিপূর্বিক পরমানন্দ প্রাপ্তি হইবে, সেই কালেই আপনারা নিজেদের স্বাতন্ত্র্য

द्रक्ष्यन्ति, भगवतोऽपि पारमैश्वर्य्यं भगवत्ताञ्च लक्षयिष्यन्ति, तदा पुनः कोऽपि संशयोन स्थास्यति यतः प्रत्यक्षे भवतामापत्तिर्नास्ति। आनन्दाप्तौ प्रयासे भवतामर्थकामलाभे योग्यता वर्द्धिष्यते। अतएव भवद्भिप्रेत-परम-पुरुषार्थ-लक्षणार्थ-काम-लब्धयेऽपि अधुना तदानन्दलाभप्रयासः क्रियेत। धर्मिष्ठास्तत्प्रयास परमधर्मत्वेन स्वीकुर्वन्ति। कलौ धूर्त्ता बर्वराः तदानन्दलाभाय अचेष्टित्वा केवलेन शुष्कतर्केणैव तत्त्वं निर्णेतुं यतन्ते। तर्काप्रतिष्ठानात् तेन तत्त्वनिर्णयः कदापि न अभूत्, भवति, भविष्यति वा। अतिनिपुणानुमानिकैः स्वतर्कैः स्थापिताः सिद्धान्ताः अपरैः सुनिपुणैः अन्यथा क्रियते।

हे महोदयाः भवत्गणेषु मतपार्थक्यकारणमेवैष शुष्कतर्कः। जीवस्य देहेन्द्रियान्तःकरणातिरिक्ततायां परमेश्वरस्य भगवत्तायाः च सद्भावपक्षे ये ये सिद्धान्ताः प्रदर्शिताः, तेषु एकमप्यालम्ब्य समालोचने विविधाः शुष्कतर्काः समुपस्थास्यन्ति। किन्तु आस्तिक्यदर्शनस्यास्यारम्भात् समाप्तिं यावत् भूयोभूयः दृष्ट्वा पर्य्यालोचनेन सर्वे शुष्कतर्काः विलीना भवेयु। भवद्गणानां भौतिकस्वातन्त्र्यस्थापने अत्याग्रहस्य कारणं ऐहिकविषयसुखासक्तिमात्रम्। विषयसुखस्य हेयतायामनुभूतायामेव स आग्रहः विलेष्यते। केषाञ्चित् इह शुष्कतर्कै पाण्डित्यं प्रदर्श्य यशोलाभार्थं तादृक् आग्रहो दृश्यते। यदि तेषां भाग्ये प्रागुक्तानन्दलाभ लेशाऽपि चित्तेषु आविर्भवति, तदा शुष्कयशोलाभाकांक्षापि तिरोभविष्यति। तथाप्यत्र कलियुगे भवद्गणानां प্রতিक्षणं वर्द्धनं सम्भाव्यम्। यतः

দেখিতে পাইবেন, পরমেশ্বরের পারমৈশ্বর্যও দেখিতে পাইবেন, ভগবত্তাও দেখিতে পাইবেন; আর কোন প্রকার সংশয় থাকিবে না, কারণ প্রত্যক্ষ বিষয়ে আপনাদের কোন প্রকার আপত্তি নাই। এই আনন্দলাভ বিষয়ে আপনাদের চেষ্টা হইলে আপনাদের অর্থ-কামলাভেও যোগ্যতা বৃদ্ধি পাইবে। অতএব আপনাদের পরমপুরুষার্থভূত অর্থকামলাভের জন্যও বর্ত্তমানে সেই আনন্দ লাভের চেষ্টা করিতে পারেন। সেই আনন্দলাভের চেষ্টাকেই ধর্মিষ্ঠগণ পরমধর্ম্মরূপে স্বীকার করেন।

কলিযুগের ধূর্ত্ত বর্বরগণ সেই আনন্দলাভের জন্য চেষ্টা না করিয়া কেবল শুষ্কতর্ক দ্বারাই তত্ত্ব নির্ণয়ের প্রয়াস করে। শুষ্ক তর্ক দ্বারা তত্ত্ব নির্ণয় কোন কালে হয় নাই, হইবেও না, যেহেতু শুষ্ক তর্কের প্রতিষ্ঠা নাই। অতি নিপুণ অনুমান কর্ত্তা নিজের অনুমান দ্বারা যে বিষয়ের সম্পাদন করেন, অপর অধিক নিপুণ অনুমান কর্ত্তা তাহার অন্যথা করিয়া থাকেন।

হে মহোদয়গণ, আপনাদিগেরই গণমধ্যে যে মতভেদ সমুপস্থিত হইয়াছে, তাহা এই শুষ্কতর্কের প্রভাবমাত্র। জীবের দেহেন্দ্রিয়ান্তঃকরণ ব্যতিরিক্ততার পক্ষে, পরমেশ্বরের সদ্ভাবপক্ষে ও তৎপারমৈশ্বর্য্য ভগবত্তার সদ্ভাব বিষয়ে যে সকল সিদ্ধান্ত প্রদর্শিত হইয়াছে, তৎসম্বন্ধীয় এক একটি বিষয়কে গ্রহণ করিয়া সমালোচনা করিলে নানাপ্রকার শুষ্কতর্ক সমুপস্থিত হইতে পারে। কিন্তু এই আস্তিক্যদর্শনের প্রারম্ভ হইতে সমাপ্তি পর্য্যন্ত বার বার দৃষ্টিপাত পূর্ব্বক সমালোচনা করিলে সকল প্রকার শুষ্ক তর্কই বিলয়প্রাপ্ত হইবে। আপনাদের গণভুক্ত ব্যক্তিগণের জড়ভৌতিক বস্তুসকলের স্বাতন্ত্র্যস্থাপনে যে এইরূপ আগ্রহ হইয়াছে, তাহা কেবল ঐহিক বিষয়সুখে আগ্রহমাত্রের কারণে। বৈষয়িক সুখের হেয়তার অনুভবমাত্রেই সেই আগ্রহ অবশ্য বিলয়প্রাপ্ত হইবে। কোন কোন ব্যক্তির

वारबनितागारस्य शौण्डिकालयस्य सूनापणस्य, विलासभवनस्य च व्यापाराणां स्नेहत्यागो दुष्कर-एव। ये च तत्तत्स्थानानां माधूर्य्यगन्धापि नानु-भवन्ति तेषां चित्ताकर्षणे कुतो वा विलम्ब? अर्थ-कामयोः परमपुमर्थत्वेन स्वीकारे पूर्वोक्त स्थानानां समाश्रयणमृते पुरुषार्थसाधनं अर्थसाफल्यञ्च न भवेदेव। अथ वाहुल्येनालम्॥३४॥

इत्यास्तिक्यदर्शनभाष्ये श्रीसुदर्शने तृतीयःपादः।

ইহলোকে শুষ্ক পাণ্ডিত্য প্রদর্শন করিয়া যশো-লাভের জন্য উক্তরূপ আগ্রহ হয়। যদি তাহাদের ভাগ্যে পূর্ব্বোক্ত আনন্দের আস্বার গন্ধমাত্রও চিত্তমধ্যে আবির্ভূত হয়, তবে সেই শুষ্ক যশো-লাভের আশাও তিরোহিত হইবে। তথাপি এই কলিযুগে আপনাদের গণবৃদ্ধি প্রতিক্ষণেই হইতে থাকিবে। কারণ বেশ্যালয়, শৌণ্ডিকভবন পশুহিংসাশালা, ও বিলাসগৃহের ব্যাপার সমুহের স্নেহত্যাগ করা কি সহজে হইতে পারে? যে সকল ব্যক্তি উক্ত স্থানগুলির আস্বাদ অনুভব করেন নাই, তাহাদের চিত্তের সমাকর্ষণে বা কি বিলম্ব আছে? অর্থ ও কামকে পরমপুরুষার্থ রূপে স্বীকার করিলে উক্ত স্থানসকলের সমাশ্রয় ব্যতিরেকে পুরুষার্থসাধন ও অর্থের সাফল্য হয় কি প্রকারে? এস্থলে আর অধিক বলিবার প্রয়োজন নাই॥ ৩৪॥

ইতি আস্তিক্যদর্শনে তৃতীয়পাদের
শ্রীসুদর্শন ভাষ্যানুবাদ।

—O—

तृतीयपादस्य द्वितीयभागे

सूत्राणि		पृष्ठाङ्काः	सूत्राणि		पृष्टाङ्कः
न तथा चित्	३।२२	१	सबलेन स्वर्गादिः	३।२६	७७
वैकुण्ठ-प्रकाशः	३.२३	३	दुर्वलेन भौतिकम्	३।३०	७७
अन्ये सहायास्तदंशधारिणः	३।२४	६६	युगभेदः समाजात्	३।३१	८७
सर्वेसमाध्यंशदर्शिनः	३।२५	७२	जन्मकालात्	३।३२	१२६
अप्राकृतचित्तेन वैकुण्ठः	३।२६	७४	आरम्भक्रियासम्वन्धाद्-	३।३३	१३१
निवृत्तेन ब्रह्मसायुज्यम्	३।२७	७५	समष्ट्यापि सिद्धं पारमैश्वर्यं		
विशुद्धेन सत्यादेः	३।२८	७६	वनादिवत्	३ ३४	१४१

॥ শ্রীপাট গোপীবল্লভপুর হইতে প্রকাশিত অন্যান্য গ্রন্থ ॥

১। **শ্রীশ্রীবিন্দুপ্রকাশঃ** (প্রভু শ্রীশ্যামানন্দদেবের সংক্ষিপ্ত লীলা) মূল্য— এক টাকা।

২। **শ্রীশ্রীরসিকমঙ্গল** (প্রভু শ্রীরসিকানন্দদেবের জীবনেতিহাস) মূল্য—পাঁচ টাকা।

৩। **শ্রীশ্রীমদ্ রাধাগোবিন্দকাব্যম্** (শ্রীশ্রীগীতগোবিন্দতুল্য গীতকাব্য) মূল্য—তিন টাকা।

এতদ্ব্যতীত শ্রীশ্রীরাধাগোবিন্দ জীউর ও শ্রীপাটস্থ গোস্বামিগণের আলেখ্য পাওয়া যায়।